# ভারত ওজার্মানরা

পাঁচশত বংসরের ভারত ও জার্মান সংযোগ

ওয়ালটার লাইফার

এম. সি. সরকার আশ্ভ সন্স প্রাইভেট লিমিটেড ১৪, বাঁক্ষ চাট্জো স্থীট, কলিকাডা—১২

## প্রকাশক: স্থার সরকার এ. সি. সরকার অ্যাণ্ড সব্দ প্রাইভেট লিমিটেড্ ১৪, বৃদ্ধিম চাটুক্যে খ্রীট: কলিকাতা-১২

প্রথম সংশ্বরণ: অগ্রহায়ণ, ১৩৬৯

Bengali Translation
of
India and the Germans
by
Walter Leifer

মৃত্রক: শ্রীরবীন্দ্রনাথ ঘোষ নিউ মানস প্রিণ্টিং ২্রি, গোয়াবাগান খ্রীট, কলি-৬

## সূচীপত্ৰ

<b>भू</b> थवक्क	•••	V
মধ্যযুগীয় তীর্থ পথিক ও কবিদের স্বপ্নালোক	•••	>
পোর্তু গীঙ্গ বিজয় অভিযানের কালে	•••	२१
জার্মান গবেষণায় দক্ষিণ ভারত	•••	89
একজন জার্মান নবাব	•••	٢)
জার্মান শকুন্তলা অমূভব	•••	>>
বৌদ্ধধর্মের মুখেমুখি	•••	>>.
জার্মান ভাষী জগতে ভারততত্ত্ব বিষয়ক		
চ <b>র্চায় উদ্ভব ও ক্রেমবিকাশ</b>	•••	288
মোক্ষ মূলা—ভারতভত্তের নভোমগুলে		
উজ্জ্ব জ্যোতিষ	•••	:56
ভারতীয় শিল্পকলার যাত্	•••	> <b>\$</b> <
হ্যানিমানকে অনক্য প্রশস্তি	•••	२२७
<b>জে</b> াব্বা পরিহিত পণ্ডিতগণ	•••	২ ৩৯
হিমালয়ের ডাক	•••	২৪৭
আধুনিক জার্মান সাহিত্যে ভারতবর্ষের		
প্ৰভি <b>ফলন</b>	•••	२०৮
ভ্রমণ, অভিযান ও আবিষ্কার	•••	२१৫
ধর্মীয় দার্শনিক সংলাপ	•••	२৯৫
ইন্দো-জার্মান সহযোগীতার প্রতীক	•••	ಅತಿಅ
অংশীদারী –-রাজ্ঞনৈতিক ও অর্থ নৈতিক		
সংযোগের সংক্ষিপ্তসার	••••	<b>e</b> 8২

# <u>जर्</u>छ) कामान्य

#### যুখবন্ধ

হে মোর চিত্ত, পুণ্যতীর্থে জাগো রে ধীরে, এই ভারতের মহামানবের সাগর তীরে। · ·

রবীন্দ্রনাথ ঠাকুর (ভারভতীর্ণ)

শারণাতীত কাল থেকে ভারতবর্ষ মানবিক কর্নাকে—চঞ্চল করেছে। আলকুনির পুন্তিকা (opusculum Alcuini) কারোলিলির যুগের রচনা, এই প্রস্থে গালে" (Totus orbis in tres dividitur partes, Europam, Africam et Indiam) নামক প্রাস্থিক বৃত্তান্ত শারণে তথনকার যুরোপের মাছ্রের ধারণা ছিল পৃথিবী তিন ভাগে বিভক্ত (ইয়োরপাম, আফ্রিকাম আর ইনভিয়াম)। আরো পরবর্তী যুগের লেথকগণ, যথা: অরলিনের থিওতুলফ, পৃথিবীকে অহ্বরণ ভলীতে ভাগ করে দেখিরেছেন। এই ভাবে 'ইনভিয়া' কথাটি যেন এশিয়ার বিকল্প ছিল। তর্ 'ইনভিয়া' এই নামটিই ছড়িয়ে পড়ে। দেণ্টাল ও ওয়েই এশিয়ার অংশগুলিরও এই পরিচয় ছিল। ভারতীয় ঘীপপুঞ্জ সর্বজন পরিচিত, আলু বেমন ইন্দোনেশিয়া, যেমন ইথিওপিয়া এবং মাদাগাসকারের স্বৃহৎ ঘীপ। বর্তমান কালে এতছারা নিউ-ওয়ার্লভ বা ওয়েই ইনভিত্ব বোঝায়।

ভারত মহাসাগরের ভিতর ভারতবর্ধের ভৌগোলিক কেন্দ্রীয় অবস্থান তার আধ্যাত্মিক আরুতির সকে মিশ থেয়ে গেছে। বৌদধর্মের জন্মভূমি ভারতবর্ধ বৃদ্ধের সন্তানগণের কাছে অতি পবিত্র ভূমি। শ্রীলক্ষা (সিংহল), বক্ষদেশ, তাইল্যাণ্ড, লাওস ও কমবোডিয়ার অধিবাসীরা "হীনয়ান" ভদ্রের কঠোর সাধনার পথ গ্রহণ করেছেন; চীনদেশ, কোরিয়া, জাপান ও ভিয়েতনাম নিয়েছেন মহান সাংযোগিক ধর্ম-সাধনা "মহাযান' ভত্র; আর ভিব্বত-মন্দোলীয় অঞ্চলে এতাবং 'বজ্রমান' ভদ্র অঞ্সরণ করা হচ্ছে। ভারতবর্ধ বিদিও সর্বভোভাবে হিন্দুধর্ম প্রভাবে আচ্ছের, এর অপর এক দিক মন্ধা, জেন্দ্রনালেম, রোম, এবং ভিট্টেনবার্গের একেশ্বরবানে দৃষ্টি নিবদ্ধ রেখেছে। এই ভারত ভ্রিতে মানব সমাজ মুসলিম মোগল সাম্রাজ্যের উথানের অভিক্রতা লাভ করেছে। থ্রীই ধর্ম এই দেশে সাধু-সন্তদের কাল থেকেই স্থায়ী বসবাসের অধিকার লাভ করেছে। বুটিশ শাসকবর্গের সাংস্কৃতিক প্রয়াস এবং পাশ্চাত্য

প্রীষ্টানদের মিশনারী ক্রিয়াকলাপ পরবর্তী ষ্গে মুরোপীর শিক্ষা ব্যবস্থার ভাবধারাকে সামনে এনে ধরেছে। ভারতীয় গ্রীষ্টানরা বিভিন্ন নামে পরিচিত, তারা দিরিয়ার ধারায় অভিহিত, এই দিরিয়ার এনটিঅক এবং এক্দো একদা মহান্ অধ্যাত্ম কেন্দ্র হিসাবে পরিচিত ছিল। এরা লাতিন এবং ল্থারের নামাত্মরণে নাম ধারণ করেন। ঐক্যের সন্ধানে এই প্রীষ্টানগণ অনেক ক্ষেত্রে প্থিকৃতের ভূমিকা গ্রহণ করেছেন।

এই ভারত বিপরীতের মিলন ক্ষেত্র, যা নৈবজিক আর যা অতি-আধিভৌতিক তা মিলেছে। এই দেশ একদা দেই বৈপ্লবিক প্রতীক দান করেছিল ভার নাম শৃক্ত (জিরো), আবার মাহুষের গৃহবিরহজনিত আগ্রহকে দঙ্গীব করে রেখেছে উপকথা আর রূপকথার মাধ্যমে।

দীর্ঘকাল ধরে পাশ্চাত্য জগতের মান্থবের চোথে ভারত শুধু ভারততাত্ত্বিকদের গবেষণা এবং শব্দতাত্ত্বিক আবিস্থারের প্রেরণার উৎস হিসাবে
বিবেচিত হয়েছে। ভারততত্ত্বের পরিধির মধ্যে আন্তর্জাতিক মনোভংগীর
মতো একটা বস্তু ছিল যা গবেষকদের স্থাবাগ দিয়ে পরস্পারকে সন্ধান
করার। এইভাবে, ভারত শুধু ধর্মীয় নর তীর্থযাত্রার বৈজ্ঞানিক গন্ধবাপথে
পরিণত হয়েছে 'মহামানবের সাগর তীরে'। অবশ্র, রবীক্রনাথ ঠাকুর ঠিক
এই অর্থে একথা বলেন নি। কিন্তু কবির স্বপ্ন এক নব্য বাস্তবভার সামনে
পিছিয়ে এসেছে। সাহিত্যিক উন্তর্ভান্তের দিন (বে কালেও একজন
রবীক্রনাথ এমন ম্নসীয়ানা দেখাতে পারতেন) আত্র আর নেই, সে দিন চলে
সেছে, তার অবসান ঘটেছে। আত্র আমরা দেখছি জাতীয়, মনস্তান্তিক এবং
বিশ্বব্যাপী সামাজিক অর্থনৈতিক বোঝাণড়া এবং হিসাবনিকাশের কাল
সমাগত।

ভারতের ভাবমৃতিও রুপাস্তরিত। ভারতের স্থপ্রলোক গলানদীতে কাব্যিক তীর্থবাত্রার পর এবং বৈদিক ও সংস্কৃত ভাষার অভীতের শব্দভাত্তিক ক্ষেত্রে বিচরণ অস্তে আমাদের বর্তমান কালের টেক্নোলজিট এবং ইনজিনিয়ারগণ জাতিগত এক বৃহৎ সংযোগ-সেতু রচনা করেছেন। এই দিক খেকে ভারতের এক ভ্মিকা আছে। অভীতের ভারত বিষয়ক উৎসাহের অমৃত্তি থেকে সরে এসে বর্তমানের এই সংযত বিশ্লেষণের মধ্যে ও এক্দিকে আছে অনেক অবৌক্তিক উৎসাহ আর অস্ত দিকে আছে সমালোচনা করার উৎকট অতি-আধুনিক প্রস্তৃতি।

ষাই হোক, একটি বিষয় আমরা ষেন না ভূলি। বারা এই দেশ অমণে আদেন তাঁদের, মনে এক বিশেষ প্রতিক্রিয়া স্পষ্ট হয় যে প্রতিক্রিয়া অনেক সময় চরমে টেনে নিয়ে বায়। এই কারণে, সতর্কবাণী এবং বিশ্লেষণী ধ্বনি উচ্চারিত হয়েছে।

"ভারত এক অশ্বচ্ছন্দকর দেশ। এই দেশ অনেক সময় যুক্তি বা কোনো নতুন ভংগী গ্রহণের বিরুদ্ধে রূপে দাঁড়ায়। আপনি ভারতকে ভালোবাসতে পারেন, আপনি ভার কাছে ধরা দিতে পারেন। আপনি ভাকে প্রভ্যাধ্যান করতে পারেন, কিন্তু আপনি কথনই এই দেশ বা এই দেশের জনগণের মোহিনীমায়ার আকর্ষণকে এড়িয়ে ষেতে পারবেন না।"

একজন ভারতীয় নারীও অহ্রপ মনোভংগী প্রকাশ করছেন। প্র্টনের এই যুগে (ট্যুরইজম্) ভ্রমণ করা সহজ, হাজার রক্ম জিনিষ গ্রহণ করা বায় তথাপি ব্যস্তভার জন্ম বহু জিনিষ এড়িয়ে বেতে হয়। তবে দ্রুছের অবসান স্বদাই বে স্থবিধাজনক তা নয়।

"পৃথিবী আজ কারিগরি স্থানা স্থিবিধার ফলে ছোট হয়ে এসেছে, ভাবধারার আকরিক সম্প্রসারণ এবং ভাবমৃতি প্রকৃতপক্ষে আদর্শ স্থানীয় হয়ে
উঠেছে। এতহারা, ভ্রুল ব্যাখ্যাজনিত ভ্রুল বোঝাব্রির গোড়ান্ডেই হ্রাস
পার। বিংশ শতাকীর মাহ্য্য অমণ করতে ভালোবাসে। বিগত শতাকীর
মাহ্যুবের চেয়ে একালের মাহ্য্য আপনাকে অক্স ব্যক্তির ক্রেত্রে থাপ থাইয়ে
নিতে অতি সহজেই পারে। একথাও নিশ্চিত, অবিবেচকের মত বেশী
বাডাবাড়ি করলে, এর ফলে অনেক সময় ভ্রুল ধারণার স্বাচ্চ হয়—আমাদের
একথা স্থান করা উচিত বে ফ্যাসন এবং সংস্কৃতির ব্যাপারে বিভিন্ন ধরণের
বৈশিষ্ট্যকে ভগ্ন নতুন্ত এবং চাকচিক্যের মোহে গ্রহণ করলে তাকে বিনা
মন্তব্যে অহ্যোদন করতে হয়।"

বর্তমান প্রচেষ্টায়, সমালোচনামূলক মন্তব্য ও বিশ্লেষণটাই বড়ো করে ধরা হয়নি শুধু মাত্র ঐতিহাসিক, সাংস্কৃতিক এবং রাজনৈতিক তথ্যগুলি বেমন বেমন ঘটেছে এবং বেভাবে ঘটে চলেছে জার্মান ও ভারতীয় সংখোগে তা প্রকাশ করা হয়েছে।

আমরা, বারা আর্মান, তাঁদের ভারতের সঙ্গে একটা বিশেষ বোগ আছে। আমানের গ্রন্থাবলীর ভাষা ও আঞ্চিক কালের গতিতে পরিবভিত হয়েছে. কিছু ভারত উপমন্তানেশে যা কিছু ষ্টুছে সেই বিষয়ে আমানের উবেগ আছে। 'নিস্প্রছ হয়ে যায়নি। প্রয়োজনের সময়, অনেকেই সেই অঞ্লের জনগণের জন্ত অর্থ দান করতেও কুটিত হ'ন নি।

এই ভাবে, ইতিহাদের প্রতি চকিতে দৃষ্টিপাত করা হয়েছে তার সক্ষে মূলতঃ অপরিবতিত মিত্রতার সাহিত্যিক ও শস্বতাত্তিক কেত্রে, এবং প্রক্লভ পক্ষে প্রজ্ঞার কেত্রে, অর্থনীতির কেত্রে। সমাজ নীতি ও রাজনৈতিক ব্যাপারে বে সব ঘটনা ঘটেছে তাকে নথীভূক্ত করা হয়েছে।

আমি একজন জার্মানের দৃষ্টি ভংগী নিয়ে ভারতের সঙ্গে জার্মান বোগাবোগের কথা লিখেছি। হয়ত একদিন আমি প্রত্যুত্তর পাব ভারতীয় তরফ থেকে বার মধ্যে আমাদের স্থবিধার জন্ত ভারতীয় মনোভংগীকে নথীভূক্ত করা হবে। পরিশেষে, আলাপ আলোচনা, সংলাপ বস্তু বিশেষের ওপর আলোকপাত করে এবং জনগন যে মৌল অধ্যাত্মহত্ত থেকে আলোক পার তা প্রকাশিত করে।

এই মনোভংগী নিয়ে আমি এই গ্রন্থের বিচার ভার পাঠকের ওপর অর্পন করছি।

ওয়ালটার লাইফার

## মধ্যযুগীয় তীর্থ পথিক ও

### कविराद यश्रामाक

Man sagit, daz dai in halvin noch sin die dir Diutischiu sprechen, ingegin India villi verro.
( ওবা বলে, সেই অঞ্চলে এখনও জার্মান ভাষায় কথা বল্পে, এমন মান্ত্র্য আছে,—অনেক দ্বে ভারতের দিকে।)
ঘাদশ শতাব্দীর 'এ্যানোলায়েড' থেকে উধ্ত—

( কলোনের আর্চবিশপ এননোর প্রশন্তি গীতি।)

ভারত ও জার্মান ভাষী পশ্চিম-যুরোপের মধ্যে প্রাচীনকাল থেকে একটা দুং:মাগ আছে, বিশেষতঃ ভাষার ক্ষেত্রে। ইন্দো-ভার্মানিক বিদা**র্চ-এব** প্রচেষ্টায় জার্মানীর বিদগ্ধ-প্রান্ত থেকে এই সব সম্পর্ক ফুম্পষ্ট ভাবে দেখানোর ফলে ইন্দো-জার্মান জাতির সঙ্গে আদিম যুগের সমন্ধ বিষয়ে দৃষ্ট আকর্ষণ করেছে। ক্রানংস বোপ, কর্তৃক উদ্ধাবিত ভাষাতাত্ত্তিক গবেষণা পদ্ধতির প্রতি ধ্**রবাদ।** এখন আমরা তার সাহায়ে মূল ইন্দো-জার্মান বুলির ধ্বনি এবং পঠন পছতি এবং মৌলিক শব্দ প্রভৃতি জেনেছি, যার প্রাথমিক পর্বেও ভাগ লক্ষ্য করা বাহ-'হানডেড' শৰ্কটিকে সেনটাম ও শতেম গোষ্ঠীর অন্তর্গত কলে বোঝা বায়। প্রাচ্য নেশের 'নতেম' গোষ্ঠার ভাষা ইরানীয়, ফ্রাইজিয়ান, আর্মেনিয়ান, থে, সিয়ান, আলুবেনিয়ান ও বালটিক-শ্লাভনিক ইন্দো-ইয়ানীয় ভাষা নিয়ে বেমন গঠিত তেমনই পাশ্চাতোর দেনটায় ভাষাগোষ্ঠী গ্রীক, ইলিরিয়ান, ভাষা ব্যক্ষীত ত্যারিয়ান ও হেথাইট, কেলটিক, ইতালিক, এবং জার্মানিক ভাষাভবিকে ব্দুডিরে আছে। কথাভাষার পার্থকা ছাডাও ইন্দো-জার্মান জাতিগণের যথে অবরও সামাজিক ভাগ দেখা যায় পশ্চিমের হালচাষী এবং প্রাচ্যের থারাবের ষেষপালকদের মধ্যে। যাই হোক, এই সামাজিক ভাগ দেনটাম ও শতেম সেঞ্জিব ভাষা বিভাগের দলে সব সময় মেলেনা—বদিও বর্তমানে এটা তেমন স্থাপট 👪 🖡 মুক্তা ইলো-কাৰ্মান অঞ্জ (বেক অফ অৱ্যাল এবং কাদ্পিয়ান হবেৰ সংয়বৰ্জী

কোনো এক জারগায় এই অঞ্চল মিলবে) থেকে কিছু মান্ত্রর এনেছে যারা তাদের ধারণাম্বদারে আজ্বিক, বাকারীতি, রাজনৈতিক ও দামাজিক দংশ্বঠন বিভিন্ন জ্বরের ও বিভিন্ন শ্রেণীর জাতি ও ভাষার ওপর চাপিয়েছে আর সেই ভাবেই বিশ্ব-রজভূমিতে বিশেষ ধরণের অভিনেতা গড়ে উঠেছে, এদের বৈশিষ্ট্য ও আকৃতি ক্রমেই বেড়ে চলেছে।

দীর্ঘকাল ধরে সাধারণতঃ এই জাতীর একটি গৃহীত ধারণা ছড়িরেছিল ইন্দোভার্মান জাতির শৈশবন্থা বিষয়ে। প্রধানতঃ অক্সমিত হত যে দক্ষিণ সাইবেরীয়
অঞ্চল—এমন কি তা ছাড়িয়ে দক্ষিণ ইউরাল এবং মধ্য বুরোপীর আপল্যাণ্ড বা
উচ্চ-ভূমির মধ্যে কোথাও এই অঞ্চলটি ছিল। ক্যুলটুর গেস্বিখ্টে দেশ দয়েংখেন
ভোকস্ বা জার্মান জাতির সাংস্কৃতিক ইতিহাস নামক প্রন্থে আরো
অনেকের মধ্যে স্থাইভারল্যাণ্ডের হেনে আম রাইন সংক্ষেপে এই মতবাদ
প্রকাশ করেছেন:

তথাপি আর্বজাতিগণ এবং ভাষা সমূহের সর্বজনীন উপকথা এবং শব্দ সংগ্রহ থেকে ভাষা গোষ্টার শৈশবস্থার নিম্নলিখিত বিবরণ আমরা যথাসম্ভব বিশাসযোগ্য পলে অস্থমান করতে পারি:

এই ভূমি ছিল কিঞ্চিৎ শীতল ও নিরানন্দময় স্থান। বরক, তুষারপাত, মেঘ, কুমালা এবং বৃষ্টি সেখানে স্থারিচিত ও নিত্যনৈমিত্তিক ঘটনা। এই দেশ পর্বতসঙ্গল, এমন অনেক পর্বত-শিশ্বর ছিল যাকে 'দাত' বলা হত, পার্বত্য ফাটল এবং গিরিসফট (সংস্কৃত ও নর্স গ্যাপ: নর্স নরওয়েজীয় কথা), জলাভূমি, ননী, মুল ও পৃষ্বিপীতে পরিপূর্ণ। এই ভূমি সমুদ্রের উপকূলবর্তী কিনা দে বিষয় সংশয় আছে। এখানে বার্চ এবং ফার গাছ ও সেই সঙ্গে নানা আতের শত্যাদি জন্মাত; গ্রীষ্ণপ্রধান দেশের উদ্ভিদাদি যেমন অপরিচিত তেমনই অক্রাত ছিল সিংহ, খ্যাম, গর্দভ, উষ্ট্র, হস্তী প্রভৃতি কন্ধ অথচ নেকড়ে এবং ভালুকে এই অঞ্চল পরিপূর্ণ ছিল। বীভার তৈরী করত তার জলাধার আর অতিশন্ধ বিরক্তিজনক উপস্থিতি ছিল ইত্রের। যাঁড় (বলদ) এবং গরু এবং সেই সঙ্গে ছাগল, ভেড়া, শূকর প্রভৃতির প্রজনন ব্যব্যা ছিল। এ ছাড়া হাঁস ও মূর্গীও ছিল। এথানকার বাসিন্দাদের পত্তপাল ছিল, তাদের দেখাশোনার জন্ম রাথাল খালক ও মেরণালক ছিল, পোষা কুকুর পাহারা থিত; এবা আবার গোশালা শ্রিচালনা করত। এ ছাড়া, এথানকার অধিবাসীরা ক্রবিকর্মের ঘারা জীবন খালন করত, কটি সেকতে পারত, মাধনী বা মনু থেকে উৎপন্ন মন্ত্রপান করত,

মেষগাত্র থেকে পশম ছাটাই করে সেগুলি থেকে বরন করে পশমের বস্তু ভৈরী করে শিলাই করে জামা কাপড় বানাত। অথ ছিল পরিচিত লছ কিছ প্রজনন ব্যবস্থা ছিল না কিংবা অখারোহণের বীতিও ছিল না। বস্তুপক্ষীদের মধ্যে পেচক এবং বটের পাথি পরিচিত ছিল। অধিবাসীরা রাজ্বপথ এবং সাঁকো বানাতো ( ওখনও অবশ্য সেতু নির্মাণ স্থক হয়নি ); ঠেলে জাহাজ চালাতে পারত, দাঁড় বহা নৌকাও চালাতো ( আধুনিক জার্মান ভাষায় নাথেন: সংস্কৃতে —নাও, নাব; প্রাচীন জার্মান, নউএন) দাঁড কথাটির সংস্কৃত অর্থ-অরিজ। মাটির পাত্রাদি গড়ত, হাতুড়ি পিটিয়ে কাঠের বাড়ি বানাতো, দরজা বসাতো, মুশুর, কুডু, ল, তীর ধমুক, বর্শা, তরবারি প্রৈভৃতি দিয়ে লড়াই করত, এই সৰ হাতিয়ার সম্ভবতঃ পাথরে গড়া হত ( ধাতুর ব্যবহার স্থপ্রমাণিত হুয়নি ), এঁরা কতকগুলি জারগা এবং পল্লী স্থর্গঞ্চত রাথতেন—( সংস্কৃত পুরী, পুর: গ্রীক— পোলিশ:--লিথুয়ানিয়ান-পাইলিস )-কিন্তু শহর নর। এঁরা সংখ্যা গণনা করতে পারতেন। এক হাজারে পৌছে তাঁরা থেমেছিলেন—কালগণনা করতেন বৎসর এবং মাসের হিসাবে, চিন্তা ও জ্ঞানের ক্ষেত্রে তাঁদের অপরিচয় ছিল না, সাধারণ ওষুধপত্তের ব্যবহার জানতেন। আমাদের পরিচিত আত্মীয়তার ন্তর বিষয়ে তাঁদের জ্ঞান ছিল। এই সমাজে পরিবার পদ্ধতি স্থনিয়ন্তিত ছিল। উপজাতীয় রাজস্তবর্গ, সম্রাট ( অবশ্ত-লঘু ধরণের ), ব্যবস্থাপক সভা এবং সর্বজন গৃহীত আইন-কামুন রচিত হয়েছিল এবং বিচারকও ছিলেন। গান গাইতে জানতেন। উপকথা এবং কাহিনী রচিত হত, 'সাধারণতঃ দানবাকৃতি অতিকার প্রাণীকর্তৃক মানবকে প্রলোভিত করার কাহিনী। কিংবা মামুষের জন্ম তারা কাছ করত এইভাবে কাহিনী রচিত হত। এদের আকৃতি অর্ধেক মাক্সব ও অর্ধেক পদ্ধর মত। দেবতার আক্ততি কথনও কোনো বিশেষ ধরণের জল্পর মতো **কথনও বা মামুবের মতো। অগীয় জ্যোতিলেথার এটনা করতেন এঁরা,** ৰিশেষত: সূর্য, চন্দ্র, উষা, অগ্নিও বজ্রের পূজা হত। এরা তাদের পূর্বপুরুষদের 'মাহুৰ' 'মানবিকা সত্তা' ও বীরপুক্ষদের শ্রদ্ধা জানাতো ( সংস্কৃত : ৰীর, শাতিন-: ভীর) এবং আত্মার অবিনশ্বরত্বে বিশ্বাসী ছিল।

সমগ্র মধ্যযুগে জার্মান পশ্চিম যুরোপে একটা ধারণা প্রচলিত ছিল বে ইরান অতিক্রম কালে—ingegin India vili verro—এমন অনেক মাছব আছেন বারা আর্মান বলেন। অব্বিৎ আরব দেশগুলি অভিক্রম করে সহসা এমন এক ভাষার সামনে এসে দাঁড়াভো থাকে মোটেই বিদেশী ভাষা মনে হয় না। ছাদশ শতাদীর পদ্ধ রচনা 'গ্রানোলায়েড'—গ্রন্থের মধ্যে এর প্রমাণ পাওরা বার (এ-১৯ শ্লোকাবলী—৩১৫-৩১৭)। এই পরিচ্ছেদের প্রায়ন্তে তার কিছু অংশ উদ্বতকরা হরেছে। ইন্দো-জার্মানিক কমপারেটিভ কাইলোলজিব গবেষণা প্রকাশের অন্ততঃ সাতশ বছর পূর্ব থেকেই এই ধারণা প্রচলিত আছে। .

প্রাচীন জার্মান এবং মধ্যযুগীয় জার্মান সমাজের ভারতের চিত্রকল্প গ্রীক ও রোমান ক্লাসিকের ভিত্তিতেও বিশেষতঃ গোডার দিকেব প্যাটরিষ্টিক সাহিড্যের ( খুষ্টীয় ধর্মশান্ত্রের যে অংশ প্রাচীন খুষ্টীয় ধ্মাচার্যগণের মত সম্পর্কে আলোচনা থাকে )—ওপর গড়ে উঠেছিল। যে সব গ্রন্থে এই সব তথা আছে তার মধ্যে ' অক্তম গ্ৰন্থ De Moribus Brachmanorum ( The Customs of the Brahmins Vol: 2. P. 1131-32)-शीक ভाষা পকে অনুবাদ করেছেন মিলানের মহত্তম বিশপ সেণ্ট এমব্রোস। এর মধ্যে সর্ল্যাস এবং ব্রাহ্মনদের বছবিধ ধর্মীয় আচার-আচরণ বিষয়ে মূল্যবান তথ্যসম্ভার আছে। জার্মানিক মুগের লেখকবা—বিশেষ করে বাঁরা এমবোস এবং তাঁর প্রধান শিক্ত আগষ্টিনকে তাঁদের আদর্শ হিসাবে গ্রহণ কর্বোছলেন—শেষোক্তকে গ্রহণ করেছিল তাব কারণ জার্মানিক জনগণ এবং জার্মানিক আদি জাতি সম্পর্কে অনেকটা মানবিক মনোভংগী তাঁর ছিল। আব প্রথমোক্তকে শ্রদ্ধা করাব কাবণ তিনি আগন্থিনেব ওক হিসাবে প্রবতীকালের জার্মানপ্রেমী 'আগ্রুনি ওয়ার্ল্ড"-এব প্রস্তা। সমগ্র মধাযুগের মধ্যে প্রভাবশালী হুই অনক্সদাধারণ ব্যক্তিত্ব, ধাদের একজন ধর্মীয় শিক্ষক এবং অপর জন তাঁব মহান শিষ্য। তুজনেই মিলানেব মামুষ, এটা একটা প্রতীকি ব্যাপার—কারণ মিলান উত্তর-এ্যান্টিক ও মধ্যধুগীয় জগৎকে ভবিষ্যং-কালের প্রবক্তা দান করেছেন। এই ব্যাপারে শিক্ষক প্রাচ্য ভারতের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন আব তাঁব শিষ্য বিশ্ব জাগতিক রাজনীতিতে সভ্য প্রবেশ-कादी म्हेकांलिय कार्गानिक कनगंग विषय यक्षे निर्धाष्ट्र भारता शिष्ट করেছিলেন। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পাবে যে ৫৭২ থেকে ৭৭৪ খুষ্টাব্দ পর্যস্ত জার্মানিক লোমবার্ডিক সাম্রাজ্ঞার বাজধানী পাভিয়াতে আগষ্টিনের

দেহাবশেষ সমাধিস্থ করা হয়েছে।

সার্লেমানের\* চতুল্পার্শন্থ চক্র <del>ও</del>ধু যে নিকটন্থ গ্রীক-বাইজন্তীয়প্রাচ্যকে **ওাঁদের** 

<sup>\*</sup> সার্লেমান (চার্লস দি গ্রেট)। ফ্রাঙ্কের সম্রাট। পবে পশ্চিম অঞ্চলের সম্রাট হয়েছিলেন। সম্ভবতঃ AIX-LA-CHAPELLE--এ জন্ম হয়। ৭৪২

বাজনৈতিক হিসাব-নিকাশের মধ্যে গরেছিলেন তা নয় ভারতের বৈশিষ্ট্যভাও তাঁরা অবলোকন করেছিলেন। ফ্রাফিস সামাজ্যের কেন্দ্রবিন্দু আচেনে (Aix-la-Chapelle) এই স্থানুবস্থ ভূমি ক্রম্বর্য ও প্রাকৃতিক সৌন্দর্যের উৎস বলে পরিচিত ছিল। সার্লেমান-এব রাজনৈতিক অন্তর্দৃষ্টি বিষয়ে তাঁর জীবনীকার আইনহার্ড তাঁর Vita Karoli (সার্লেমান জীবনী) গ্রন্থের ষোড্রণ পরিচ্ছেদে বলেছেন—

পারশ্রেব সম্রাট হাকণ যিনি ভাবত বাতীত সমগ্র প্রাচ্যদেশে আধিপতা কিন্তার করেন তাঁব সঙ্গে দার্লেমানেব এমনই বন্ধুতার সম্পর্ক ছিল যে পৃথিবীর রাজা ও সম্রাট বন্ধদেব চয়ে সার্লেমানেব বন্ধুও ও অন্ধুগ্রহ হাকণের কামা ছিল।

ভূতীয় চার্নদেব বাজত্বকালে (তাঁব ডাক নাম মোটা)—ক্যাবোলি স্থিমান সামাজ্যেব পতনেব মৃথে ৮৮৭ থ্রীষ্টান্দে টাইবুবেব বাবস্থা সভা ডায়েটের বৈঠকের কিছু পূর্বে সার্ন্দেনেব ব্যক্তিত্বের প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষণ কবা হয়। ভবিষ্ণং শান্তির সামাজ্যের মধ্যে প্রেরণা শক্তি সঞ্চারের জন্ম ফাহিস সামাজ্যের মধ্যে প্রেরণা শক্তি সঞ্চারের জন্ম ফাহিস সামাজ্যের প্রতিষ্ঠাতাকে শ্বরণ করা হয়। সেণ্ট গলের সাধু নটকের 'গেসটা কারোলি' (সার্লেমানের কর্মকাণ্ড) নামক গ্রন্থ রচনা করেন। এর দ্বিতীয় খণ্ডে সার্লেমানের রাজ্যববারে পার্বিসক আরবিক দ্ভেরা হাতি, বানর, স্থবভি নির্যাস, জটামাংসী স্থান্ধি, নানাবিধ মলম, মশলা, স্থান্ধি, নানাবরণের আমুর্বৈদিক লতা-পাতা ইত্যাদি উপহার এনে উজাভ করে দেয়, যেন পূবেব ভাণ্ডাব উজাভ করে এনে পশিচমের ভাণ্ডার ভবে দিচ্ছে।

প্রাচ্যের প্রতিনিধির ভাষণ এই ধরণেব :

"Nos persae vel Medi, Armenii vel Indi, Parthi et Elamitæ omnesque orientales multo magis vos quam dominatorem nostrum Aaron timemus."

( আমরা পারসিকগণ, মেডেস, আর্মেনীয় অথবা ভারতীয়, পার্থীয়ান অথবা এলামাইটস এবং সমগ্র প্রাচ্যবাসী আপনাকে আমাদের শাসক হারুণের চেয়ে অধিক ভয় করি।)

স্থাবে । স্থাকসন বিজেতা এই সম্রাট ৮০০ খ্রীষ্টাবে তাদের খ্রীষ্টধর্ম গ্রহণে বাধ্য করেন। মুরোপের বছ, জামগায় তিনি সম্রাটদের দমন করেছেন। সার্লেমান শ্রুবিদ্যালা ভালোবাসতেন। জ্ঞান ও বিজ্ঞানের ক্ষেত্রে তাঁর অসীম অবদান। ফিনি স্বয়ং ব্যাকরণ রচনা করেন এবং লাতিন ভাষায় কিছু কবিতা লিখেছেন। আছুত মনে হয় যে বাগদাদের আবব ধালিককে সেই কালে পাছসিক বন্ধে প্রহণ করা হত, তার আরবীয় ব্যক্তিছ এবং শাসনকর্ম বিষয়ে চোধ ফিরিয়ে থাকা হত। মধ্যযুগীয় জনগণের রাজনৈতিক দৃষ্টভঙ্গীই এর জন্ত দায়ী। তাঁরা পারসিকদেরই পৃথিবীর একমাত্র 'আইনগত' জাতি বলে মনে করতেন। আমিকস্ক, পারস্ত সব সময় অবাধে ভারতকে মনোভংগী জানাতেন। 'ইনভিয়া' এই কথাটি যেন একটা যাতুমন্ত্রময় নাম, বারবার সম্পদ, বাজকীয় আভম্বর এবং স্থা-সমৃদ্ধিব স্থাবক হয়ে দাঁডিয়েছে।

বাবাহ্ব মাউরুস নামক ফুলডার মঠাধাক্ষ যিনি পরে মেইনজের আর্চবিশপ হয়েছিলেন তাঁর দ্বারাই ভাবতেব এই চিত্রকল্প বিশেষ ভাবে গড়ে উঠেছিল। তিনি ছি ঘ্নিভার্দো। (দি ইউনিভার্দা) নামক তাঁর গ্রন্থে প্রিদেপটার জার্মেনি বা জার্মানীর শিক্ষক দেই স্থান্ব দেশেব পরিচয় পাঠকদের কাছে দিচ্ছেন একটি নদীর নামে—(India vocata ald Indo flumina) এই দেশের নামকরণ করা হয়েছে, এই গ্রন্থ সভ্য তথ্য এবং ফুলাহসিক কাহিনীর সংমিশ্রণে গড়া। তাঁর মতে, ইনিউয়া উদীয়মান সুর্যের কাছ থেকে ককেক্ষ্রস পর্যন্ত বিস্তীর্ণ; ভাপরোবেশের দ্বীপে হাতি এবং বহুম্প্য পাথব পাওয়া যায় এবং ক্রাইসা এবং জার্মাইরিশ দ্বীপ ছটি সোনা এবং রূপায় মণ্ডিত। গঙ্গা, ইনদস, এবং হাই-ক্যাসিদ (বিপাশা) প্রভৃতি নদীর নাম রাবাহ্ম্য মাউরুসেব কাছে স্থপরিচিত। জিনি লিখেছেন ভারতে বাদামি রঙের মাহ্মের বাস এবং হস্তী, একশৃঙ্গী পৌরানিক জন্ধ ইউনিকরণ ও কাকাত্যা, আবল্স কাঠ, দালচিনি, লন্ধা প্রভৃতি দেশে পাওয়া যায়। রাবাহ্ম্য অন্তুত পর্বত এবং বিরাটাহ্নতি জন্ধর কথা বলেছেন (হন্মত হিমালয়ের মাহ্ম্য, ইয়েতি প্রভৃতি যে সব জন্তর অন্তিত্বের কথা আজ্যে অনেকে বিশ্বাস করেন এই জন্ত তাদের মডেল?)

"Ibi sunt et montes aurei, quos adire propter dracones et gryphes et immensorum hominum monstra impossibile est."

স্বোনে সোনার পাহাড়ও আছে তবে তার কাছে যাওয়া কঠিন, কারণ স্বোনে ড্রাগন, গ্রিফিন, বা ক্সেন-সিংহ (প্রাচীন রূপকথার বর্ণিত এক জাতের সৈত্য ) এবং অতিকায় অস্থ্যাকুতি মাস্থ্য প্রভৃতি থাকে।)

তথাপি রাবাছ্য এমন এক ভারতবর্ষের বর্ণনা দিয়েছেন বা প্রাক্তই পভীক্ষ ভাংপর্বপূর্ব। "ipsa etiam aurum sapientiae et argentum eloquentiae gemmasque omnium virtutum sufficienter habuit—"

(তিনি স্বরং অবশ্র জ্ঞানের স্ববর্ণ এবং ওম্ব স্বিতার রক্ত স্পর্শের অধিকারী। দকল প্রকার দদ্গুণের রত্বরাজি তাঁর কাছে প্রচুর পরিমাণে আছে )।

ভারতের স্বপ্রীর নামের যাদ্র ব্যতীত সেখানকার জ্ঞানের স্বর্ণজ্যোতি.
স্পষ্টত:ই পাশ্চাত্যের মাসুষকে মোহগ্রন্ত করেছে। অতঃপর ভারতের দৃটি
আরুতি, একটি দিক সোনা এবং বহু মূল্য রত্বরান্তিতে সমূজ্বল, আর অপর দিক
শাধুর প্রজ্ঞাদীপ্ত সন্মানের গরিমার উদ্ভাসিত।

ভারতের বাস্তবতা সম্পর্কিত এই বাহ্যিক জ্ঞান ছাড়া পাশ্চাত্যের মাহ্নফ ইনডাস এবং গঙ্গা নদীর এই দেশ বে রত্বভাগুর তা ক্লেনেছিলেন উপকথা এবং রূপকথার মাধ্যমে। সংস্কৃত 'কথাসরিং সাগরের অহ্ববাদ—'এয়ান ওসান অক্লেক্ষারী টেলস'—কাশ্মীর থেকে সংগৃহীত কাহিনী—পশ্চিমে এসে পড়ে। এই দব রূপকথা হয়ত আলেকজাগুর দি গ্রেটের দৈনিকদের সঙ্গে পশ্চিমে ছড়িয়ে পড়েছে। জার্মান জগতে মধ্যযুগের শেষ পর্বে এদের সন্ধান পাওয়া বার। ত্লানাহীন এক বিজয় বাত্রার এই সব ভারতীয় কাহিনী বিশ্বের সাহিত্যকে জ্ঞান করেছে। গ্যায়টের 'রাইনেকে ক্টেখস' (রেনার্ড দি ফল্ল) যা ১৪৯৮—এর স্থান, কালে লাবেকে লো-জার্মান রূপান্তরে প্রকাশিত হয়, তার উৎস প্রে ভারতীয় রূপকথা সংগ্রহ 'পঞ্চত্ত্রে'র মধ্যে পাওয়া বাবে।

কিন্তু তারও পূর্বে, জার্মান পোবাকে ভারতীয় কাহিনীর একটি সংকলন গ্রন্থ আত্মানিক ১৪৮০ প্রীষ্টাব্দে আত্মপ্রকাশ করে, তার নাম "সাইনে লোকো এট এ্যানো" এবং ১৪৮০ ও ১৪৮৪ প্রীষ্টাব্দে উলমে অহ্মোদিত সংস্করণ প্রকাশিত হয়। এনটন ফন ফোর কর্ত্বক লিখিত বৃথ দার বাইসপীয়েল দার আলটেন ভাইসেন (প্রাচীন সাধকদের জ্ঞানের দৃষ্টাস্ত সম্বলিত গ্রন্থ) যুরোপীয় ধারায় গুরুত্ব লাভ করে। সংস্কৃতক্ত পণ্ডিত থিওডোর বেনফি সগর্বে এই দিকে নির্দেশ করে বলেছেন—

"একটি চমংকার জার্মান অমুবাদ—কাউণ্ট এবারহার্ড অফ ভয়েরটেমবার্গের আন্তর্কল্য পঞ্চলশ শতাব্দীর শেষ পচিশ বছরের মধ্যে রচিত হয়। তিনি ছিলেন একজন স্থাশিকত ব্যক্তি এবং বিশ্বোৎসাহী। এই অমুবার্গ গ্রন্থ জার্মান মুদ্রন্থ শিল্পের প্রথমতম অবদান হিসাবে স্বীকৃত। অবশ্ব শোচনীয়ভাবে জীর্ণ কলিং থেকে এই গ্রন্থের করেক শতাব্দী ধরে কর্মটি সংস্কর্ম মুদ্রিত হয় এবং বিশেষভাবে।

শোনীর অমুবাদকে এভাবিত করে। শোন প্রভাবিত করে ইতালীকে, জার তার ৎপর ভিত্তি করে বচিত হয় ফরাসী এবং ইংবাজী সংস্করণ। এইভাবে প্রশ্বতপক্ষে জার্মান রসিবিচার এবং জার্মান প্রচেষ্টার ফলে এই গ্রন্থের গোডার মূগের মূরোপে প্রচার সম্ভব হয়। যে ভাষায় এ গ্রন্থ প্রথম লিখিত হয়েছিল তা খেকে প্রস্তুত জার্মান অমুবাদ আমি দিতীয় খণ্ডে প্রকাশ করব—বৃহত্তর পরিমিতে এই নতুন সংস্কবণ শ্বতিকে সঞ্জীবিত করাব কাজে সহায়তা করবে আমি বিশ্বাস কবি।

প্রসঙ্গতঃ, বেনফি এই মত পোষণ কবতেন যে একমাত্র ঈশ্বরের গল্প ব্যতীত ভারতবর্ষ সকল প্রকার কাহিনী ও উপকথাব উৎপত্তিস্থান। বিশেষজ্ঞদের কাচে বেনফি তাঁর "ইনডিয়া থিয়োরা"ব জন্ম পবি।চত। এই সিদ্ধান্তেব শেষ মহন্তম উদগাত। হলেন ইমামুখেল কস্কুাইন , যাই হোক, ভিনি নিজেই একতরফা ভাবত বিভাছিত মতবাদ পবিবর্ধন কবেন এবং ১৯২১-এ মৃত্যুর অংগে এই ধারণা পোষণ করেছিলেন যে উপকথা রচনা করাব স্ঞ্জনশীল সম্ভাব্য প্রতিভ। সৰ জাতিরই আছে। কিন্তু এই 'কথাসরিংসাগর' স্বাষ্ট কবে ভারত কি পরিমাণ প্রেবণা সঞ্চাব ব রেছেন সে বিষয়ে তিনি সচেতন ছিলেন। ছোহ নেস হারটেল 'তন্ত্রাখ্যায়িকা' নামক অমুবাদ গ্রন্থ উৎদর্গ করেছেন বেনফির শ্বরণে। তিনি বেনফির অতিরঞ্জিত দাবীর কথা উল্লেখ করে বলেছেন .শ্র পর্যন্ত তা শুধু তাঁর ভারততত্ত্ব বিষয়ক প্রয়াসকে সাহাথ্য করেছে এবং উপকথা ও রূপকথা विषयक जूलनामृलक गरविश्वाय महायक हरवरह। वर्नाक, यिनि नजून निगन्छ আবিষ্কাবের পথিকং-এর সম্মান দাবী করতে পাবেন হয়ত মাঝে মাঝে ভূল করে পাকতে পারেন। জোহান গটফ্রিড কোসিগারটেন সম্পাদিত মূল সংস্কৃত ভিভি করে অমুবাদ করেছেন এবং দক্ষিণ ভারতের আদর্শ গ্রহণ করেছেন। লাতিন ভাষায় লিখিত ভূমিকায় কোসিগারটেন উৎসাহভরে লিখেছেন যে পঞ্চতম' এবং "কালিলা" ( আরবী রূপান্তর ) তুলনা করে তিনি আনন্দ পেয়েছেন। এই আরবী অহবাদ আবার পারসিক অহবাদকদের 'কালিনা ওয়া ডিমনা'র ভিভিতে রচিত। জার্মান ভাষা অঞ্জলে কোসেগারটেন সংশ্বর অনক। পরবর্তীকালে এফ কীরেলহোর্ণ এবং জে. জি. বুহলের অধিকতর বিস্তারিত একটি সংস্করণ বোমাই শহরে প্রকাশ করেন। অধিকম্ভ জার্মানীতে সপ্তদশ শতান্দীতে প্রকাশিত ক্লপকথার একটি লাভিন সংশ্বরণ পাওয়া যায় যার বধ্যে প্রাচীন ফরের ( Pforr ) কাজের ছাপ দেখা যার এবং সেটি আবার ভারতীয় কাহিনীর ত্রেম্বেশ

শতাব্দীর লেখক জন অব কাপুয়া কৃত লাতিন রূপান্তর—Directorium vitae humanae ( Directory of Human Life ) শারণ করিয়ে বেষ।

সেই কাল থেকে পঞ্চন্তের কাহিনীর অসংখ্য অমুবাদ হয়েছে। লুড্ডিগ ফ্রিংসে এবং রাইনহার্ড স্থমিউটের অমুকরণে অমুতম এবং শেষতম জামান ভারতত্ববিদ ছিলেন হামবুগের লুড্ভিগ এলসদোরফ তিনি তার গ্রন্থের পরি।শ্রেষ্ট এই কাহিনী বিষয়ে বলেছেন—

"পঞ্চন্ত্রের কি উদ্দেশ্য ছিল গ্রন্থকার ভূমিকাংশে তা বিধৃত করেছেন। তিনি কুটনীতিব একটি পাঠাপুত্তক লিখেছেন। এই গ্রন্থ রাজপুত্রদের ৰন্ত রচিত প্রথম পাঠ। স্বংখর বিষয় তিনি আগাগোড়া বিষয়গত ব্যাপারে কাহিনীগুলিকে আবদ্ধ রেখে পাণ্ডিত্য প্রকাশের চেষ্টা করেন নি। রাজনৈতিক পাঠ যদি শিক্ষাদানে অসফল হয় এই আশ'কায় তিনি একটি করে চমংকারকাহিনী বলেছেন নিজেব এয়োজনে। এই ভাবেই তিনি শুধু জন্ধ-জানোয়ারেব গল্পে তার বিষয়বস্তু দীমাবদ্ধ রাথেন নি--এই জাতীয় কাহিনী ভারতে বিশেষ সমাদত এবং রচিত হব। এদেশ পুৰুজন্মের लिच-किन्न ७१३ वल गानविक वाहिनी थाक मुथ फिरिय मिरे। किन्न অধিকাংশ কাহিনী এবং ইভঃস্তভঃ ছডানো শত শত প্রাংশের মাধ্যমে প্রাচীন ভারতীয় রাজনৈতিক নীতির দৃষ্টান্ত পাওয়া নায়, সেগুলি বৈজ্ঞানিক পদ্ধতিতে 'সংক্ৰিত। তথাপি, এই সব কাহিনী সচেতন ভাবে, ঠাণ্ডা মাথায় এবং কৃট বাজনৈতিক চালে বচিত। সাফলোব জন্ম কানো মাধ্যম যুক্তিসিদ্ধ এবং স্বাভাবিক নীতি বিশেষভাবে নস্তার্থ করা হয় যখন তা বান্ধনীতির ন্তরে পৌছায়। স্বতরাং, যদিও অনেক অংশে কাহিনীর নীতি স্পষ্টতই দুনীতিমূলক তথাপি পাঠকের বিশ্বিত হওয়ার কোনে। হেতু নেই। সদগুণ নয়, চতুরতা প্রচার করেছে পঞ্চত্ত্র , যাই হোক, পাশাপাশি তুরকমই থাকতে পারে তাই কাহিনীর মর্যাল বা নীতি কোনো মতেই বর্জন করা যায় না।"

এলসভ্রফের অমুমানে 'পঞ্চপ্রের' অস্ততঃ তু শত কাহিনী অমুসরণে লিখিত হয়েছে এবং ৫৪টি ভাষায় তা অনুদিত হয়েছে। এর প্রচার এতই বিস্তৃত যে বাইবেলের প্রচারের সঙ্গে তুলনীয়, এ ছাড়া 'হিতোপদেশে'র এবং প্রখ্যাত, 'কথাসরিৎসাগরের' আরো ছটি সংকলন আছে, যার মধ্যে সব রক্মের প্রাঞ্জা, উপকথা, রূপকথা এবং কাহিনী আছে। জোহানেস হারটেল তাঁর ভারতীয় ক্রশক্ষা নামক গ্রন্থে যথাযথ ভাবে বর্ণনা করেছেন—

"যদিও শিরোনার দেওরা হয়েছে 'রপকথা' তথাপি কলাকৌশলসত দিক খেকে মুরোপের বিজ্ঞানসমত নিরিথে এই অভিধা বোধগম্য হবে না কিছে সাধারণভাবে কথা ও কাহিনী বিভাগের বর্ণনামূলক কাহিনী হিসাবে গ্রহণ করা যাবে। বর্ণনামূলক কাহিনীর নানা বিভাগ, রূপকথা, পরিহাস, উপকথা, উপক্রাসিকা, গাথা, গল্প, অলৌকিক কাহিনী ইত্যাদি, মুরোপীয় জীবনধারা এবং তাঁদের সাহিত্যগত আন্ধিকের ভিত্তিতে এইসব কাহিনী রচিত হয়; যারা আমাদের চেয়ে বিভিন্ন প্রকারের দৃষ্টিকোণ দিয়া চারদিকের ঘটনাবলী পর্ববেক্ষণ করেন সেই ভারতীয়দের কাছে এর কোনো রক্ম মুক্তিমুক্ততা নেই।"

একটি বিচ্ছিন্ন কাহিনীর পথ পরিক্রমণ করার মধ্যে চমক আছে। হারমান ভার্ণহাগেন একটি কাহিনীথ প্র্যান পথ অন্থ্যরণ করার কাজে আত্মনিয়োগ করেন। মহারাজ্ব বিক্রমাদিত্যের জীবনের একটি ঘটনা নিয়ে রচিত এই রূপকথা, যে কাহিনীতে একজন ঐক্রজালিক মহারাজকে একটি যুবকের সবল দেহে তাঁর আত্মাকে প্রবিষ্ট করতে বাধ্য করে। তারপর সেই কুশলী ঐক্রজালিক মহারাজকে দেহের অভ্যন্তরে প্রবেশ করে ভরুপের দেহধারী মহারাজকে ফাঁদী দিয়ে নিহত করে নিষ্ট্র রাজা হিসাবে দেশে রাজত্ব করতে থাকে।

এই রূপকথার কয়েকটি বিভিন্ন রূপাস্তর আছে। চীন এবং পারস্থা, বাগদাদ থেকে জেরুসালেম এবং স্বান থেকে গ্রীক এবং যুরোপীয় ক্ষেত্রে পড়ে এই কাহিনী আরো রূপাস্তরিত হয়েছে।

জার্মান ভাষা অঞ্চলে হানস সাথস্ এই বিষয়টি তাঁর ১৫৪৯ খ্রীষ্টান্দে রচিত মহৎ সঙ্গীতে ( দার হথকারটিগ কাইজার বা উদ্ধত মহারাজ ) রূপায়িত করেন। কবি ফুরুনবার্গ এই রোমক সমাটের নাম দিয়েছিলেন ভোভিয়াম্বস এবং এই একই বিষয়বস্তু তিনি ১৫৫৬-খ্রীষ্টান্দে পবিবেশন করেন। ইতিমধ্যে তিনি কাহিনীটি সম্পূর্ণ পালটিয়ে দেন, মহাবাজের নামটিও বদলে দেওয়া হয় ( কমেডি, ন'জন অভিনেতা সহঃ জুলিরাম্বস সম্রাট, পঞ্চম অঙ্কে সমাপ্ত )। 'নাথ্ট্র্থলীন' বা নৈশ পৃত্তিকায় ১৫৫৯ খ্রীষ্টান্দে ভ্যালেনটিন স্থমান এই কাহিনী ব্যবহার করেছেন। সেই কাহিনীটি সম্প্রিত বিবরণ: একটি তাস থেলোয়াড়ের, কাহিনী, সেন্ট পিটার তিনটি বর দিয়েছিলেন তাকে, এই তাসথেলোয়ায় কিন্ডাবে সেই বরগুলি নিজের স্থবিধার্থে প্রয়োগ করেছিল এই কাহিনী তার বিবরণ।

बाहेरहाक धहेमव काहिनी धवः मांग्रेटकत निधमोनीत क्रुजिय खर्जाहमा

শতকের ছজন অন্ধিয়ান লেখকের। এরা হ'জনেই বিষয়বন্তর সঙ্গে পরিচিক্তি। ছিলেন। এঁদের নাম ফ্রাইকার এবং উইলডোনির হেররানড্। পরিশেষে ভারণহাগেন হানস্ রোজেনর টু, লুডভিগ বেগন্তাইন, জোহানেস রোমোল্ড্ট্, এবং লাংবায়েন প্রভৃতি লেখকের মধ্যে কাহিনীবন্তর সন্ধান পেয়েছেন। এই সঙ্গে তিনি প্রখ্যাত প্রচারক সাংটাক্লারার আত্রাহাম এবং জেস্ইট-ফাদার জেকব বিদাবমানের সাহায্যে মূল বিষয়বন্তর ব্যাখ্যা করেছেন।

এশিয়া এবং যুরোপীর রচনার মাধ্যমে বে অসংখ্য কাহিনী প্রচারিত হয়েছে এই দৃষ্টান্ডটি তার অন্তম। এই কাহিনী দ্বারা একথাই প্রমাণিত হয় যে কাহিনীর চোখ ধাঁধানো জোল্য কিভাবে একই কাহিনী বার বার নবভাবে রচিত হয়ে পরিবেশিত হওয়ার জন্ত লেখকদের মনে প্রেরণা সঞ্চার করেছে। বর্তমানে আমরা বিশ্লেষণের যুগে বাস করছি। সাধারণভাবে কপকথার ক্ষেত্রে এবং বিশেষভাবে ভারতীয় রূপকথার বিশ্বব্যাপী শ্রেষ্ঠ মণীয়াদের অন্ততম হলেন ফ্রিডরিশ ফ্রন লার লেয়েন। এর কাছে আমরা ঝণী, এই সব মনোহর সাহিত্যিক রম্বরাজির প্রকৃতি এবং প্রতিক্রিয়া বিষয়ে স্থগভীর অন্তর্পন্তির জন্ত, যা বিভিন্ন জ্যাতি সমূহের মধ্যে আধ্যাত্মিক লেন-দেনের আনন্দ এবং প্রীতিবর্ধন করেছে।

রপকথা ছাডাও ভারত আমাদের দাবা খেলার কৌশল উপহার দিয়েছে—
সংস্কৃত নাম চতুরঙ্গ, চারটি শ্রেণীর সেনাদল নিয়ে সংগঠিত। আমাদের কাছে
এই দেনা পারস্তের শাহের রাজকীয় ক্রীড়া হিসাবে এসেছে—আর তাস খেলার
মূল ছাঁচও ভারত থেকে আমদানী। অধিকন্ত বিশ্বাস করার হেতু আছে খে
আহ্মানিক ২০০০ খৃঃ পৃঃ কালে ইনডাস-উপত্যকা সভ্যতার মহেক্ষোদারো এবং
হারাপ্পার পল্লী-পত্নীগুলি ছিল খেলার পুতুলের আদিভূমি। নাটকের ক্ষেত্রে
আলব্রেখট ওয়েবারের দৃঢ় বিশ্বাস গ্রীক প্রভাবে (মঞ্চ—'থবনিকা'—গ্রীক
আয়োনীয়ানদের নামান্থসারে নামান্ধিত)—কিন্তু তিনি স্বীকার করেন যে গ্রীক
ও ভারতীয় রঙ্গাকের মধ্যে কোনো সংযোগ ঘটেনি। যাইহোক, আরনেষ্ঠ
ভিনতিখ ঠিক এই কথাই অন্ধ্যোদন করেন।

তথাপি, শুধুমাত্র হালকা ধরণের রূপকথার তরক্ষ সমৃদ্রের মাধ্যমে ভেদে আনেনি। এক জাতি থেকে অক্স জাতির মধ্যে প্রতীকও ছড়িয়ে পড়েছে। বছমূল্য রত্মরাজিও তার বর্ণগত প্রতীকত্মের কথা আমাদের শ্বরণে রাথতে হবে। দৃষ্টাভ-শ্বরণ বলা যায়—হলুদ রভের পোষাক সর্বদাই বিশেব অর্থ বহন করে। এনেছে। জাকরানী-পীত-রঙ প্রাচ্য দেশ থেকে যে সব দেবতা এসেছেন তাঁদের

অংশভুক্ত, অক্সদের মধ্যে ভায়োনিসস বাচ্চুস (জেডলায় তাঁর "য়নিভার্সাল নেকসিকন" নামক অভিধানে বলেছেন—"প্রাচীন ভূতাত্ত্বিকবা বলেছেন প্রাচীনকালে ভাবতব্যে ৫০০০ স্থলর নগবী ছিল। তাদের মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ ছিল নিশা। অনেকেব বিবেচনায় এই জায়গাটি বাচ্চুদের জন্মভূমি।। আজ্পু ভারতীয় সাধু-সন্নাসীদের পবিচ্ছদের এই রঙ। জ্যাসন থেকে হেলেন এব উয়, এটিগোন থেকে ওল্লোফিছ—জাদ্বানী হলুদ রঙ মর্যাদাব বঙ বলে বিবেচিত হত। গ্রীকদের কাছ থকে শার্মান জাতিবের মধ্যে এই ধারা প্রবাহিত হয়। ভাবতীয় বাজা-মহাবাজা ইয়ানীয় শাসকবর্গ, হেলেনিক, বোমান এবং জ্যানাক বাছল্যবর্ণ গাদের পদ্মর্যাদা কাশে জাফ্বানী হলুদ বর্ণের পবিচ্ছদ পরিলান কর্বতেন। সংগ্রাননে উল্লিখিত কাবকোম বা জ্যোকাস থকে জাদ্বান জয় করে আনা হয—ভাবতীয় ভাষায় কুছুম থেকে এই অভিধা পর্ণপ্রয়া যেতে পাবে। এই একইভাবে পেপার এই নামটি পাশ্চাত্য জগতে এসেছে। উদ্বিদ এবং জীবজন্মর ক্ষেত্রে যা ভাবতীয়দের মনে একটা প্রতীকি চবিত্র নিয়ে উপস্থিত—প্রতীকের অর্থ অনেক ক্ষেত্রে অনেক সম্য নামের সঙ্গেই ত্রাফিত হয়েছে।

প্রতীকের কথাই ধর। য়াক। ভারতীয় দেবী বিনি প্রজ্ঞার অধিশ্বনী হাঁব নাহন ময়ব (পশ্চিম ভারতে ময়ব সবস্বতীর বাহন হিসাবে গৃহীত)। সই কারণে গ্রাক এবং বোমানবা হেবা-জুনোকে এই স্থন্দর পাখিটি দান করেছেন। তথাপি হিন্দু- দরদেবাদের সেনাপতি কাতিকেয়—ময়ব বাহন। অতএব এই পাঝি আধ্যাত্মিক এবং ঐহিক শক্তিও মর্যাদার প্রতীক। পাশ্চাত্য জগতে ময়ব পববর্তীকালে স্মী জাতীয় চিছে পবিণত হয়। যথা: বাইজানতীয় সমাজ্ঞীর অভিষেক প্রতীক। ধর্মীয় এবং ধর্ম নিবপেক্ষ শক্তির প্রতীক হিসাবে ময়বপুচ্ছ আজও পোপের শোভাযাত্রায় বাহিত হয়। এ ছাডা প্রাচীন হিন্দু সৌর্ব চিহ্ন (কারণ মযুরের এই অর্থও আছে), প্রীষ্টজগতে পুনর্জন্মের জীবন্ত প্রতীক হিসাবে গৃহীত হয়। প্রসন্ধত: 'অরবিস ক্রিষ্টিয়াছ্ম' (বা প্রীষ্টীয় জগং) একটি ক্ষেত্রের কথা অবগত আছেন গেথানে অধিষ্ঠাতা সন্তদের বা পেট্রণ সেণ্ট মযুরের সঙ্গে অকান্থা ছিলেন। পাদেববোর্ণের ওয়েষ্ট্রফালিয়ান নগরের অধিষ্ঠাতা ছিলেন গ্যানের বিশ্বপ সেণ্ট লাইবোরিয়াস অব-জ্যানস—এ্যান্টিক যুসের শেষার্ধের এই সাধু সর্বদাই মযুর সমেত অন্ধিত হয়েছেন। পণ্ডিত্যণ অনেক সময় কেন ধে এমন হল তা ভেবে বিশ্বমবোধ করেন। হয়ত লাইবোরিয়াস ধর্মীয় ও ধর্যনিরপেক্ষ

কর্মের বৈত পদের সন্থাব্য অধিকারী ছিলেন—অর্থাং একাধারে বিশপ ও নাগবিকদের সেকুলার কাউন্সিল বা ধর্মনিরপেক্ষ ব্যবস্থা পরিষদের অধিকর্ডাছিলেন—সমাট প্রথম ভ্যালেনটিয়ান ৩৬৪ গ্রীষ্টাব্দে এক একটি জেলার জন্ম এই পদ স্পষ্ট করেন। আর তার অভিধা ছিল 'ডিফেনসর সিভিটাটিস' ব' রাষ্ট্রের প্রতিবক্ষক। সেকালের গ্যলেরা প্রাচ্য দেশের সঙ্গে অনেক সংযোগ রেপেছিলেন যান ফলে 'ময়্র' প্রতীক সম্বন্ধীয় তাঁদেব জ্ঞান অল্রান্ত বলে গ্রহণ করা যায়। সেই কাবণে হিন্দুদের সরস্বতী-কার্তিকের বাহন ময়্র প্রতীক পরবর্তীকালে পূর্ব ওয়েদ্যকালি্বানে পাডের নদীব ধারে তুশ প্রস্থাবের দেশে আর্চবিশপের প্রাদী প্রতীক পরিণত হয়। পাডেরবোর্ণের প্রাচীন Hochstift (ধর্মীয় প্রধান), এই প্রতীক চিহ্ন তাই তেমন বিশ্বয় সঞ্চাব করে না।

তথাপি ভারতবর্ষ অনেক কল্পিত প্রাণীর প্রতীকও সরবরাই করেছে।
অক্সান্তের মধ্যে 'এক শৃঙ্গী' জাতীয় প্রাণীর উদ্বৰ্গক হল ভারতবর্ষ। গণ্ডার
বিষয়ে মনির্দিষ্ট উপকথা এবং ফপকণা যুরোপীয় মানসে এমন এক প্রাণী সং ই
করেছিল যার অন্তিত্ব বিষয়ে আধুনিক কালের গোডার দিকেও বিশাস ছিল।
রাবান্তম মাউরাসের পর থেকে জার্মান লেখকবাও এই যাত্ব জন্তর কাহিনী বর্ণনা
করে গছেন। কনরাড গেসনীরের লাতিন হিসট্র অব এ্যানিম্যালস্ প্রকাশের পূর্ব
শর্মন্ত সকালের মাহ্মমের কাছে প্রাণীতত্বগত বান্তবতা হিসাবে এই প্রাণীগৃহীত হয়।
মধ্যযুগীয় মন ওহাটনের শতান্ধী য মধ্যব তীকাল প্রস্তু সময় গে কোনও উন্তর্ট ধরণের
কাহিনী মাহ্মর চোথ কান বুজে এনে নিত। হাটনের কালে আধুনিক ধরণের
গবেষণা ও অন্তসন্ধান রীতির প্রতি মাহ্মমের আগ্রহ বাছল। লুডাবদের এবং
এটিংহাসনের মত গবেষক পণ্ডিতগণ এক শৃঙ্গীর বহস্ত ভেদ করে বলেছেন
উদ্বের মতে ভারতীয় মহাকাব্য মহাভাবতের একটি অধ্যায় হল এই চমকপ্রাদ
কাহিনীর উৎস।

এই কাহ্নীতে বলা হথেচে ঋষ্যশৃঙ্গ ন'মে এক তকণ ঋষির কপাল থেকে হবিণের শিং গজিয়েছিল। তাব পিতার নাম বিভাওক মূনি। এইভাবে হরিণ শৃঙ্গী, বা ইউনিকরণ কথাটিব উদ্ভব—মানব কল্পনায় এই উদ্ভট স্বাষ্টি থেকে তার উৎপত্তি। ইউনিকরণ হল "পুবাণের বিশাল চিড়িয়াখানার প্রাণী"।

কাহিনীটি এইরপ—একবাব দারুণ খবার বছব—দেই খরা দ্ব কবা সম্ভব ধদি কোনো রাজকুমারী সাফল্যজনকভাবে কোনো এক শৃঙ্গীর প্রেমে বিজরিনী হয়। এইভাবে কামস্ত্রের দেশে যে রপকথাব মধ্যেও কামোদ্দীপক কাছিনী প্রবেশ করবে সে আর আশ্চর্ম কি—অথচ মুরোপে এই ইউনিকরণ কুমারীত্ত্ব পবিত্রতা ও সতীত্বের প্রতীক হয়ে আত্মপ্রকাশ করেছে। সেই কারণেই ধর্মীফ শিল্পবস্তুতেও তার স্থান হয়েছে।

সাহিত্য স্বাভাবিকভাবেই এই স্বতি পরিচিত এবং অক্সাত ভারতকে এড়িয়ে যেতে পারেনি। দাধু ল্যামপরেষট্ লিখিত রচনাম্ন্সারে আলেকজাগুর দি গ্রেটের বিষয়বৃস্ত জার্মান সাহিত্যের অধীভূত হয়েছে। মধ্যযুগের গোড়ার দিকের রোমান্দা ম্যাসিডনের চমকপ্রাদ চরিত্র থেকে স্থ্র নিয়েছে। ইতিহাসের পৃষ্ঠা থেকে সরে এসে ঐক্রজালিক ক্রিয়াকাণ্ডের বলিষ্ঠ হারকিউলিসের মত এক কাল্পনিক চরিত্র গড়ে উঠেছে। আর্মে হাইনরিখ (দরিজ্র হেনরী) এবং গটফ্রীড ফন ষ্ট্রাসবুর্গের 'ত্রিস্তান'—এই ছই কাহিনীর পটভূমিই পরিপূণ্-ভাবে ভারতীয় না হলেও মোটামুটভাবে প্রাচ্য দেশের বলা যায়। ওলক্রাম ক্রন এসথেনবাথের 'পারজিভাল', 'উইলেহাম' ও লোহেনগ্রীন' সম্পর্কে এই একই কথা প্রযোজ্য। এখানে ভারতের প্রভাব খারো স্পষ্টভাবে প্রকাশিত বেমন হয়েছে প্রায়ারের তানডারিস ও ফ্লোরেডিবেল-এর ক্লেত্রে।

স্থনিপুণ আকর্ষণের ভারত এখানে মানসিকতায় ভারত হয়ে এসে াগ দিরেছে। ওটো ফন ফ্রাইসিং-এর আখ্যানে ভারতীয় রান্ধর্যির কথা পাওয়া বায়। এই গ্রন্থ প্রায় ১১৪৫ খ্রীষ্টান্দে লিখিত।

(জনৈক জন, যে দ্র প্রাচ্যের পারসিয়া ও আর্মেনিয়া ছাড়িয়ে বাস করে সে ভার অন্তর্গণ সহ ক্রিশ্চান।)

উলফ্রামের 'পারন্ধিভাল'-এ এই মধ্যযুগীয় চরিত্র অর্থেক সত্য আর অর্থেক কর্মনা। সে ভারতবর্ষের সহনশীল ফীরেফীন্ধ ও রেপানসের ওনর। ইয়ংগার তিতুরেল-এ পারন্ধিভাল নিজেই রাজ্যি।

ভারতবর্ষে এই অধ্যাম্ম তীর্থ যাত্রার ফুণ শেষ পর্যন্ত একটি উপন্তাস রচিত হল মহারা মধ্যফুণীয় ভারতবর্ষের কল্পিত দিকটি বিশেষভাবে ফুটিয়ে ডোলা হল্লেছে। এই উপন্তাসটি রুডলফ ফন এমস-এর 'বারলাম উণ্ড জোলাফাট'—। সমগ্র মুরোপীয় রচনার এই সব কাহিনী ছড়িয়ে আছে-এইসব চরিত্র সম্ভবতঃ 'ললিতবিস্তার' নামক গ্রন্থ -থেকে নেওয়া। জোহানেস ডামাসসেম্প তার সমকালীন গ্রীকদের মধ্যে বারলাম ও জোসাফাটকে পরিচয় করিয়ে দিয়েছেন। বিভিন্ন জাতির মধ্যে এই সব প্রজ্ঞাদীপ্ত ভাব বিনিময় ও সংযোগ এইসব জাহিনীকে জার্মান মধ্যফুণীয় রচনার অংক্ষিভূত করেছে।

"জন, মাসুৰটি ভালো সৰ্বদা ঈশবে বিশাসী দামাসকাসের নামে তার নামকরণ ক্ষেছিল সে বলেছে এই কাহিনী…"

জোনাফাট, এই উপস্থাসাত্বসারে ভাবতীয় সম্রাট জাভেনীরারের সন্তান, সে
নিপ্নতাবে নিয়্নিত ক্রিশ্চানদের ওপর অত্যাচার করে। যাই হোক তর্বধ
রাজপুত্র ক্রিশ্চান সাধু বারলামের ঘাবা দীক্ষা প্রাপ্ত হয়ে প্রীপ্তর্মের অর্ন্তর্নিহিত
সৌন্দর্ম ব্রুলেন এবং নিজেই ক্রিশ্চান হলেন। বোধিসত্ব কথাটির অপবংশ
জোসাফাট। মহাযান বৌদ্ধর্মে এই কথাটির মহাযানে একজন সাধুর 'বৃদ্ধ'
হওয়া বা সাধনার চরম মার্নে পৌছে মোক্ষলাভের কথা জাছে। এই মধ্যযুপীয়
উপস্থাস এমন আশ্চর্ম উজ্জল্যের সঙ্গে আনন্দমর ভঙ্গীতে রূপায়িত যে সাহিত্যিক
চরিত্রাবলী সাধুতে পরিণত হয়েছেন এবং মাহ্ম্য বিশ্বাস করেছে এলের প্রকৃত
অন্তিম্ব ছিল। প্রাচ্য ও পাশ্চাত্য প্রীষ্ট্রানন্দ্র বারলাম ও জোসাফাটকে বেদীর
সন্মানের অংশীদার করেছে। আন্তোয়ার্পে মধ্যযুগে এঁরা বিশেষভাবে পূজ্য
বিশেষ গণ্য হয়েছেন।

কিন্ত বোধিসন্ত থেকে উদ্ভব হলেও অশোকের কাহিনী এবং তাঁর জীবনী হয়ত জোসাফাটের ভাবমূর্তি গড়ে তুলেছে। জোসাফাট বৌদ্ধ অশোক অক্যানের মধ্যে উল্লিখিত এই মহান ভারতীয় শাসকের জীবনের কিছু ঘটনা শুরণ করিবে দেয়।

এই মধ্যযুগীয় রচনাদি আধুনিক মাছবের পক্ষে গ্রহণ করা কঠিন।
ঐতিহাসিক এবং অধ্যাত্মতান্ত্মিক দৃষ্টিভঙ্গীতে বিচারের অভাব আছে অনেক
ক্ষেত্রে। অধ্যাত্ম এশিয়ার জনগণ এইসব কাব্যিক চরিত্র কিন্তু আধুনিক
মুরোপীরদের চেয়ে ভালোভাবে গ্রহণ করতে পারে এবং ভাদের মানসিক
প্রতিক্রিরা উত্তম। মধ্যযুগীয় রচনা সহত্ম গবেষণা এবং সতর্ক ব্যাখ্যার দাবী
রাখে। এই ব্যাপারে মনে রাখতে হবে মধ্যযুগীয় মাছযের জগতের কথা, ভার
অধ্যাত্মতান্ত্মিক বিশ্বজ্ঞগৎ এবং একজন শিক্ষিত মাছ্ম প্রজ্ঞার সংহতি প্রয়াসী।
য়াজনৈতিক ও আধ্যাত্মিক নেতৃত্বের মধ্যে সমকালের সম্পর্ক একদিকে আর
অন্তাদিকে কবি ও তীর্থ পথিক, কবি ও নৃপতি এবং সম্রাট ও অক্তদের সঙ্গে স্ব
সভার্ক তা অক্সধাবন করতে হবে। তাহলে আমরা হয়ত দেইসব বাসনা ও
কামনার দৃষ্ঠাবলীয় ঐক্সভালিক প্রভাব হা স্ক্রেরের মহাদেশ ভারতকে
ভৌগোলিক দিক থেকে শ্রিতিশীল করেছে তার অন্তানিহিত মর্ম ব্রব্ধ।

সাধারণভাবে আর্মান মধ্যমুগের মহং প্রজ্ঞাসমত স্বাষ্ট হোলি গ্রেইলের দাহিত্যকে আমাদের বিচার করতে হবে। হোলি গ্রেইলের রোমাল উপস্থাসের চেয়ে বা তার কয়েকটি অংশের চেয়ে অনেক বেশী আকর্ষণীয়। ফরাসী আমর্শের কাঠামো থেকে অনেক অতীক্রিয়। উলক্লামের সাহিত্যকৃষ্টি গভীরভাবে অধ্যাম্মভাত্তিক। এ এক অখ্যাম্ম ও ধর্মীয় বিশ জগতের প্রতিকৃতি। এই কারণে উলক্রাম ফন এসথেনবাথেব স্কৃষ্টি যেন "একটি মকবিতার মত কাব্যিক-সাজনৈতিক স্বপ্রকে নতুন আঙ্গিকে পরিবেশিত একটি কবিতা। সর্বোপরি, এই জার্মান কবি ভারতীয় রাজর্ষি জোহানসের ছারা সম্মোহিত হয়েছিলেন। জোহানেস পারজিভালের সতাত ভাই ফিয়েরফিজের পুত্র। প্রসঙ্গতঃ এই হল ভারত-জার্মান সম্পর্কের প্রথমতম সাহিত্যিক নিদর্শন।

অধ্যাত্মিক নেতৃত্বের এক প্রাচীনকালের স্মারক একটি রহস্তকে এই গ্রেইলের কাহিনী জার্মানজগতে রূপাস্তবিত হয়ে উদুসাটিত করেছে। উচ্চ আদর্শের অধিকারী একদল মামুষ পৃথিবীকে ভালোবাসা ও পাবস্পরিক বোঝাপডার ঘারা পরিবর্তিড করতে চান—: 

ক্রি প্রস্তাদীপ্ত প্রশ্ন করবে তার বহস্ত আবিষ্কাব কবতে বিনয় ভন্নীতে কথাগুলি উচ্চারিত। মানবিক গুণেব দঙ্গে যুক্ত হয়েছে অধ্যাত্মিক বান্ধনৈতিক গুণ; গ্রেইলের রহস্ত দামান্ধ্যের পবিত্র ভাবধারার দঙ্গে ধৃক্ত। জ্মিরাস ইভোলা তাঁদের অক্ততম ধারা বুঝেছিলেন গ্রেইলকে রাধার দায়িজের मरक मिनिएम আছে মধ্যযুগীम चीरवलीरनद आपर्नवात । वाहेरहांक स्मथारन जिनि বিশ্বার বৈপরীত্যকে দেখলেন বস্তুনিষ্ঠ দুটিতে, যাব সংশ্লেষণই একদা লক্ষ্য ছিল। যাত্ত্বকভাষ্ট্ৰিক পদকে বাজনীতিমূক্ত করলেন এবং একই সঙ্গে বাজকীয়রক্ষশীলভার ঐতিহ্ন সংরক্ষিত রইল, নাইটস অব দি গ্রেইলের এই ছিল মূল উদ্দেশ্য। ইতোলা .গ্রেইনের রহস্তের দলে সাম্রাজের রাজকীয় ঐতিহ্ মিশ্রিত করে ভারোই করেছিলেন – বিশেষ করে ঘিবেলীনদের কেত্রে ( ঘিবেলীন—মধায়ুলের ইতালীর বুছং রাজনৈতিক দলের অন্ত ভূক্তদের ঘিবেলীন বলা হত-মহাকৰি গান্তে ছিলেন এই দলভুক্ত )—তবে ভুগুমাত্র পরিপূর্ণ পবিত্রতার মধ্যযুগীয় স্বপ্ন। বেমন একটি বৃক্ষ অর্স্ত গোলকের মধ্যে সকল শুর পরম্পর সংযুক্ত থেকে· পারস্পরিক প্রেকণার উৎস হয়ে বিবাজ করে। গ্রেইলের অবেষণের ব্যাপারটি মধ্যযুগীর विव मायादकात हिस्सात मरधा विकछिछ। अधुमाख धूर्मभतामगर जात मर्भ त्वाद्व। অবস্ত মধ্যযুগেব প্রক্রাসমত ধর্মীয় এব বাজনৈতিক অবস্থানকে সর্বপ্রথম বলতে হবে।.

এইখানেই জ্লিয়াস ইন্ডোলা যথাযথভাবে বিশ্লেষণ করে বিস্তারিত অরেক্ষ ওপর জোর দিয়ে দেখিয়েছেন ঐতিহাসিক কোথায় অতি ঐতিহাসিকের সক্ষে সংমিশ্রিত হয়েছে।

"ইতিমধ্যে বিশ্লেষিত উপজীব্যের বৈশিষ্ট্রগত বিবরণ থেকে আর্থারের কাহিনীকে 'চক্রাকার প্রকটন' বা অবতার তত্ত্বের সাধারণ নীতি বলে প্রহণ্দ করতে হবে। ভারতীয় ঐতিহ্যে আমরা মহকচ্ছপের কাহিনী পাই—ইনি একটি পর্বতগহরের নিদ্রাময় কিন্তু শক্তির নব প্রকটনের মৃহূর্তে শব্ধ্বেনি করা মাত্র জেপে উঠবেন যেভাবে পূর্বে বৃদ্ধের বেশে একবার আবির্ভূত হয়েছিলেন। এমন একটিশ্বটনা 'পৃথিবীর প্রভূ' বা চক্রবর্তীর আবির্ভাবের সঙ্গে সমতালে ঘটতে পারে—চক্র, চন্ধ, আবার শব্ধের সঙ্গে মেলে, শব্ধ অর্থাৎ শক্তি—এক হৈত প্রকটন—বদারা তন্দ্রার ঘোর থেকে জাগরণের ভাব প্রতিফলিত, এর মধ্যে আর্বলেক "ভেন্টকোনিগ্" [বিশ্ব-সম্রাট) আদর্শের অভিব্যক্তি প্রকাশিত, এবং সেই আদিম ঐতিহ্যের এক নতুন প্রকাশ যা এই কাহিনী অমুসারে অন্তর্বর্তী সংকটকালেঃ শক্তির অভান্তরে আপনাকে আবদ্ধ রেথেছিলেন বলে মনে করা হয়।"

এই কাহিনীর আভ্যম্বরীণ প্রতীকি অংশ থেকে মুক্ত হয়ে এসে ইভোকা দেখিয়েছেন কিভাবে ভারতের ঐ পৌরাণিক দৃষ্টভঙ্গী কবি এবং লেখকদের খারা কৃষ্ণিত সাম্রাজ্যের ভাবধারার সঙ্গে সংমিশ্রিত হয়েছে। "আমাদের অস্ত সংরক্ষিত অসওয়ালড কর্তৃক ( অসওয়ালড দি স্ক্রীব ) অপর একটি প্রবাদে বর্ণিত হয়েছে ২% ক্লেডারিক সাধু জোহানেসের কাছ থেকে অদাহ্য গিরিগিটি চর্মের একটি জোব্বা, তিনি চিবস্তন যৌবনের পবিত্র বারি, এবং তিনটি পাথবর্খচিতএকটি অঙ্গুরীলাভ করেন। এই অঙ্গুরী হাতে পরলে জলে ডুববে না, কোনো কিছু ঘারা আক্রাম্ত হবে না, এবং অদুখ্য থাকতে পারবেন। সাধু জোহানেসের পাথরের এই কাহিনী আহমানিক ১৩০০ এট্টাব্দের জার্মান রূপান্তরে উল্লিখিত আছে বিশেষতঃ অদৃশ্রকারী শক্তির উপর ভোর দেওয়া হয়েছে। এই সব কাহিনী অতিমাত্রায় শিক্ষাপ্রাদ যদি বোঝা যায় যে সাধু জোহানেসের চরিত্রে আর কিছু নয় 'উচ্চতমকেন্দ্র' এই ধারণার মধ্যবৃদ্ধীয় চিস্তার প্রতিফলন ঘটেছে। এই রহস্তময় স্থানটি কথনও মধ্য এশিয়া. কথনও মকোলিয়া, কখনও বা ইনডিয়ায়, এমন কি ইথিওপিয়ায় অবস্থিত এই কল্পনা করঃ হয়—শেষোজাট অবশ্র সেই কালের রীডিতে কিছু বিভাস্তিকর এবং পরিবর্তনশীক ষ্ষর্থবহ। তথাপি বেভাবে এই দান্তাব্দা বর্ণিত হয়েছে—এর প্রতীকি প্রবৃদ্ধি প্রশ্নাতীত স্পষ্টতার মধ্যে প্রকাশিত। রান্সর্ধি জোহানেদ ষেভাবে সম্ভাট

ক্রেন্ডারিককে 'উপহার' প্রদান করেছেন তাকে একদিক থেকে হোলি রোমান এম্পায়ার বা পবিত্র রোমক সাম্রাব্যের সঙ্গে 'উচ্চতর কেন্দ্রে'র সংবোগ মাধনের জার্মান উদ্গাতাদের প্রতি একটা ম্পর্মিত আহ্বান বা চ্যালেঞ্চ বলা বার।

এই জাতীর অধ্যাত্মভাত্মিক বা উপপত্তিক রাজনীতি বিজ্ঞানের দিক থেকে হোলি গ্রেইলের সমস্রা বিচার বিষয়ে পাঠকরা একটা সংশরবাদী দৃষ্টিভলী গ্রহণ করতে পারেন। তথাপি এতহারা দেখা যার যে হোহেনষ্টাফেন ( ষ্টাফারস ) এক উত্তর হোহেনষ্টাফেন যুগে এমন এক শক্তি ক্রিয়াশীল যারা বিশ্বজাগতিক ধারার এক অধ্যাত্ম সাম্রাজ্য গঠনের ভাবধারা মনে মনে পোষণ করেছেন। ইণ্ডিয়া-মীথ বা ভারতীয় পৌরানিক ঘটনা এবং সাম্রাজ্যের ভাবধারা যে কোখাও একস্তত্তে বাঁধা এই চিন্তা কোনো যুক্তিবাদী ঐতিহাসিক ঘারা অগ্রাহ্ম হতে পারে বিংশ শতান্দীর সংশরবাদের আলোকে। তথাপি ত্রয়োদশ শতান্দীর বাত্তবভূমিতে এই চিন্তা প্রকৃতই সামাজ্য এবং বিশ্বজগতের ধ্যানের মধ্যে ছিল একটা বিভেদ বিশ্ব। ইতালীর সর্বপ্রেষ্ঠ কবি দান্তে মানব সমাজের এই বিশ্বজাগতিক স্বপ্নের কথা কি তাঁর 'ডিভাইন কমেডি' নামক বিশ্বজনীন কাব্যে কপায়িত করেন নি ?

ভারতীয় আদর্শের ভিত্তিতে মধ্যযুগের আরো করেকটি জার্মান গ্রন্থ আছে, ব্রুবা কোনরাড ফন ভ্রংবুর্গের 'হারং মেয়ার'। এর মধ্যে শিয়ালকোটের রাসাল্ এবং তার স্ত্রী কোকিলান এবং প্রেমিক রাজা হোদির কথা একটা বিশিষ্ট ভূমিকা গ্রহণ করতে পারে। ভারতীয় উৎপত্তির এই জাতীয় সাহিত্য কাহিনী রে মুগে এই সব কাহিনীর অধিকাংশের মাভূভূমিতে সহজে প্রবেশ করা যেত না সেই কাল থেকে জার্মানীতে প্রচলিত। বেনফের মতে, "দাই সধােন হিট্রোরিয়া ফন এন্গেলহার্ট অস ব্রগুনং" (বার্গেনডির এনগেলহার্টের স্থল্মর কাহিনী) এই উপাধ্যানের প্রস্তার সম্মান ভারতের—এই ভারততত্ত্বিদ ঘাষণা করেছেন যে শ্রিবীর কাহিনী রচনার স্ব্রগুলি উদ্ভাবনের কাজটা ভারতই নিয়েছিল।

সব ধর্মেই তীর্থ পথিকর। শ্রদার পাত্র হিদাবে সন্মানিত চরিত্র হিদাবে স্বীকৃত। প্রীষ্টধর্মে বিশাসী পবিত্র সমাধিগুলিতে তীর্থ করতে বান—বেখানে মহাপ্করদের দেহাবশেষ মৌলিকবন্তর উজ্জ্বলতম দৃষ্টান্ত। ভারতীয় ক্ষেত্রে অবশ্র ভান ও সত্যের সন্ধানী তীর্থ পথিক বিভিন্ন অঞ্চলে সেই সব ক্ষেত্রে প্রভ ধাবিত হন বেখানে বিমূর্ত মহন্ত এবং মানবিক দেবন্ত মেলে—বেখানে পবিত্র নদী, পবিত্র স্থান, পবিত্র হ্লদ এবং পবিত্র পর্বত সকল মানবিক পথের আনর্শের সোপান। ভারতীয় এবং যুরোপীয় তীর্থ পথিকের সঙ্গে এই পার্থক্য।

ষাই হোক, ভাগ্য বিভিন্ন ধারার মানবিক সন্ধানের তীর্থপথকে স্বামানীতে এনে সম্মিলিত করেছে, মুরোপ ও প্রাচ্যের মৈত্রীর সংযোগ সাধন করেছে—যে স্থাবে একদা মান্ধাই ইন কলোনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা হয়েছিল।

১১৬৪ খ্রীষ্টাব্দে যথন ধর্মীয় দান হিসাবে রাইনের নগরীতে পবিত্র দেহাবশেষ উপহার দেওয়া হয়—তথন তা যাজকতান্ত্রিক-রাজনৈতিক ঘটনার চেয়েও অনেক উচ্চতর ঘটনা। ধর্মত্যাগী লোম্বার্ড নগরী মিলান দ্বারা অধিক্বত হওয়ার পর সম্রাট প্রথম ক্ষেভারিক পবিত্র দেহাবশেষ চ্যান্দেলর রেইনালভ ফন ভাসেলের (কলোনের আর্চবিশপ) কাহে জমা দিলেন, তিনি তা গ্রহণ করলেন যেন সম্রাটের হুরুমের সমর্থন—সেই প্রক্রিরায় তিনি প্রমাণ করলেন যে পবিত্রপন্থী ও সাম্রাজ্যিক শক্তির মধ্যে যে সংঘর্ষ চলছিল তার মধ্যে কি অপূর্ব সম্বাধিকার তিনি তাদের দান করলেন। এইভাবে, প্রাচ্যের তিনজন জ্ঞানী বারা লোয়ার ব্রাইনের ধর্মীয় নগরীতে তাঁদের মুকুট সমর্পণ করলেন মধ্যযুগীয় রাজনৈতিক চেতনার যুক্তিগত প্রমাণ।

এই তিনটি সাধুর স্বদেশ বার বার আরব সাগর অঞ্চলের কোথাও নির্দিষ্ট হয়েছে কিংবা 'প্রাচ্য হইতে' এই উক্তির জন্ম এই ধারণা করাই সঙ্গত যে সেই অঞ্চলটি ইন্দো-ইরানীয় কোনো দেশ। 'এ'দের উৎপত্তিস্থল সম্পর্কে ভারতীয় তত্ত্ব ইদানীং ধীরে ধীরে কিছু সমর্থন লাভ করেছে। অনেকের মধ্যে হেলম্ট মনী এই মত প্রকাশ করেছেন: "সপ্তম এবং অষ্টম শতাকীতেও বিভিন্ন রচনায় আমনী ব্যক্তিদের নাম 'বিধিসারকা', 'মেলচিওর' এবং 'গথাসপা' নাম পাওয়া কেছে। নবম শতাকীতে এই সাম 'গ্যাসপার', 'বেলখাসার', 'মেলচিওর'-এ পরিণত হয়েছে।

কিন্তু মাজাই কোথা থেকে এলেন ? ক্ষেসালেম থেকে কোন দেশ পূর্বাঞ্চলে? মা জোই' কথাটি থেকে অনেকের ধারণা হয়েছে যে কথাটির মধ্যে প্রাচীন পারসিক ধারা আছে। আবার অনেকের ধারণা মেসোপটেমিয়ার **মাজাইদের** চালডিয়া এছাড়াও यरम्भ । অপরে যথা তেরতুলিয়ান প্রাক্তদের স্বদেশ আরব (Hay यदन করেন, কারণ হবর্ব এবং হুগদ্ধি সেই দেশেই পাওয়া যায়। হুপণ্ডিত পর্বটক সাধু বোভার "৭২তম মন্ত্রমালা"র উপযুক্ত অর্থভেদের অভাবে আরবদেশ সংক্রান্ত তত্ত্ব সম্পূর্ণভাবে প্রত্যাধ্যান করেছেন। মাজাই-এর **উপস্থিত** সম্পর্কে গির্জার যাজকদের ব্যাখ্যা পরস্পরবিরোধী।···এমন

কোনো কিছু নেই বছারা প্রমাণিত হয় যে যাযাবর জাতিগোঞ্চীর প্রাচীন আরবরা বিশেষ জ্ঞানের অধিকারী।

প্রীষ্ট জন্মের কালে চ্যালডিয়ানদের প্রজ্ঞা তেমন প্রশংসিত হত না। কিছ ভারতীয় প্রজ্ঞা ছিল দর্বজনখ্যাত। পারসিক ঐতিহাসিকরা সেই প্রজ্ঞার প্রশংসাকরতেন। তাঁরা ভারতবর্ধে যেতেন 'জ্ঞানরক্ষের সন্ধানে'। প্রাচীনতম যুগ খেকে ভারতীয় প্রজ্ঞা যে উচ্চশ্রেণীর তা ভ্বনে বিদিত ছিল। ভারতের সাধুগণ বাদের 'ঋষি' বলা হত সর্বদাই এবং আমাদের কালেও সর্বদাই এমন "এক সামাজিক জ্ঞাতিগঠন করে থাকেন সেই দেশের আর সকলের চেয়েও বাদের আসন শীর্ষে।"

ভারতবর্ষ এমন এক দেশ বেখানে জ্যোতির্বিজ্ঞান চর্চা ছিল। ভারতীয় মহাকাব্য মহাভারতে এক স্বর্গীয় ত্রাণকর্তার আবির্ভাবের ঘোষণা আছে—এই ত্রাণকর্তা মাম্ব্যকে তার সকল তুঃখ তুর্দশা থেকে ত্রাণ করবেন। তিনি অশেষ শক্তির অধিকারী এবং প্রতাপান্বিত শাসক হবেন। সংসাবে তিনি শৃঞ্জলা ও সম্বৃতি আনবেন এবং সমস্ত অশুভ শক্তি বিনাশ করে তিনি পৃথিবীতে এক নব যুগ প্রবর্তন করবেন।…

ভারতীয় ভবিশ্বংবাণী আকাশে এক অলোকিক ঘটনার কথাও বলেছেন যা এই সংস্কারক ও মুক্তিদাতার জন্মের পব ঘটবে। আধুনিক ভারতীয় জ্যোতির্বিদ শ্রীস্বামীকাছ পিল্লাই কেপলাব এবং কার্ল এডামদের সমীক্ষা অহশীলন করে দেখেছেন এবং এই সিদ্ধান্তে পৌছেচেন যে নক্ষত্রটি তিনজন প্রাচ্যদেশীয় জ্ঞানী ব্যক্তির পথপ্রদর্শক সেই নক্ষত্রের নাম বৃহস্পতি চন্দ্র এবং স্থর্বের সঙ্গে তিনি সেই সময় যুক্ত ছিলেন—এবং সেই অবস্থায় তিশ্বানক্ষত্রের ঘরে প্রবেশ করেন।

সিংহলের পুরোহিত ফাদার এণ্টোনিয়াস মাজাইদের যাত্রাপৎ পুনর্গঠন করেছেন এই স্ত্ত থেকে এবং এই বিষয়ে অজস্ত্র প্রমাণ পাওয়া যায়।

এঁরা নবজাতককে স্বর্ণ, স্থান্ধি ধূপ এবং সম্দ্র গুগ গুল উপহার দেন। প্রাচ্যদেশীয় রীতি অহুসারে এই সব উপহার সামগ্রী দেওয়া হয়ে থাকে—এইসব দ্রব্য উপহার দিয়ে তাঁরা নবজাতক শিশু নুপতিকে সম্মানিত করলেন।

ভারতবর্ষে স্বর্ণের অন্তিম্ব ছিল। স্থান্ধি ধূপ এবং সমৃদ্র গুগ গুল প্রথমে ক্যোভাগ্যময় আরবদেশ থেকেই এসেছিল একথা সত্য, তথাপি ভারতবর্ষেও বে-তা আমদানি করা হত একথা নিঃসংশয়ে বলা যায়। ভারতের শ্বরিদের পকে এতিহাগত উপহার স্থবর্গ, স্থান্ধি এবং সমুদ্র গুগ্ গুল দান করা সম্পূর্ণ স্থাভাবিক।"

যদি মাজাইরা ভারত থেকে এসে থাকেন তাহলে এই কাহিনী কি এক প্রতীকের মত মনে হয় না? রাইনে মাজাইদের প্রতি সর্বপ্রথম প্রদান করা হয় তার গৌরবের অধিকারী একটি জার্মান নগরী—'পবিত্র' এই নামে উল্লিখিত রাইন; হোলি কলোন "Hillige Kollen" এই নামটি বিশাসীদের কাছে পবিত্র শ্বতিবিজডিত। ভারতীয়রা পবিত্র-ভূমিকে বা স্থানকে সংস্কৃতে বলে 'দেবভূমি'। জার্মানীর পবিত্র কলোন হল ক্রিশ্চান ক্রপতের দেবভূমি।

অধিকন্ব, মধ্যযুগের মান্তব সর্বদাই ননে করতেন যে মাজাইদের একজন ভারত থেকে এসেছিলেন। বালথাসার স্থোনগারের দৃষ্টান্ত ধরা যাক। তিনি মেরফারত (সমুদ্রযাত্রা) নামক তার সমুদ্রযাত্রার বিবরণ লিপিবদ্ধ করেছেন কেরালার কোচিন প্রসঙ্গে—

"কৌচিন এক বৃহৎ রাজস্ব। এখান থেকে অক্সতম এক মাঞ্চাই এসেছেন।"
সেন্ট্ট্রমাস বা সংশয়বাদী শিশ্য হিসাবে উল্লিখিত এই সাধুকে পব সময়েই
ভারতের সঙ্গে যুক্ত করা হয়। ৬৮ গ্রীষ্টান্দে এই শহীদের মৃত্যুর পর মাদ্রাজ্বের
নিকটস্থ মাইলাপুরে তাঁকে সমাধিস্থ করা হয়। এই শহরটি প্রাচীন তামিল
মাইলাপুরম অর্থাৎ ময়্রনগরী—যতদিন না সিরিয়ান ক্রিন্টানরা আমুমানিক ২৩২
গ্রীষ্টান্দে সেই দেহ এদেসায় সমাহিত করেন ততদিন সেখানেই ছিল সেন্ট্
টমাসের দেহ। দক্ষিণ ভারতের ক্রিন্টান সম্প্রদায়ের সঙ্গে সিরিয়ান ক্রিন্টানরা
ঘনিষ্ঠ সহযোগ রাধতেন। আমুমানিক ১১৪৪ গ্রীষ্টান্দ পর্যন্ত সেথানেই ছিল
সেই পবিত্র দেহাবশ্বেষ পরে তুর্কীদের হাত থেকে রক্ষা করার জন্ত কিয়োসে
নামক দ্বীপে এই দেহাবশেষ পাঠানো হয়।

এরপর এইসব দেহাবশেষ সম্পর্কিত নথিপত্র জার্মান রাজকীর ইতিহাসের এক উত্তেজনামর পরিচ্ছেদ হরে উঠেছে। হোহেনটাফেন সমাট ২র ক্রেডারিকের পূত্র, রাজকুমার ম্যানক্রেড ক্রেঞ্চ অভিমূখী পোপের নীতির বিরোধের ওপর দক্ষিণ ইতালীতে নিজের রাজত্ব বিস্তারের চেট্টা করেন। মধ্যযুগীয় আপুলিয়া (পুলে) নামক অঞ্চলে তিনি প্রিক্ষ অব ট্যারেন্ট (টারানটো) ছিসাবে হোহেনটাফেন শ্রেতিনিধি নিযুক্ত হন। ৪র্থ কনরাডের (১২৫৪) দেহাবসানের পর তিনি রাজনৈতিক বাত্তবভার ক্ষেত্রে হোহেনটাফেনের গৌরব উক্ষারে সচ্চেট্ট হন। পবিত্র দেহাবশেষের প্রতি প্রজাপ্রদর্শন এই জাতীয় এক পদ্বা স্যানক্রেডের

পরিক্লব্রনা ছিল স্থপ্রপ্রসারী। আলেকজাণ্ডারের মত তাঁর নজর প্রসারিত হয় , প্রাচ্যদেশের দিকে। তাঁর হিডীয়া স্ত্রী হেলেন প্রিন্স অব এপিরাস-এর করা। ১২৫৮ এটানে ম্যানফ্রেড বয়ং সম্রাটের পদে আপনাকে অভিষিক্ত করেন কারণ कानबाजित्नव मृज्युद এकটा शुक्षव ठावित्रक इज़िर्व भए । हेनिहे हिर्जन আইনসন্থত হোহেনষ্টাফেন উত্তরাধিকারী। আলেকজান্দ্রিয়ার মত ম্যানক্ষেডোনিয়া বিশ্ব-সাম্রাজ্যের পীঠভূমি হবে এই প্রকল্প করা হল এবং সেই বছরই ম্যানফ্রেড চিওস থেকে সেণ্ট টমাদের পবিত্র দেহাবশেষ তাঁর সাম্রাজ্যে স্থানাস্তবিত করার আদেশ দিলেন। ১২৫৮ গ্রীষ্টান্দের ৬ই সেপ্টেম্বর এই মূলাবান ঞ্চিনিস নিয়ে জাহাজ বন্দরে এসে পৌছালো। এইভাবে শেষতম মহান হোহেন-ষ্টাফেন বিনি বলিষ্ঠ কল্পনার অধিকারী ও উৎসাহী ব্যক্তি ছিলেন তাঁর নিজস্ব ভঙ্গীতে প্রথম ফ্রেডারিকের পবিত্র দেহাবশেষ নীতি পালন করলেন। তাঁর নিজের রাজত্ব ওরটোনায় তিনি দেণ্ট টমাসের পবিত্র দেহাবশেষ নিয়ে যাওয়ার আদেশ দিলেন। এইভাবে গির্জা রাষ্ট্রের সীমানায় বাঁকে পোপ প্রত্যাধ্যান করেছিলেন দেই রাজকুমার গির্জা ও ধর্ম সম্পন্নীয় ব্যাপারে আপনার আগ্রহ স্প্রমাণে প্রয়াসী হলেন এবং একটি বৃহৎ তীর্থস্থান প্রতিষ্ঠা করলেন। অধিকন্ত ওরটোনা—যা তাঁর পূর্বেকার উত্তরাঞ্চলে সগৌরব প্রত্যাবর্তনেব প্রতীক—হোহেন-ষ্টাফেনদের উৎপত্তিভূমি। অশ্র কোনোদিক থেকে নিরাপত্তাহীন সীমাস্ত অঞ্চল ওরটোনাকে একটি তীর্থকেত্তে পরিণত করা কোনো অর্থ ই হত না। যাই হোক भागनरक्रराज्य अर्थ पूर्व इन ना। **उ**ँएमय मिन्न मामारका हारहनष्टेरास्मनरम्ब বিয়োগাস্ত সমাপ্তি ঘটল—আর কোনোদিন তা উত্তরে ফিরল না। তথাপি পারণেটোরিও নামক অংশে 'কমেডিয়া ডিভাইনা' নামক কাব্যগ্রন্থে দাত্তে . ম্যানক্ষেডের প্রশংসায় কয়েকটি লাইন লিখেছেন।

জার্মান লেখকরা তাঁদের জার্মান ও লাতিন রচনাদিতে বারবার টমাসকে ভারতের প্রথম সন্তদেব বলে উল্লেখ করেছেন। এই জাতীয় উল্লেখ ক্যারোলিদিয়ান দিন থকে পরবর্তী কালের গ্রন্থাদিতে পাওয়া বায়—দৃষ্টান্ত হিসাবে—'গ্রানোলায়েড' গ্রন্থের লেখক ওয়ানডালবার্ট মিনি ৮১৩ খ্রীষ্টাব্দে প্রমন্ত জ্বনকার্লং করেন এবং অক্সিরান গ্রন্থ 'রাইমড জ্বনিকাল'-এ উল্লেখ আছে। দেউ গ্রানো, কনোনের আর্চ বিশপ তাঁর সম্পর্কে—'গ্রানোলায়েডে' এক অনক্রসাধারণ শ্রদ্ধাঞ্জলিতে বলেছেন সাধুবে সব অঞ্চল স্বয়ং প্রাকৃত্ব প্রাক্ষাক্তেড হিসাবে বর্ণনা করেছেন। শেখানে দেখা বায়—

স্বৰ্গ থেকে তাঁৱা শক্তি আহরণ করেছেন '
কান্দেরদের জয় করার অন্ত ।
-রোম পিটার কর্তৃক পরাভূত
গ্রীকদের পরাভূত করলেন প্রাক্ত পল,
দেও এনজুর মৃত্যু হল পার্ডরাসে
আর ভারতবর্ষে সাধু টমাস।

ষষ্টিয়ান 'রাইমড ক্রনিকালে' আশা প্রকাশ করা হয় এয়াবট, হেনবী অব-এডমণ্ট, ক্রিশ্চান সমাজে সর্ব্বোচ্চ সম্মান লাভ করেন। পোপের সিংহাসন ছাড়া আর কোথায়? এইভাবে—'ভারত' এই ম্যাজিক শক্ষ—সেই উজ্জন শব্দ যার মধ্যে একজন সাধু দারা ক্রিশ্চানতে দীক্ষিত এক দেশের আকৃতি মনে ভেসে ওঠে—একজন রাজবংশীয় পুরোহিত যেখানে শাসক ছিলেন-এই চিন্তা স্বভাবতই লেখকের মনে জেগেছে—

সাল্জবুর্গের জনগণ আশা করেছিলেন—
তিনি পুরোহিত জনের সান্নিধ্য পাবেন,
ভারতের সেন্ট টমাসের সঙ্গে দেখা হবে,
আর সইখানে প্রধান পুরোধা হবেন।

সেণ্ট টমাসের প্রতি শ্রন্ধা এমন এক পর্ধায়ে পৌছেছিল বে অনেকে মনে করতেন এই মহাত্মা জার্মানীতেও এসে থাকবেন। কারণ তিনি কি এটাইর সর্বোচ্চ পর্যটনকারী শিশু ন'ন ? দৃষ্টাস্থত্বরূপ বলা বায়, ১৮৫৮ এটাবেও সম্ভাদের এক অভিধানের সম্পাদক সেণ্ট টমাস বিষয়ে সেণ্ট ক্রিসোসটোমোসেক সম্ভাব্যের ওপর নিম্নলিবিত তথ্য সংযুক্ত করেন:

"তিনি হয়ত জার্মানীতেও প্রচার করতেন যদি 'কারামানিয়াম' এক পরিবর্তে 'জার্মানিয়াম' বলতেন।"

রাজ-পুরোহিত জোহানেসের সম্পর্কে যে সব কাহিনী প্রচলিত আছে তা বদি আরোপ করা বায় তাহলে বলা বায় সেন্ট ট্যাসের জার্মানীতে কিছু-তাতি ছিল ৷ ম্যানক্রেডের ক্রিয়াকলাপের পর সেন্ট্রাল মুরোপের তীর্থবাতীদের আৰু প্রাচ্যদেশে ক্লান্তিকর তীর্থবাত্রায় বেরোডে হত না, রোমবাত্রী তীর্থ পঞ্জিকরা তাঁদের বাত্রাপথেই সেন্ট ট্যাসের প্রতি প্রদ্ধা নিবেদন করতে পারতেন ৷

ন্ধাৰ্মনী থেকে ভারতবর্ধে এই সাধুর শহীবদ্ধের ভূমিতে ক'লন খাঁটি ভীৰ্মপথিক ভার্মান সেছেন তা আমাদের ন্ধানা নেই। নিভিড হবে বলচ বার ত্যুরের দেও গ্রেগরী ইতিমধ্যে উল্লেখ করেছেন যে জনৈক থিওডোর

দেও টমাস যেখানে শহীদের মৃত্যু বরণ করেছেন সেই স্থানটি দেখেছেন। এই
দক্ষিণ ভারতে তামিল ভাষায় এক স্থারহৎ সাহিত্য বর্তমান। প্রথম উত্তর ক্রিশ্চান যুগের তিনটি শেষতম দশকে এর উৎপত্তি একথা বলা যায়। এর মধ্যে ভক্তি ধর্মের তারুণা ও সতেজ সৌন্দর্য প্রকাশিত, অন্য প্রকার ধর্ম থেকে এই ধর্ম মৃক্ত। কর্মের অপক্ষপাত, এবং অস্থমান এখানে সম্পূর্ণভাবে পশ্চাৎপসরণ করেছে ভক্তির অভিব্যক্তি ও ঈররের সহায়ক হন্তের প্রতি বিশাসের গভীরে। এবং তামিলদের দেশ থেকে প্রাবিভ্রদের দেশ হয়ে ভক্তিতত্ত উত্তর দিকে শতাদ্দীকাল ধরে প্রবাহিত হয়েছে। কানারিজ, তেলেগু, মারাঠা বাংলা প্রভৃতি অঞ্চলে ছড়িয়ে পড়েছে আর রেথে গেছে এক অনপনেয় চিহ্ন এইনব ভাষায় রচিত ভক্তি সাহিত্যে, যা আজো বর্তমান এবং বিশেষ করে এখন আরো চোথে পড়ে। নিশ্চিত ভাবে বল্তে গেলে বৌদ্ধ ধর্ম, জৈন ধর্ম প্রভৃতি পাষতী ধর্মের কাছে অবনত না হয়েও ভক্তিধর্মের অংশ বেশ গুরুত্বপূর্ণ।

হিলকো ভিয়ারডো স্থোমেরুসের এই সব গ্রান্থাবলী ওরফানেজ বুক সপে
মৃত্রিত অর্থাৎ হালের ফ্রাঙ্ক ফাউণ্ডেশনে মৃত্রিত। এইভাবে ক্রিশ্চিয়ান ক্রিয়া
কলাপের প্রতি আলোকপাত করে দেখানো হয়েছে প্রাবিড় গবেষণার মৃলে
ছিল জার্মান প্রচেষ্টা এবং কালজয়ী দায়িছ সংরক্ষিত করে রেখেছে। প্রকৃতপক্ষে, বর্তমানেও, স্বন্ধ জগতের প্রতি বিশ্বাস রেথে বলা যায় আশা ও
বিশ্বাসের ভিত্তিতে জার্মানদের সংযুক্ত ভূমিণ্ডে পুনরায় দ্র দেশের ধর্মীয় ও
অধ্যাত্ম প্রশ্লাদি আরেকবার আলোচিত হবে—এই দেশ থেকেই বার্মলোমিউ
ৎসাইগেনবাল্য এমন ঘনিষ্ঠ সংযোগ রক্ষা করেছিলেন।

## একজন জার্মান নবাব

অনেক সময় মহৎ মাহ্যবের দোলনা মহান মাহ্যবদের প্রাসাদে রক্ষিত হবে, কিন্তু তাঁর সমাধি বিশ্বতির অন্ধকারে বিলীন হবে— অথচ অপরে দরিন্দ্র মাহ্যবের পর্ণকৃটির থেকে আরেকজন প্রাসাদে উপনীত হবেন। ভবিশ্বৎ বংশীয়দের বাধ্য করবেন তাঁর শ্বতিসৌধ রচনা করতে আর ইতিহাসের পৃষ্ঠায় তাঁর কর্মের বিবরণ নথীভূকে করবেন। এই পরবর্তী শ্রেণীর একজন মাহ্যব হলেন ওয়ালটার রেইনহার্ড। তিনি অতি সাধারণ বংশ থেকে উভূত। প্রকৃতপক্ষেকোধায় যে তাঁর জন্মহান তা স্থনিশ্চিতভাবে বলা যায় না। তাঁর রাজকীয় সমাধি কিন্তু যথান্থানে স্থণীর্ঘ কাল ধরে দাঁড়িয়ে থাকবে, ভবিশ্বৎ বংশীয়দের তাঁর কীতির কথা শ্ববণ কবিষে দেবে।

সেভেরিন নোটি

( Das Fürstentum Sardhana )

সারধানার ইতিবৃত্তকার জার্মান জেস্থইট ফাদার সেভেরিন নোটি উত্তর ভারতের স্বল্ল স্থায়ী জার্মান সামাজ্যেব প্রতিষ্ঠাতা বিষয়ে এই কথাগুলি নিবেদিত। মানব জীবনে ভাগ্যের পরিবর্তনশীলতা, উত্থান-পতন, সাফল্যের সিঁভি বেয়ে উঠা-নামা এবং অভিজ্ঞতা প্রবাহ ইত্যাদি তিনি লিপিবজ্ঞ করেছেন। ভারতবর্ষ এবং প্রকৃতপক্ষে ইন্দো-এশিয়ান অঞ্চল এই জাতীয় ভাগ্য পরিবর্তনের এক আশ্রুষ্ঠ প্রেলাঘর।

ইনভিন্ন! এই নামটির মধ্যে একটা ম্যাজিকের স্থর আছে। সেই কারণে এই দেশ চৃষকের মত বিভিন্ন উদ্দেশ্য এবং লক্ষ্য সম্পন্ন বিভিন্ন পরিবারের এবং বিভিন্ন ধরণের মাহ্ন্যকে আরুট্ট করেছে এই দেশ। অভিযাত্রী এবং আবিন্ধর্তা ভিন্ন, প্রচারক, মিশনারী, ভাষা শিক্ষার্থী, এ ছাড়া দর্শন এবং শিল্প নিদর্শন দর্শনার্থী যাত্রীদল, রাজনীতিবিদ, অর্থনীতিবিদ এবং কারিগরি শিল্পবিদ ছাড়াও ভাগ্যান্থেবীদের ভীড়ের কথাও স্মরণে রাখতে হবে। এই ধরণের মান্ত্র্যকে সকলে সন্দেহ এবং আগ্রহের দৃষ্টি নিরে দেখে, এদের সম্পর্কে একটা মিশ্রিত ভাবাবেগ থাকে। তথাপি বে কোন ভাবেই এই সব ভাগ্যান্থেবীর

মল ক্রিরাকলাপ চালিয়ে যান বা এমেশে বাস করে থাকেন তার মধ্যেই তাঁরা প্র-পশ্চিম সম্পর্কের মধ্যে একটা উচ্ছল বর্ণের রঙ চড়িয়েছেন—তার মধ্যে একটা বলিষ্ঠ এবং সজীব হার ছিল।

ভারত এবং ইন্দো-এশিয় অঞ্চলের অতিথি গ্রন্থের পৃষ্ঠায় হু:সাহসিক ইতিবৃত্তের বিবরণে অনেক নাম নিপিবদ্ধ আছে। প্রকৃত পক্ষে সব গরিষ্ঠ যুরোপীয় ভাতিপুঞ্জের মাছ্যবেরই নাম পাওয়া যায়। জার্মানরা ব্যতিক্রম নয়। সভ্যই, ইংরাজ (আইরিশ সহ) ও ফরাদী জাতির ওপর এই জার্মানদেরও হু:সাহসিক জীবনের প্রতি বিশেষ আগ্রহ ছিল।

দৃষ্টাস্ক হিসাবে জনৈক যোহান ভউষ্ট ১৭৫২ খ্রীটান্দে ফরাসী সেনাদলে নাম লেখান, পরে যথন জেনারেল পদে উন্নীত হলেন তথন তাঁকে 'কিং অব ইষ্ট ইণ্ডিয়া' উপাধি দিলেন মোগল সমাট। একথা জানা প্রয়োজন যে এই উপাধিটি নিছক সৌজক্তস্চক নয়, এবং ষোহান ভউষ্টের জীবন আরো অসংখ্য তৃঃসাহসিক ক্রিয়াকলাপের মত পেশাদারের গানের মত ক্ষণস্থায়ী হয়েছিল।

কিন্ত প্রায়ই এই দব অভিযাত্রীবৃন্দ ধারা বলিষ্ঠ স্বপ্ন দেখেছেন এবং মাঝে মাঝে দেই স্বপ্ন দফল করেছেন এশিয়ার প্রতিবেশী অঞ্লে, তাঁদের আচার-আচরণটুকুও ভারতীয়' করে ফেলেছিলেন।

গুড়াভ আর্নষ্ট হিউগো ওভারবেক (১৮০০-১৮৯৪) এঁদের অগ্রতম।

কিরি প্রদেশের কেমগোর অধিবাসী ছিলেন তিনি। ওভারবেক অনেক সম্দ্রে

কছল বিহার করেছেন। বছ পদের অধিকারী হয়ে বদেছেন এবং অনেক

দেশের ছাড়পত্র পেয়েছিলেন। প্রক্রতপক্ষে, যে জাতির মাহ্যরা স্বাধীনতার
বেদীতে আত্মোৎসর্গ করে থাকেন তিনি ছিলেন উাদের দলের মাহ্য। সান

ক্রানসিস্কোর এই স্বর্গথনক, প্রশাস্ত মহাসাগরের উভয় তীরে ভ্রাম্যমান সেলসম্যানের কান্ত করেছেন, পরে গেলেন হংকং, সেথানে ১৮৫৬ গ্রীষ্টান্দের পর

ক্রিয়ান সামাজ্যের কনসালের প্রতিনিধির পদ গ্রহণ করেন। ১৮৬৪ গ্রীষ্টান্দে

তিনি অপ্রিয়ান সামাজ্যের কনসাল হলেন। পরবর্তী বংসরে এর উপর হলেন

সমগ্র চীনের মেকসিক্যান কনসাল। কিন্তু ১৮৬৬ গ্রীষ্টান্দে যথন প্রাসিয়া ও

ক্রেরীয়ার মধ্যে লড়াই বাধল ওভারবেক প্রাসিয়ার সলে সকল বন্ধন ছির

করলেন, কারণ তিনি অস্তরের তাগিদে বিনা সর্তে অব্রিয়ান স্মাটের পক্ষে

কান্ত করতে মনত্ব করলেন। ভিয়েনা নথীপত্রে তার 'কারিকুলাম ভিটে'র মধ্যে

এই তথ্য পাওয়া যায়। সেই বছরেই ওভারবেক হংকং ও ম্যাকাও-এর অবৈতনিক অপ্তিয়ান কনসাল এবং চানের মেকসিক্যান কনসাল হলেন। সমাট ম্যাক্ষিমিলিয়ানের হত্যার পর এই পদ তিনি পরিত্যাগ করেন। সমগ্র नाउँथ-इंडे जर इंडे जर जिन्हा ता मिकन-भूद जर भूद-जिन्हा विषया नर किछ বিশেষভাবে জানতেন ওভারবেক। যে সব কাজে তিনি আগ্রহী ছিলেন তার মধ্যে 'মন্ত্রিগান-সাগামিজ ট্রেড' বা বাণিজ্য ব্যবস্থা অক্ততম। এর ফলে তিনি 'ক্ম্যাণ্ডার অব দি অর্ডার অব দি হোয়াইট এলিফ্যাণ্ট' এই পদ লাভ করলেন স্থামদেশের রাজার কাছ থেকে। অনেক পূর্বেই তিনি নাইটছড লাভ করেন। ১৮৭৩ খ্রীষ্টাব্দে ওভারবেক 'ফ্রেইছের' বা ব্যারণের উপাধিলাভ করলেন। পরের বছর তিনি প্যারিদ ভ্রমণে গেলেন, দেখানে ফ্রেঞ্চ রিপাবলিকের প্রেসিডেণ্ট তাঁকে 'লিজিয়' ছ অনার' এই সম্মানে ভূষিত করলেন। ১৮৭৭ এটাকে ওভারবেক ব্রিটিশ সওদাগরী অফিন ডেন্টদের সঙ্গে যুক্ত হলেন এবং 'ডেন্ট অ্যাণ্ড ওভারবেক কোম্পানী' প্রতিষ্ঠা করলেন। এর উদ্দেশ্য ছিল উত্তর বোনিও-র কাছ থেকে আঞ্চলিক অধিকার গ্রহণ করা। বিটিশ ফরেন অফিস ও ভারতের ভাইসরয় এই পরিকল্পনায় বিশেষ আগ্রহ দেখালেন, কারণ এশিয়াতে কোনো কিছু ঘটলেই ভারতে তার সম্ভাব্য প্রতিক্রিয়া সম্পর্কে বিবেচনা করতে হয়। ওভারবেক সাফল্যলাভ করলেন, তিনি নর্থ বোর্নিও-র প্রভু এবং স্থলতান ক্রনেই কর্তৃক দাবার মহারাজা পদে অধিষ্ঠিত হলেন। বর্তমানে মালয়েশিয়ার ব্যাপারে 'দাবার' নাম আবার আলোচিত হচ্ছে। এইভাবে, অতীত ও বর্তমানের বিশ্ব রাজনীতি এবং স্থানীয় রাজনীতি একীভূত হয়ে পড়ে, যার ফলে তঃসাহসিক জীবনের নানা কাহিনী গড়ে ওঠে।

জার্মান মহারাজা হিসাবে যথন বোর্নিও-র একটি অঞ্চল শাসন করতেন তথন ভারতের ঐশর্য বিষয়ে ওভারবেক অভিভূত হয়ে পড়েন। উপরস্ক তাঁকে গয়ার রাজা এবং সন্দকান উপাধি দেওয়া হল। পরবর্তী বছরে স্থল্-র স্থলতান বিনি সেই সময় ক্রনেই-এর স্থলতানের ওপর প্রভূত্ব বজায় রেখেছিলেন চুক্তি-গুলির নবীকরণ করলেন এবং সেই সঙ্গে ওভারবেকের ভারতীয় রাজকীয় উপাধিগুলিও নবীকৃত হল। এর ওপর স্থলতান স্থল্ তাঁকে 'দাতো ভাগুরা' এই নামের একটি মালয়ান উপাধি দিলেন। বাই হোক, ওভারবেক বেশীদিন মহায়াজা রইলেন না। স্পেন এদে বাধা দিল এবং লগুন ও মান্তিদের মধ্যে একটা বিশ্বাজনীতির থেলা স্থল হল। ওভারবেক পরে তুঃসাহসিক

অভিযারোয় পরিপূর্ণ ঘটনাবলী ও অক্তল্ল সম্মান, উচ্চপদ ও উপাধির এমর্থ মণ্ডিত হয়ে লণ্ডনে দেহত্যাগ করেন।

কিন্তু গ্রেট মোগলদের ভারতবর্ষে ফিরে আসা যাক। শুধু একজন জার্মান মহারাজা ছিলেন তা নয়, 'নবাব'—এই ইন্দো-মুসলিমের সন্মানে সন্মানিত হুদ্ধেছিলেন একজন জার্মান।

অষ্টাত্মশ শতাব্দীর ভারতবর্ষের অসংখ্য ত্থাহিনিক অভিযাত্রীদের অক্তম এই জার্মান নবাব। তাঁর নাম ওয়ালটার বালথাদার রেইনহার্ড (রাইনহার্ড বা রাইনহার্ট উচ্চারিত হয়ে থাকে), তিনি এদেছিলেন রাইনল্যাও ফ্রাক্ষোনিয়া থেকে। তার নাম সমক, উত্তর মৃগল যুগের তিনি একজন স্থদক্ষ জেনারেল ছিলেন। দিল্লীর মোগল রাজধানীর বাইরে তিনি একজন শাসক পদে অধিষ্ঠিত হলেন।

ভারতীয় শহর আগ্রার ক্যাথলিক কবরথানায় যেথানে অতি জাঁকজমক-পূর্ণ ইন্দো-ইনলামিক স্থাপত্য নিদর্শন বর্তমান দেথানে একটি স্থন্দর স্থপরি-ক্ষিত সমাধি সৌধ আছে, ভারতের জার্মান প্রিন্সের শেষ বিপ্রামের জায়গা। ভার দেয়ালগাত্তে পোর্তুগীজ ভাষায় উৎকর্ণ আছে—'এথানে ওয়ালটার রেইনহার্ড শায়িত আছেন, ১৭৭৮ খ্রীষ্টাব্দের ৪ঠা মে ভারিথে তাঁর মৃত্যু হয়'।

জার্মানীর নবাবের কাহিনা ভারতের অতীত ইতিহাসের একটি পরিচ্ছেদ। ভারত নামক উপহার সামগ্রীর অধিকার নিয়ে সেই কালে ইংরাজ ও ভারতীয় সাম্রাজ্যবাদী শক্তির মধ্যে সংঘর্ষ চল্ছে। ভারতের মাটিতে পা দিয়ে রেইনহার্ড করম ওল উপক্লে ফরাদী বাহিনীতে নাম লেখান। এইপদে তিনি বেশীদিন রইলেন না, উত্তরে কলকাভার পথে এদে স্কইস বাহিনীতে যোগ দিলেন। তারা তখন ইট-ইত্তিয়া কোম্পানীতে কাজ করছেন। তাঁর পায়ের রং ছিল ময়লা এবং মাথার চুল ঘন কালো তাই রেইনহার্ডকে বলা হত 'সমবার'। এই নামটি পরবর্তী কালে ভারতীয় সেনাদের কাছে পরিবর্তিত হয়ে 'সমফ' হয়ে দাঁড়ায়। এটা একটা ব্যাখ্যা মাত্র, তবে প্রকৃত তথেয়র সঙ্গে এর কোনও মিল নেই। অক্সাত কোনো লেখকের ভারতের রাজগ্রবর্ণ বিষয়ে ঐতিহাদিক রূপরেধার তার প্রমাণ পাওয়া যাবে:

"ম্ঘল সামাজ্যের পতনের পর বে সমন্ত ছোটোথাটো রাজ্য গজিয়ে এঠে তার মধ্যে, সারধানা বিশেষ গুরুত্বপূর্ণ। বর্তমানে এই রাজ্যের প্রতিষ্ঠাতার বিধবার হারা এই রাজ্যটি পরিচালিত হয়ে থাকে, তাঁর প্রাকৃত নাম ছিল ওয়ালটার রেইগনার্ড। জয়ে জার্মান। বদি পরে তিনি সামার্স নাম গ্রহণ করেন—দেশীয় লোকেদের কাছে নামটি সমঙ্গতে পরিণত হয়।"

জার্মান অভিযাত্রীর মৌলিক নাম এথানে বিকৃত বানানে ব্যবহৃত। তাঁর ডাকনামের বানান ঠিক নেই। ইতিমধ্যে 'সমক্ষ উপকথা' রচিত হতে স্থক্ষ হয়েছে। রেইনহার্ডের স্বদেশে যেটুকু স্বল্প তথ্য জানা গেছে তার থেকে উৎপত্তি।

একজন সমর নায়ক এবং পরে নবাব সমক হিসাবে রেইনহার্ড একজন প্রদিদ্ধ ব্যক্তিতে পরিণত হয়ে উঠেন। কিন্তু ইট্ট-ইণ্ডিয়া কোম্পানীর সঙ্গে জীবনকে জড়ানোর কল্পনা তাঁর ছিলনা তাই তিনি সল্লিকটন্থ ফরাসী বাণিজ্য ঘাঁটি চন্দননগরে পালিয়ে গেলেন। যে মান্থ্যটি পূর্বে ফরাসী সৈত্রদল থেকে পালিয়ে গিয়েছিল তার পক্ষে এ এক বিপজ্জনক ঝুঁকি নেওয়া বলা যায়। যাই হোক, তিনি একটা মিথ্যা নামের আড়ালে যোগ দিলেন এবং ফরাসী গভর্ণর যাকে পান তাকেই গ্রহণ করতে উন্মুথ ছিলেন।

১৭৫৭ খ্রীষ্টাব্দের ১১ই মার্চ ইংরাজরা আক্রমণ করে ঘাঁটি অধিকার করে নেয়। ফরাদী পতাকার তলে মাত্র একমুঠো পেশাদার দৈল্ল ইংরাজদের হাতে ধরা পড়া থেকে পালায়। রেইনহার্ড তাঁদের অক্তম। তাঁদের অধিনাযক ল-র অধীনে এক স্বেচ্ছাবাহিনী গঠন করলেন যারা মূশিদাবাদে অভিযান করে বাংলার নবাব দিরাজউদ্দৌলার অধীনে কাজ করার ইচ্ছা প্রকাশ করলেন। নিজের ছিন্নভিন্ন সেনাদলকে শক্তিশালী করার জন্ত নবাব তাদের সাদরে গ্রহণ করলেন।

ক্ষুদ্র স্বেচ্ছাবাহিনী ক্রমশ সংখ্যায় বৃদ্ধি পেতে থাকে। যুদ্ধের মধ্যে জেনারেল ল-যথন ধরা পড়লেন তথন রেইনহার্ড নেতৃত্ব ভার গ্রহণ করলেন। তিনি সেনাবাহিনীকে একটি শৃঙ্খলাবদ্ধ পরিচ্ছন্ন যোদ্ধ শক্তিতে পরিণত করলেন এবং তাঁর সেনাবাহিনী নিয়ে বছ ভারতীয় রাজস্তবর্গের কাছে কাজ করলেন। বিশেষ করে ভারতপুরের মহারাজা এই য়ুরোপীয় জেনারেলের সাহাষ্য নিয়ে তাঁর দেশকে একটি স্বসংগঠিত রাষ্ট্রে পরিণত করলেন। এই রেইনহার্ড-ই আবার সাদল্যজনক ভাবে পরে মহান মোগলদের প্রাসাদ আক্রমণ করলেন। ১৭৬৪ খ্রীটাক্ষে তিনি ভারতপুর থেকে আক্রমণ চালিয়ে আগ্রা দথল করলেন। রাজা যথন মারা গেলেন তথন রেইনহার্ড তাঁর সেনাবাহিনী ভেকে দিয়ে ক্ষমপুরের রাজাদের স্বধীনে কাজ নিলেন। তিনি পুনরায় ক্ষমপুরের রাজপুত

রাজাদের কাছে বেশীদিন রইলেন না। আবার ভরতপুরে ফিরে এলেন।
সেথানের নতুন রাজা তাঁকে আগ্রার শাসক নিযুক্ত করলেন। প্রকৃতপক্ত,
রেইনহার্ড আকবর যে কাজ শুরু করেছিলেন সেই কাজ স্থসম্পন্ন করতে ব্রতী হলেন। ১৮৮৫ গ্রীষ্টাব্দ থেকে আগ্রায় একটি ক্ষুদ্র ক্যাথলিক চার্চ ছিল,
অতিশয় সহনশীল যোগল সমাটরা এই চার্চ প্রতিষ্ঠা করেন। রেইনহার্ড যথন গভর্নর হলেন তথন এই চার্চটি সম্প্রসারণে উত্যোগী হলেন। তথন সেই চার্চটির মেরামতি কাজের ভীষণ প্রয়োজন ছিল। রেইনহার্ড সেই চার্চকে, তাঁর নিজন্ব ধর্ম বিধানের এক দৌধে পরিণত করতে প্রয়াসী হলেন।
আজো একটি খিলানের উপর প্রস্তুব ফলকে নিম্নলিখিত কথাগুলি উৎকীর্ণ

## **SUMPTIBUS**

D

## WALTERY REINHARDT CURA

R. P. F. X. W.

S. J.

এই লাতিন কথাগুলির অহ্বাদ: 'মি: ওয়ালটার রেইনহার্ড কর্তৃ ক প্রদান্ত অর্থ থেকে এব' রেভারেও ফাদার এফ. জাভিয়ের ওয়েওেল, এল, জে-র প্রবাহে এই গির্জা গড়ে উঠেছে।" এখানে উল্লেখ্য যে নোটি এই প্রায় উল্লিখিত লিপিটির পাঠ 'রেইনহার্ড' করেছেন। অথচ কীগান পাঠ করেছেন 'রাইনহার্ট'। এই রেভারেও ফাদার ওয়েওেল একজন জার্মান জেহুইট। তিনি ভারে যাক্রকীয় এবং বৈজ্ঞানিক ক্রিয়াকলাপের ঘারা ভারতীয়দের কাছে সম্মান ও প্রদা লাভ করেছেন।

ষাই হোক, এই দিতীরবারও ওয়ালটার আগ্রাতে বেশীদিন টিকেরইলেন না। তাঁর খ্যাতি ইতিমধ্যে সারা ভারতে ছড়িয়ে পড়ল এবং প্রতিবেশী রাজ্যও ইংরাজদের হাত থেকে তুর্বল মোগল সাম্রাজ্যের রক্ষার প্রয়োজনে 'রেইনহার্ড-সোমক'র প্রয়োজন হলো স্বাধিক। প্রধান উজীর স্থাক্তক খান সমক এবং তাঁর বাহিনীকে দিলীতে আমন্ত্রণ করে আনলেন। তাঁকে এবং তাঁর বাহিনীকে মানে ৬৫.০০০ টাকা মাহিনা দিতে চাইলেন।

১৭৭২ ঞ্রীষ্টাব্দে সমক ষমুনার তীরবর্তী রাজধানীতে গমন করলেন। সেই

বছরই এক বিরাট গৃহযুদ্ধ স্থক হল যথন মোগল রাজকুমার নওয়াব সপতর থান বিলোহ করলেন নিজের সৈতাদল নিয়ে এবং প্রধান উজীরের পদ দথল করলেন। ভীষণ সংকটকালে সমক সম্রাট শাহ আলমের (২য়) সিংহাসন রক্ষা করলেন সেই সক্ষে হৃদ্দুফ থানের প্রধান উজীরত্বও বজায় রইল।

১৭৭৩ থ্রীষ্টাব্দে মোগল সম্রাট এই জার্মান ভাগ্যান্বেষীকে বিশেষ কৃতজ্ঞতা প্রদর্শন করলেন তাঁকে একজন নবাব বানিয়ে, কারণ তিনিই তথন প্রধান সেনাপতি। নতুন নবাব 'সারদানা' অঞ্চলের জায়গীর পেলেন, এই অঞ্চল দিল্লী দরওয়াজা পর্যন্ত বিস্তৃত এবং সারদানা নগরীর ওপর তাঁকে দিলেন যুগ যুগব্যাপী ঐতিহাসিক খ্যাতি সম্পন্ন অঞ্চল পাণিপথ ও হস্তিনাপুর।

এই নতুন রাজত্ব বা জায়গীর আলতাম্বা জায়গীর বা বংশায়্ত্রুমিক জায়গীর জাতীয়। এই ব্যাপারটি গুরুত্বপূর্ণ কারণ পরে এ্যাংলো-ইণ্ডিয়ান লালফিতার বাতাকলে রেইনহার্ড-সমক পরিবারের শেষ বংশধরকে মালিকানা বিষয়ে দাবী প্রমাণ করতে যথেষ্ট বেগ পেতে হয়েছে। তাঁর নাম ডেভিড-অকটার লোনী-ডাইস (সমবার)।

নোটি সারদানার শাসক গোষ্ঠার জায়গীরদারি সংক্রান্ত আইন যথাযথ ভাবে ব্যাখ্যা করেছেন:

মোগল সাম্রাজ্যের অধীনস্থ জোতজমির সঙ্গে জার্মানিক জাতি
সম্হের সামস্কতান্ত্রিক রাজ্যগুলিতে বিভিন্ন জাতির দেশান্তর গমণাগমনের পর যে অবস্থা ছিল অনেকটা তদক্ষরপ। যথন কেন্দ্রীর
মোগল রাজশক্তি ভেকে পড়ছিল এবং সামরিক শক্তির সমর্থনের
প্রয়োজন যথন তার সর্বাধিক তথনই এইসব জোত জমিদারী একটা
গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। সেই সমন্ন জান্নগীরের মালিক ক্রমশঃ
সমন্ত সার্বভৌম অধিকার তাঁদের জমিদারীর মধ্যে গ্রহণ করে
বংশাক্ষক্রমিক জোত হিসাবে নিজেদের জমিদারী চালাতেন। সমক্রর
জান্নগীর সম্পর্কে এই একই ব্যাপার ঘটল। কারণ আমরা জানি
তাঁর বিধবা সমক্রর জান্নগীরের পূর্ণ অধিকার বিস্তার করলেন এমন
কিজীবন ও মৃত্যুরও ওপর। জান্নগীরের অধিকারীকে জান্নগীরদার
বলা হত—এই নামটি সামতান্ত্রিক ব্যারণের অন্তর্নপ। এইভাবে
সমক্র ব্যারণের অন্তর্নপ উচ্চপদে অধিষ্ঠিত হলেন। প্রকৃতপক্ষে
ভিনি আরো উচ্চ আসনে উন্নীত হলেন কারণ তার রাজন্বের

নাম হল সারধানা রাজ্য। আর ইংরেজরা সর্বদাই তাঁর জীকে 'বেগম' বলে সংঘাধন করতেন। সমরু একজন বাদশা। ট্রাসবৃর্গের উৎসাহী কলাকুশলী ব্যক্তিটির এই সন্মান প্রাণ্য ছিল। তাঁর চরিত্র ঘাই হোক, অনেক সময় তাঁর চরিত্র বিষয়ে কলক প্রচার করা হয়েছে এবং অনেক ভূল বোঝাব্ঝি হয়েছে, তাঁর সমকালীনরা সমক-প্রতিভা দ্বীকার করতে আগতি করতেন না।

সমকর জোত, সারধানারাজ্য হিসাবে ১৮৩৬ পর্বস্ত যা খ্যাত ছিল, দোয়াব অঞ্চলে অধিষ্ঠিত ছিল, প্রদিকে ষম্না থেকে প্রায় গজা পর্বস্ত বিস্তৃত, উত্তরে মজঃফরনগর থেকে দক্ষিণে আলিগডের আশ-পাশ পর্বস্ত । এই রাজ্যের বাৎসরিক রাজস্ব বাবদ আয় ছিল ৬ লক্ষ্টাকা। বিনিময় হার অফুসারে ১,২০০,০০০ মার্ক মৃদ্রার অফুরপ।

সারধানার নবাব হিসাবে ওয়ালটার রেইনহার্ড অনেকগুলি বিদ্রোহ
দমনে গিয়েছিলেন। এই জন্ম উৎকৃষ্টতম মোগল সেনাবাহিনীর অধিনায়ক
হিসাবে তিনি গ্রেট মোগলদের ঘারা আগ্রার গভর্ণর বা স্থবাদাব হিসেবে
নিযুক্ত হলেন। এইভাবে একজন ভাইসরয়ের মত শক্তির অধিকারী হলেন
দিতীয়বার--সেইখানে তিনি এক জাকজমকপূর্ণ দরবার রেখেছিলেন।

তথাপি এই জার্মান নবাবের গৌরব দীপ শীঘ্র নির্বাপিত হল। সারধানার ইতিবুক্তকারের রচনা থেকে উধৃতি দেওয়া যাক:

সমকর তথন ৫৮ বছর বয়স, আগ্রার গভর্ণর পদে তিনি তথন পবিপূর্ণ ভাবে কাজ করছেন। এই সময় মৃত্যু দৃত তাঁকে তাঁর জাগতিক কর্মকাণ্ড থেকে ১৭৭৮ খ্রীষ্টাব্দের ৪ঠা মে তারিথে ভেকে নিলেন। পালিটোলা বা পাল্রে সাস্থো নামক ছানের ক্যাথলিক গোরছানে তাঁকে সমাহিত করা হল। তাঁর শোকময় খ্রী তাঁর স্মৃতির উদ্দেশ্রে সেই সমাধির ওপর একটি স্থদ্ভা সৌধ নির্মাণ করলেন…

সমকর একমাত্র, কিন্তু অবৈধ সন্তানে বয়স তথন মাত্র চোন্দ বছর। ছেলেটির মানসিক গঠন অপূর্ণ ছিল এবং ইতিমধ্যেই অসং পথে তার তীত্র আগ্রহ দেখা মাচ্ছিল। স্থতরাং পরিষ্কার ভাবেই দেখা যায় যে জোতদারির ব্যাপারে বা বাহিনীর অধিনায়কত্ব করার পক্ষে সে সম্পূর্ণ অক্ষম। তথাপি, শাহ আলম সমকর

সহায়তার কথা সর্বে রেখে মৃত ব্যক্তিকে তাঁর পুত্রের মাধ্যমে সমানিত করতে আগ্রহী হলেন; ফলে তিনি যে জোতজমি এই তরুণের ঘারা পরিচালিত হওয়ার অমুমতি দিলেন তা নয়, তাঁকে সম্মানস্ট্রক নবাব উপাধিও দান কর্মেন। স্থুতরাং সমরু তন্ম সরকারি কাগলপত্তে নবাব বা নবাব জাফর খান এই নামে উল্লিখিত হয়েছেন। অপর দিকে সমকর বিধবা পত্নীর পুক্ষোচিত চরিত্র এবং দৃঢ়তার কথা যে শাহ আলমের অজানা ছিল তা নয়, স্বতরাং তিনি তাঁর কর্মচারীদের অমুরোধামুসারে এই বেগমকে সেনা-বাহিনীর দ্র্বাধিনায়ক এবং জোতজ্ঞমির প্রকৃত মালিকানা দিতে ছিধা করলেন। তাঁর নাম হল বেগম সমরু। এইভাবে ভারতবর্ষ স্বিশ্ববে দেখল পুরুষালি রম্ণীর প্রাচীন উপক্থার কাহিনী সত্যে পবিণত হল। প্রায় অর্ধ শতাব্দী কাল এই আধুনিক 'পেছিশীলিয়া' একটি কুল্র দেনাবাহিনীর প্রধান হয়ে রইলেন। ভুধু দেনাধিনায়ক নয়, বেগম হিসাবেও তিনি প্রায় ৫৮ বছর কাল ধরে একটি কুত্র জাতির উপর শাসন ক্ষমতায় আসীন ছিলেন। তাঁর দরবার ছিল জাঁক জমকপূর্ণ এবং ভাব বেসামরিক ও সামরিক শাসন ব্যবস্থা সর্বত্র তাঁকে ( একট্র স্বল্প পরিমাণে হলেও ) তাঁর সমকালীন ক্যাথরিণ দি গেটের সমতৃল কবে তুলেছে।

আমরা পূর্বেই দেখেছি সারধানার রাজত্বের ভার তরুণ এলয়স বালথাসার রেইনহার্ডের ওপর পডেছিল তার পিতার মৃত্যুর পর। প্রথম নবাব রেইনহার্ড-এর তুইবার বিবাহ হয়। তাঁর দ্বিতীয় স্বী এশিয়া ও য়ুরোপের যে সব অঞ্চল ভারত সম্পর্কে সংশ্লিষ্ট ছিল সেই সব অঞ্চলে বেগম সমরু নামে খ্যাত ছিলেন। ১৭৮১ গ্রীষ্টাব্দের ৭ই মে বেগম এবং তাঁর সপত্বা তনম্ব ক্যাথলিক ধর্ম গ্রহণ করেন। বেগম সারধানাকে স্ক্র্ল্যর প্রাসাদমালা ও বৃহৎ গির্জাদির দ্বারা শোভিত করলেন; তিনি ইংরাজী ভাষায় যোড়শ পোপ গ্রেগরীকে ১৮৩৪ গ্রীষ্টাব্দের ১২ই জামুয়ারী তারিখের এক পত্রে:

"হে পবিত্রপুরুষ, আপনাকে আমি আমার চার্চের লিথোগ্রাফিক প্রতিলিপি পাঠাচ্ছি। আমি ফলতে গর্ববোধ করছি এই চার্চ ভারতবর্ষের আজো অতুলনীয় এবং স্থন্দরতম বলে স্বীকৃতি পেয়েছে।" তৎকালে চার্চের বন্ধস ছিল ঠিক বারো বছর। ওয়ালটার রেইনহার্ডের গৃহনির্মাণ সংক্রান্ত কাদকর্মের এ এক পুনরাবৃত্তি—এই কাদ তিনি বিস্তারিতভাবে করেছেন বিশেষতঃ আগ্রা শহরে। যে সব প্রাসাদ তিনি গঠন করেছেন তার মধ্যে সর্ব ধর্মের মান্নুষের কন্ত উন্মুক্ত এক স্থবৃহৎ দেবালয় বা মঠ অক্ততম।

সারধানার গির্জা যাকে ভারতস্থিত জার্মানরা 'ডোম ফন সারধানা' (সারধানা ক্যাথিড্রাল) বলে উল্লেখ করতে ভালবাদেন তাব মধ্যে সেই প্রাণশক্তি বর্তমান বা আরো অনেকের মত প্রাক্তন পেশাদার ও ঘোড়-সংব্যার ওয়াণ্টার রেইনহার্ড তাঁব জীবনের শেষ অধ্যায়ে আন্তর্জাতিকতার স্থরে উৎসর্গ করেছেন। এই গির্জার প্রধান তোরণগাত্রে লাতিন ভাষায় উৎকীর্ণ আছে:

"বিশেষভাবে খ্যাত কর্ত্তী যোহান, সারধানার বেগম নিজব্যয়ে এই গির্জা নির্মাণ করেছেন। রোমান ক্যাথলিক রীতি ও আচাবাহুসারে ভার্জিন মেরীর আহুকুল্যে এবং নামে প্রভূব বৎসর ১৮২২ খ্রীষ্টাব্দে উৎস্গীকৃত।"

এই নিশি গির্জার কাজ শেষ হওয়ার স্মাবক, গির্জা নির্মাণের স্থচনার কথা একটি পারসিক লিপিতে উৎকীর্ণ। লাতিন ভাষার লিপিব ঠিক পরে তা উৎকীর্ণ আছে—এইখানে বেগম ষোহানকে জেব-উল্লিমা বলে উল্লেখ করা হয়েছে:

''বা ইমদাদ-ই-খুদা-ফজল মাসিস, বাসল-ই-হাদসদে সাদ আসারিম-ও-আশনা বাদিল জেব-উল্লিসা উমদা আরাকিন বানা ফাবম্দ আলিসান কালিসিয়া "( ঈশ্ববের সহায়তায় এবং থ্রীষ্টের কুপায় ১৮২০ থ্রীষ্টাব্দের এই গির্জা নিমিত হল জেব-উল্লিমার অভিলাষাত্মসারে)।

ইন্দো-ভার্মান শাহজাদা এলোর বালগাদার রেইনহার্ভ সমকর বিবাহের ফলে এক কলা জনায়। তাঁর সক্ষে সমক বাহিনীর জনৈক কর্ণেল জর্জ ডাইসের বিবাহ হয়। এই বিবাহেরও একটি মাত্র সন্তান—ডেভিড অকটারলোনী ডাইস, বিবাহস্থত্তে তিনি ব্রিটিশ লর্ড বংশের অন্তর্ভুক্ত এবং ওয়ালটার রেইনহার্ড এবং বংশের প্রত্যক্ষ বংশধর।

বর্তমান কালে অতীতের এই কাহিনী উপস্থাপনস্থলে এইখানে উল্লেখ করা যায় বে কয়েক বছর পূর্বে অনেকগুলি ক্রাকোনিয়ান শাখা সমূহের অস্তর্গত—রেইনহার্ড —রাইনহার্ট পরিবারে অনেকেই সারধানার সম্পত্তির অংশের জন্ত আইনগত দাবী জানান। এই সম্পত্তি তথন বৃটিশ সরকারের অধিকারভূক্ত। কিন্তু ধেহেতু সমক পরিবারের শেষ বংশধর ১৮৫১ এটাকোল গুনে মারা যান সেই হেতু তাঁর সম্পত্তি তাঁর বিধবা পত্নীর অর্শে। স্ক্তরাং সমগ্র ঘটনাটি ইতিহাসের পরিহাসে পরিণত হয়। সমক এবং সারধানাছ বংশধরদের ঘারা হাজার হাজার মান্ত্র লাভবান হয়েছেন। অংশতঃ সক্রিয় ইট ইণ্ডিয়া কোম্পানীর ব্রিটিশ বিরোধী নীতির জন্ম তাঁরা কিছুতেই ব্রিটিশ দীপুঞ্জ ত্যাগ করবেন না।

## জাৰ্মান শকুন্তলা অনুভব

বেথায় থাকে শক্সভনা তার
অদৃশ্য সন্তান নিয়ে,

হুমস্ত যেথানে তাকে নতুন করে পায়,
নতুন কবে পায় বিধাতার কাছ থেকে,
সেই পবিত্র ভূমি তোমাকে প্রণতি জানাই,
তুমি ধ্বনির মধ্যে প্রধানতম
তুমি হুদয়ের শ্বর,
তুলে নাও আমাকে মাঝে মাঝে
সেই শ্বগীয় শুরের মাঝে, তুলে নাও।

—–তেবদেব

বোহান গট্ফিড হেরদের (১৭৪৪-১৮০৩) এইভাবে উচ্ছুদিত হয়ে প্রণতি জানিয়েছেন (রোমাণ্টিদিস্টদের ভঙ্গিতে বলতে গেলে) ভারতের সাহিত্যিক নিদর্গ চিত্রপটে যে সর্বোত্তম স্থারী রমণী বিচরণ করেছেন তাঁর উদ্দেশ্রে এই প্রণতি। জিওরজ ফরষ্টার (১৭৫০-১৭৯৪) এই নারীকে জার্মানীর বিদয়্ম দৃশ্রপটে উপয়াপিত করেছেন। মানচিত্রে এবং প্রকৃতিতে বলিষ্ঠ আবিদ্ধারের অভিযাত্রিক আনন্দে অভিস্তৃত এই লেখক রাইনহোলড ফরেষ্টারের পুত্র। ফরেষ্টার ছিলেন ১৭৭২-১৭৭৫-এর মধ্যে অমুষ্ঠিত বিরাট বিশ্ব পরিক্রমার বৈজ্ঞানিক পর্যবেক্ষক। এইকালে বালক জিওরজকেও পিতার অমুগমনে অমুমতি দেওয়া হয়।

জিওরজ ফরষ্টার ছিলেন প্রকৃত পর্যটক। সমগ্র মানবিক স্থুমি তিনি বিচরণ করেছেন। বিপ্লবীর নিষ্ঠা নিথে তিনি নিপীড়িতের অধিকারের জন্ত সংগ্রাম করেছেন। সব জাতির জন্ত সমান অধিকারের জন্ত তিনি লড়েছেন। তিনি ভারগ্রাহী আবেদন এবং আবেগহীন প্রবন্ধাদি রচনা করে এবং পরিচ্ছন্ন রচনা এবং প্রবন্ধাদির ছারা তাঁর মতবাদ প্রচার করেছেন। এই মান্থ্রটি সন্ধানীর বিরামবিহীন অথেষার ছারা জার্মান জাতিকে ও কণ্টিনেন্টের অন্তদের ভারতীয় শকুস্থলার প্রভাবে পড়ে এই অবদান উপহার দেন। শকনতলা—ফরষ্টার স্থার উইলিয়াম জোনসের কাছ থেকে এই বানান প্রহণ করেছেন এবং গ্রুপদী ও রোমান্সবিদ লেখকদের সেই বানান দান করেছেন। শকনতলা—কালিদাসের নাটকের নায়িকা, তিনি আমাদের চতুর্থ কিংবা পঞ্চম শতাব্দীতে এই নাটক রচনা করেন, উত্তর ভারতীয় সাম্রাজ্যে শক্তিশালী গুগু সম্রাটদের প্রভাবে রাজনৈতিক ও বিদম্ব অভ্যুথানের আশ্চর্য পটভূমি সেইকালে রচিত হয়েছিল। ১৭৯০ খ্রীষ্টাব্দে ইংলণ্ডে বাসকালে বে অতুল এখর্য সংগ্রহ করে এনেছিলেন ফরষ্টার, শকুন্তলা তার অক্যতম অংশ।

এই নাটকের কাহিনী অংশ অতি ক্রুত কথিত। মেনা (মেনকা) এবং খবি বিশামিত্রের পরিত্যক্ত তনয়া শকুন্তলা। অরণ্যের পাথিরা তার জন্ত থাছ্য নিয়ে আদত (তার নামের দক্ষে এইদব প্রথম যুগের হিতকারীদের যোগ আছে)। যতক্ষণ না কয়মুনি এই স্থান্য প্রাণীটিকে দেখতে পেয়ে তাকে উদ্ধার করেছেন ততদিন এইভাবে চলেছে। কয়মুনি মেয়েটিকে পালন করতে লাগলেন। একদিন শীকারে বেরিয়ে রাজা হয়ন্ত তাকে আবিদ্ধার করলেন এবং ভগবান সাক্ষী রেখে হজনের ভাগ্য একস্ত্রে গ্রথিত হল অর্থাৎ উভয়ে গদ্ধর্ব বিবাহে আবদ্ধ হলেন। শকুন্তলাকে তাঁর অভিক্রান যুক্ত অসুরী প্রদান করলেন, এই নাটকে সেই অসুরীর এক বিশেষ ভূমিকা। প্রেমিক-প্রেমিকারা বিচ্ছিন্ন হলেন এবং পরে আবার যুক্ত হলেন—হজনের দেখা হল—তাদের পুন্মিলন ঘটল, শকুন্তলার অচঞ্চল সতীত্বের পুরস্কার। জার্মান সাহিত্যে কালিদাদের গীতি-নাট্যের এই নায়িকা ভারতীয় নারীজের প্রতীক। চরিত্রের দৃঢ়তা, ভাবাবেগের পবিত্রতা, কোমলতা এবং প্রেমর ব্যাপারে একনিঠতা এই নাটকের মুখ্য বক্তব্য হওয়ায় গোড়া থেকেই এর সাহিত্যিক চরিত্র ময়মুগ্র করে রাথে।

ইংলণ্ডে থাকা কালে ফরটার সাধারণভাবে আপনাকে বিশেষ করে ভারতের ব্যাপারে জড়িয়ে নিয়েছিলেন। তাঁর কাছে, ভারতবর্ধ মর্বাদা মণ্ডিত উদারতা এবং সারল্যের এক প্রতীক। তাঁর অল্প বয়সে ১৭৭০ গ্রীষ্টাব্দে তাঁর এক অভিজ্ঞতা হয়ত তাঁকে এই পথে চালিত করেছে, সাউথ সী আইল্যাণ্ডের রত্মালার অক্তম তাহিভির উপকূলে এসে পৌছলেন এবং সেথানকার মাহুষের নির্ভার স্থ্থবোধ এবং আশ্চর্ষ সারল্যে মৃগ্ধ হলেন। স্থ্তরাং এটা নিছক একটা সাধারণ ঘটনা নয় বে ইংলণ্ডে যাত্রার প্রাক্তালে তিনি (১৫ই মার্চ ১৭৯০) স্থি লা রোসকে ভারতের ব্রিটিশ গভর্পর জেনারেল

ওয়ারেন হেসটিংসের ও তাঁর স্ত্রীর কাছে একটি পরিচয় পত্র দিতে অফুরোধ আনান:

আমি আপনার বন্ধু সেই আকর্ষণীয় মামুষটি এবং মহিলাটির সঙ্গে পরিচিত হতে চাই; এবং ষেহেতু এই দেশ ও তার অধিবাসীদের সমীকার ব্যাপার জড়িত, আমি হজনের সঙ্গেই কথা বলতে চাই ভারতবর্ষ এবং তার অধিবাসী বিষয়ে, আমি দেখতে চাই আমার দেখা তাহিতিদের ভারতবাসীদের মধ্যে কত্টুকু খুঁজে পাই, কারণ আর ষাই হোক ওদের থেকেই সম্ভবতঃ এরা উদ্ভত হয়েছে।\*

জিওরজ ফরষ্টার কোনোদিন স্বচক্ষে ভারতবর্ধ দেথার স্থ্যোগ পাননি
কিন্তু তাঁর ভারত প্রীতির ফলে তিনি একজন সন্ধানী প্রেমিকের মতো ফ্লাবান
সম্পদের সন্ধান পেয়েছেন। শক্তনতলা—শকুস্তলা যেন বৈদ্য্যোর বিস্ফোরণ এবং
গ্রুপদী মনোভাবাপর জার্মান সাহিত্য সমাজকে তা অগ্নিদগ্ধ করেছে। এই
কাজ বৃদ্ধিজীবি সম্প্রদায়ের প্রকৃতির রূপান্তর ঘটয়েছে, এবং রোমান্টিসিজমের
মনোভদীর ষ্ণায়্থ অন্থমান করেছে। শকুস্তলার ইংরাজী অন্থবাদের ফর্টারের
জার্মান অন্থবাদ, যা তাঁর বন্ধু স্পেনার কর্তৃক প্রকাশিত হয় তেমন সাফল্যলাভ
করেনি। স্পেনার ছিলেন অতি সতর্ক এবং হিধাগ্রন্থ মান্ত্র্য। তিনি
আঞ্জনভরা মান্ত্র্য ফর্টার কর্তৃক ১৭৯০ গ্রীষ্টান্দের ২৩শে জুলাই তারিথে লিখিত
পত্র পেয়ে থাকবেন। এই চিঠিথানি কিঞ্চিং সংশায় সহকারে সংরক্ষিত হয়—

আমি ইংলও থেকে নিয়ে এসেছি ভারতীয় নাটক শকনতলা বা ফ্যাটাল রিঙ্। এটি অস্থবাদ করেছেন স্থার ডরু. জোনস কালিদাদের লিখিত মূল সংস্কৃত থেকে—কালিদাস ১৯০০ বছর আগের বিখ্যাত ভারতীয় কবি! এই নাটকের অন্তর্নিহিত গুণের জন্ম এর প্রতি বিশেষভাবে দৃষ্টিদান করা উচিত। শিশুস্লভ সারল্য এবং নাটকের শিল্পরীতির বাঁধন না থাকলেও এর মধ্যে আছে স্কৃষ্ম স্বর, গভীর ভাবাবেগ এবং কাব্যিক আমেজ। আমি আমার

<sup>\*</sup> কিছুকাল ধরেই পলিনেশীয়দের ভারতীয় বংশক্রম স্বীকৃত হয়েছে, বা সম্ভব বলে ধরা হয়েছে। দায়িত্বশীল বৈজ্ঞানিকদের মতে, যথা এস. পার্শী শ্লিখ: হাওয়াই কি, দি হোরেনস্ অব দি বাজরী, ২য় সংস্করণ, ওয়েলিটেন, ১৯০৪; টে-রানগী হিবোঝা, স্থার পিটার বাকঃ দি কমিং অব মাওরী, ওয়েলিটেন, ১৯০০।

বন্ধু হবারের সহযোগীতায় অহুবাদ করেছি (হবার হলেন 'দাস হাইমলিথ গেরিথটু নামক গ্রন্থের লেথক)।\*

তুমি এটি স্থন্দর করে ছাপাবে—প্রতি ফর্মা এক করোলাইন হিসাবে। এই নাটকটি বিশেষ আকর্ষণমূলক। তুমি নিশ্চয়ই এই সঙ্গে প্রেরিত নম্না যা আমি শীল্যারের থালিয়ায় রেথেছি তা দেখেই ব্যাবে।

স্পেনার শকনতলা মূল্রণ করেন নি। এই উৎসাহপূর্ণ চিঠিথানির কোনো উত্তর না পেয়ে ফরষ্টার তাঁর পাঙ্লিপি পাঠালেন পুস্তক-ব্যবসায়ী মেইনৎসের যোহান পিটার ফিসারকে। তিনি নাটকটি তৎক্ষণাৎ গ্রহণ করলেন প্রকাশার্থে।

১৭৯১ খ্রীষ্টাব্দের তরা এপ্রিল তারিখে ভূমিকাংশে ফরষ্টার তাঁর নাম স্বাক্ষর করেন। কয়েক সপ্তাহ পরে এই রচনাটি অন্থবাদকের কাছে ক্ষেরৎ এল-— স্থান্দর তারেও ৩৬৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। ফরষ্টার ঠিক কোনদিন এটি হাতে পেয়েছিলেন সেই তারিও আমাদের জানা, ১৭ই মে ১৭৯১। সেই দিনই তিনি এই নাটকের কিশি গ্যয়তে, হেরদার ও তাঁর শশুর ক্রিশ্চিয়ান গটলব হেইনেকে পাঠালেন। হেইনে ছিলেন গটিনগেনের দর্শনের অধ্যাপক। এছাড়া অক্সমব বন্ধদের এবং পরিচিত্রেরও বই পাঠান হল।

১৭৯১ খ্রীষ্টান্দের মে মাসের এই দিনটি প্রকৃতপক্ষে জার্মান সাহিত্যের বসস্ত দিন। তৎক্ষণাৎ প্রাচীনের সঙ্গে সঙ্কার্থ আকর্ষণ প্রসারিত হয়ে নতুন দিগান্তের আভাস পাওয়া গেল। প্রাচীন ভারতীয় কবির কুঞ্জের এই স্থন্দরী মেয়েটি সম্পর্কে ক্ষেহ ও আনন্দময় প্রশন্তির প্রবাহ চারিদিকে প্লাবিত করে দিল। ভূগোল এবং প্রাকৃতিক বিজ্ঞান বিষয়ে মহৎ-কার্মাদি সম্পন্ন করার জন্ম হির সঙ্কল্ল বৈপ্লবিক পর্যটক এক স্থদ্র অজ্ঞাত লোকের ছয়ার উন্মুক্ত করে দিলেন। রোমান্টিক ভাবাবেগে চালিত জার্মান ভারতভত্তের সেই উবা লগ্লটি সহজেই বোঝা ষায়,—কাব্যিক-বাসনা, বৈজ্ঞানিক নয়—এই বাসনা ছিল সিল্পু ও গঙ্গার দেশকে জার্মান বৃদ্ধিগত দর্শনের পরিধির মধ্যে টেনে আনা।

<sup>\*</sup> এই সহযোগীতা কিন্ত অসম্ভব একথা লুডভিগ গীইগার, লুডভিগ ফার্দিনান্দ হবার এবং কে এ বটিগার-এর মধ্যে লিখিত পত্রাবলীর ব্যাখ্যা প্রসঙ্গে বলেছেন। থেরেসি হবার কর্তৃক লিখিত হবারের জীবনীতেও কোনো উল্লেখ নেই। অথচ অস্ত সব গ্রহাবলীতে হবার এবং ফরষ্টাব সহযোগের কথা বিশেষ ভাবে উল্লিখিত আছে।

শকনতলার ভূমিকাংশে ফরষ্টার লিখেছিলেন বে কাজের আকর্ষণ 'পাচটি কি সাভটি অক্টের জন্ত নয়। মানবিক অক্টভির ক্ষ্মাভিক্ষ ভাবাবেগ গলানদীর কৃষ্ণবর্গ মাহুবরা রাইন বা টাইবার বা ইলুসিনের আমাদের খেতালদের মত সমান কভিত্তের সঙ্গে ফুটিয়েছেন।' পরিশেষে যে মান্ত্রটি এই ভারতীয় সাহিত্য কর্মটিকে জার্মানদের কাছে পৌছে দিয়েছেন তাঁর শকনতলা সম্পর্কে এই আশা পোষণ করেন:

"হয়ত তার জন্মই অনেকের মনে ভালবাসা জাগবে, তার নিজের স্বদেশের মহৎ আতিথেয়তাটুকু হারিয়ে যেতে দেবেনা।" 'স্থানীয় ও সাধারণ জ্ঞান' নামক একটি প্রবন্ধে ফরষ্টার আবেদন জানিয়েছেন—"আমাদের অস্তরে বা বাহিরে যে শক্তিমতা আছে তার প্রতিটি চিহ্ন একত্রিত করে চয়ন করে নিতে হবে—মানব অধ্যুষিত পৃথিবীর সকল অঞ্চলে যে কবিতা প্রতিভার যে পৃশাদভার ছড়ানো আছে তা স্বত্বে আহরণ করতে হবে।"

দকল প্রকার বহুমূখী এবং উচ্চমানের স্বষ্টির স্বপক্ষেও তিনি অহুরূপ স্থাবেদন স্থানিয়েছেন। এই ব্যাপারে তিনি গটিনজেনের দার্শনিক ক্রিদটক মেইনার্দের উত্তম এবং অধম মাহুষে বিভান্তন ব্যবস্থা সোজাস্থজি স্থগ্রাহ্ করেছেন।

শকুন্তলাকে বাঁরা সর্বপ্রথম প্রশন্তি জানিয়েছেন তাঁদের মধ্যে ফরষ্টারের শশুর হেইনে (১৭৯১ খ্রীষ্টাব্দের ২৩শে জুলাই) অক্তম,—'গটিনজেন নোটস অন লার্ণেড ম্যাটারস' নামক পত্রিকায় প্রকাশিত এক সমালোচনায় তিনি প্রশন্তি জ্ঞাপন করেন। কালিদাদের নাটকের একক চরিত্রাবলীর সম্পর্কে তিনি বিস্তারিত জ্ঞালোচনা করেছেন। তাঁর মতে এই সব চরিত্রগুলি য়ুরোপের জ্ঞালগের কাছে পৌছে দিয়েছেন বাংলাদেশের ব্রিটিশ স্থপ্রিম জঙ্গ বা প্রধান বিচারপতি, মাননীয় স্থার উইলিয়াম জোনস। হেইনে শকুন্তলা মেয়েটিকে উচ্চ প্রশংসায় চিহ্নিত করেন:

'গুমন্ত বা শকুন্তনা কারে। চরিত্র দৃঢ় ভাবে অন্ধিত হয়নি আমাদের নাটকীয় মঞ্চের প্রয়োজন মাফিক, ষ্বারা প্রচণ্ড সংঘাত সম্ভব। কিন্তু মেয়েটি তার স্বাভাবিক, সরল, আত্মসমণিত ভদী এবং ভাবাবেগ জড়িত চরিত্রের জন্ত আকৃষ্ট করে। এইসব বিবেচনা করতে হবে এই ভেবে যে এই কাহিনী এক সারল্য ও নিস্পাপ আশুর্য জগতের প্রাচীন যুগ থেকে আহ্রিত এবং একজন ভারতীয় কবির মানসিকতা আবহাওয়া ও ভারতের প্রাক্তিক দৃশ্যের ছারা প্রভাবিত হয়েছে।

১৭৯০ থ্রীষ্টাব্দের গ্রীম্মকালে সীল্যর এই আসম প্রকাশ গ্রন্থটি সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করেন তাঁর দশ সংখ্যক জার্নাল 'থালিয়া'য় এই নাটকের একটি দৃষ্ট প্রকাশিত করেন। ১৭৯৫ থ্রীষ্টাব্দের ১৭ই ডিসেম্বর তারিথে লিখিত উইলছেলম হমবোলডটকে একটি পত্রে তিনি উৎসাহ ভরে ঘোষণা করেন যে—'সমগ্র প্রাচীন গ্রীক সাহিত্যে নারী চরিত্রের এবং তার পবিত্র প্রেমের এমন স্থান্দর কাব্যিক চিত্রণ আর দেখা যায় না।' এমন কি সাত বছর পরেও গ্যয়টেকে লিখিত একটি পত্রে তিনি স্থীকার করেন (২০শে ফেব্রুয়ারি, ১৮০২):

'দেদিন গীতগোবিন্দ পড়তে বসে আবার শকনতলায় ফিরে গেলাম। কেন ? আমি এই নাটকটিকে মঞ্ছ করা ষায় কিনা এই চিস্তা করছিলাম। কিন্তু মনে হয় থিয়েটার সোজাস্থজি এর বিরোধী, কারণ বিঞাটি বায়ুর মাত্র একটি বায়ু এই তরণীকে এই দেশে ভাসতে দেবেনা। বোধহয় এর কারণ তার প্রধান বৈশিষ্ট্য অথাৎ নম্রতা আর সেই সঙ্গে গতিশীলতার অভাব, কারণ কবি ভাবাবেগ এমন ভাবে বয়ন করেছেন যা মৃত্তালের দঙ্গে সঙ্গভি সম্পন্ন। কারণ এখানকার আবহাওয়া ঋথগতির প্রয়োজন হয়।'

প্রদক্তঃ, কার্ল ভিকটর বনস্টেটেন একদা সীল্যরের দৃষ্টি আকর্ষণ করেন একজন আল্লস্ পর্বতন্থ বনচর মাহুষের কাহিনীর (উইলিয়াম টেল) প্রতি, ষার ফলে সীল্যরের কল্পনার প্রদীপ প্রজ্জলিত হয়। বিশেষ করে শক্নতলা থেকে একটি অহুরূপ বিষয়বন্থর সঙ্গে তিনি আগে থেকে পরিচিত ছিলেন বলে তিনি উৎসাহিত হন। এই কারণে আজ আমরা সীল্যরের সেই বিখ্যাত ব্যালাড পেয়েছি। কালিদাসের নাটক থেকে প্রেরণা উদ্ভাগিত হয়ে আসার এ এক প্রমাণ।

হেরদের মানবিকতা ব্যরে ধারণা যা 'আইডিয়াস অন দি ফিলসফি অব দি হিসট্রি অব দি ম্যানকাইনড'বা 'মানব সমাজের ইতিহাসের দর্শন-বিষয়ক ভাবনা' নামক গ্রম্থে লিপিবদ্ধ আছে তার সঙ্গে ফরটারের চিস্তার সাদৃশ্য আছে। যাই হোক, ভারত সম্পর্কে তাঁর চিস্তা কিন্তু এখনও অভিশয় রোমাল আঞ্চিত। আনন্দের অভিব্যক্তি নয়, উচ্ছুসিত বাহন্য নিয়েই হেরদের কালিদাসের কবিতাকে গ্রহণ করেন। একটি চিঠিতে (১৪ই নডেম্বর,

১৭৯১) ফরষ্টারকে এই সলচ্চ কোমলা নায়িকা সম্পর্কে তিনি বলেছেন— 'প্রাচ্যের একটি প্রকৃত পূস্প এবং এ হল এ খ্রেণীর মধ্যে প্রথম ও স্থন্দরতম।'

শকুন্তলা গ্রুপদী প্রজন্মের কবিদের ঘারা বারবার উল্লিখিত শব্দ। ভারতের কাব্য-কাননের এই মনোহর প্রাণিটি মন্ত্রমুগ্ধ করেছে এবং নবজন্ম দান করেছে। ফরষ্টারের কাছ থেকে শকুন্তলা এক থণ্ড পাওয়ার মাত্র একটি পক্ষকালের মধ্যেই অন্থবাদক ফরষ্টার জার্মান কবি গ্যন্নটের কাছ থেকে ধন্যবাদক্ষক পত্র পেলেন। গ্যন্নটের পত্রথানি সংরক্ষিত নেই, যা সংরক্ষিত হয়ে আছে তা সেই শ্বরণীয় উক্তি—monumentum aere perennius—এত্যারা গঙ্গাতীরন্থ ভারতীয় রাষ্ট্রদূতরা কিভাবে জার্মানীর বিদগ্ধ সমাজকে সম্মোহিত করেন তার পরিচয় পাওয়া যায়। এত্যারা কালিদাদের মানসকন্ত ভার্মানীতে এক চিরন্থায়ী আশ্রয় পেয়ে গেল। গ্যন্নটের এই কবিতাগুলির ঘারা এই লাহিত্যের এক বৈশিষ্ট্যের ও প্রাসন্ধিকতার পরিচয় পাওয়া যায়, ক্লাসিসিজম ও রোমান্টিসিজমের সেই ফলপ্রশ্ব দশকের পক্ষে এ এক বিশেষ আবিদ্ধার:

"নববংর কুন্তম কি আমি না বর্ষশেষের ফল
আর সেইসব যা আত্মাকে মোহিত করে, আকুল করে, পূর্ণ করে ?
আমি কি একই সংযুক্ত নামে আকাশ আর মাটি—
আমি তোমার নাম উচ্চারণ করি শকুন্তলা, আর সব বলা হয় তৎক্ষণাং!"
এইসব পত্মগুলির মধ্যে ব্যক্তিগত আত্মীয়তার যোগ লক্ষ্য করতে ভোলেননি
হেরদার। গ্যয়টে পরে ১৭৯২ খ্রীষ্টাব্দে গোয়া থেকে প্রকাশিত Zerstreute
Blätter বা ঝরাপাতা নামক তার চতুর্ব কাব্য-সংগ্রহে পরবর্তী আকারে এই
ক্বিতা নতুন করে রচনা করেন, এই কবিতা আজও সর্বত্র পরিচিত:

"তুমি কি নববর্ষের কুস্থম এবং বর্ষশেষের ফল আর সেইসব যা আত্মাকে মোহিত করে, আকুল করে, পূর্ণ করে? আমি তোমার নাম করি শক্সলা আর তথনই সব কিছু বলা হয়ে যায়।" এই ধরণের সম্বোধনে এই কুস্ত কবিতা ক্রমে সমগ্র জগৎ জয় করে।

কতগুলি উৎদাহী প্রজন্মে এই কবিতাবলী প্রশংদাস্থচক মন্ত্রের মত এবং ভারতমাতার ব্যক্তিসভার কুমারী প্রয়াদ। প্রখ্যাত করাদী প্রাচ্যবিদ্দের একজন, দেজি (chezy) তাঁর নিজের গ্রন্থের নামপত্তে এই কবিতাটি ক্ষেত্রে বা সঙ্গীতের ক্ষেত্রে উরীত হওরার বাসনা রাখেন তাঁদের কাছে একটা চ্যালেঞ্চ বিশেষ।

হেরদেরের Zerstreutte Blätter-এর বে খণ্ডে 'শকুস্কলা' দংক্ষিপ্ত ও পরিবর্ধিত মাকারে আছে তার মধ্যে ভারতীয় নাটকের প্রতি প্রশন্তি জানিয়ে তিনথানি পত্রও দরিবেশিত হয়েছে। ভূমিকায় হেরদের তাঁর পাঠকদের গ্রন্থটি যথাযথভাবে পড়ার জক্ত নির্দেশ দিয়েছেন—'যুরোপীয় নয়, অর্থাৎ, ভাদমান কৌতৃহলে কেমনটি দাঁড়ায় তা দেখলে হবে না, ভারতীয় ধারায় স্কল্ম মনোযোগের সঙ্গে এবং মন্থর অথচ চিস্তাক্লভদীতে সম্বত্বে পাঠ করতে হবে।' দেই সংস্করণেই 'শকুস্কলা' প্রবন্ধের সঙ্গে কিছু ভারতীয় নীতিকথার অম্বাদ আছে (Gedanken einiger Bramanen: ব্রাদ্ধণের কিছু চিস্তাধারা)।

হেরদের ফিডশির মাজের-এর গ্রন্থ Zur Kulturgeschichte der Volker এবং Adarstea গ্রন্থের ভূমিকায় পরিকারভাবে দেখিয়েছেন কি দক্তজ্ঞ চলীতে ভারতীয় শক্তলার বাণী সমগ্র জার্মানভাষী অঞ্চলে গৃহীত হয়েছে। ১০০০ গ্রীষ্টাব্দে হেরদের শকনতলার দিতীয় সংস্করণ প্রকাশ করেন। এর ভূমিকায় তিনি ইতিমধ্যে মৃত জিওরক্ত ফরষ্টারকে প্রশংসা করেছেন—লাহিত্যিক পদান্ধান্থনারী এই ফরষ্টার তাঁর অন্থবাদে ব্যাখ্যা দেওয়ার জন্ত, ইংরাজী সংস্করণে এর অভাব ছিল। দেকালের ভাইমারে ভারতীয় শক্তলা কয়েক দশকের সাহিত্যিক আলোচ্য বিষয় ছিল। এই ভারতীয় নাটক গ্যায়টের 'ভেন্ট লিটারেত্রর' বা বিশ্বনাহিত্যের স্বপ্লেব এক জবাব। ভারতীয় সাহিত্যের ফদলের দ্বারা স্থাজীরভাবে ব্যন্ত থাকায় গ্যায়টের শক্তলার সংক্ষিপ্তদার এবং তাঁর অন্ত কথার মধ্যে অজ্ঞ ভাবে ছড়িয়ে পড়েছে, যথা: Indische Dichtungen নামক ভাবনা থেকে Zahme Xenien-এর নিম্নলিখিত লাইন গুলি:

''আর কি আনন্দ চাই, আর কি জানার আছে ! শকুস্কলা, নল-এদের চুম্বন করি !"

১৮৫১ এটাবেদ হাইনরিথ হাইনে যথন তার ফাউস্ট ব্যালের ভূমিকায় বললেন—গায়টের ফাউস্টের 'মঞ্চ প্রভাবনা'য় শকুস্কলার আদর্শে গড়া, শকুস্কলা বিশেষজ্ঞদের কাছে সাহিত্য গবেষণার ক্ষেত্রে এক নতুন দিগস্ক প্রসায়িত হল।

কোন প্রকাবে ভারতীয় চরিত্র শকুস্থলার নাম হেলেনীয় প্রতিভার করা নসিকার কথা শর্ম করিয়ে দেয়। শুধু ভলিতে পার্থক্য কিছু প্রেরণাময় প্রভাবে শকুন্তলার দলে একাছা। এই গ্রান্থের লেখক অমুমতি প্রার্থী, ছই দাহিত্যক্ষির ছটি বৈশিষ্ট্য এখানে উধৃত করা বাক—জার্মান প্রতিভার মৃথ্য 'হেলাস-বৃক' নামক গ্রন্থে ক্লাসিমিষ্ট-রোমান্টিসিষ্ট সঙ্গীতে একটি নারী মৃথ্য উপজীব্য হয়ে প্রকাশিত:

তথনও প্রচলিত নিকা ট্রাঙ্গেডির বহিরেখা নিয়ে ১৭৮৭ থ্রীষ্টাব্দের ১৬ই এপ্রিল গায়টে সম্জের প্রভাবে সিসিলির উপক্লে বসে ছক প্রস্তুত করেন…চার বছর পরে ১৭৯১ থ্রীষ্টাব্দের মে মাসে বিশ্বপথিক জিওরজ ফরষ্টার তাঁকে শকনতলার প্রথম অম্বাদ্উপহার পাঠালেন। হেরদের সোংসাহে এই গ্রন্থটির প্রশংদা করেছেন। গায়টে, তাঁর দিক থেকে বহু উধৃত চতুস্পদী রচনা করেন, পরিশেষে কবির স্বীকারোক্তি: 'Nenn ich, Sakontala, dich, und so ist alles gesagt' (আমি তোমার নাম উচ্চারণ করি শকুস্তুলা, আর তথনই দব বলা হয়ে যায়)—নিস্কা অমুভব এবং শকুস্তুলা অমুভবের মধ্যে অষ্টাদশ শতান্দীর জার্মান সাহিত্যিক বৃদ্ধিজীবি সম্প্রদায়ের তুই বিভিন্ন ভাবজগৎ বিরাজমান।

নসিকা এক হোমরীয় স্বপ্ন, সমুদ্র ভরে ছড়িয়ে আছে এক মধুর ভাবাবেগ। আমাদের সামনে দিতীয় আফোদিতের মত দাঁড়িয়ে—সমুদ্র ফেনা থেকে উত্তুত কল্পকথা, আর এই আনন্দময় কল্পবীপের স্থা কঞাটি বিপজ্জনক সমুদ্র থেকে সমুদ্রান্তরে তুঃসাহসিক অভিযাত্রায় ব্যস্ত ইউলিসিস-ওডিসিয়ুসের দ্বারা প্রলোভিত। নসিকা-ওডিসিযুস যোগাযোগের পরিবেশটি একটা বিয়োগাস্ত সামুদ্রিক উৎক্ষেপ।

সেইকালে জার্মান বৃদ্ধির জগতে অপর নায়িকা শকুস্থলাকে জানা হরেছে. সে এসেছে অদ্র ভারত সমৃদ্রের পার থেকে, সে মৃত্তিকার মেয়ে একটি সতী নারীর প্রতীক। সে মেনার কল্পা, মেনকা একজন অপ্সরা—ভারতীয়রা তাদের স্বর্গীয় পরীদের তাই বলে থাকে. জার তার পিতা বিশামিত্র মূনী। অরণ্যে পরিত্যক্ত অবস্থায় তাকে ফেলে রাখা হয়। তাকে জাবিস্থার করলেন রাজা ত্মস্ত, দর্শন মাত্রেই প্রেম এবং তৎক্ষণাৎ তাঁকে বধু এবং রাণী হিসাবে দেবতাঁদের কাছে শপ্থ নিয়ে গ্রহণ করলেন। এ বিবাহের নাম গন্ধর্ব বিবাহ। একটি অভিজ্ঞান অসুরী সত্তার নিদর্শন হিসাবে দেওয়া হল এবং পরিশেষে

প্রেমিকদের পুন্মিলন ঘটে। একটা অভিশাপের ফলে ওরা বিচ্ছিন্ন হয়েছিল—
এই সব হল কাহিনীর বিষয়বস্থা। ভারতীয় শকুম্বলা একটি গীতিকাব্যধর্মী
নাটক।

এই তুটি চরিত্র শক্তলা আর নিদ্ধাবেন উপকথার পৃষ্ঠা থেকে থড়িতে আঁকা ছবির মত প্রকাশিত হয়ে এদেছে। গ্যয়টের ব্যক্তি সন্তায় তারা এদে মিশেছে, হেলেনীয় ভারতীয় এবং জার্মান জগতের ভাব পরিমণ্ডলকে আহরণ করে তিনি এক স্থানজন সমন্বয় নাধন করেছেন। তুই শক্তিশালী ধারা এইথানে এদে মিশেছে। নিদক্তা-গ্রীন উত্তুত সৌন্দর্য্যের অবেধার গ্রুপদী প্রতীক, আর শক্তলা প্রাচ্যদেশীর রোমান্টিনিজমের আনন্দ সমারোহের প্রতীক। শক্তলার সহিষ্ণু নারবভার দেয়ে প্রুষের সঙ্গে সংগ্রামরত নিদকার ঘারাই গ্যারটে বেণী অভিভৃত হয়েছেন। যার কাছে জাহাজের পাটাতন একেবারে অপরিচিত বস্তু সেই মাহ্যও এক কোমলা কুমারীতে পরিণত উপকথার প্রেমে পড়লেন। কিন্তু সহিষ্ণু ধরণীর নঙ্গীত, শক্তলায় জগং—জিওরজ ফরন্তার ঘারা বিশ্লেষিত হয়েছে। কালের বৈপ্রবিক পরিবর্জনের ঘারা আচ্ছন্ন হয়ে স্থদ্রের মোহে এক আশান্ত আফ্লভায় নতুনের প্রবক্তাদের প্রশন্তি গান করতে অতিব্যগ্র, বিনিময়ে পারিবারিক স্থপ এবং বন্ধু পরিমণ্ডল পরিহার করতে হয়েছে।

দীর্ঘকাল ধরে ফরটার-হেরদার-এর ভারত এবং ভারতীয় জগৎ অভিমুখী মনোভন্নীর উপযুক্ত উত্তরাধিকারী বলে মনে হয়েছে গায়টেকে। দৃটান্ত হিসাবে বলা যার যে উইলহেলম ক্রিসটোক্ষ লিওনহার্ড গারহার্ড (১৭৮০-১৮৫৮) লাইপজিগে ১৮২০ খ্রীটান্দে তাঁর শকুন্তলা প্রকাশের পূর্বে, ভাইমার নগরীর এই সন্তান ভাইমারের মহৎ পালিত পুত্র গায়টের কাছে তাঁর পরিকল্পনা পেশ করেন এবং গায়টে তাঁকে প্রাণভরে সমর্থন জানান। ভাইমারের কলালন্দ্রীর পীঠিয়ানের অক্তদের মধ্যে জ্বন মহিলা সার্লোট ফন সীলার এবং ফ্রাউ ফন্টাইন শকুন্তলাকে সপ্রশংস আনন্দে গ্রহণ করেন। প্রান্তন ক্যাণিড্রাল প্রোভান্ত এবং হালবারটাড্ট-এর বেতনভোগী যাক্ষক যোহান উইলহেলম পুত্তিগ শ্লীম (১৭১৯-১৮০৮) যিনি গ্রীসদেশীয় প্রাচীন কবিদের গীতিকবিভার ছন্দাহ্দরণে (anacreontics) কবিভা রচনা করেছিলেন। রোমান্দ্র প্রবণ প্রক প্রক্রের ব্যক্তিগভক্ষত্রে নোভালিদের মত (ফ্রিডরিশ ফন হারদেনবার্গ. ১৭২-১৮০১) এককন উদীয়মান কবিকে ভারতীয় ফুল দর্শনে ব্যাপ্ত

রেখেছিল। তাই আশ্চর্য্যের বিষয় নয় যে ক্বির প্রণয়িনী সোফী ফন কুহনকে হারদেনবার্গের পৈতৃকভবনে শকুস্তলা এই নামে ডাকা হত।

স্বাগষ্ট উইলহেলম স্বেলগেল (১৭৬৭-১৮৪৫) ষিনি পরে জার্মানীর প্রথমতম ভারতবিদ হয়েছিলেন, ফরষ্টারের শকুন্তলা থেকে প্রেরণা লাভ করেন। এই গ্রন্থ পরে জার্মান বিজ্ঞানকেও বিশেষভাবে প্রভাবিত করে। স্বেলগেল বেনামে পূর্ব মৃত্তিত শকনতলা গ্রন্থ 'থালিয়া জার্গাল' থেকে গ্রহণ করে তার সমালোচনা Göttingische Anzeigen von gelehrten Sachen-এর ১৭৯১ খৃষ্টাব্দের ৩০শে এপ্রিল ভারিখের সংখ্যায় প্রকাশ করেন এবং সেইখানে দেখলেন—

'অতি স্থন্ধ হৃদয়াবেগ আনন্দের কোমলতম কুঁড়ি কোমলতম হাতে তোলার মত।'

১৭৯১-এর দেই এপ্রিল দিন থেকে, ষখন সেই সমালোচনা প্রকাশিত, ভারপর আরো সাভাশটি বছর পার হয়ে গেল, তখন এই উৎসাহী সমালোচক জার্মানীর প্রথমতম ভারততত্ত্বিদ্ হিদাবে আত্মপ্রকাশ করেন। এইভাবে শকুস্তলা সাহিত্য ও বিজ্ঞানের এক সংযোগ সেতু রচনা করে।

ফরষ্টারের কর্মকাণ্ড কয়েকটি প্রজন্মের ভারততত্ত্ববিদকে বৈজ্ঞানিক সমীক্ষায় প্রবৃদ্ধ করেছে। প্রথম কয়েক বছরে, আরো কয়েকটি পুনঃমূল্রণ প্রকাশিত হল। এই সংস্করণ গুলির মধ্যে অহ্নমোদিত ও অনহ্নমোদিত তুই প্রেণীর গ্রন্থই ছিল ( য়থা, ১৮৮০ গ্রিষ্টান্দে ভিয়েনায় এবং ১৮০০ গ্রীষ্টান্দে হেরদের সংক্ষরণ ); গেরহার্ড-কৃত ১৮২০ সংস্করণটিও আরেকবার উল্লেখ করা প্রয়োজন। ফরষ্টারের শক্ষতা পরবর্তীকালে বারবার পুনঃমূল্রিত হয়েছে। ( য়থা: ১৮৪০ গ্রীষ্টান্দে লাইপজ্লিগে একটি বিস্তারিত খণ্ড, ১৮৭৮ খুষ্টান্দে স্টুর্টগাটে সঞ্চয়ন-এছ হিসাবে এবং ১৮৮০ গ্রীষ্টান্দে লাইপজ্লিগে প্রকাশিত হয়।) সংস্কৃত পণ্ডিতগণ উনবিংশ শতান্দীতে জার্মান ভাষায় অহ্বাদকালে তারা সকৃতজ্ঞচিত্তে ফরষ্টারের দ্রদৃষ্টির জন্ত ঋণ স্বীকার করতে ভোলেন নি।

১৮৮৩ খৃষ্টান্দে বার্নহার্ড হারৎসেল প্রথমতম দোজা সংস্কৃত থেকে জার্মান অন্থবাদ পরিবেশন করেন। তিনি শুধু ফর্ন্টারের টাকার কথা উল্লেখ করেন, এই গ্রন্থটির আবিস্কার বা ইতিহাস বিষয়ে কোনো কথা বলার তিনি প্রয়োজন বাধ করেননি। প্রাচ্যতত্ত্বিদ্ পিটার ফন বোলেন আরেকজন, তিনি Das alte Indien (প্রাচীন ভারত) নামক গ্রন্থ বা কোনিং-স্বার্গে ১৮৩০-এ

প্রকাশিত হয় তাতে ফরষ্টারের সংস্করণ থেকে দৃষ্টাস্ক গ্রহণ করা থেকে বিরত থাকেননি। পরে, উপযুক্ত ভারততত্ত্ববিদের এক বৃহৎ তালিকা—'শকুত্বলা' অফুবাদকর্ম গ্রহণ করেন। নিয়তই নতুন নতুন সংস্করণ পরিবেশন করেছেন। এতদারা প্রমাণিত হয় যে ভাধু বৈজ্ঞানিক বিভদ্ধতা নয় কাব্যিক আদিকও পাঠকদের আরুষ্ট করে। ১৮৩৪ ঞ্রিটান্সে ককারটের অহ্বাদের কয়েকটি সংস্করণ হয় ১৮৬৭ এবং ১৮৭৬ গ্রীষ্টাব্দে। সুডলফ স্থোলাই আর ১৮৮৩ খুটাব্দে আপনাকে পরবর্তী অমুবাদক হিদাবে উপস্থাপিত করেন। বেদব প্রাচ্যতত্ত্ববিদ এবং অন্তান্ত পণ্ডিতগণ ও লেথকগণ এ দের পদাক্ষাহশরণ করেন তাঁদের নাম ওটো বোরেথলিংগক (১৮৪২), আর্নষ্ট মেইনার (১৮৫২, ১৮৬৭) এছমও লোবেডনাৎস ( ১৮৫৪ ), এ. ডনসভক ( ১০৬৭ ), লুডভিগ ফ্রিৎসে ( ১৮৭৭), (इत्यान क्यांगित्ना (कननात ( ১৮৯० ). वय. त्यांनात ( ১৯০২ ), निअतानए ফন দখরোভার (১৯০৩), রোলফ লক্নার (১৯২৪), পল কর্ণফিলড ্(১৯২৫) এবং পরিশেষে হানদ লদ্থ (১৯৬০)। 'শকুন্তলা' ক্রিশ্চিয়ান হিপ্লেলকে ১৮৫৪ থ্ৰীষ্টাব্যে অমুপ্ৰাণিত করেছেন একটি গীতিকাব্যধর্মী নাটক লিখতে (১৮৭২ ঐটান্সে পুন: প্রকাশিত)। আলফ্রেড ফন ভলংদোগেন ১৮৬৯ ঐটান্সে একটি শিথিল মঞ্চরপ প্রদর্শন করেন। ফ্রিডরিশ ফন বডেনষ্টেডট ১৮৮৯ গ্রীষ্টাব্দে একটি কবিতা রচনা করেন এবং ১৯০২ খৃষ্টাব্দে ম্যাক্স মূল্যর একটি নাটক প্রণয়ন करत्रन ।

শকুন্তনার সাফল্যের পর কালিদাদের সম্পূর্ণ রচনা অন্দিত হয় এবং সংস্কৃতজ্ঞ পণ্ডিতদের ঘারা টীকা করা হয়। রবার্ট লেনৎস উর্বশী নাটকের লাতিন রূপ ১৮৩০ গ্রীষ্টান্ধে বালিনে প্রদর্শন করেন এবং এ. হিকার ১৮০৭-এ আবার বালিনে প্রদর্শন করেন জার্মান ভাষায়। এফ. বলেনসেনের জার্মান ভাষার অফুবাদ সেই বছরেই সেন্ট পিটসবূর্গে অভিনাত হয়। 'বিক্রমোর্বশী' নামক একটি নাটক একটি স্বর্গীয় অপ্সরার সহিত মানব নায়কের প্রেমের কথা বলিত হয়েছে। কালিদাসের আর একটি মহৎ নাটক 'মালবিকাগ্লিমিঅ' অফুবাদ করেন এ. ওয়েবার ১৮৫৬ খ্রীষ্টান্ধে এবং তা বালিনে প্রকাশিত হয়। সেই ভারতভত্তবিদ নাটকের বিশেষ ভাৎপর্যকে ব্যাখ্যা করে কালিদাসের গ্রন্থ প্রমাণ করেছেন দেই সঙ্গে।

বার বার কালিদাস নতুন বিশ্লেষণ এবং সাধারণ ভাবে ভারতীয় নাটকের পরিচারতা রচনার উব্ভ করেছেন। একজন নিয়মিত কালিদাস বিশেষক হলেন এ. ছিলেন্সান্ডট বিনি প্রথম মহাবৃদ্ধের কিছু পরেই একটি বিন্তারিত মনোগ্রাফে এই মহৎ ভারতীয় কবির কথা লিখেছেন। তিনি বিশেষ করে নাটক বিষয়ে যুরোপীয় প্রচেষ্টার সঙ্গে বৈপরীত্য দেখিয়েছেন। তিনি বলেছেন বে স্বচেয়ে বেশী নাটকীয় অমিল হল এই বে ভারতীয় কবিদের রচনায় নাটকীয় গতি-বেগের অভাব। এ ছাড়া তিনি সমালোচনা প্রসঙ্গে বলেন এর ভিতর কোনো রকম আভ্যন্তরীণ সংঘাতের অভাব আছে। ভূমিকাংশে বে সারাংশ দেওয়া আছে তার মধ্যে এই বক্তব্যের প্রতি জোর দেওয়া হয়েছে:

"আমরা আরো গভীরতর বিষয় আশা করি। আর তথাপি এইসব কবিদের রচনায় তেমন প্রকৃতি এবং অমর কাব্য ভাবনা নেই ষার জন্ম একে বৃহত্তর পাঠক গোষ্ঠাব সামনে উপস্থাপিত করার উপযোগীতা আছে, কারণ আদিকের সামান্ত ক্রটী বিচ্যুতির জন্ম এই নাটক প্রত্যাখ্যাত হবে না।"

একথা ভাবতে বিশ্রী লাগে যে একঙ্গন ভারততত্ত্ববিদ উপরোক্ত কথাগুলিতে আপত্তি প্রকাশ করেছেন এবং তিনি রাঙ্নৈতিক, মার্কসীয় মৌলবস্থ বিজ্ঞানের भर्त्या जामनानि करत्रह्म बात्र बात्रा छात्रछीत्र विनध नमाज्ञरक अत्र छेनलका করেছেন। ভারতভাত্তিক ওয়ালটার রুবেন পূর্ব-বালিনে বাস করেন এবং সংখ্যালঘু কম্যুনিষ্ট পার্টির মনোভন্দী নিজের রচনায় ছড়িয়ে দেন। তিনি হিলেবাণ্ডটকে ব্যক্ত করতে গিয়ে বলেছেন, 'উনি মৃষ্টিমেয় এক শিক্ষিত বুর্জোয়ার জন্ত লিখে থাকেন।' কবি কালিদাদকে প্রদত্ত প্রশন্তিতে কবেন একটা প্রচার মূলক আত্মন্তর মনোভঙ্গী প্রকাশ করে বলেছেন, 'এই দেশে ( অর্থাৎ কম্যুনিষ্ট শাসিত দেণ্ট্রাল জার্মানী ) সব ব্যাপার অক্তরকম। কারণ সেখানে আছে মেহনতি মাহুষ, তার মানবিতাকে ধন্তবাদ। তার আন্তর্জাতি-কভাতে ধন্তবাদ-সকল মহাদেশের সকল মাহবের প্রতি এদের ভালোবাসাকে ধকুণাদ—মেহনতি মানুষ সকল কেত্তের মহৎ মানুষদের এবং তাদের কর্মকে चानिक्रम कद्राफ উच्च्था' वाहे द्राक, এवथा वना वाद्र द राहे अकहे পাওলিপি যা এক রাজনৈতিক প্রস্তাবনা দিয়ে স্থক হয়েছে এইভাবে মর্তলোকে দোন্ডালিস্ট **বর্গরাজ্য সম্পর্কে উচ্ছাস প্রকাশ করার দায়িত্ব** পালন করেছেন ( ১২ चक्कोवत्र ১৯৫৫, वृाद्रा चव क्यानिहे कार्डिका चव शीम हेन ভित्त्रनात এক স্থপারিশ হল এর ভিত্তি) এবং ভারপর প্রকৃত 'ভারতীয়' ভদীতে अकि 'अछावना' ब्रह्मा करब्राह्म। 'मानविका अवः अधिमित्न' अबिह्ना কালিছাসের প্রতি প্রশন্তি জ্ঞাপন করেছেন:

বার বার তিনি প্রেমের প্রশংসা করেছেন, তার বিদায় বেদনা এবং আনন্দের কথা বলেছেন। কিন্তু তিনি বেমন তাঁর প্রতিটি গ্রন্থে বিভিন্ন মাহ্যকে ভালোবাসতে, ক্লেশ ভোগ করতে এবং পরে স্থপ্রাপ্তির স্থযোগ দিয়েছেন—তিনি প্রেমিকদের এমন স্থল্পর-ভাবে রূপায়িত করেছেন যে তাদের ক্রটীটুকুও ভালোবাসতে হয়—আমাদের রীতিমত মানবিক ভঙ্গীতে ও সানন্দে তাদের প্রতি সহাস্থভ্তি জানাতে হয়। তিনি মহৎ, উষ্ণ হৃদয় বিশিষ্ট মহৎ কবি, যাঁরা তাঁর সঙ্গে পরিচিত হয়েছেন তাদের সকলকেই তিনি অন্থপ্রাণিত করেছেন যুগ যুগান্ত ধরে এবং এই ভাবেই প্রেরণা দান করবেন। শুধু তাঁর ভারতীয় সংসারে নয়, যেথানেই মাহ্যবের হৃদয় প্রকৃত শিল্পকর্মধারা অভিভূত হয় সেথানেই তিনি স্বীকৃতি পাবেন।

এই স্থত্তে হানদ লদ কত 'শকুস্তলা' নাটকের অমুবাদের ভূমিকায় তিনি যা বলেছেন আমাদের তা এডিয়ে গেলে চলবে না। এই ভূমিকায় তিনি ভারতীয় নাটকের উদ্ভব ও মঞ্চ-পূর্ব অবস্থার বিষয় একটি সংক্রিপ্ত বহিবেথ। একৈছেন:

প্রাচীন ভারতীয় পুতৃল নাচের শিল্পরীতি তার গ্রুণদী নাটকের উপর একটা অনপনেয় ছাপ রেথে দিয়েছে 'নাট্য নির্দেশক' এই ব্যক্তিটির রূপে, তার নাম হত্রধার—প্রকৃত অর্থ, হত্র যিনি ধারণ করে আছেন। ভারতীয় চিস্তায় শিল্প ও বিজ্ঞানের অক্ত সব শাথার মত স্বর্গীয় উৎপত্তি দাবী করে। ভরত যিনি 'অভিনয় দর্পন' নামক গ্রন্থের পৌরাণিক গ্রন্থকাব, তিনি বলেছেন যে প্রথম নাটকের দর্শক ছিলেন দেবগণ এবং সে নাটক হল সমূদ্র-মন্থনের কাহিনী ও সেই সঙ্গে দেবতা ও দানবের স্থবিখ্যাত বৈভযুদ্ধ কাহিনী। এর মধ্যে আমরা সহজেই লৌকিক উৎপত্তি বৃষ্ণতে পারি। গ্রীক নাটকের প্রতি ভারতের নির্ভরতা বিষয়ক যে তত্ত্ব আছে, যা আগের যুগে প্রায় বলা হত্ত তা এখন উপেক্ষা করা যাবে।

"ডিদকভারি অব মিষিকস" নামক প্রবন্ধে সীগ্রীও মেলদিংগার প্রাচ্য ও পাশ্চাত্য রক্মক্ষের মধ্যকার আভ্যন্তরীণ সংযোগ সংক্রাম্ভ বিষয়গুলি আলোচনা করেছেন। তিনি বলেছেন যে এশিয়ার থিয়েটার বিষয়ক যোগাযোগের ব্যাপারে যুরোপীয় থিয়েটার কিছুত্কিমাকার রূপে পরিবতিত হরেছে, প্রাথমিক থিয়েটারের অন্তিত্ব বিলোপের পূর্বেকার যুগ। দূর থেকে যে উৎকর্ষমূলক বস্তু আমদানি হল তা ইচ্ছাকৃত ভাবে উদ্ভাবিত। মেলসিংগার সেই পদ্ধতি এই কটি কথায় বলেছেন:

ভারতীয় রক্ষঞ্চ হারা অভিত্ত হয়ে পড়েছিলেন গায়টে ফরষ্টারক্ত কালিদাসের শক্তলার অহ্বাদ পাঠ করে। ফলে তিনি ফাউস্ট শেষ করতে মনোনিবেশ করলেন। ১৭৯০ খ্রীষ্টাব্দে মাত্র আংশিকভাবে এই গ্রন্থ তিনি প্রকাশ করেন। ভারতীয় কবির মধ্যে তিনি 'মঞ্চের ওপর প্রস্তাবনা'র আদর্শ বা মড়েলের সন্ধান পান। সকল ভারতীয় নাটকই এক হৈত পূর্বরক্ষের হারা আরম্ভ হয়। একটি স্থোত্র (স্বর্গের প্রতি প্রস্তাবনা জাতীয়) এবং একটি প্রস্তাবনা যেখানে নাট্য নির্দেশক কয়েকজন অভিনেতাকে মঞ্চের ওপর ডেকে নিয়ে নাটকটি এবং নাট্যকার বিষয়ে আলোচনা করেন। নিশ্চয়ই, আমরা দ্রে সরে হাচ্ছিনা এই কথা ভেবে যে ট্রাজেডির এই হৈত বয়নরীভিতে নাটকের আকার গড়ে ওঠে—মানব এবং দেবতার নাটক এবং দেবতাদের নাটক মাহুষের সঙ্গে—এর ফলে কবির পক্ষে ফাউন্টের হিতীয় অংশ রচনার স্থােগা আগে। ভারতীয় নাটকের নায়কও মাঝে মাঝে কাল এবং মহাকাশের (Time and Space) বিচরণ করেছেন:

"আমাদের সকীর্ণ মঞ্চে পা ফাঁক করে তুমি দাঁড়াবে সমগ্র স্টের তুমি ফদল, দ্রে দ্রাস্তে মনের গতির মতো চতুর ও ফ্রন্ড তব গতিভঙ্গী। স্বর্গ থেকে সারা জগতে—আবার নেমে যাও গভীর নরকে।"

গ্যরটে কোনদিন ভাবেননি বে তাঁর কাছে যা পরিচিত সেই রক্মকে ফাউস্ট অভিনয় করা সম্ভব হবে। কিন্তু বারোক বা কিন্তুতকিমাকার বেখান থেকে তিনি আকিকের দিক থেকে ভাব গ্রহণ করেছেন প্রথম খণ্ডে, সেধানে ভারতীয় ধারার মডো কোনো অলীক মারা জাতীয় অলক্ষরণের প্রয়োজন নেই। কবি বেমনটি করনা করেছিলেন সেইভাবে বে সম্পূর্ণ কাউস্ট'-কে সম্প্রতি মাত্র মঞ্চে উপন্থাপিত করা হরেছে তা নিছক সৌসাদৃশ্য মাত্র নম্ব

প্রস্তাবনার অভিনেতার। নাটকের অভিনেতায় পরিবর্তিত হয়ে উন্মুক্ত মঞ্চে ভারতীয় প্রপদী অভিনয়ের ভঙ্গিতে উপস্থিত হন।

অভিনয় জগতের এই বৈপ্লবিক পরিবর্তনে এই প্রযোজনা একেবারে চূড়ান্ত রেথা টেনে দিলেন। এর হত্তপাত আমাদের মতে ১৯১ -- এ। দেই বছর আনেকজান্দার তাইরোফ তাঁর মস্কোপ্রে-হাউদ 'শকুস্তলা' নাটক নিয়ে স্থক করলেন। পূর্বে ডিনি প্যারিদ এবং লণ্ডন ম্যুজিয়মে অনেক কাল ব্যয় করেছেন। সেথানে ডিনি পোষাক পরিচ্ছদ, মুখোস এবং ভারতীয় নাটকের শিল্পগত রূপায়ন নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করে অনেক সময় ব্যয় করেছেন। औहारक मिनजा तन्डीय 'तन शिरयज्य डेन्सियम' भारितम अकानिज হয়। ১৯১০ থেকে ১৯২০-র মধ্যে ভারতীয় নাটকের অসংখ্য রূপাস্তর পাশ্চাত্যের মঞ্চে প্রদর্শন করেন। এর মধ্যে বিশেষ সাফল্যলাভ করে যে সব নাটক তার মধ্যে ফয়েখটভানগারের 'বসস্তদেনা'। বেসট তাঁর 'মান ইমট মান' নামক নাটকে শুধু যে ভারতীয় বিষয়বস্থ ব্যবহার করেছেন তা নয় একটি হাতি কিনে ঐতিহ্যগত ভারতীয় ব্যঙ্গ নাটক দেখিয়েছেন। আধুনিক ভারতীয় নাট্যকার বলবস্ত গার্গীর একটি গ্রন্থের নিবেদনী ভূমিকায় উদোধনী অংশে নিয়াংশ লক্ষ্য করে যা মনে হয়েছে তা আমার পক্ষে 'উত্তেজক' বলা ষায়—" ব্রোলোট ব্রেসটের স্মরণে। যার থিয়েটর স্থামাকে অধিকতর ও গভীরতর ভাবে ভারতীয় থিয়েটরের জনপ্রিয় ও क्षभमी मिक्टित विषया महिजन करत्रहा ।"

কিন্ত 'জার্মান শকুন্তলা'র ক্রমবিকাশের কথা আরেকবার জের টানা যাক, কারণ কালিদাদের সাহিত্য কর্মের জার্মান অন্থবাদ অক্ত দেশের সাহিত্য জগতের মধ্যেও সেতু রচনা করেছে। এমনকি ফর্টারও তার ভারতীয় নায়িকার জার্মান পরিচ্ছদভূষিত আকৃতির বিজয় মিছিল দেখে বিশ্বিত হয়েছিলেন। ১৭৯১-এর ১০ই ডিসেম্বর তারিখে তিনি সানম্পে হেরদেরকে জানালেন স্থার উইলিয়াম জোনস খ্ব সম্ভবত আরো কয়েকটি ভারতীয় গ্রন্থ অন্থবাদ করবেন যদি একবার তাঁর কানে যায় যে মুরোপে তাঁর শকুন্তলা কি সমাদার লাভ করেছে।

১৭৯২ এটাকে প্রতিবেশী নেদারল্যাণ্ডে শকুস্তলার অন্ত্রাদ ফরটারের সমগ্র

টাকাসহ প্রকাশিত হল। রাশিয়ান লেখক নিকোলাই মিথাইলোভিচ করমদিন ১৭৮৯ থেকে ১৭৯০ পর্যন্ত পশ্চিম যুরোপে থাকতেন, দেই সময় সীল্যরের পত্রিকা 'থালিয়া'তে করষীরের অফুবাদের কিছু অংশ বেনামীতে প্রকাশিত হয়। জার্মানীতে শকুস্তলা প্রকাশের সেই উত্তেজনাময় কালে তিনি সেথানে উপস্থিত ছিলেন। ফলে, করমদিনের 'মস্বোভন্ধী জার্নাল' (৬৯ থণ্ড, ১৭৯২)-এর পাঠকরা ফরষীরের সংক্ষিপ্ত সংস্করণের অংশ বিশেষ রুশ ভাষায় পড়তে পেলেন। সাহিত্য-প্রেমিক রাশিয়ানরা গ্যয়টের শকুস্তলা চতুপ্পদীর পরিচয়ও পেলেন। জার্মান (প্রথম রূপ) এবং রুশ উভন্ন ভাষাতেই তাঁরা এই কবিতার সক্ষে পরিচিত হলেন। ড্যানিশ এবং ক্ইডিশ সংস্করণ ছটিও পরিছারভাবে ফরষীরের প্রচণ্ড প্রভাবের পরিচায়ক। ফরাসী ভাষায় অনৃদিত কালিদাস থেকে স্পাইই বোঝা যায় যে তার আসল জনক—ফরষ্টারে। প্রকৃতপক্ষে, তার লেথক আঁতোয়ান ক্রগিয়ের, যিনি ১৮০৩ খ্রীষ্টাব্দে এই কাছটি সম্পন্ন করেন।

স্থাবার ক্রণিয়েরের ফরাসী অস্থবাদের ভিত্তিতে ডারমটাডটের লুইজি দোরিয়ার ইতালীয় রূপাস্তর করা হয়। তিনি তথন দেখানেই থাকতেন। ১৮৬১ গ্রীটান্দে পোলিস সাহিত্যের জগতে ভারতীয় নাটক আমদানি করা হল। তার ভূমিকায় ফরটারের প্রতি এক বিস্তারিত প্রশন্তি জ্ঞাপন করা হল এবং তাঁর সমগ্র টীকাগুলি এর মধ্যে গৃহীত হল।

আবার শক্তলা হরের অধিষ্ঠাত্তী দেবীকেও অহপ্রাণিত করে। ল্ডভিগ্ ফন বীঠোকেন ভারতবর্ধ সম্পর্কে অনেক চিস্তা করেছেন, এ ব্যাপারে তিনি বে ভিয়েনা প্রবাসী প্রাচ্যবিদ বোশেফ ফন হ্যামারপরগষ্টলের উপদেশ গ্রহণ করেছেন সে বিষয়ে সন্দেহ নেই। বীঠোফেনের জার্নালের ১৮১৫ খ্রীষ্টাব্দের লিখন থেকে আমরা জানতে পারি কি গভীরভাবে ফরষ্টারের শকনতলা এই স্কীভকারকে তাঁর নিজের জীবনের চিস্তাধারা মেলাতে সহায়তা করেছে।

অনেকগুলি ভারতীয় কবিতার দদীত রূপ আছে। তার মধ্যে যে রোমান্টিদিস্ট ভারতরঙ্গ ভাবাবেগপ্রবণ জার্মান আত্মাকে গ্রাদ করেছিল স্বত্বের পিয়াদী হয়ে তার পরিচয় পাওরা যার।

জে. ডরু. টমাসচেক (১৭৭৪-১৮৫০) খিনি জার্মান ও চেক সদীতের মধ্যস্থ বিশেষ তিনি শক্সলা ওপেরা নামক সদীত রচনা করেন। তথাপি তাঁর অস্তান্ত সাহিত্য কর্মের সাঞ্চল্য সত্তেও এবং তাঁর স্ত্রী উইলহেলমিন বিপরীত

ব্যাপারের জক্ত প্রাক্তন উপাধি এবার্ট) প্রাণপণ চেষ্টা করা সংস্থেও ট্যাস্চেক এই ওপেরা মঞ্চত্ব করেননি। উপস্থাসকার লিওপোল্ড স্থেফার (১৭৮৪-১৮৬২ ) আরেকটি শকুন্তলা ওপেরা রচনা করেন। ইনি বছদেশ পর্যটক প্রিক প্ৰসারের বন্ধ। এই কাজটি ঘারা তিনি একজন স্থরকার বা কমপোদার হিদাবে খ্যাতিলাভের আশা করেছিলেন। ফেলিক্স ভাইনগারটনার (১৮৬৩-১৯৪২ ) এই একই নামে একটি ওপেরা রচনা করেন। অপ্রিয়ান সাম্রাজ্যের পীয়ারেজ তালিকায় তাঁর নাম আছে এলডার ফন মূনংসবার্গ এই রূপে। ১৮৮৪ থ্রীষ্টাব্দে প্রথমবার যথন মঞ্চয় করা হল তথন লিদৎ শকুন্তলার প্রশংসা করেন। ফ্রানৎদ স্থাবার্ট-এর (১৭৯৭-১৮২৮) শকুস্কলা ওপেরার স্বরলিপি ত্রংথের বিষয় সংরক্ষিত করা নেই। অপরদিকে কার্ল ফন পেরফলের (১৮২৪-১৯০৭) ঐ একই নামের ওপেরা প্রাক-ভাগনারিয় রোমাটিক স্কুলের ভন্নীতে রচিত ওপেরাকে কিছতেই গুরুত্বপূর্ণ গ্রন্থ বলা যায় না। আরেকজন দঙ্গীত রচয়িতা স্থরকার দিগিদম্ও বাথরিশ ( ১৮৪১-১৯১৩ )-যাঁর রচনার মধ্যে মুক্তপক প্রাচীন ভিয়েনায় স্থর দোলা দেয়—একটি শকুম্বলা ব্যালে পরলিপি লিখেছেন। এই একই নামের এক প্রস্তাবনা ভিয়েনা ফিলহারমনিকে ১৮৬৫ গ্রীষ্টাব্দে ২৬শে ডিসেম্বর প্রথম অমুষ্টিত হয় এবং অচিরাৎ এক মহৎ সাহিত্য চরিত্রের বিশ্লেষণ হিনাবে স্বীকৃতি লাভ করে। লুডভিগ্ ফিলিপ স্থার-ভেনকা (১৮৪৭-১৯১৭) কৃত এক সমবেত হুরের গীতালেখ্য শুকুস্তলা অহুরূপ প্রশংসা ও জনপ্রিয়তা লাভ করে।

১৯৬৬-র ৬ই জুন তারিথে আমি 'শকুন্তলা আয়ণ্ড দি রোমাণ্টিক মৃতিমেণ্ট ইন যুরোপ' শীর্ষক এক বক্তৃতা দিয়েছিলাম বোম্বের ইন্দো-জার্মান কালচারাল সোসাইটিতে, উপলক্ষ্য ছিল জার্মান শকুন্তলার অন্থবাদ প্রকাশের ১৭৫তম দাম্বংসরিক তিথি। সেই সময় আমি যে নিম্নলিথিত প্রতাব করি তা ভারত ও জার্মানী উভয় দেশেই বিশেষ সমর্থন লাভ করে, এবং আমি আশা করি ভবিশ্বতে কোনো সময় তা পূর্ণ হবে:

উপরোক্ত কটি কথায় ফন গ্লাদেনাপ এই মহাযোগীর আবির্ভাবে ধর্ম-বহি ভূত ক্ষেত্রে কি প্রভাব বিস্তার করেছে তার বর্ণনা করেছেন Reden des Buddha (বুদ্ধের ভাষণ সমষ্টি) নামক গ্রন্থের ভূমিকাংশে।

তব্ একথা শুধু মাত্র বৃদ্ধের গ্রুপদী ধর্ম বিষয়ে যে সত্য তা নয়, নয়া-বৌদ্ধ দর্শন, কবিতা, বিশেষ করে গীতি কবিতাকে প্রভাবিত করেছে। ওটো কেয়ারের Pessimistisches Liederbuch (ছ:খবাদী গীতগ্রন্থ), ম্যাক্ষ সেলিং-এর Quellen pessimistischer Weltanschauung (ছ:খবাদী গরেলটানখ্উং-এর উৎস) এবং ফেরেউসের Stimmen des Weltwehs (পৃথিবী পরিত্যাগ বাসনা ভরা কণ্ঠন্থর) প্রমাণ হিসাবে ষথেই। একথা সভ্য যে এই সব গ্রন্থ তেমন ব্যাপকভাবে সর্বত্র পরিচিত নয় কিন্তু এর হারা আধুনিক লেখকদের উপর বৌদ্ধ প্রভাব যা বিপ্যাত কবিরাও অমুভব করেছেন তার প্রমাণ পাওয়া যায়। এই কারণে যথন ড্যানিস লেখক কার্ল জিলেরাপ Der Pilger Kamanita নামক উপস্থাস ১৯০৬ প্রীষ্টান্দে রচনা করেন তথন মনে হয় যে একজন বিশাসী বৌদ্ধ মতাবলম্বীর কণ্ঠন্মর আধুনিকের মুথে প্রভিধ্বনিত। একজন সম্পূর্ণ বিভিন্ন শ্রেণীর তীর্থধাত্রীর জীবনকথা আমাদের কাছে নিয়ে এনেছেন। জিলেরাপ জার্মান-বৌদ্ধ সাহিত্যের উন্বোধক হবার আশা রেথছিলেন। এই মনোভঙ্গী নিয়েই ভিনি 'কামানিভা'য় একটি মন্তব্যে বলেন ঃ

ষদি ডা: ই. কে. নিউমান, ষার গ্রন্থ ভিন্ন এই বইটি রচনা করা সম্ভব ছিল না, 'সভ্যের পথ' নামক তাঁর গ্রন্থের প্রতাবনা অংশে তের বছর পূর্বে না লিখতেন···কেবলমাত্র গত কয়েকটি দশক, মাত্র গত কয়েক বছরে বৃদ্ধ কে ছিলেন এবং আমাদের কি শিক্ষা দিয়েছেন সেই কথা জানতে পেরেছি । ষাই হোক বৌদ্ধ ধর্মের কাব্যাংশ. তাঁর অন্ত নিহিত সারবস্ত, আছে। আমাদের কাছে পাঁচ-ভাঁজ করা বন্ধ কেতাব মাত্র। একটির পর একটি শীল মোহর ভাঙতে হবে যদি আমরা তাব হদয়ের বাণী জানতে চাই তাহলে শীলভেঙে খুলতে হবে, পণ্ডিতরা তাঁদের দায়িত্ব পালন করার পর কবিরা এখন অগ্রসর হয়ে আয়্লন। তাঁদের কর্তব্য করুন পালি ভাষার তথ্যাবলী তাঁর প্রতীক্ষায় আছে। তথ্ তথনই বৃদ্ধের বাণী জীননলাভ করবে। এই দেশেও তাই হবে। আর জার্মানীতে জার্মানদের মধ্যে বিকশিত হবে। আমি আশাকরি আমার স্বপত্তিত এবং শ্রন্ধের বন্ধুগণ এবং হয়ত আরো অনেকে এই গ্রন্থের মধ্যে সেই ইচ্ছাপুরণের স্ত্রেপাত লক্ষ্য করবেন।

তবু জার্মান রচনায় বৌদ্ধ প্রভাব তার ও আগে পড়েছে। ১৮৬৯ খ্রীষ্টান্দে যে বছর ম্যাকস মৃালর বৌদ্ধর্যের প্রশন্তিতে রচিত একটি ভোত্র গান করে শক্তত্বের সম্মেলনের পরিধি প্রসারিত করেছিলেন। জে ভি. উইডমান তাঁর এপিক কবিতা 'বৃদ্ধ' রচনা করেন। এইভাবে বৌদ্ধ চিন্তা স্থকুমার সাহিত্যের বিষয় বস্তু হয়ে ওঠে। কিছু কিছু বৌদ্ধ-সাহিত্যের শিল্পণত মূল্য যা ক্রমে ফ্যাসনে পরিণত হয়—যে আলোচনাযোগ্য একথা স্বীকার্য। কিন্তু এর মধ্যে প্রতিফলিত হয়েছে এক প্রাচ্য দেশীয় সাধুর ঘনিষ্ঠ সংযোগ। ফাডিনাও ফন হর্নিষ্টাইন (নাটক: বৃদ্ধ, ১৮৯৮), ফ্রিংস মথ্নার (দৃত্যাবলী: Der letzte Tod des Buddha—বৃদ্দের শেষ মৃহ্যু, ১৯১২) এবং আলফনস ফন জিবুলকা (উপস্থান: Der Tod vor dem Buddha—বৃদ্ধের আগে মৃত্যু, ১৯৩৫) একটা ধারাবাহিকত্ব উচ্চ শ্রেণীর লেবকদের মধ্যে থেকে গেছে, যথা স্তেফান ৎসোয়াইখ্, হেরমান হেস ও টমাস মান—এ রা সকলেই তাঁদের জীবনের কোনো কোনো ক্ষেত্রে বৃদ্ধের দার্শনিক পরিবেশের ঘনিষ্ঠ সংযোগে এসেছিলেন।

টমাস মান বা তেফান ৎসোয়াইথের কাছে ভারতবর্গ আভাস্তরীণ অধ্যাত্ম

ভদী না হয়ে বরং একটা পশ্চাদপট মাত্র। সেই কারণে, তাঁদের সাহিত্য বিষয়ে এই গ্রন্থে পরে আলোচনা করা হবে। তথাপি হেরমান হেস প্রাচ্য দেশের সবে পাঞা লড়েছেন, ভারতীয় প্রজ্ঞা এবং চীনা মননশীলভার সকে অক্তর্য হয়েছেন।

এই পরিচ্ছেদের শিরোনামের কথাগুলি হেরমান হেস কর্তৃক তাঁর 'সিদ্ধার্থে'র আমার কপিতে লিখিত, আমি ১৯৫৫ খ্রীষ্টান্দে যখন সেই দেশে যাত্রা করি তিনি লিখেছেন আমার ভারতের যাত্রাপথের সাফল্য কামনা করে। ১৯৫৩ খ্রীষ্টান্দের সংস্করণের ১৬৭ পৃষ্ঠায় তার এই নিবেদনে একটি কথার পুনরাবৃত্তি ঘটেছে দেখা যাবে। হেসের 'সিদ্ধার্থ' বৃদ্ধের জগতের সারবস্তকে স্ক্র্মান্ট করে তুলেছে। এই উপক্রাসের 'নায়ক'কে সেই জগতে পাঠানো হয়েছে যেখানকার অক্রত্রিমতার বিষয় হল সম্পূর্ণতা। কারণ শেষ পর্যস্ক, এ এক পরিণত মানবের কর্ম, এই সেই স্বয়ং বৃদ্ধের সঙ্গে সংঘর্ষ যাকে সিদ্ধার্থ অন্থসরণ করতে অসমর্থ, কারণ নিজের অভ্যন্তরন্থ কি এক বস্তু তাকে বাধা দিচ্ছে। প্রকৃতপক্ষে, ঠিক এই বস্তুই সিদ্ধার্থকে একজন প্রকৃত বৌদ্ধ বলে প্রকাশিত করেছে। রুডলক পানউইৎদ এই গ্রন্থটির নিয়লিখিত ব্যাখ্যা করেছেন:

এই কাহিনী সিদ্ধার্থ যা দৈর্ঘে একটি উপস্থাসিকা বা নভেল জাতীয়, অতি স্পূরের দিকে মন টানে। এর মধ্যে একজন মান্থবের জীবন কথা বলা হয়েছে যিনি তাঁর সম্পূর্ণতা লাভে সচেষ্ট এবং তা লাভ করেছেন। সিদ্ধার্থ ভারতেরই একজন ভারতীয়। তিনি বৃদ্ধের সমসাময়িক। তিনি প্রাচীন পথে বিচরণ করেন। প্রতিটি পথে দাঁড়িয়ে পড়েন এবং তার পরিপূরণ করেন আর এক বিপরীত পথ স্থক হয়। তিনি একজন মুরোপীয়তে পরিণত হয়ে হেরাফ্লিডের ছন্দের স্বরে দৃঢ্ভা অবলম্বনে সচেষ্ট হন। সারবস্তুতে না হলেও ক্রিয়ায়; পরিস্থিতি অসুসারে তিনি কোনোরকম আইনগত নিয়ম মেনে চলবেন না অথবা পূর্ব নিণিত ভূমিকা যা শেষ পর্যন্ত তার অন্তর্লোকের সন্তাকে তুই করতে পারবে না। স্বতরাং তার জন্ত কোনো সমাধান নেই, মোক্ষ নেই যা তাকে স্বন্তি দিতে পারে, তাকে তার বিষয় নিষ্ঠ অহং-এর কবল থেকে মুক্ত করতে পারে। এই অবস্থা তাকে ধারাবাহিকভাবে কয়েকটি বিপরীত ধর্মী পর্বে নিয়ে গেছে এবং

এমন সময় আচরণে ব্রতী করেছে যা একতরফা নয় বরং নিছক ব্যক্তিগত—প্রতিটি এক পূর্ববর্তী পর্বের বর্গীভূত এবং প্রবর্তী এক সমাজে তার সামাজিক বিন্তার এবং তাঁর সংস্কৃতির অন্তভূকি। এর সঙ্গে তাল রেখে যে কোনো মতবাদ স্বীকার করতে চায় না তাকে নিজস্ব করতে না পারলে, নিজের রক্ত মাংসের মধ্যে—স্বর্থাৎ সে কিছুই স্বীকার করে নিতে পারে না। শুধুমাত্র বৃদ্ধের সঙ্গে যোগাযোগ হওয়ার ফলে একটা পরিবর্তন ঘটে, তব্প কোনো স্বাস্থ্যসমর্পণ নেই, কোনো ধর্মান্তর নেই।

বে উন্থানে বৃদ্ধ বিচরণ করেছেন তার রেলিং-এ মাঝে মাঝে থমকে দাঁড়িয়েছেন তাঁর নাম রেইনার মারিয়া রিলকে। তথাপি তিনি যদিও বৃদ্ধকে অফুসরণ করেন না. কিন্তু তিনি তাঁর চোথের গভীরতা, গরিমা এবং প্রসার দেখতে পেয়েছেন। ১৯০৬ খ্রীষ্টাব্দের তরা মে তারিখে ক্লারা রিলকের কাছে লিখিত এক পত্রের মধ্যে এই বাক্যগুলি আছে:

আর সেই ধর্বনি আমার সারা অঙ্গ ঘিরে আমার সমস্ত চিস্তা ডুবিয়ে দিল আর আমার সমস্ত রক্ত। এ ধেন ধ্বনির ঘারা গঠিত এক বৃদ্ধ। এত বৃহৎ, এত বিরাট, এত প্রকাণ্ড ধে তিনি তর্কাতীত —স্থতরাং এই ধ্বনির সীমা ধেখানে আর একবার নৈঃশব্দে পরিণত হল·····

যাই হোক রিলকে তাঁর কবিতায় ত্বার 'বনি দারা গঠিত' রূপান্তর করেছেন। ১৯২৫-এর শেষের দিকে তিনি মিউডনে বৃদ্ধের প্রথম তিনটি শুবক রচনা করেন। যাই হোক, এটা দ্রত্ব, স্থদ্রত্ব যা এথানে রিলকের দারা অস্থৃস্ত হয়েছে, এ দেই হোরেসিয় 'odi profanum':

আহা তিনিই সব! আমরা কি সত্যই তিনি আমাদের দেখবেন তাই প্রতিক্ষার আছি? তাঁর কি এর প্রয়োজন আছে? আর আমরা যদি তাঁর সামনে সম্ভাকে শুয়ে পড়ি তিনি একটি পশুর মত অন্ট্র সামিনে।

याहे (हाक, ১৯০৮-এর বসম্ভকালে রিলকে একটা ভির রকমের অভিক্রভা

লাভ করেন। প্যারিদে তাঁর কলম থেকে তৃটি লাইন প্রকাশিত হল। ত্রত্ব আর তাঁকে ভীত করেনা। তাঁর কবি-কলনা পূর্বের চিরস্তন নৈকট্যের মধ্যে মহৎ অভীক্ষা দেখতে পার। এ কি নিছক কবি-কলনা না এর মধ্যে বিজ্ঞাভিত আছে ভাবাবেগ ? (আমরা তা জানিনা): Buddha in der Glorie (মহিমাময় বৃদ্ধ) এই কবিতা অধ্যাত্ম গরিমা বিষয়ে নীৎসের ঘোষণা এবং বৌদ্ধর্মের সোনালি সুর্যান্ত অরণ করিয়ে দেয়:

সকল কেন্দ্রের কেন্দ্র, হৃদয়ের হৃদয়,

একটি বাদাম, তার খোলদের ভিতর স্থমিষ্ট—

এই বিশ্বজগং যা প্রতিটি তারকা পর্যন্ত প্রসারিত

দে তোমায় স্থাক শাঁষ: প্রণাম তোমায়।

সকল বন্ধন থেকে তৃমি মৃক্ত মনে করছ,

অনস্ত আজ তোমার খোলস,

তেজাময় বীর্ষ প্রচণ্ড বেগে প্রবাহিত,

আলোক রশ্মি বাইরে থেকে সাহায়্য করছে,

কারণ ওপরে, তোমার স্থারা ঘ্র্যমাণ,

পরিপূর্ণ, উচ্চ, আর উত্তাপে ভরা—

কিন্ধ তোমার ভিতর জীবন স্থক হয়েছে,

এই সব স্থাগুলি অভিক্রম করবে।

যুরোপে বৌদ্ধর্মের ফলাফল শুধুমাত্র সাহিত্য ও বিজ্ঞানে দেখা যাবে।

যুরোপের অধ্যাত্ম জীবনে বৌদ্ধর্ম একটি স্কলব ধ্বনি মাত্র।—'ধ্বনি দারা
গঠিত একটি বৃদ্ধ'। এর দ্বারা প্রেরণা জাগে, তথাপি কোনো বৃহৎ ধরণের
ধর্মীয় গোণ্ডীর অন্তিত্ব দেখা বায় নি। বৌদ্ধর্ম অভ্যন্তরে আদাত করে না
কিন্তু বহিরঙ্গকে অসাধারণের আকর্ষণ এনে দেয়। ভাবের আন্দোলনে এটা
প্রায় প্রীপ্তধর্ম থেকে সরে আসা একটি ভঙ্গীমাত্র। এই ভঙ্গী অগ্রাহ্ম করার
মনোভঙ্গী বা ভালোবাসার অথেষা থেকে উভুত। এই কালের বৌদ্ধর্মের
প্রভাবে পড়েছিলেন যে সব সাধারণ মাহ্ময় ও বাহিরাগত, তাঁদের মধ্যে একজন
হলেন সাইলেসিয়ার অধিবাসী লেডুইগ ষ্টোহর। ১৯২৮-এর একদিন তিনি
নিউমান সংস্করণ পাঁচথণ্ড মুখ্য পালি রচনাবলী সংগ্রন্থ করলেন এবং সোলডাউ
জেলার টপিনগেনের কাছে সহসা একজন বৌদ্ধ সন্ধ্যাসীর জীবন গ্রহণ করলেন।
বৌদ্ধর্মের সঙ্গে অধ্যাত্ম সংঘোগ স্থাপন করে অনেকেই নিজেদের মধ্যে অমূল্য

মূল্যবেধির সন্ধান পেরেছেন। অধ্যাত্ম সংলাপ তাঁলের মধ্যে অপরের মনোভঙ্গী বোঝার স্থাগ এনে দিয়েছে। আবার মাঝে মাঝে নিজেদের অস্তরের অধ্যাত্মন করের চাবিকাঠির সন্ধান দিয়েছে। এর থেকে ভারা পেয়েছে বোঝবার শক্তি, উদারভা এবং সহিষ্ণুতা। সকল সংগুণ একটা স্বাভাবিক অভ্যাসে Civitas Pacis—একটা শান্তির ও সহযোগীভার সামাজ্য, সকল জাভির মামুষ নিয়ে সকল ধর্ম, সকল মননশীল জগংকে নিয়ে ভবিহাং কালের সামাজ্য গড়ে ভোলা যাবে।

## জার্মান ভাষী জগতে ভারতভন্ত বিষয়ক চর্চার উদ্ভব ও ক্রমবিকাশ

ভারতের প্রাচীন সাংস্কৃতিক সম্পদ ধে বিরাট দেশ ধোজন কোটি দ্রে অবস্থিত, তমসাবৃত হয়ে দীর্ঘকাল পূর্বে লুগু হয়েছিল, আর একবার জার্মান পণ্ডিতদের প্রচেষ্টায় প্রকাশিত হয়ে উঠেছে। রাজা খামাকুমার ঠাকুর (জার্মানী-কাব্য)

নয়া বিজ্ঞানের পথিকং ও প্রবক্তা এফ. ফন স্থলগেল এবং স্ফলশীল প্রতিভা ফ্রানংস বোপ, জার্মান তুলনামূলক ভাষাতাত্ত্বিক পদ্ধতির উজ্জ্ঞল প্রতিষ্ঠাতা, ষেকব গ্রীম, আর একজন ঐতিহাসিক গবেষণা পদ্ধতির উজ্জ্ঞল প্রতিষ্ঠাতা, স্থগভীর চিস্তাবিদ্ উইলহেলম ফন হমবোলট, যিনি ভাষাতাত্ত্বিক জগতের দার্শনিক চিস্তার সঙ্গে নতুন পদ্ধতির সংযোগ সাধনে প্রয়াসী হয়েছিলেন, আগষ্ট ফ্রিডরীশ পট—সর্বপেক্ষা বিশ্বজনীন ভাষাতাত্ত্বিক যার দার্শনিক ও ঐতিহাসিক শিক্ষাপ্রাপ্ত মন যে কোনোরকম ভাষাতাত্ত্বিক সমস্যা অস্পষ্ট বা অভেল্য রাথেন নি—এরা সকলেই জার্মান মননশীলতার আকাশের উজ্জ্বলতম নক্ষত্র।

—থিওডোর বেনফি (জার্মানীর ভাষাতত্ত্ব ও প্রাচ্য-শব্দতত্ত্ব বিষয়ক ইতিহাদ)

১৯১২ খ্রীষ্টাব্দে লাইপজিগ শহরে প্রকাশিত 'জার্মান-কাব্য' নামক গ্রন্থে ভারতীয় পণ্ডিত রাজা খ্রামাক্মার ঠাকুর, যে লেখক শব্দতত্বের ক্ষেত্রে কাব্যিক ভারধারা আমদানি করেন তিনি জার্মান বিজ্ঞান ও জার্মান ইতিহাস বিষয়ে বিশেষ উৎসাহব্যঞ্জক প্রশন্তি জ্ঞাপন করেন। ভারততত্ত্ববিদ থিওডোর বেনফির (১৮০৯-১৮৮১) তুলনাযুলক ভাষাতত্ত্ব ও শব্দ বিষয়ে ও সংশ্বৃত সংক্রান্ত ক্ষেত্রে গবেষক জার্মান পথিকুংদের উচ্চ কাব্যিক প্রশংসা করেছেন তাঁর ভাষাতাত্ত্বিক ও শব্দতাত্ত্বিক ইতিহাস বিষয়ক এক ব্যাপক আলোচনার ভূমিকাংশে উৎসাহপূর্ণ প্রশন্তিদান করেছেন। বেনফির এই গ্রন্থ নব্য শব্দতাত্ত্বিক শৃশ্বনা, ভাবততত্ত্বের একটা বৈজ্ঞানিক ক্ষেত্রগত ক্রমবিকাশের বিস্তারিত ইতিহাস; উনবিংশ শতান্ধার জার্মান পাণ্ডিত্যের আন্তর্জাতিক স্বীকৃতির পক্ষে বিশেষ সহায়ক হয়েছে।

১৮০৩ খ্রীষ্টাব্দের ১৫ই মে ফরষ্টারের 'শকনতলা' প্রকাশের বার বছর পরে ফ্রিডরীশ স্থলেগেল প্যারিস থেকে তাঁর ভাই আগস্ট উইলহেলমকে লিখেছেন তাঁর প্রাচ্যবিদ্যা বিষয়ক পড়াশোনা বিষয়ে। সেই চিঠি থেকে আমরা জানতে পারি ফ্রিডরীশ স্থলেগেল একজন শংরাজ যুদ্ধ বন্দী, নৌ-বিভাগের অফিসার আলেকজান্দার ছামিলটনকে তাঁর সংস্কৃত শিক্ষার শিক্ষক নির্বাচিত করেছেন এবং পড়াশোনা ভালোভাবে অগ্রসর হচ্ছে:

অক্তদিকে আমি ভালোই করছি। কারণ, আমি অনেকটা শিখেছি। শুধু যে পারসিক ভাষায় আমার পড়াশোনা অগ্রসর হয়েছে তা নয়, অবশেষে আমার সংস্কৃত শিক্ষার লক্ষ্য পথে পৌছানো বিষয়ে নিশ্চিত হয়েছি। চার মাসের মধ্যে মূল ভাষায় পড়তে পারব এই বিষয়ে আমি নিশ্চিত। অবশ্য তথনও হয়ত আমাকে অহ্বাদের সঙ্গে মেলাতে হবে।

মনে হয়, নব্য-বিজ্ঞানের গভীর ও অক্লাস্ত পথিকৃত ও ভায়ের অস্তরে বিনি ভারতবিদ্যা বিষয়ে উৎসাহের আগুন প্রজ্ঞালিত করেছিলেন তিনি তাঁকে অধিকতর বিভারিত সংবাদ পরিবেশন করছেন।

ক্রিডরীশ ফন স্থলেগেল (১৭৭২-১৮২৯) ফ্রান্স ছাড়লেন, ক্লাসিকাল গ্রিসো-বোমান যুগের কাব্যধর্মী রোমাণ্টিক অন্থরাগ বোধ হয় শেষ হয়ে এল, কারণ, বৃহত্তর ভারতীয় জগত তথন তাঁর কাছে প্রগাঢ় আকর্ষণ রচনা করেছে। নব-নির্বাচিত কর্মক্রে আগ্রহের প্রমাণ হিসাবে ১৮০৮ গ্রীষ্টাব্দে তিনি Uber die Sprache und Weisheit der Inder (ভারতীয়দের ভাষা এবং প্রজ্ঞা প্রসঙ্গে) নামক গ্রন্থ রচনা করেন। একথা উল্লেখ করা প্রয়োজন যে করষ্টারের 'শক্নতলা' স্থলেগেলের গ্রন্থটি জার্মান ভারততত্ত্ব বিবরে প্রভাক্ষ প্রেরণা স্থাপনে সহায়ক হরেছে।

দার্শনিকভাবাপর চিস্তার ইতিমধ্যেই তুলনামূলক ইলিত থাকার বিশেষ করে বিশ্ববিকাশ বা ইমানেশন বিষয়ে ভারতীর জ্ঞান, এবং প্রকৃত শব্দতন্ত্বর ক্ষেত্রে অন্তর্মপ ক্রমবিকাশ ইত্যাদির জন্ম গ্রন্থটি বিশেষ ভাবে স্থলেগেলের ভাই আগস্ট উইলহেলমের প্রতি (১৭৬৭-১৮৪৫) স্বায়ী প্রভাব বিন্তার করে। বইটি পড়া শেষ হতেই তিনি নিজেই সংস্কৃত পড়তে স্কুল্ফ করলেন। ভাবতে বিশ্বর লাগে মননশীল ভারত বিষয়ে কোন বস্তু তুই ভাইকে এভাবে আরুই করেছিল। একথা কি সত্য হতে পারে যে তৃতীয় এক ভাই কার্ল আগস্ট স্থলেগেল (১৭৬১-১৭৮৯) হানোভারিয়-ব্রিটিশ গার্ডদ রেজিমেন্টের একজন অফিসার হিসাবে ভারতে গিয়েছিলেন এবং মান্রাজের নিকট তাঁর মৃত্যু হয়, সেটাই অক্সতম কারণ?

তব্ এর ওপর আরো গুরুভার হেতৃও থাকতে পারে। ১৮২১ গ্রীষ্টান্দে লিখিত হাইনরিথ হাইনের একটি চিঠি ঠিক দেই কালে জার্মান ভাষী অঞ্জলে অনেকে বা চিস্তা করছিলেন ভার সলে হর মিলিয়েছে অর্থাৎ এটা কত ভাগ্যের কথা বে জার্মানরা কলোনীর আকারে ভারতীয় অঞ্চলে কোনো ভৃথও উপহার পাননি। আর সেই কারণেই ভাদের সব লক্ষ্য পক্ষপাতমুক্ত হয়ে ভালোবাসার সক্ষে ভাদের সমগ্র দৃষ্টি ভারতের অধ্যাজ্মিক সম্পদের ওপর রাখতে পেরেছিলেন। হাইনে এই চিঠিথানি লিখেছিলেন, আগস্ট উইলহেলম স্থলেগেলকে, তাঁকে Sonettenkranz (সনেট মালিকা) নামক গ্রন্থটি উপহার পাঠান উপলক্ষে এই চিঠি:

সংস্কৃত শিক্ষার ব্যাপারে একমাত্র সময়ই বলবে এটা কতথানি সহায়ক হবে। বছরের পর বছর পোতৃগীজ, ডাচ ও ইংরেজরা বড় বড় জাহাজ বোঝাই করে ভারতবর্ধের রত্মরাজি নিয়ে আসছে, আমরা জার্মানরা শুধু তাকিয়ে আছি। তথাপি ভারতের অধ্যাত্মিক রত্মাজি থেকে আমরা বঞ্চিত থাকব না। স্থলেগেল, বোপ, হমবোলডট, ফ্রাক্ক ইত্যাদি আমাদের বর্তমান পূর্ব-ভারতীয় পর্যটক, বন এবং ম্যুনিক উত্তম বাণিজ্য কেন্দ্র হতে পারবে।

ক্রানৎস বোপ (১৭৯১-১০৬৭) সর্বপ্রথম আগস্ট উইলহেলম স্থলেগেলকে ভারতবিছার সঙ্গে পরিচিত করেন। শব্দতত্ত্বের পণ্ডিভেদের পক্ষে এটা অদৃষ্টের পরিহাস বলতে হবে বে 'শিক্ষকে'র পূর্বেই 'ছাত্র' অধ্যাপক হয়ে পেছেন। ১৮১৫ গ্রীষ্টাব্দের ৪ঠা ফেব্রুয়ারী ভারিথে আগস্ট উইলহেলম স্থলেগেল

জেনিভার গুইলাম ফারকে একটি চিঠি লেখেন, ইনি মাদাম স্তেল এবং লেখক উভরেরই বন্ধু ছিলেন। এই চিঠির মধ্যে আনন্দ-সংবাদ ছিল, আমি বাল্মীকির মধ্যে হোমারের সন্ধান পেয়েছি।

প্যারিদে ওঁদের যুক্ত পড়াশুনা ব্যতীত দ্থলেগেল ও বোণ এই ছুই ভারত বিষয়ে উৎসাহী বন্ধুর মধ্যে দৃষ্টিভদীর দিক থেকে বিশেষ পার্থক্য ছিল। দ্থলেগেল শব্দকোষ বাদ দিয়ে সাহিত্যের দিকটাই অধিক পছন্দ করতেন, অপরদিকে বোণ গোড়া থেকেই তুলনায়ূলক ভাষাতত্ত্ব বিষয়ে আগ্রহী।

১৮১৮ এটাবের 'বনে' জার্মানীতে ভারতীয় পঠন-পাঠন ব্যাপারে তিনি যে কি পরিমাণ আগ্রহ সঞ্চার করতে পেরেছিলেন তা তাঁর সংস্কৃত গ্রন্থাদি প্রকাশ এবং দেবনাগরী অক্ষর সংগ্রহ বিষয়ক প্রচেষ্টা সংক্রান্ত যে সব ভদ্র তথ্যাদি পাওয়া যায় তার মধ্যে দেখা যাবে।

> এ. ডব্লু. স্থলেগেল কর্তৃক প্রকাশিত পাঠ ইতিমধ্যেই হুপরিচিত। প্রথম প্রকাশিত হয়েছিল 'বন' সংস্করণ লাতিন অহুবাদ-সহ ভাগবদগীতা ১৮২৩ খ্রীষ্টাব্দে, (২য় সংক্ষরণ ১৮৪৬ খ্রীষ্টাব্দে লাসেন কর্তৃক হুত্রপাত করা হয়) এরপর প্রকাশিত হয় তার সংস্করণের রামায়ণ, এটি আটটি বিভিন্ন থণ্ডে প্রকাশের কথা, তার মধ্যে বন শহরে মাত্র একটি এবং আধধানা প্রকৃতপক্ষে প্রকাশ হয়—১৮২১ এবং ১৮০৮ খ্রীষ্টাব্দে। এই গ্রন্থের মধ্যে প্রথম ছটি কাণ্ড লাভিন षक्रवानमह विजीय थए, २० পर्यस्य चाहि। এর অবদরে नाम्मानत সহযোগে হিভোপদেশ (Institutio salutaris) অর্থাৎ মূল গ্রন্থ ১৮২৯ এবং Commentarius criticus সমালোচনা ও মন্তব্য ১৮৩১-এ প্রকাশিত হয়। যাই হোক Interpretatio latina যা গ্রন্থের মলাটের পাশে বিজ্ঞাপিত হয় দেই লাভিন মন্তব্য প্রকাশ হয়নি। সংস্কৃত গবেষণা বিষয়ে গ্রুপদী শব্দতত্ত্বে সমালোচনা পদ্ধতির পরিচয় খারা স্থলেগেলের ভূমিকা চিহ্নিত। এই সংস্করণের চমৎকার লাতিন অসুবাদ ভাজিল এবং হোরাদের রচনার সমতুল। এর এক সংযোজিত গুণ হল এই বে এতথারা মুরোপীয় ভূমিতে উলেখ্য সংস্কৃত গ্রন্থাদির চারা বসানো হল, পশ্চিমের পাঠকদের कार्छ এই গ্রন্থলি এভাবে সহজলভা হল। বোহৎলিংক এই সংস্করণগুলি থেকে প্রকৃতপক্ষে অনেকথানি অংশ তাঁর অভিধানে

উধৃত করেছেন; তিনি তাঁর ক্রেষ্টোমাথীতে স্থলেগেলের রামায়ণ থেকে একটি অংশ অস্তর্ভুক্ত করেছেন। বনে মুদ্রিত এই সব সংস্কৃত পাঠ তথনও যথেষ্ট ব্যয়বছল। রামায়ণ সংস্করণের মূল্য ফরাসী এবং জার্মান গ্রন্থ তালিকায় ৫০ ফ্রাঁ বা ১৪ থালের বলে উল্লেখ করা হয়েছে…

বোপের চিঠিপত্তে দেবনাগরী টাইপ কেনার ব্যাপারটি বারবার উলিখিত হয়েছে। যুরোপের যে প্রথম ব্যক্তি সংস্কৃত অকরের সংস্পর্শে এসেছিলেন তিনি লণ্ডনের উইলকিনস্ ১৮০৮ খ্রীষ্টাব্দে তাঁর ব্যাকরণে তিনি সর্বপ্রথম এই অক্ষর ব্যবহার করেন। এই অক্ষর-শুলি পুনরায় ১৮১০ খ্রীষ্টাব্দে লণ্ডন সংস্করণ 'হিতোপদেশ' এবং বোপের 'নালুস' মৃন্তণে ব্যবহৃত হয়। এ. ভব্লু. স্থলেগেল-এর পাঠ নতুন সংস্কৃত অক্ষর যা তিনি বনে কিনেছিলেন রয়্যাল প্রাসিয়ান গভর্গমেন্টের আমুক্ল্যে তাই দিয়ে মৃন্তিত হয়। তাদের উৎপাদনে তাঁর অংশ লঘু এক পাণ্ডলিপির শিরোনামে প্রকাশিত—Litterarum figuras ad elegantissimorum codicum Bibliothecae Regiae Parisiensis exemplaria delineavit, caelandas, feriundas, flandas curavit Aug. Guil. Schlegel…Lutetiae Parisiorum, ex officina Georgii Crapelet MDCCCXXI.

এ. ডব্লু. স্থলেগেল একজন জন্নান্ত পণ্ডিত তিনি উইলহেলম ফন হমবোলডট, সীল্যর ও গ্যয়টে, স্থেলিং, হোলডারলিন প্রভৃতির সঙ্গে আলাপ আলোচনা করেছেন ও মাদাম ছা স্তেলের তিনি বন্ধু ছিলেন। বার্ণাদোতের প্রাইভেট সেক্রেটারী বা একান্ত সচিব ছিসাবে তিনি আন্তর্জাতিক ব্যাপারে কিছু জ্ঞান লাভ করেন, তথাপি তিনি প্রথম এবং সর্বাগ্রে ছিলেন একজন শান্ত বৈজ্ঞানিক. বহু ঐভিহাসিক বিশ্বজনীনত্বের প্রমুখ বৈজ্ঞানিক।

Indische Bibliothek (ভারতীয় পাঠাগার) নামক তাঁর সংগ্রহে তিনি ভারতের সাংস্কৃতিক জীবনের বৈশিষ্ট বিষয়ক সমীক্ষা করেন এবং এতথারা এই গ্রন্থাবলীকে তাঁর নিজম স্কৃত্তির ধারায় আকার ও নির্দেশ দান করেন, তার নাম Über den gegenwärtigen Zustand der indischen Philologie (ভারতীয় শক্তত্বের আধুনিক রুপ)। এ. ডব্লু. স্থেলেগেল ভারততত্ত্বের নব আবিষ্কৃত কেত্রে একজন
মহামণীবীস্বরূপ। উইনভিদ্ধ প্রাগৈতিহাদিক ভারত সম্পর্কে তিনি কি ভাবে
বক্তৃতা করে বেড়িয়েছেন এবং ভবিশ্বং ভৌগলিকদের জন্ম তিনি নির্দেশ রেথা
নির্দিষ্ট করে গেছেন এবং পরবর্তীকালের প্রত্মতাত্ত্বিক সমীক্ষার অর্থে আরক
বিষয়ে কল্পনা করে গেছেন। উইনভিদ্ধ বলেছেন:

একজন শিক্ষাবিদ শিক্ষক এমন বিশ্বজনীন ভদীতে বলেছেন, এমন পদ্ধতিগত ভদীতে ভারতীয় প্রত্ন বিষয়ে বলেছেন বে তাঁর শ্রোতাদের চিত্তে তিনি একটা স্থদৃঢ় ছাপ রেখে দিয়েছেন। অতএব, ভারতীয় প্রত্ন বিষয়ক ক্রিশ্চিয়ান লাদেনের সমীক্ষাকে তাঁর শিক্ষক এ. ভব্ন. স্থলেগেলের আদর্শের সর্বোত্তম পরিপৃতি বলা যায়।

অগ্নিবতী দ্থলেগেলের পাশে দাঁড়িয়ে আছেন পণ্ডিত ফ্রানংস বোপ। তিনি ও পণ্ডিত ফ্রিডরীশ দ্থলেগেলের স্ববিখ্যাত গ্রন্থ দ্বারা অন্থপ্রাণিত হন। তিনি প্যারিসের প্রতি আরুই হয়ে গিছলেন। প্রথম প্রজন্মের জার্মান ভারত-তত্ত্ববিদগণের অভ্যতম (জার্মান মননশীল দৃশুপটে শক্স্কলার আবির্ভাবের পর), বোপ ১৮১৬ খ্রীষ্টাব্দে একটি গুরুত্বপূর্ণ গ্রন্থ প্রকাশ করেন। সংস্কৃত গবেষণা দ্বারা উৎসাহিত হয়ে ভারততত্ত্বের একটি নতুন শাখা অচিরাৎ গড়ে উঠল, তুলনামূলক ভাষাতত্ব। বোপের গ্রন্থটির নামটি স্বর্হৎ:

গ্রীক, লাতিন, পারসিয়ান, জারমানিক প্রভৃতি ভাষার দক্ষে তুলনামূলকভাবে সংস্কৃতের সংযোজক সমস্তা। রামায়ণ ও মহাভারত থেকে অভিরিক্ত পর্বসহ, মূল গ্রন্থ থেকে প্রকৃত ছল্মোবদ্ধ অন্থবাদ এবং বেদ থেকে কয়েকটি অংশ সংযুক্ত। পরিচায়ক মন্তব্য সহ কে. কে. উইনভিদ্থমান সম্পাদিত। ফ্রাক্কর্ট-অন-দি-মেইন, ১৮১৬।

এই গ্রন্থ অচিরাৎ প্রকাশিত হল। কারণ পণ্ডিতমহল অতি ক্রত নতুন ফ্রোগ সম্পর্কে অবহিত হলেন। বোপ মহান শব্দতাত্ত্বিকদের দলে প্রবেশ করলেন যদিও পথিরুৎ জগতের অসম্পূর্ণতা রয়ে গিছল। মূল গ্রন্থের মধ্যে ক্রেটি প্রবেশ করায় গ্রন্থটির সামান্ত অকহানি হয়।

১৮২১ গ্রীষ্টাব্দে আগস্ট উইলহেলম স্থলেগেলের বন-এ আহ্বান আসায়, বোপ জার্মানীতে বিভীয় সংস্কৃত অধ্যাপকের পদ গ্রহণ করলেন। ১৮১৮ গ্রীষ্টাব্দে বন যথন সংস্কৃত পঠন-পাঠনের কেন্দ্র হিসাবে বিশেষ খ্যাতিলাভ করেছে তথন তিনি লণ্ডনে গেলেন। তথনও তিনি লণ্ডনে, পরের বছর নেধান থেকে তাঁর প্রথম গুরুত্বপূর্ণ ভারততাত্ত্বিক গ্রন্থ প্রকাশ কঃলেন, এ গ্রন্থটি 'নলোপথ্যানে'র লাতিন অহবাদ। মহান মহাকাব্য মহাভারত থেকে এই কাহিনী গৃহীত, এই গ্রন্থের নাম Nalus, Carmen sanscritum e Mahabharato। বোপ অহ্বাদ প্রকাশ করতে লাগলেন এবং বিশ্লেষণী ভান্তদি লিখলেন ও ১৮২৭ খ্রীষ্টাব্দে একটি সংস্কৃত ব্যাকরণ রচনা করলেন। তাঁর ত্লনামূলক ব্যাকরণ ৮০০০ খ্রীষ্টাব্দের পর প্রকাশিত হয়, সেই বছরেই তিনি সংখ্যাগণিতের তুলনামূলক ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ প্রকাশ করেন। ফ্রানৎস বোপের প্রথম জীবনী রচনা করেন সলোমন লেফমান। নব্য শব্দভাত্ত্বিক পদ্ধতির গ্রন্থকার হিসাবে বোপ ভাষাতত্ত্বের ইতিহাদে প্রবেশ করলেন। তিনি তুলনামূলক ভাষাতত্ত্ব এবং ইন্দো-জার্মানিক পঠন-পাঠনের স্থপতি হিসাবে স্বীকৃতিলাভ করলেন।

অপারের ঘারা ব্যবহৃত হয়ে তাঁর পদ্ধতি গোঁড়া শব্দতাত্ত্বিক ক্ষেত্রের বাইরে থেকে অন্তত্ত্ব ছড়িয়ে পড়ল, দে সব জায়গায় অবশ্য সবক্ষেত্রে বৈজ্ঞানিক সঠিকত্ব প্রয়োগ করা হয়নি। জেমদ টড লিখিত রাজস্থানের অতীত কাহিনী এমনই এক দৃষ্টাস্ত, ১৮২৯ খ্রীষ্টাব্দে এর প্রথম খণ্ড প্রকাশিত হয়, দিতীয় খণ্ড প্রকাশিত इन्न ১৮৩২ औष्ट्रीरम । ঐতিহাসিক পরিচ্ছেদগুলির মহান তাৎপর্য আছে বটে, বোপের তুলনামূলক পদ্ধতি এথানে সামাজ্যগত, শব্দতাত্ত্বিক এবং ধর্মীয় ব্যাপারে মাঝে মাঝে বিস্তৃত হয়েছে সন্দেহজনক ভঙ্গীতে কারণ লেথক স্থাক্সন ভাষা এবং কিপচাকের সঙ্গে সংযোগ হুত্র পেয়েছেন স্থইডেন ও কাশগরের মধ্যে আবার বলেছেন বুদ্ধ এবং ওতন অভিন্ন ব্যক্তি। আজো যে এই জাতীয় অবৈজ্ঞানিক রীতি তুলনামূলক বিজ্ঞানের ক্ষেত্রে ব্যবহৃত হয় তা জি. জয়দেনার রচনায় প্রমাণিত, তিনি আবার 'ভারত থেকে উদ্ভত ভাকসনগণ' বলতে ভালবাদেন। সাকা-দেনায়ে বা সাকিয়া-সেনায়ে, মহাভারতের কুরু সম্প্রদায়ের দক্ষে জার্মান ও এ্যাংলো-স্থাক্সনদের দকে এক বলে ধরেছেন, তিনি আবার জার্মানী কুরু-মালিয়া পর্যন্ত বলতে ছাড়েননি। এই জ্বাতীয় কল্পনায় পক্ষীরাজ ঘোড়া উড়িয়ে দেওয়ার ফলে তুলনামূলক বিজ্ঞানের চেয়ে সমৃদ্ধ ধরণের অলৌকিকছকে মিশিয়ে দেওয়ার প্রবণতাই (एथा यात्र ।

আরেকজন গোড়ার দিকের ভারততত্ত্ত্তিদ হলেন ওথমার ফ্রাক্ত (১৭৭০-১৮৪০) ক্রততালে ভারত আবিস্থার করলেও শেষ পর্যস্ত একটা বৈজ্ঞানিক

বিচারে পৌছাতে সমর্থ হয়েছিলেন। ১৮০৮-এর ফ্রাক্সের ইরাণী-পারসিক নিদিষ্ট গ্রন্থটি হুরনবার্গ ও লাইপজিগে Das Licht vom Osten (প্রাচ্যানদেশের আলোক) নামে প্রকাশিত হয়, গ্রন্থটি নেপোলিয়ান বোনাপার্টিকে উৎসর্গীকৃত করা হয়, তিনি রাইনবনডের রক্ষাকর্তা এবং একালের সর্বশক্তিমান অবতার।

১৮২৩ খ্রীষ্টাব্দে ওথমার ফ্রাক্স উরংসবার্গে জার্মানীতে মৃদ্রিত প্রথম সংস্কৃত ব্যাকরণ প্রকাশ করেন। এর নাম ব্যাকরণম/শাস্ত্রচক্ষ্মগ্রামাটিকা/সংস্কৃতা, এই গ্রন্থটি ব্যাভেরিয়ার রাজাকে উৎসর্গ করা হয়। ব্যাভেরিয়ার উইটেলসবাধ রাজন্তবর্গ পরে শিল্পী এবং পণ্ডিতদের সমর্থন করতে ইচ্ছুক হন। দৃষ্টান্ত হিসাবে উল্লেখ্য বেনফি-র Geschichte der Sprachwissenschaft und der orientalischen Philologie in Deutschland (জার্মানীতে ভাষাতত্ত্ব প্রপ্রাচ্যদেশীয় শক্তত্বের ইতিহাস)।

ভারততত্ত্ববিদদের শ্রেণীতে আছেন অনেক খ্যাতনাম বৈজ্ঞানিক, যাদের রচনাবলীর উল্লেখে এক স্থারহৎ গ্রন্থপঞ্জী প্রস্তুত হয়ে বাবে। তাঁদের রচনাবলী গ্রন্থাকারে বা সামন্ত্রিক পত্তের প্রবন্ধ হিসাবে প্রকাশিত হয়েছে এবং আজে। প্রতিটি ছাত্র এবং ভারতীয় সংস্কৃতিতে আগ্রহশীল বন্ধদের কাছে তা স্থপরিচিত গ্যয়টের কল্পনার দিক থেকে সত্য, এই সব সাময়িক পত্রাবলী এক একটি প্রতিষ্ঠান বিশেষ। এইগুলি ভারতীয় পর্রধির অন্তর্গত অনেক গুরুত্বপূর্ণ সমস্তার পাণ্ডিত্যপূর্ণ দংলাপের মঞ্চের মত কাজ করেছে। স্থদীর্ঘ তালিকায় প্রথমতম হল এ. ডব্লু. স্থলেগেলের Indische Bibliothek (ভারতীয় পাঠাগার) ১৮২০ এটাব্দে প্রতিষ্ঠিত। এর উত্তরাধিকারী হিসাবে উল্লেখ্য Zietschrift für die Kunde des Morgenlandes (প্রাচ্যবিদ্যা বিষয়ক পত্রিকা) ১৮৩৭ (১৮৫০ খ্রীষ্টাব্দ পর্যস্ত এই পত্রিকা প্রকাশিত হয় এবং জি. এইচ. ই এয়ালডের উৎসাহে প্রকাশিত হয় )। Zeitschrift für Wissenschaft und Sparche (বিজ্ঞান এবং ভাষার পত্রিকা) ১৮৪৫ খুটান্দে প্রতিষ্ঠিত हम अतः Zeitschrift der Deutschen Morgenländischen Geesilschaft ( নার্যান ওরিয়েন্টাল দোদাইটির পত্তিকা ) ১৮৪৭ খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠিত হয় এবং আরু পর্যন্ত বিশ্বব্যাপী শ্রদা অর্জন করে আগচে এবং Indische Studien (ভারতীয় সমীকা) ১৮৫০-এ। এই ডালিকায় ১৮৫১ খ্রীষ্টাবে প্রকাশিত হয় Zeitschrift für vergleichende Sprachভারতবিতা বিষয়ে লেকচার দিয়েছেন, একটি নিয়মিত অধ্যাপক পদ স্থাপিত হয়েছে বিগত একশ বছর পূর্বে। থিওডোর বেনফি, ফ্রানৎস কীয়েলহোর্ন, হেরমান ওলডেনবার্গ, এমিল সীয়েগ, আর্নিষ্ট ওয়ালড্ আ্মিডট এবং হাইনৎস বেখার্ট প্রভৃতিরা হলেন যারা গোটিনগেনে তিব্বতী দলিল দ্ভাবেজ ও ভারতীয় মূল গ্রন্থ পরিবেশন করেন এবং ত্রফান কর্ত্ক স্বষ্ট সেণ্ট্রাল-এশিয়াটিক ইনভিয়ান নামক হেঁয়ালির সমাধানে সহায়তা করেন।

ম্যানিক বিশ্ববিভালয় অনেক গোড়ার দিকে ওথমার ফ্রাঙ্কের বক্ততা এবং ক্রিয়াকাণ্ডের জন্য প্রথাত ছিল। ১৮৬৮ খ্রীষ্টাব্দে মার্টিন হুয়াগের অধ্যাপনার কালে এখানে নিয়মিত ভাবে ভারতবিভা পঠনের একটা পদ প্রতিষ্ঠিত করা হয়। আরনষ্ট কুন, উইলহেলম গাইগার, হানাস ওয়েরটেল, ওয়ালটার উস্ট এবং হেলম্ট হফমান প্রভৃতি পণ্ডিতবর্গ তাঁদের গবেষণায় ভারততত্ত্বর প্রান্তিক বিষয়বস্তার আমদানি করেন, ধেমন সিংহলী পঠন-পাঠন অথবা তিকাতী-বন ধর্মের ভায়রচনা।

মারব্র্গ ইউনিভার্গিটি ১৮৬৯ খ্রীষ্টাব্দে তার ভারততত্ত্বের প্রথম অধ্যাপকের পদ স্থাপনা করেন, ম্যানিকের ঠিক এক বছর পরে। ফার্দিনান্দ উইলহেলম ক্ষেকর ভাঙ্টি, কার্ল ফ্রিডরীশ গেল্ডনার, হান্স ওরটেল এবং জেকব উইলহেলম হয়ের, যোহানেদ নোবেল এবং উইলহেলম রাউ প্রভৃতি সকলেই ভারততত্ত্বিদ্ এবং এঁরা সকলে মারব্র্গকে প্রখ্যাত করেছেন। বিশেষ করে বৌদ্ধ ধর্ম বিষয়ক পভাশোন। এবং গেল্ডনার ক্বত বেদ্চর্চার ব্যাপার এইথানে উল্লেখ করা প্রয়োজন।

পরিশেষে, হামবুর্গের অতি সাম্প্রতিককালে প্রতিষ্ঠিত ভারততত্ত্বের কেন্দ্রের কথা এই আলোচনার অস্তর্ভূক্ত করতে হয়, এইখানে স্টেন কোনোউ ১৯১৪ খ্রীষ্টান্য থেকে লেকচার দিয়েছেন। ভারতীয় গবেষণার আন্তর্জাতিক চরিত্রের পরিচয় তাঁর এই অধ্যাপনা ব্যাপারে পরিস্ফৃট। ক্রিশ্চিয়ান লাদেনের পর. কোনোউ জার্মান ভিত্তিক ভারততত্বের ক্ষেত্রে যাঁরা প্রশংসালাভ করেছেন তাঁদের মধ্যে দিতীয়। ওয়ালথার স্থউব্রিং এবং লুভভিগ এলসভূক এই ফুলন গবেষকের ভারতীয় গবেষণা ব্যাপারে হামবুর্গের আন্তর্জাতিক স্বীর্গতির ক্ষেত্রে বিশেষ অবদান আছে। অন্ততম খ্যাতনামা সংস্কৃত্ত জার্মান পশুত প্রফেসর আলড্রোক ভারততত্ব ও সাহিত্য-বিজ্ঞান বিষয়ক গবেষণা দ্বারা ভারত-জার্মান সম্পর্ক স্থপ্রতিষ্ঠ করেছেন।

যুদ্ধের পর অনেক জার্মান বিশ্ববিদ্যালয়ে ভারততত্ত্ব বিভাগ ছিল না। কিছ তার অর্থ এ নয় বে কীয়েল প্রভৃতি বিশ্ববিদ্যালয়ে বেখানে অধ্যাপক পল ডিউসেন অধ্যাপনা করতেন সেইসব জায়গা তাদের পূর্বতন গৌরবের অধিকারী হতে পারবে না। ইতিমধ্যে কীয়েলে ভারততত্ত্বের একটি অধ্যাপক পদ স্পষ্ট হয় এবং দেখা গেল বে পশ্চিম-জার্মানীর ভারতবিদ্যা সংক্রান্ত সমস্ত বিভাগগুলি বৃদ্ধি পেয়ে ৬ থেকে ১৩-তে উন্নীত হল। এই স্থত্তে হাইডেলবার্গের স্কর্দাসিয়েন ইন্ষ্টিটিউটকে (দক্ষিণ-এশিয়া ইনষ্টিটিউট) বিশ্বত হলে চলবে না।

এই গ্রন্থের পরিসরে ভারততাত্মিক গবেষণার একক ক্ষেত্রে শুধু মাত্র অমুদদ্ধান করা ছাড়া আর কিছু করা অসম্ভব। এমন কি উন্ডিদ্থের ভারতীয় ভাবধারার স্থপণ্ডিত ভাষ্মকারদের জীবন ও কর্মের অনম্রদাধারণ গ্রন্থের ৪৫২টি তথ্যপূর্ণ পৃষ্ঠায় ভারততত্ববিদ্ পণ্ডিতদের মধ্যে বাঁরা বিশেষ উল্লেখযোগ্য তাঁদের এবং তাঁদের গ্রন্থাদি সম্পর্কে পরিচয় দান করা হয়েছে। বিশ্ববিভালয়-গুলি সম্পর্কেও একথা প্রযোজ্য। ম্যুনষ্টার, হাল এবং জার্মান অঞ্চলের আরো অনেক বিশ্ববিত্যালয় এবং অবশ্র জুরিথ, ভিয়েনা ও বেদলে, গ্রাৎস, বের্ন, সালদংবর্গ, ইল্লদক্রক, প্রাগ, ফ্রাসবুর্গ, দোরপাট এবং আর যে সব অঞ্চলে বিস্তারিতভাবে জার্মান ভাষী সংস্কৃতজ্ঞ পণ্ডিতগণ গবেষণা করেছেন তাঁদের কথাও বিশেষভাবে উল্লেখযোগ্য। এমন এক সময় ছিল যখন জার্মান ভাষা-তাত্বিকরাই সাধারণভাবে এবং ভারততত্ববিদ্যা বিশেষভাবে বাকী সারা বিশের কাচে আদৰ্শনীয়। এই তথা আজো আদৰ্শ হওয়া উচিত। তৰুণ বয়সে গাবিষেল মোন্ড একদা হিপোলাইট টেইনেকে প্রশ্ন করেন যে জার্মানীতে তাঁর পড়াশোনা সম্পূর্ণ করা ঠিক হবে কিনা। ৩০শে আগস্ট, ১৮৬৪ তারিথে একটি পত্তে তিনি যে জবাব দেন পরবর্তীকালে তা বিশেষ খ্যাতিলাভ করে. অনু অনেক বিষয়ের দক্ষে জার্মান ভারততত্ব বিভা বিষয়টিকে প্রশস্তি জ্ঞাপন করা হয়েছে:

'La plupart des grandes e tudes historiques ont aujourd' hui leur centre et leur coeur en Allemagne. Cela est incontestable pour les e tudes sanscrites et persanes pour toute l'histoire et la philologie grecque et latine...

'উত্তম ঐতিহাসিক পঠন-পাঠনের কেন্দ্রহল হল ভার্মানীর অভ্যন্তরে।

সংস্কৃত এবং পারসিক পঠন-পাঠন ব্যাপারে, সমগ্র ইতিহাস, সমগ্র গ্রীক এবং লাতিন শস্তত্তবিষয়েও এই কথা প্রযোজ্য। ··

১৯৫০ এবং ১৯৫৪ থ্রীষ্টাব্দে ডা: ভি. রাঘবন, মান্রাঙ্গ বিশ্ববিষ্ঠালয়ের সংস্কৃত বিষয়ক অধ্যাপক অহাবধি অ-শ্রেণীভূক্ত সংস্কৃত গ্রন্থাদি আবিষ্কারের উদ্দেশ্যে যুরোপে আগমন করেন। হ্বছর পরে তিনি ভারততত্ত্ববিদ্ধা বিষয়ে একটি থতিয়ান প্রস্তুত করেন। তাঁর ভ্রমণের তালিকাভূক্ত দেশ জার্মান বিষয়ক পরিচ্ছদের ভূমিকাংশে তিনি যে একজন শাস্ত এবং চিস্তাশীল পণ্ডিত যাঁর কথা আমি প্রীতিভরে অরণ করি আমার ভারত ভ্রমণের পরিচয় হুত্রে, প্রায় তরজাগানের উচ্ছাপের ভঙ্গীতে তাঁর প্রসঙ্গে বলা যায়:

যদিচ পাশ্চান্ত্য জগতে সংস্কৃতকে আবিদ্ধার করার কৃতিত্ব ইংলণ্ডের এবং যদিও ফরাসী পথিকংদের পদতলে বসে বোপ এবং স্থলেগেলের মত প্রথমতম জার্মান সংস্কৃতবিদ শিক্ষা পেয়েছেন, জার্মানী সংস্কৃত শিক্ষা এমনই নিস্পৃহপ্রীতি ও উৎসাহভরে গ্রহণ করেছেন, যে কোনোরকম অত্যক্তি না কবে বলা যায় ভারতবর্ষের বাইবে সংস্কৃতের বিভীয় আশ্রয়ভূমি জার্মানী। যুদ্ধের পূর্বে জার্মান विश्वविष्ठानग्रश्चनिए टाष्मिष्ठ भूगीत्र अधाभक भन हिन, এই अवश এমনই বে ভারতবর্ধ সম্পর্কেও এমন কথা বলা যায় না; যুদ্ধের পববর্তীকালেও, দশটি পূর্ণাঙ্গ অধ্যাপক পদ রয়েছে এবং দিতীয় এবং তৃতীয় বর্গের আরো কয়েকটি সংস্কৃত বিভাগ আছে। ম্যাকৃদ্ মূলার ও ডিউসেন ভারতের প্রত্যাশা পুরণ করেছেন এবং সমগ্র মুরোপের বাছে 'বন' খেন এক বারাণদী। সংস্কৃত বিভাগে জার্মান অবদান সম্পর্কে বিবরণ দিতে হলে আধুনিককালে সংস্কৃত শিক্ষা বিষয়ক ইতিহাস রচনা করার প্রয়োজন হবে। ভারততত্ত্বিভা বিষয়ে আগ্রহী সমগ্র বিশের জন্ম এখানে উল্লেখ প্রয়োজন যে জার্মান সহযোগীরা এখনও যুদ্ধজনিত অজল মনন্তাত্তিক ও বস্তুগত অস্থবিধা দত্তেও এবং বিশেষ করে ধ্বংসপ্রাপ্ত পাঠাগারজনিত অস্থবিধা থাকলেও সংস্কৃত গৰেষণা বিষয়ে জার্মান ঐতিহ্য এবং মানামুসারে গবেষণা কর্ম করে চলেছেন।

প্রফেদার রাঘবন তাঁর এই রিপোর্টে কীয়েল সম্পর্কে বিস্তারিভভাবে বলেছেন দেখানে ভিউসেন ও সধ্রাদের, ওলডেনবার্গ ও ফ্রাউসের ঐতিহ্ আছে। অক্সুর আছে। রাববন ভ্রমণরত প্রফেসারবুল এবং স্নাতক বৃত্তিধারীদের কথাও উল্লেখ করেছেন। ও. সখ্রাদের যেমন একদা আদেরারে কিউরেটার ছিলেন, হামবুর্গের ভারততত্ত্বিদ লুড্ভিগ আলসড্রোফ এলাহাবাদে এক পগ্রিতের কাছে শিক্ষালাভ করেন। মূনস্টারের পল হাকারের অবৈতবিষয়ক পাঠের প্রতি ভারতীয় পাঠকদের কাছে পরিচিত করা হয়েছে। বনের হানস লথ তথন রামঅভ্যুদয় সংস্করণ প্রস্তুত করছিলেন। পল থীইমের পানিনি ও বেদ বিষয়ক গ্রন্থ, উরৎস্বার্গের কোহলের এবং মেয়ারহোদ্যারের এবং সেই সঙ্গের পূর্ব-বার্গিনের ওয়ালটার রুবেলকেও পরিচিত করা হয়েছে। এই শেষোক্ত ভারততত্ত্বিদ—ভারতীয় সংস্কৃত পণ্ডিত তাই লিখেছেন—'মার্ক্সীয় মানসিক রূপাস্তরের মধ্যে পরিবৃত্তিত হয়েছেন' অপর্বদিকে ৮০ বংসর বয়ন্ধ জেনার ক্ষে. হায়টেল পশ্চিম জার্মানীর নয়া পরিবেশে বিশেষ ক্লেলের মধ্যে আছেন।'

অষ্ট্রিয়াতে এই ভারতীয় পণ্ডিত হলংসথ, ফুরার, কপার্স, ফ্রাভালনার ও হাইনে-গেলডার্নের গ্রন্থাবলী সম্পর্কে অফ্লন্ধান করেন; প্রাণে তিনি মহান জার্মান ভারততাত্ত্বিক ভিনতারনিৎস-এর নাম শোনেন, সেই সঙ্গে শোনেন দেবরুরের, রোক এবং রেডার্ড প্রভৃতির নাম। ফ্রাসব্র্গের ভারততত্ত্বিদ আরনই লিউমান, তাঁর পুত্রের নামকরণ করেন মহু, তাঁর কক্যা হলে তার নামকরণ করা হত সীতা। এখন মহু লিউমানের নিজের মেয়ে এই নামের অধিকারিণী। ফ্রাসব্র্গ সংস্কৃত পণ্ডিতের পুত্র দীর্ঘকালধরে জুরিখ বিশ্ববিভালয়ে ভারততত্ত্বিছা বিষয়ে শিক্ষাদান করেছেন। ভারতের এই বিশেষজ্ঞ এই মত সমর্থন করেছেন যে নৈবর্তিকভাবে বিচার করলে দেখা যাবে যে ম্যাক্স ম্যুলারের উত্তরাধিকার জার্মানভাষী মননশীল পরিবেশে আজে। মর্যাদা মণ্ডিত হয়ে আছে। বেদ এবং বৈদিক জগং আজা জার্মানদের কাছে স্থাভীর অর্থস্থতক।

বেদ—এই কথার অর্থ জ্ঞান। পবিত্র জ্ঞান। বেদ হল ভারতের পবিত্র গ্রন্থ। ভারতীয় জনগণের অধ্যাত্ম অতীত বেদ বারা প্রতিফলিত। বিগত শতান্দীতে পাশ্চাত্যথণ্ডের পণ্ডিতগণও তার অম্বনিহিত মূল্য স্থীকার করেছেন।

বেদ প্রসক্ষে বলতে গেলে মুরোপীয় ও ভারতীয়গণের মনে প্রখ্যাত ভারত-ভত্তৃবিদ ম্যাক্স ম্যুলারের নাম মনে আদে। ইনি ভারত সম্পর্কে ইংরাজী ও আর্মান পঠন-পাঠনের ব্যাপারে শক্তিশালী আগ্রন্থ সঞ্চারের জন্ম দারী। কারণ, ভারতের পবিত্র গ্রন্থগোর অন্থাদের পরিপ্রমেই তিনি তাঁর কর্মজীবন উৎস্পীক্ত করেছেন। মূল গ্রন্থ থেকে নির্বাচিত অংশ সম্বলিত অক্যাক্ত সংস্করণ-ডাঃ ফ্রিডরাশ রোজেন ১৮৩৮ খ্রীষ্টাব্দে সম্পাদন করেছেন। তথাপি প্রাচ্য ও পাশ্চাত্য থণ্ডে ম্যাক্স ম্যুলারের অমুবাদ আজা স্বীকৃত গ্রন্থ।

জার্মান ভারতবিদ্যা বেদগবেষণার একটি বিশেষ শাখার উন্নয়ন করে যার ৰারা কয়েকটি মৌলিক গ্রন্থ প্রকাশ করা গিয়েছে, বিশেষত: উনবিংশ শতাকীর षिভীয়ার্বে। এই হুত্রে সর্বোপরি উল্লেখ করতে হবে হাইনরিখ জিমারের Altindisches Leben-die Kultur der vedischen Arier (প্রাচ্য ভারতীয় জীবন—বৈদিক আর্যদের সংস্কৃতি) এই গ্রন্থটি ভারততত্ত্ বিষয়ে একটি ধ্রুপদী গ্রন্থ হিসাবে শ্রেণীভুক্ত করা হয়েছে। ১৮৭০ খ্রীষ্টাব্দে বালিনে প্রকাশিত এই গ্রন্থটি ভারতীর প্রাচীন ইতিহাসের প্রতিটি দিকের এক বিস্তারিত সমীক্ষা। হেরমান ওলডেনবার্গ তাঁর গ্রন্থ Die Religion des Veda (বেদের ধর্ম) ষা ১৮১৪ খ্রীষ্টাব্দে স্ট্টগার্টে প্রকাশিত হয় তার মধ্যে বেদের যুগের ধর্মীয় অধ্যাত্ম জীবন বিষয়ে একটা নতুন আলোকপাত করেছেন। ১৮৯১ খুষ্টাব্দে আলফ্রেড হিলেবান্ডট তাঁর Vedische Mythologie ( বৈদিক পুরাণকথা ) ব্রেসলু-র সাইলেসিয়ান রাজধানীতে প্রকাশ স্থক করেন—এই গ্রন্থটি ১৯০২ খুষ্টাব্দে তিন খণ্ডে সম্প্রসারিত করা হর। ভারতীয় দেবদেবীগণের এ এক ধ্রুপদী কোষগ্রন্থ। হিলেবানডটের 'Mythologie'-র **ঘিডীর** সংস্করণ প্রকাশিত হয় ১৯২৭-১৯২৯ এর মধ্যে, ওলডেনবার্গ-এর প্রস্থার তার মধ্যে চারটি সংস্করণ হয়ে গেছে।

প্রথম মহাযুদ্ধের পরবর্তী কয়েক বছরের মধ্যে ভারতীয় ও বিশেষ করে বৈদিক পঠন-পাঠনের একটা নতুন আগ্রহ সঞ্চারিত হয়। প্রসন্ধতঃ— হিলেব্রান-ডটের Mythologie গ্রন্থটির একটি ক্ষুদ্র সংস্করণ ১৯১০ খুষ্টান্তে ব্রেসল্ডে প্রকাশিত হয়। জার্মান পাঠকদের এক বৃহত্তর গোর্টিগুলির মধ্যে এই বিষয়ের আকর্ষণবৃদ্ধি এই আরেক প্রমান। বেদ গ্রন্থের একটা ব্রন্ধবিভাগত বিশ্লেষণ হল কে. এফ. গেল্ডনারের গ্রন্থ 'Vedismus and Brahmanismus' ১৯০৮ প্রীর্টান্তে 'ত্রনিগেনে' প্রকাশিত হয়, এই বই বন্ধবিভাবিষয়ক ইতিহাসের একটি পাঠ্য প্রক। ১৯২৮ খ্রীষ্টান্তে এই গ্রন্থটির প্নঃমৃত্রণ হয়। বিংশ শতানীতে পি. টি. হফমানের গ্রন্থ Die Weisheit der Veda (বেদের জ্ঞানশিকা) ১৯২৫-এ ম্যুনিকে প্রকাশিত এই গ্রন্থে 'হিন্দু বাইবেলে'র অধ্যাত্ম সম্পদকে ব্যবহার করা হয়। জার্মানীতে মননশীল ভারতকে জনপ্রিয় করার যুলে এই

গ্রাছের গুরুত্বপূর্ণ অবদান আছে। এই কালটি জার্মানীতে রবীন্দ্রনাথ ঠাকুরের আগমনের পরবর্তীকাল—কবিকে সেইকালে ভারতীয় মননশীল জগতের মুখ্য প্রতিনিধি বলে গণ্য করা হত।

১৯০৫-এ প্রকাশিত হেরমান লোমেলের গ্রন্থ Die alten Arier—von Art und Adel ihrer Götter (প্রাচীন আর্বগণ—উাদের দেবগণের সারবন্ধ ও ভব্যতা) যা ফ্রাক্কর্ট-অন-দি-মেন থেকে প্রকাশিত হয় তার মধ্যে বৈদিক গবেষণার এই ঐতিহ্ন অব্যাহত রইল। এর অল্পকাল পরে একটি সমীক্ষা প্রকাশিত হল তার নাম—Der vedische Mensch—Studien zur Selbstauffassung des Inders im Rig und Atharva Veda (বৈদিক মাহ্য—অক ও অথর্ব বেদে ভারতীয়দের আত্যোপলন্ধি বিষয়ে সমীক্ষা, হাইভেলবার্গ ১৯০৮)। এই গ্রন্থের লেথক মহারাষ্ট্রের দাণ্ডেকার। তিনি দীর্ঘকাল জার্মানীতে থাকার ফলে স্থানীয়দের মতো অবাধে জার্মান বলতে এবং লিথতে পারতেন, তথাপি তিনি তার বিষয়বন্ধ ভারতীয় দৃষ্টিভঙ্গীতে উপন্থাপিত করেন। সমাক্ষতত্ব বিষয়ে একটা নতুন পথ প্রদর্শিত হয় উইলহেলম রাউ-এর গ্রন্থ Staat und Gesellschaft im alten Indien—nach den Brahmana Texten—(প্রাচীন ভারতে সমান্ধ ও রাষ্ট্র—বান্ধন্ত স্থাক্ষর্পরে) উইসবাডেনে ১৯৫৭ খুটান্ধে প্রকাশিত এই গ্রন্থে বৈদিক যুগের সামাজিক কার্ঠামো বিশ্লেষণ করা হয়েছে।

বেদের চারটি অধ্যায়ের মধ্যে প্রাচীনতম ও গুরুত্বপূর্ণ হল ঋথেদ বা প্রশন্তির মন্ত্র বিষয়ক জ্ঞান। প্রতিটি জাতির মধ্যে স্তোত্রের মাধ্যমে প্রকাশিত ভাষাতাত্মিক দলিলের মধ্যে শুধু মাত্র যা চমৎকার ও অতিশন্ন মহান তার প্রতিক্ষলন ঘটেছে তা নয়, যা প্রাচীনতম তা ব্যাখ্যাত হয়েছে নিয়মমাফিক ভলীতে। স্বতরাং ঋথেদ দেবগণের উদ্দেশ্যে রচিত ও যা ক্মহান তার প্রতিপ্রশন্তি, আর্থ-ইন্দো-জার্মানিক প্রাচীনতত্মের প্রতি মর্যাদামণ্ডিত ভাষায় রচিত দলিল। ভারতীয় সাহিত্যের এই প্রামাক্ত গ্রন্থের অক্ততম প্রকাশ হল এডলফ ক্রেরণী রুত ঋথেদের অন্থ্যাদ ১৮৭৮-৭০ খুটান্দে লাইপজিগে প্রকাশিত হয় এবং ১৮৮১ খুটান্দে প্রনাবার সম্পাদিত হয়। লাইপজিগেও ১৯২৮ খুটান্দে ওয়ালটার উদ্টি প্রথম বেদ প্রকাশের কাল এবং ভাষা বিষয়ে এক উৎসাহব্যঞ্জক সমীক্ষা রচনা করেন। এই গ্রন্থের নাম—Stilgeschichte und Chronologie des Rig Veda (ঋথেদের রচনা শৈলী এবং ধারাবাহিক্ত্বের ইতিহাস)।

আমানীতে ঋষেদের বছ সম্পূর্ণ অহ্বাদ পাওয়া যায় বিশেষেতঃ হেরমান গ্রাদমান (লাইপজিগ ১৮৭৬-৭৭) রচিত গ্রন্থ। এই গ্রন্থের তুটি থতে প্রাচীন ভারতীয় স্থোত্র রচনার সমগ্র সম্পাদের সন্ধান দান করা হয়েছে। ১-৭৬ থেকে ১৮০৮ প্রীষ্টান্দের মধ্যে এ. লুডভিগ প্রাণে ঋষেদের ছয় থতে সম্পূর্ণ এক অহ্বাদ প্রকাশ কবেন—এই শহর হল প্রথাত জার্মান চার্লদ বিশ্ববিচ্চালয়ের জক্ত গ্যাত। এই অহ্বাদ আজিক প্রেমিকদেব পক্ষে পড়া চলবে না। ভার্মানভারী পাঠককে মূল গ্রন্থের একটি নিটোল এবং নিখুত অহ্বাদ দেওয়া হয়েছে। ঋষেদের এক প্রশংসনীয় নির্বাচিত অংশ পরে আলফ্রেড হিলেআনডট (গোটিনগেন, ১৯১৩) কর্তৃক পরিবেশিত হয়। একটি পূর্ণাক্ষ এবং আক্ষরিক গত্যাহ্বাদ উত্তম টীকা সহ কে. এক. গেলডনার কর্তৃক রচিত হয়। ১৯২৩ গ্রীষ্টান্দে গোটিনগেনে প্রথম থক্ত প্রকাশিত হয় অথচ দ্বিতীয় থক্ত আটাশ বছর পরে কেমবিজে, মাসাচ্দেটস ও উইসবাডেনে একষোগে প্রকাশিত হয়।

বেদ গ্রন্থের অপর এক অংশ হল অথর্ব বেদ— এক্সজালিক প্রভাবের জ্ঞান ভাপ্তার। ১৮৯৭ গ্রীষ্টাব্দে গ্রিফিথ নামক একজন ইংরাজ বারাণদীতে সম্পূর্ণ বেদ প্রকাশ করেন। আমেরিকান হুট্নে ১৯০৫ গ্রীষ্টাব্দে তাঁর কেমব্রিজ, মাসাচুদেটদ সংস্করণ প্রকাশ করে তাঁকে অফুসরণ করেন। জার্মানভাষী অঞ্চলে অনির্বাচিত গ্রন্থাবলীর কিছু সংস্করণ পাওয়া যায়, তার মধ্যে উল্লেখ্য এ. লুডভিগ ও ফ্রিডরীশ ককার্ট। শেষোক্তজনের অপূর্ব অফ্বাদ প্রকাশিত হয় এইচ. ক্রেয়েনবার্গ কর্তৃক ১৯২৩ গ্রীষ্টাব্দে হানোভারে, ব্রাউবাথে বিতীয় সংস্করণ প্রকাশিত হয় ১৯৩৩ গ্রীষ্টাব্দে।

জুলিরাস গ্রীল অপর ব্যক্তি বিনি অথর্ববেদকে কাব্য ছন্দে একণটি ভোজে সম্পূর্ণ করে প্রকাশ করেন। ১৮৭৯ গ্রীষ্টাব্দে তাঁর গ্রন্থটি তুবিনগেনে প্রকাশিত হয় এবং ১৮৮৮-তে স্টুটগাট-এ পুনঃমৃত্তিত হয়। পরিশেবে, অথর্ব বেদের স্থবিস্থৃত পটস্থাকে হেরমান বেথ তাঁর Der Hymnus an die Erde (মাটি-প্রশন্তি) ১৯৪৪ গ্রীষ্টাব্দে জার্মান ভাষায় প্রকাশ করেন।

গোপন গ্রন্থ উপনিবদাবলীর মধ্যে সর্বেশ্চবাদী বিশাসের প্রুবোভ্য তথের প্রতি অন্তরাগ প্রদর্শন করা হরেছে—এক অতীক্সির জগতে আজসমর্পণ। এথানে জগংকে গল্পে এবং মাঝে মাঝে পল্পে বর্ণনা করা হরেছে। তব্ জার্মান বিজ্ঞানী এবং সংশরাজ্ঞাধিত সন্ধানের মন নিম্নে বারপ্রান্তে দণ্ডারমান। এবং উপনিবদ জিল্লাস্থর কাঁধের ওপর মাথা রেপে বৌত্তধর্মের স্থ্যমার আছের মণ্ডিত

উকি দেন। পল তানেন একটি দার্শনিক ব্রহ্মবিদ্যা বিষয়ক গ্রন্থ রচনা করেন, ভার নাম-Die Philosophie der Upanischaden und die Anfänge des Buddhismus ( উপনিষদের দর্শন এবং বৌদ্ধর্মের উৎপত্তি ) ১৯১৫ এটাকে গোটिনগেনে প্রকাশিত হয় এবং আট বছর পরে পুনংসম্পাদিত হয়ে প্রকাশিত হয়। ১৮৯৭ খ্রীষ্টাব্দে এই মহান ভারততত্ত্বিদ Sechzig Upanischaden (বাটটি উপনিষ্দাবলী) লাইপজিগে প্রকাশ করেন। তাঁর Die Geheimlehre des Veda (বেদের গোপনতত্ত্ব) লাইপদ্ধিগে ১৯০৭-এ প্রকাশিত হয়। এই গ্রন্থে আরেক উপনিষদ সঞ্চয়ন পরিবেশিত হয়। ১৯২১-এ এই গ্রন্থের ষষ্ঠ সংক্ষরণ প্রকাশিত হয়, উৎদাহী জার্মান পাঠকরুল বাটটি উপনিষদের ভতীয় সংস্করণ বা দেই বছরে প্রকাশিত হর তা বিশেষ সমাদরে গ্রহণ করেন। ১৯২১-এ খোহানেস হারটেল রচিত Die Weisheit der Upanischaden (উপনিষদের তত্ত্ব) ম্যুনিকে প্রকাশিত হয়। সেই যুদ্ধোতরকালের গোড়ার দিকে ভারতীয় সাংস্কৃতিক সম্পদের প্রতি জার্মান পাঠকদের স্থগভীর আগ্রহের এর চেয়ে অধিকতর উত্তম পরিচয় আর কি হতে পারে। এ কথা উল্লেখ-বোগ্য যে ক্লোতে এ. হিলেবানডট তাঁর গ্রন্থ Aus Brahmanas und Upanischaden, দেই বছরেই প্রকাশ করেন। এইচ. ফন. গ্লাদেনাপের অতি দাপ্রতিক এক সংস্করণের ভূমিকাংশ থেকে উধৃতি দেওয়া যাক যার মধ্যে লেথক ষে একজন অ-রোমাণ্টিক সাদা-সিধা কালের সম্ভান তা প্রমাণ করেছেন:

বিগত শতান্দীর প্রারম্ভে বা মধ্যভাগে বে-সব অতিকার মণীবী ভারতীয় ঋষি ও কবিদের গ্রন্থাবলী আবিদ্ধার করেছিলেন আমাদের এই কালে ভারতীয় পুরাতন সম্পদকে অন্ত ভন্নীতে বিচার করতে আগ্রহী। অতি কমসংখ্যক রাষ্ট্রনেতাই ভরু, ফন, হমেবোলডটের মনোভন্নীর অংশভাগী হবেন বিনি গেনৎসকে লিখিত এক পত্তে ভগবানকে ধন্তবাদ জানিয়েছিলেন যে ভাগবদগীতা পাঠ করার স্থযোগলাভের উপযুক্ত বয়স তিনি পেয়েছিলেন।

শক্সলা বিষয়ে গ্যয়টের গোহা অপেকাকৃত অল রোমানটিক যুগের সস্থানের কাছে কিঞ্চিৎ উচ্ছাসপ্রবণ মনে হবে। সপেন-হাওয়ার উপনিবদের মধ্যে যে শান্তি ও সান্ধনা পেরেছিলেন, ভার্মানীর অভ্যন্তরের কম সংখ্যক মাহুবকেই আজ তা রোমাঞ্চিত করবে, বাইরের তো কাউকেই নর।

আমরা এখন আর রোমাঞ্চের আবেগ অভিতৃত হইনা, মৌলিক আবিস্কারের উৎসাহে একটা অপ্রত্যাশিত সংস্কৃতির সন্ধান দূর প্রাচ্যে মানবিক প্রজার একটা পরিচয় পূর্বস্থরীরা পেয়েছিলেন। এখন অপেকাকত শাস্ত এবং দৃঢ় চিন্তার উত্তব ঘটেছে, তার ফলে আমাদের মনোভদীর ক্ষেত্রে একটা পরিবর্ত্তন ঘটেছে যা প্রাচ্যর প্রজ্ঞার উচ্চ মূল্য না দিয়ে বরং অল্ল মূল্য নির্বারণ করছে, এটা বিশেষজ্ঞের বিষয়বন্ধ বলে দে দিকেই পাঠানো হচ্চে। আমরা যদি বলি নাটক গ্রীক মনীযার সৃষ্টি এবং প্রাচীন কালের আর কোনো মামুষ এই জাতীয় কিছু সৃষ্টি করেন নি, তাহলে তার মধ্যে অজ্ঞতা বা অস্পট ধারণার পরিচয় পাওয়া যাবে; ভারতীয় মননশীলতা যে সমস্ত উচ্চাঙ্গের গ্রন্থাদি স্বাধীনভাবে রচনা করেছেন পেই দেশের লৌকিক নাটক থেকে তাঁদের খদেশের মাটির উপযুক্ত বন্ধ, পাশ্চাত্যের অমুরূপ স্টের সঙ্গে তার বিভিন্নতা থাকবে, মানবিক সমস্তার আভ্যস্তরীণ স্বীকৃতি বিষয়ে বে পার্থক্য থাকা সম্ভব দেই বিষয়ে অজ্ঞতা**খ্**থাকবে 'দারতীয় মহাকাব্য 'রামায়ণ', ভরতের বংশধরদের মধ্যে যুদ্ধ বিষয়ক গানের চেয়ে কিছু অভিরিক্ত, কিছু ভার মধ্যে নিবেলউনগেনলিয়েড এবং গুড়ফন বা ইলিয়াড ও অডিসির সমত্র কাব্যিক অমুভূতির ও স্ক্রনীলভার অভাব আছে বোঝা ষায়। মহাকাব্যের প্রকৃতি ও উৎপত্তি বিষয়ে যিনি কিছু অন্তর্দৃষ্টি লাভ করতে চান তাকে উৎসাহিত করতে এই গ্রন্থ বিফল হবে না। প্রাচীন দৃষ্টান্ত হিদাবে উপনিষদাবলীর এক অতুলনীয় মূল্য আছে---च. भठः वृत्कत त्याक्रनारख्य शूर्वकारनत त्रह्मा-- धत्र वास्य यानविक আত্মার উচ্চতম লক্ষা পৌছানোর প্রয়াস লক্ষ্য করা যায়। সেই সব গ্রন্থের মূল্য অক্স থাকবে—উৎসাহব্যঞ্জক বাহুল্য ও অভিশয়োক্তি বাদ দিয়েও তার মূল্য থাকবে।

পুনরার হিলেবানডটের গ্রন্থ Die schönsten Upanischaden—der Hauch des Ewigen—eine Auswahl aus den mystischen Texten (উপনিবদের সর্বোদ্তম—অনন্তের স্পর্শ—গুড়তত্ববাদী গ্রন্থ থেকে নির্বাচিত) >>৫১ গ্রীষ্টান্থে প্রকাশিত হয়। এই গ্রন্থ প্রাচীন ভারতের স্থগভীর ধর্মান্থরাগ এবং ধর্মীয় দর্শন বা এখনও পর্যন্ত ভার ধর্মবিশানে অবিচল।

প্রাচীন ভারত বেদান্ত দর্শনে বিজ্ঞতি এই শক্ষটির অর্থ বেদ। পুনরায় উপনিষদের মহান জার্মান অন্থাদক পল দেউদেন ১৮৮৩ গ্রীষ্টাব্দে লাইপিজিপে প্রকাশিত Das System des Vedanta (বেদান্তের পদ্ধতি) জার্মান পাঠক সমাজের হাতে তুলে দেন। দেউসেন ভারতীয় দার্শনিক পদ্ধতির প্রতি জার্মান বৈজ্ঞানিকদের দৃষ্টি আকর্ষণের জন্য বিশেষ কৃতিত্বের দাবী রাথেন। একথা বিশেষ উল্লেখ্য যে দেউসেন জার্মান সপেনহওয়ার সোসাইটি স্থাপনা করেন এবং একটি বিশেষণমূলক সপেনহাওয়ার সংস্করণ প্রকাশ করেন। এইভাবে তিনি সংপনহাওয়ারের হিন্দুর্ম সম্পর্কিত আত্মহারা মনোভঙ্গী এবং জগৎ সম্পর্কে প্রকৃত ভারতীয় দৃষ্টিভঙ্গীর মধ্যে মধ্যম্বের ভূমিকা গ্রহণ করেছেন। এ শুরু মননশীল দেওয়া-নেওয়া জনগণের মধ্যে সম্পর্ক স্থাপনে এক প্রমোৎকৃষ্ট বস্থা। দার্শনিকবা মনের সৌধ রচনা করেছেন বিদেশী জগতের মধ্যে নিজেদের মনকে তৃবিয়ে দিয়ে, তবু অন্থবাদক আর টীকাকারগণই তাঁদের হাতিয়ার জ্গিয়েছেন। তাঁরা ভিত্তি রচনা করেছেন যা ভারত থেকে মননশীল শ্রোত প্রবাহিত করা সম্ভব করেছে—

নয়া-প্রেটনিক দার্শনিকবৃন্দ ও আলেকজান্ত্রিণ ক্রিশ্চানগণের
মরমী ব্রহ্মবাদী (মিষ্টিক থিওসফিষ্ট) লগোস নীতি, একহাট ও
টউলের নামক ক্রিশ্চান মরমী সাধুদের বাণী এবং পরিশেষে, উনবিংশ
শতান্দীর মহান জার্মান মরমী মনীধী সপেনহাওয়ার প্রসঙ্গে একথা
প্রযোজা।

জার্মান পাণ্ডিত্যপূর্ণ আগ্রহ বিষয়ে আরেক আলোকপাত হয়েছে পুরাণ বিষয়ে, বিশ্বজগতকে ভারতের পরমোত্তম উপহারের মধ্যে তা উল্লেখনীয়।

পুরাণ কথাটির অর্থ পুরাতন। ভারতীয় প্রাচীন আখ্যান যা পৃথিবীর শৈশব থেকে এসে পৌছেছে তার সংজ্ঞা হল পুরাণ। পুরাণ কথাটির সংজ্ঞা নির্ণয় করতে গিয়ে প্রাচীন সংস্কৃত কোষ রচয়িতা অমর সিং 'পঞ্চলকণ' সমর্থিত হতে দেখেছেন। বৈশিষ্ট্যের এই পাঁচটি চিহ্ন (যা তাদের পরিচয়) হল একটি প্রকৃত প্রাচীন কাহিনী উপজীব্য হবে পৃথিবী স্বষ্ট, বিষয়ক কথা থাকবে, দেব-দেবীদের বংশ তালিকা থাকবে তার সব্দে থাকবে আদিম মাম্লবের ইতিহাস, 'মছর বিধান এবং মানবজাতির চতুদশ পুরুষের পরিচয় এবং সর্বশেষে কর্ম এবং চন্দ্র বংশীয় রাজাদের কথা। এই সংজ্ঞা স্পষ্টভাবে বোঝায় বে পুরাণের লক্ষ্য হল মানব স্বাষ্ট্রর উবালয়। বথন পর্বস্থ দেবগণ যে মাছ্যকে পৃথিবী বাসের বোগ্য করেছিলেন দেই মাছুষের দকে ,তাঁদের প্রভাক সংযোগ ছিল।

পুরাণের প্রথম অফ্বাদ জার্মান ভাষায় ১৭৯১ ঞ্ট্রীরেল জ্রিথে প্রকাশিত হয়। প্রায়ই জার্মান শহরগুলিতে এই গ্রন্থগিলর পুন্ম্রণ ঘটেছে, অনেকের মতে এই গ্রন্থটি ভাগবদগীতার সমতুলা।

পুরাণের অক্সতম শ্রেষ্ঠ অস্কুবাদের জক্ত আমরা হাইনরিথ জীমারের কাছে ঋণী, তাঁর গ্রন্থ Der indische Mythos (ভারতীয় পুরাণকথা) ১৯৩৬ ব্রীষ্টাব্দে ক্রিথে বিতীয় সংস্করণ প্রকাশিত হয়। ১৯৫২ খ্রীষ্টাব্দে জ্রিথে বিতীয় সংস্করণ প্রকাশিত হয় যা স্ইজারল্যাণ্ডের সীমানা পার হয়ে ভারতীয় সংস্কৃতির প্রসারে সহায়ক হয়েছে।

জার্মানভাষী কবিগণ কয়েকটি পৌরাণিক উপাখ্যানের সার্থক অমুবাদ করেছেন। এইথানে এ. এফ. ফন সখ্ আকের গ্রন্থের উল্লেখ প্রয়োজন, তাঁর গ্রন্থ Stimmen vom Ganges (গঙ্গানদীর কণ্ঠন্বর) ১৮৫৭ গ্রীষ্টান্দে বার্লিনে প্রকাশিত হয়। এই গ্রন্থটিতে সেই পুরাণের রত্থখনি থেকে গভীরভাবে রত্থ আহরণ করা হয়েছে। কুভি বছর পরে হামবুর্গে এই গ্রন্থের বিতীয় সংস্করণ প্রকাশিত হয় এবং এর ফলে ভারত সংস্কৃতির ভাষ্মকার হিসাবে কবির খ্যাতি প্রচারিত হয়। সেই থেকে আজো গ্রন্থটি জার্মান ভারতবিভার ক্রেত্রে এক আদর্শ গ্রন্থ হিসাবে স্বীকৃত। ১৭৯২-এর অমুবাদ অবলম্বন করে ফ্রিডরীশ ক্রন্থার তুই থণ্ডে একটি কবিতার পুনর্গঠন করেন, লেথকের মৃত্যুর পর ৪৫ বছর পার হওয়ার আগে গ্রন্থটি কিন্ত প্রকাশিত হয়নি। এই গ্রন্থটিও অচিরাৎ জনপ্রিয়তা অর্জন করে, গ্রন্থটিতে যেভাবে দেব-দেবী ও ভারতের প্রথম যুগের বীর পুরুষদের বর্ণনা করা হয়েছে ভজ্জন্ত ধন্তবাদ দিতে হয়।

পুরাণের একটি খণ্ড হল বিষ্ণুপ্রাণ, এই গ্রন্থটি ভগবান বিষ্ণুকে সম্পূর্ণভাবে নিবেদিত। এই খণ্ডটি ১৯০৫ প্রীপ্তাবে ম্যানিকে এ. পল কর্ত্ক প্রকাশিত হয়। এই সংস্করণে তিনি নামকরণ করেন Krischnas Weltengang—ein indischer Mythos in zwanzig Andachten (অর্থাৎ ক্ষেত্র পৃথিবী পর্ব—কৃড়িটি ধ্যানের ভারতীয় পুরাণ কথা)। বিতীয় খণ্ডের শিরোনাম খেকেই এই পণ্ডিত বে কি গভীর জ্ঞানের অধিকারবংশ স্থান্তরতী দেশের রচনাক্ষ চর্চা করেছেন এবং কি স্গভীর লক্ষ্যণথ তিনি অস্থান্তরণ করেছেন।

পুরাণ ধর্মপরায়ণ মাহুষের ব্যক্তিগত অভিক্রতার প্রমাণ, এরই পাশাপাশি

সেই সাহিত্য বর্তমান যা প্রামাক্ত এবং সকলশ্রেণীর ভারতীরগণ কর্তৃক স্বীকৃত। এই সাহিত্যও জার্মান ভাষী পণ্ডিতগণ কর্তৃক গৃহীত হয় যাঁরা সেগুলি পাঠক সমাজে পরিবেশন করেছেন। এর নাম শাস্ত্র এবং জীবনের সকল গুরুকে বেইন করে গঠিত। পবিত্র রচনাদির পরিপ্রক এবং ভান্ত হিসাবে এইসব গ্রন্থ রচিত। সাহিত্যের এই বিভাগের বৈশিষ্ট্য বুঝাতে এবং রসম্বাদন করতে পাঠকের মোরিংদ ভিনভারনিংদের Geschichte der indischen Literatur (ভারতীয় সাহিত্যের ইতিহাস) পাঠ করা উচিত। এই গ্রন্থটিতে ভারতীয় সাহিত্য বিষয়ে এমন ব্যাখ্যা করা হয়েছে যার জন্ত এটি শুধু ইংরাজী নয় কয়েকটি ভারতীয় ভাষাতেও অন্দিত হয়েছে।

কৌটিল্যের অর্থশাস্ত্র জার্মান পাঠকদের কাছে মূলতঃ পরিচিত করা হয় যোহান বেকব মেয়ারের লাইপজিগে ১৯২৬-এ প্রকাশিত অফুবাদের মাধ্যমে। এই গ্রন্থের লেথক হিসাবে চন্দ্রগুপ্তের মন্ত্রী কৌটলোর নাম করা হয়। রাই চালনা এবং শাদন ব্যবস্থা বিষয়ক এই নির্দেশিকার মধ্যে প্রাচীন ভারতীয় সাংস্কৃতিক জীবনের চমকপ্রদ অন্তর্নৃষ্টির পরিচয় পাওয়া যায়। এই কারণে গ্রন্থটি জার্মান ভারততত্ত্বিদ্ এবং ঐতিহাসিকবৃন্দ কর্তৃক আকর গ্রন্থ হিপাবে প্রায়ই ব্যবহৃত হয়ে থাকে। অপেকাকৃত তাৎক্ষণিক প্রয়োজনীয়তা শৃক্ত উপজীব্য বিশিষ্ট গ্রন্থ নিয়েও যে যুরোপীয়গণ মাততে পারেন তার প্রমাণ নীল-বর্গ কৃত 'মাতঙ্গলীলা' নামক গ্রন্থের অহুবাদ। এই গ্রন্থটিতে ভারতীয় হন্তী বিষয়ক লোকগাথা স্থপরিচছন্ন কাব্যের মাধ্যমে পরিবেশন করা হয়েছে। Spiel um den Elefanten ( रुखी विषयक नांठक ) ১৯২৯-এ मुानित्क প্রকাশিত এই প্রস্তের মাধামে হাইনরিথ জীমার এই ধারার অন্তর্গত গ্রন্থাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন এবং দেই দক্ষে 'হন্তীর দীর্ঘজীবন বিষয়ে বেদ' নামে এক সমীকা প্রকাশ করেন। জীমারের বারা উৎসাহিত হয়ে এফ. এডগারটন পরে ইংরাজী ভাষীদের জক্ত লিখেছেন 'হিন্দুদের হন্তী বিষয়ক লোক গাপা' ( The Elephant Lore of the Hindus. )।

এই গোণ্ডীর অন্ত পৃক্ত হল মলনাগ বাংস্থায়নের কামস্ত্র। নৃজাতিতাত্ত্বিক, মনন্তান্ত্বিক এবং চিকিৎসক সকলের কাছেই এই গ্রন্থের সমান আকর্ষণ। এই গ্রন্থটি রিচার্ড স্থিটে ১৮৯৭ খ্রীষ্টাব্দে অন্ধীকৃত করা হয়। প্রবর্তী বংসরে খোহান বেকব মেরার একটি প্রাসন্ধিক বর্ণনা প্রকাশ করেন।

বহু সংখ্যক আমানভাষী পণ্ডিত কৰ্তৃক ভাগবদ্গীতাও গৃহীত হয়। এই

ক্ৰিডাই পেশাদারদের দৃষ্টি মহাকাব্য মহাভারতের প্রতি আরুষ্ট ক্রেছে। সেই গ্রন্থেরই এটি একটি অংশ বিশেষ।

মানুষ ধথন তার বাল্যজীবনকে পরিহার করে আদে—হড়ম্ড করে গিয়ে পড়ে বয়:দজিকালে, চলে যায় শতাকীর মহৎ কীতিমালায়, দেবতা এবং বীর-পুক্ষের কথায়, তথন তারা মহাকাব্যের সাহিত্যিক য়ুগে প্রবেশ করে। তারতবর্ষের সর্বশ্রেষ্ঠ মহাকাব্য মহাভারত, 'ভরতের বংশধরগণের সংগ্রাম সংগ্রাম বিষয়ক মহাকাব্য।' পৌরাণিক য়ুগের কবি ব্যাসদেব এই কাব্য-প্রস্থের লেখক হিদাবে পরিচিত এবং আজো ভারতে ধর্মগ্রন্থ যে শ্রদ্ধা সহকারে পঠিত হয় সেই শ্রদ্ধাভরে পাঠ করা হয়।

জার্মান ভারততত্ত্ববিদগণকে ধক্রবাদ, মহাভারত ও জার্মান পাঠক সমাজের দৃষ্টি আকর্ষণ করেছে অনেক পূর্বে। কয়েকজন সর্বোজম বৈজ্ঞানিক এই মহাকাব্যকে আশ্চর্য প্রাসন্ধিক ভাবমৃতিতে পুন:গঠনে সাফল্যলাভ করেছেন। এই জাতীয় গ্রন্থাবলীর অধিকতর পরিচিত হেরমান ওলভেনবার্গের Das Mahābhārata—seine Entstehung, sein Inhalt, seine Form (মহাভারত উৎপত্তি, বিষয়বস্ত ও আজিক) গ্রন্থটি ১৯২২ গ্রীষ্টান্দে গোটিনগেনে প্রকাশিত হয়। এই গবেষণার ক্ষেত্রে ওলভেনবার্গের পূর্বস্থাই হলেন হেরমান জ্যাকোবী। তাঁর Mahābhārata—Inhaltsangabe, Index, Concordanz (মহাভারত—স্কা, নির্ঘন্ট, নির্দশিকা: বন, ১৯০৩) গ্রন্থে এই মহাকাব্যের অফ্রন্স বিস্তারিত ভাষ্য ও তৎসহ প্রাচীন ভারতের জন-জীবনের নির্মৃত চিত্র প্রকাশ করেন।

জার্মান পণ্ডিতগণের মধ্যে যাঁর। সর্বপ্রথম মহাভারতের নির্বাচিত জংশাবলী জহুবাদ করেন তাঁদের মধ্যে এডলফ হোলৎসমানের নাম এথানে উল্লেখ করা প্রোজন। তিনি করেকথণ্ড Indische Sagen (ভারতীয় প্রাকাহিনী) কারলহুতে প্রকাশ করেন ১৮৪৫ গ্রীষ্টান্দ থেকে ১৮৪৭ গ্রীষ্টান্দের মধ্যে, এইভাবে জার্মান পাঠক সমাজকে ভারতীয় উদ্ভাবনী শক্তি ও করনার প্রদায়ত্ব বিবরে পরিচয় দান করেন। এই গ্রন্থের অন্তানিহিত গুণ এমনই প্রবল্প যে আজো ভার প্নম্প্রণের দাবী রাথে। ১৯২৩-২৪-এ ওয়ালটার পারৎসিগের একটি সঞ্চয়ন প্রকাশিত হয় ভার নাম Die wichtigsten Erzählungen des Mahabharata (মহাভারতের বিশেষ গুরুত্বপূর্ণ গল্লাবলী) 'ভরতের বংশধরগণের সংগ্রাম বিবরক মহাকাব্য' নামক রম্বধনির অহহীন ভাগ্রার

থেকে সংগৃহীত এই গল্পগুলি মুরোপের জনগণকে ভারতের মহাকাব্য সাহিত্যের বিষয়ে একটা আভ্যন্তরীণ দৃষ্টিপাতের স্থাবাগদান করেছে। পল দেউসেন মহাভারত থেকে শুধুমাত্র একটি গল্প সংগ্রহ করেছেন তা নয়, তাদের দার্শনিক ভঙ্গী অন্থারে শ্রেণীবদ্ধ করা হয় এবং তদন্থপারে অবয়ীকৃত করা হয়। ১৯০৬-এ লাইপজিগে আলোচ্য গ্রন্থটি প্রকাশিত হয় এবং ভার নাম Vier philosophische Texte des Mahābhārata (মহাভারতের চারটি দার্শনিক পাঠ।

ষাই হোক মহাভারতের রত্বাবলীর সর্বাধিক উজ্জ্বল মৃক্তা হল ভাগবদগীতা—'আশীর্বাদধন্তের গান'। অধ্যাত্ম বিত্যা সম্পর্কে মুরোপে ষা কিছু শিক্ষণীর,
ভারতীয় দার্শনিকদের মনোভঙ্গী এবং ভাবধারা এইথানে এমন ভাবার
প্রতিবিশ্বিত ষা ক্ষমর সহজ এবং বিশ্বাসধােগ্য। মহাভারতের এই অংশে
মাহুষের অন্তর্ভন্ম ও মনন্তাত্মিক গভীরতার সঙ্গে সমকালের সংঘাতের কাছে
মাহুষের প্রতিক্রিয়া যেভাবে লিখিত হয়েছে হাজার হাজার বছর আগের
মাহুষের রচনায় এই জাতীয় সার্থকতা কদাচিৎ প্রত্যাশা করা যায়।

ভাগবদগীতা ভিন্ন ভারতবর্ষ কি হত। দার্শনিক কবিতার বিফ্র অবতার
শীরুষ্ণ কিভাবে একজন সার্থির ছন্নবেশে পাণ্ডরাঙ্গপ্র অস্ক্রিকে তার
আত্মীয়বর্গ কুরুবংশীরদের বিরুদ্ধে পুদ্ধে প্রবৃত্ত করেছিসেন তার বর্ণনা আছে।
আত্মীয় ও বন্ধুগণের রক্তপাতের কাজে ব্রতী হতে রাজী না হয়ে বিদ্রোহী
হওয়ায় রুষ্ণ তাকে পালনে উদ্বুদ্ধ করেন। কানট-এর দার্শনিক নীতি ষেভাবে
আমাদের কর্তব্য কর্মে প্রবৃত্ত হতে নির্দেশ দেয় এই পবিত্র গ্রন্থও সেইভাবে
আমাদের উপদেশ দান করেছে। গাঙ্গের উপত্যকার শব্দপ্রয়োগের মধ্যে
আমরা 'ক্যাটেগরিক ইমপারেটিভ' (কান্টিয় দর্শনের হত্ত্র) প্রতিধ্বনিত দেখি।
উইলহেলম ফন হামবোলভট ভাগবদগীতাকে বলেছেন—'শুধুমাত্র পরমোভ্রম
বেষ তা নয়, আমাদের পরিচিত যে কোনো সাহিত্যে এই একমাত্র প্রকৃত
দার্শনিক কবিতা রচিত হয়েছে।'

গীতার অন্থবাদ আর্মানীতে এত বেশী হরেছে বে গ্রন্থটিকে 'একমাত্র' ভারতীয় গ্রন্থ বলে উল্লেখ করা হয়। গ্রন্থটির বহুমূল্য সংশ্বরণ আছে আবার পেপারব্যাক পকেট বৃক সংশ্বরণও পাওয়া যায়। অনেকের মধ্যে রিচার্ড গারবে (লাইপজিগ, ১৯০৫) পল দেউসেন (লাইপজিগ, ১৯১১) এবং লিওপোলড ফন স্থরোডার (জেনা, ১৯১২) এই গ্রন্থটি অন্থবাদ করেন।

একটিমাত্র দৃষ্টাস্ক হিসাবে বলা যায় বে এই শেবোক্ত গ্রন্থটির ডাসেলড্রকে ১৯৫৫ খ্রীষ্টাব্দে ব্রয়োদশতম প্নমৃত্রণ প্রকাশিত হয়েছে। ১৯৩৫ খ্রীষ্টাব্দে রুডলক ওটোর অফুবাদ স্টুটগাটে প্রকাশিত হয়। আরেকটি রবার্ট বকসবেরগার কত্বক অফ্লিত ও হেলম্থ ফন গ্রাসেনাপ কর্তৃক পরিমাজিত হয়ে ১৯৫৫ খ্রীষ্টাব্দে সেই শহর থেকেই রেক্লাম পাবলিশিং হাউসের বিখ্যাত পকেট বৃক্লিরিক্সে প্রকাশিত হয়। ১৯৬৪ খ্রীষ্টাব্দে রুডলফ ওটো কর্তৃক Die Urgestalt der Bhagavad Gita (ভাগবদগীতার মৌলিকরূপ) আরেকটি গ্রেছ ১৯৩৪-এ তৃবিনগেনে প্রকাশিত হয়। জার্মান ব্রন্থবিদ্যার ইতিহাসে গ্রেটি বিখ্যাত লেথকের প্রকৃত প্রতিনিধিস্থানীয় গ্রন্থ।

এইখানে ওয়েন্টফালিয়ার থিওডোর প্রিংমান (১৮৮০-১৯১৭) কর্তৃক অন্দিত ভাগবদগীতার উল্লেখ প্রয়োজন। সারাজীবন ধরে তত্ব জিজ্ঞান্থ এই প্রিংমান অবশেষে ওলড এবং নিউ টেসটামেণ্টের ঈশর ভজনা থেকে সরে এসে ভারতীয় দর্শনের দেব-দেবীদের ভজনায় ব্রতী হন। তিনি বিশাস করতেন— 'লক্ষ্য অনস্ত ঈশর, বিশ্বজগ্ধ ও আত্মা সব কিছুই এক, বিশ্বজনীন বস্ত বিশেষ আর সব পথ সেই দিকেই ধাবিত—' প্রিংমানের এক বন্ধু বলেছেন যে—'কোনো দিক থেকে হাভাবিক প্রবণতা ক্ষুর না করে এবং কিঞ্জিৎমাত্র ভারতীয় না বনে গিয়ে, বহিরক ভাবাবেগে চালিত সাহিত্যিক, হক্ষ প্রকৃতির মাহুষের ক্ষেত্রে বেমনটি ঘটে থাকে, সেই রূপান্তর সাধন না করে, তিনি ভাগবদগীতার অন্ত নিহিত বাণীর মর্মগ্রহণ করেছিলেন।'

প্রথম মহাযুদ্ হুরু হওরার সমর স্থিংমান গ্যয়টের 'ফাউন্ট' পকেটে নিয়ে রণক্ষেত্রে যান নি, তাঁর সঙ্গে ছিল 'ভাগবদগীতা'। যাই হোক, তাঁর জীবনাদর্শ যা ভারতীয় গ্রন্থাদির ঘারা আবিশ্বত কর্মের দর্শন থেকে তা নিশ্বত। এর মধ্যে শেব আশ্রয় যিনি গ্রহণ করেছেন তিনি ফাউষ্টিয় প্রভাবের সন্থান নন ভার উৎপত্তি ভারতীয় মননশীলতার।

কোন প্রকার কর্মকে হীন জ্ঞান করে সরে আসার নাম 'কর্ম'
নর। জীবনকে যথাযোগ্য ভাবে ধারণ করে বিত্তীর্ন পরিসরে যিনি
নীতি নির্দেশক নিদিষ্ট পথ রচনা করতে পারেন তথু তিনিই জানেন
কিভাবে কর্ম করণীর। বিমূর্ত দর্শনে নিবেদিত উৎসাহ যা সংসার
থেকে সরে আসা ধর্মে ব্যব্রিত হর তা যতকাল এইভাবে আহরিত
অধ্যাত্মশক্তি প্ররোগে উপযুক্ত ভাবে ব্যব্রিত হর তথম তা ব্যর্থ হর

না। তথাপি এখানে ধর্মপরারণ মাহুষকে যা পরম তাকে অতিক্রম করতে হবে। জীবনের মহান পরীকা হল জীবনের অভকার দিকের প্রলোভনের মূথে অবিচল থাকা। বিমূর্তন এবং অধ্যাত্মতান্ত্রিক প্রজ্ঞান ভিন্ন, ধ্যান এবং ধর্মভাব ভিন্ন কেউই ভার বহিজীবনের ষণোচিত অৰ্থ উপলব্ধি করতে পারবে না। এভাবে এ থেকে বিরহিত হওয়ার অর্থ বিশ্বন্ধগতের কেডাত্বন্ত পারিপ্রেক্ষিত থেকে বিচ্যুড হওয়া। বিখাসের প্রতি ভক্তিভাব এবং অরুভূতির যে গভীরতা মাহুষকে তার কর্মে প্রেরণা জোগায় এবং কর্মকে তার পরিপূর্ণ মূল্য-দান করে তার থেকে দুরে সরে আসা। বিরহিত হওয়া এক প্রকার আত্মনিয়ন্ত্রণ ব্যবস্থা। এই অবস্থালাভ করতে হলে স্থানীর্ঘ-কালের শিক্ষা প্রয়োজন। এ সেই শক্তি যার ঘারা উপযুক্ত সময়ে নিজের সমগ্র শক্তির প্রতি আলোকসম্পাত করা যায়। এইভাবে অতিশয় ভিন্নধর্মী পদ্ধতি এবং মুক্তির পথ ভাগবদগীতার মধ্যে নিহিত আছে। সত্যের শক্রর বিরুদ্ধে যুদ্ধ করার প্রয়োজনীয়তা এবং এই যুদ্ধের যারা যোদ্ধা তাঁদের দৈহিক সমর্থন দান করা ভাগবদগীতার উদ্দেশ্যে। এমনি আত্মোৎদর্গ করার ব্রাহ্মণ্য রীতি कीरानव नविशेष्ट त्य चाचा विनिधानत कन चामात्मव तम्हे निका দান করে। চরম আত্মোৎদর্গ অবশ্য রণক্ষেত্রে বীরের মত আত্ম-বলিদান করা। মুর্গের প্রবেশ পথ তাহলে সহক্রেই উন্মৃক্ত श्रय बारव ।

১৯১৭ খ্রীষ্টাব্দে প্রিংমান কর্তৃক এই ভূমিকা লিখিত হয়। সেই সময় তিনি সেনাদল থেকে ছুটি নিয়ে এসেছিলেন। সেই বছরের ১৬ই এপ্রিল 'সেমিন দ্য দামে' প্রিংমানের রণক্ষেত্রের সহকর্মী মাইন-থ্রোয়ার কোম্পানীর এই কম্যাণ্ডের জন্ত বীরোচিত কবর খনন করলেন। একজন সেনানীর শেষ শান্তিমর আপ্রয়ের উপর এই জাতীয় সমাধিলিপি তৃটি হননকারী হতভাগ্য বিশ্বযুদ্ধের পর বারা যুদ্ধযন্ত্রের হারা পিট হয়েছে সেই বর্তমান-কালের মাহ্যবদের কাছে ধথোচিত খনে না হতে পারে। কিছ ওরেস্টমালিয়ার এই স্থাবিলাসী মাহ্য যিনি ক্ষ নিদিষ্ট কর্মযোগের হারা অভিভূত হেরেছিলেন—যা কান্টের দর্শনের সঙ্গে এত ঘনিষ্ঠভাবে সম্পর্কিত, এই স্বাতীয় বাক্যাবলী আলো বাভবের প্রতিনিধিত্ব করে।

ভাগবদগীতা অসংখ্য প্রশ্ন তুলেছে—তার মধ্যে যা ঐকান্তিক তা হল এর প্রবণতা। সেই বিষয়ে একজন প্রখ্যাত ভারততত্বিদের বক্তব্য উধৃত করা যাক:

সাংখ্য ও বেদাস্ক এই ছুই বিভিন্ন মৌল তত্ত্বের সমন্বন্ধ একই কাব্যিক বিষয়বস্তার মধ্যে সমন্বন্ধ দাধন কি করে সম্ভব হল, কি ভাবে তাকে মিলিয়ে মিশিয়ে পাশাপাশি রেখে ব্যাখ্যান করা গেল? একটি কবিতা যার অন্ত নিহিত ভাবধারা ম্থ্যত ঈশ্ববাদী, যা মহান দেবতা কৃষ্ণ-বিষ্ণুর মহিমা কীর্তনে নিবেদিত তার বক্তব্য আহ্বদ করল স্পষ্টতঃ নিরীশ্ববাদী সাংখ্য দর্শন থেকে কি করে তা সম্ভাবলী জভিত কিছুতা সম্ধানহীন থাকবে না।

এই সমস্তা সমাধানের ভিত্তি রচন। হয়েছে প্রাচীন ভারতীয় দর্শনের উদ্দেশ্যমূলক আবিষ্কারে। মুরোপীয় ভারততত্ববিদ্গণ চমৎকার ফল লাভ করেছেন নিজেদের মধ্যে তা প্রয়োগ কবে, বিশেষ করে বিগত তিনটি দশকে তা সম্ভব হয়েছে। এই কর্মে বিশেষভাবে জার্মান পণ্ডিতগণের অংশ বেশী। সবার উপরে পল ডেউদেন ও রিচার্ড গারবে, উভয়ে এই বিভাগে পাণ্ডিত্যপূর্ণ অবদানের জন্ত স্বায়ী ক্রতিত্বের ক্ষ্রিফারী। বাই হোক, ভাগবদগীতার দার্শনিক বিষয় বস্তু বিষয়ে অধিকতর ভাবে যা প্রকাশ হল তা এল ভিন্ন অঞ্চল থেকে। বিচক্ষণ ও স্থপণ্ডিত বেহুইট গবেষক যোশেফ ডালমান ষিনি ছই স্থারহৎ ভারতীর মহাকাব্য এবং তার উৎপত্তি ও রচনা বিষয়ক অতিশয় কঠিন প্রশ্নের জবাব ক্লান্তিহীন উৎসাহ ও অসাধারণ শক্তি-মন্তার সঙ্গে সমাধান করার চেষ্টা করেছেন। হুত্তপাত হিসাবে ১৮৯৫ এটাব্দে ডালমান মহাকাব্য এবং আইনবিধি মহাভারতের ব্যাখ্যা করে এক জ্ঞানগর্ভ গ্রন্থ রচনা করেন। এই গ্রন্থটির পর অচিরাৎ প্রকাশিত হল পরের বছরই পরবর্তী গ্রন্থ, নির্বানতত্ত্ব বিষয়ে এক স্কুলর ভাবে লিখিত গ্রন্থ। বৌদ্ধর্মের প্রাণ্ইতিহাস বিষয়ক সমীকা হিসাবে বর্ণিড কিন্ধ প্রক্রডপক্ষে এর শিরোনামের ৰারা বা বোঝার ভার চেয়ে অনেক বেশী তথ্য পাওয়া বাবে h এই গ্রন্থে, লেখক গভীর অহস্কৃতির দক্ষে ভারতীয় দর্শনের প্রথমভয় ক্রমবিকাশ .বিষয়ে গবেষণা করেছেন। প্রায়শই ডিনি নতন

সিদ্ধান্তে উপনীত হয়েছেন এবং তার ভিত্তিতে তিনি ভার**ী**য় চিস্তার ক্রমবিকাশ এবং উৎপত্তি বিষয়ক পুনর্গঠনে প্রয়াদী হয়েছেন। তিনি দেখাবার চেষ্টা করেছেন যে নম্রভাবে যুক্তিবাদী নিত্রীশ্বরবাদী সাংখ্য দর্শন বা ভারতীয় মধ্যযুগীয় সংরক্ষিত পাঠ্য গ্রন্থের সঙ্গে ষা স্থপরিচিত হয়ত সেই দর্শনেরই সম্পূর্ণ ঈশরবাদী কোনো পূর্ব-মতকে অমুসরণ করেছে। তিনি দেখেছেন গোড়ার দিকের রূপটি মহাকাব্য মহাভারতে সংরক্ষিত হয়েছে এবং আরো বেশী পরিমাণে রক্ষিত হয়েছে তার বিখ্যাত দার্শনিক পর্ব আমাদের ভাগবদগীতায়…। বিশেষ করে ভাগবদগীতার তত্ত এবং প্রাসন্ধিক দার্শনিক অংশের মধ্যে গোড়ার দিকের এবং প্রকৃতপক্ষে সাংখ্য তত্ত্বের গোড়ার দিকের আরুতিতে স্বস্পষ্ট। প্রাচীন ভারতীয় দর্শনের অক্তম একজন প্রখ্যাত ছাত্র হেরমান জ্যাকোবী বর্তৃক এই মত ভদ্রভাবে প্রত্যাখ্যাত হয়েছে। দেখা যায় অক্সত্র এই তত্ত্ব অমুমোদিত না হয়ে অধিকাংশ কেত্রেই পরিত্যক্ত হয়েছে। দালমানের গ্রন্থটি ষদিও আকর্ষণীয় ভর্কীতে রচিত হয়েছে এবং তার মতবাদ বিশেষভাবে উদ্দীপক। অধিকাংশ গবেষক, यथा গারবে, জ্যাকোবী, পিস্থেল এবং অক্তাক্তগণ এই মতবাদ ধরে রইলেন যে ভাগবদ্গীতায় আমরা কিছুই নতুন ও মৌলিকভত্ত্বের সমুখীন হই না। অর্থাৎ মহাভারতের দার্শনিক পাঠ্য অংশের সংরক্ষিত রূপে বরং পরবর্তীকালে, বিভিন্ন মতবাদের সংস্পর্শে বা সংমিশ্রণ ঘটেছে, অর্থাৎ ভারতীয় দর্শনের ইতিহাসের অপেকা কত কম গুরুত্বপূর্ণ পাঠ্যবস্থ। এই দৃষ্টি-ভদীকে প্রকাশ ও সমর্থন করেছেন প্রাঞ্চলতা ও দৃঢ়তার সঙ্গে। এর মধ্যে প্রচুর বৈদ্যাও স্থগভীর পেশাগত জ্ঞানের পরিচয় পাওয়া ষায়। এর মধ্যে অনেক নতুন দিক প্রকাশিত এবং এই মতবাদকে তিনি যুক্তি গ্রাহ্ম পরিণতিতে নিয়ে গিয়েছেন। রিচার্ড গারবের ভাগবদ্গীতার অমুবাদ এবং তৎকর্তৃক দিখিত বিস্তারিত ও হৃদযুগ্রাহী ভূমিকার অনস্বীকার্য উৎকর্যতা অনেকাংশে দায়ী। मानमात्नत मन्पूर्व चछिरिक धायुक विनष्ठ ठानाक अफ़िरम अवः तमहे প্রক্রিয়ায় অগ্রাহ্ম করলেও ভবারা গারবের স্থম্পষ্ট অবদানের বৈশিষ্ট্যের মূল স্থর কোনো মতে কুর হয় না।…

এডলফ হোলৎসমান জুনিয়য়, ভাগবদগীতার মধ্যে যে প্রস্পার বিরোধীতা তার ব্যাখ্যা করার প্রস্থানে বলেছেন যে এই কবিতা তার মৌলিক আরুতিতে ছিল সম্পূর্ণভাবে অবৈতবাদী তবে নিশ্রমই দ্বরবাদের ধারায় পুনর্গঠিত হয়েছে। মহাকাব্যের দেবতপ্রাপ্ত নায়ক কৃষ্-বিফ্র্র প্রতি বিশেষভাবে প্রদা প্রদর্শনের জক্ত তা করা হয়ে থাকবে। রিচার্ড গায়বে কিন্তু অত্যন্ত বিপরীত মত পোষণ করেন। তিনি ক্যায়সক্তভাবে জোর দিয়ে বলেছেন যে কবিতাটির সাধারণ চরিত্র এর পরিকল্পনা এবং রূপায়ন প্রবলভাবে দ্বরবাদী…

মহাভারতের আর এক অংশে আছে নল-দময়ন্তীর কাহিনী, এক রাজা ও রানীর বুতান্ত, হোমারের পেনিলোপীয় ভদীতে দময়ন্তী তার স্বামীর প্রত্যাবর্তন প্রতীক্ষায় ছিলেন। এই কাহিনীর সর্বপ্রথম জার্মান অমুবাদ এল জে. জি. এল. কোদিগারটেন-এর রচনায়, তাঁর 'নল' ১৮২০ এটাবে জেনায় প্রকাশিত হয়। গায়টে তাঁর Noten und Abhandlungen zum besseren Verständnis des West-Östlichen Diwans ( পালাত্য-প্রাচ্য দিওয়ানের উত্তমতর বোঝাপড়ার জন্ম মস্তব্য এবং প্রবন্ধাবলী ) নামক গ্রন্থে কোসিগারটেন একজন সংবেদনশীল ও সহাদয় বন্ধু। ক্রিডরীশ রুকারট ১৮২৮ থ্রীষ্টাব্দে ফ্রাক্টর্ট-অন-মেইনে প্রকাশিত আরেকটি গ্রন্থে এই কাহিনী পুন:ব্যাখ্যাত হয়েছে। আর্নেষ্ট মেইনার ক্বত এক নতুন অমুবাদ ১৮৪৭ খ্রীষ্টাব্দে প্রথম প্রকাশিত হয়। এ. এফ. ফন. স্থাক তাঁর নিজম্ব অমুবাদ তাঁর Stimmen vom Ganges নামক গ্রন্থের অন্তর্ভুক্ত করেন। স্টুটগার্টের রেকলাম পাবলিসিং হাউস কর্তৃক ১৯২৫ গ্রীষ্টাব্দে একটি নতুন সংস্করণ প্রকাশিত इब्र, चानद्विश्वे एडरमनात्र धरे श्राह्मत चरुरामक। धरे श्राह्मत प्रतिनिष्ठाः एम তিনি ছন্দের যে বৈশিষ্ট্য প্রকাশ করেছেন তা গ্রীক ও লাতিন কবিতার ছাত্রদের পক্ষে বিশেষ কৌতৃহলের বস্তঃ

করেকটি গভ অংশ ব্যতীত মহাভারত ছন্দোবদ্ধরচনা; এর বে ছন্দ (রাজা) নল পর্বে (মহাকাব্যে) ব্যবস্ত হরেছে তার নাম ট্রফে। এর ভলী অস্থলারে আ। মাত্রার চতুস্পদ লাইনে এই কবিতা রচিত: ×××× — — — (প্রথম ও তৃতীর লাইন), এবং × ××× — — — (বিতীর ও চতুর্ধ লাইন),

স্মানাদের পরিচিত ভলীতে এই সাবৃত্তি করা হয় না, এ কবিতা স্বরেলামন্ত্রের ভলীতে উচ্চারিত হয়।

মহাভারতের আর এক অংশ সাবিত্রী উপাধ্যান. যার মধ্যে ভারতীয় নারীত্বের মহিমা উজ্জ্বল হয়ে উঠেছে, বে কাহিনীতে সাবিত্রী মৃত্যু দেবভার কাছ থেকে তার স্বামীকে ফিরিয়ে এনেছিলেন। এই কাহিনী জার্মান লেখক ক্রানৎস বোপ কর্তৃক প্রথম অন্দিত হয়। রেকলাম সংস্করণে ১৮৯৫ প্রীষ্টাব্বে এই গ্রন্থের এইচ. সি. কেলনার কর্তৃক গত্যে অন্দিত হয়।

এডলফ হোলংসমানও এই কাহিনী তাঁর Indischen Sagen (ভারতীয় গাথা) নামক গ্রন্থের অস্ত ভূক্ত করেছেন ১৮৪৫-৪৭ খ্রীষ্টান্দে এবং এই গ্রন্থটি ভিনতারনিংদ কর্তৃক ১৯২১-এ পুনরায় সম্পাদিত হয়ে প্রকাশিত হয়। এই স্থাশের সবচেয়ে সার্থক অন্থবাদ লোবেডানংস (১৮৬০) ও ফ্রীংসে (১৯১০) কৃত।

শুধু মহাভারত নয় বাল্মিকী কৃত রামায়ণ মহাকাব্যটি চলিশ হান্ধার দিপদীতে রচিত। এই কাহিনী রাম কর্তৃক তাঁর স্ত্রী সীতাকে উদ্ধার করার জন্ম যুদ্ধ করেন। রাক্ষদরান্ধ তাঁকে হরণ করেছিলেন, এই মহাকাব্য বিশেষজ্ঞ ও জার্মানীর সাধারণ পাঠক উভয়ের কাছে এক চিরস্কন আবেদন রেখেছে।

উপরিলিখিত ভারততত্ত্ববিদ এডলফ হোলংসমান কর্তৃক একটি সঞ্চয়ন গ্রন্থ ১৮৪১ গ্রীষ্টাব্দে কারলক্রতে প্রকাশিত হয়। ১৯২১ গ্রীষ্টাব্দ থেকে রামায়ণ ও মহাভারতের নির্বাচিত অংশকে ভারতীয় পুরাণকথার একত্তে গ্রথিত থণ্ডে প্রকাশ করা হয়। Das Ramayana—Geschichte und Inhalt (রামায়ণ —ইতিহাস ও স্ফা, বন, ১৮৯৩) নামক গ্রন্থে হেরমান জ্যাকোবী ভারতীয় গ্রন্থের এক বিশদ সমীক্ষা প্রকাশ করেন। পরের বছর আলেকজ্ঞানার বউষগারটনার ভারতের রাম-সাহিত্য বর্ণনা করেন। এই তুই গ্রন্থ পেশাদার মহলের বাইরে জার্মান পাঠকবর্গকে ভারতের অপর মহাকাব্যটির সঙ্গে পরিচিত হওয়ার স্থােগ করে দিয়েছে। জে. মিনরাড ক্বত রামায়ণ সংকলন যা ১৮৯৭ গ্রীরাব্দে স্যানিকে প্রকাশিত হয় তার মধ্যে একটি বিশেষ জংশের উৎক্রই জন্থনাদ পাওয়া বাবে। এই গ্রন্থ বিশেষভাবে জন্মবন্ধসী পাঠকের উদ্দেশে রচিত। আগস্ট উইলহেলম স্থলেগলের কলম থেকে রামায়ণের লাতিন জন্থবাদ এসেছে।

জার্মান ভারততত্ত্বিদ্পণ ভারতীয় মহাকাব্য ছটিকে ওধুমাত্র ভারতীয় শাহিত্য ইভিহাসের মূল্যবান দলিল বলে মনে করেন না। এই কাব্য ছটি বিশের ইতিহাসের বস্তু। এই কারণেই প্রাচীন ভারভের সাহিত্যিক ঐতিহ্ ব্যাপারে ভাষাতত্ত্বিদ্ ও ভারততাত্ত্বিক পণ্ডিতগণ ছাড়া ঐতিহাসিক ও ধর্মীর শার্শনিকর্ম, তুলনামূলক অন্ধবিভার ইতিহাসকার পণ্ডিতগণ এবং নৃতত্বিদ্গণ আবিভার কর্মে ব্রতী আছেন।

জার্মান ভারততাত্ত্বিকগণের ভারতের মহন্তম রত্ম সন্তার হল লিখিত শব্দের
মাধ্যমে মণ্ডিত রত্মাজি। শব্দতাত্ত্বিকগণের আগ্রহের গভীরতা অমুমান
করতে সচেই হওয়া উচিত, তাঁরা ব্যস্তভাবে শব্দার্থ সন্ধান করেছেন, উপমান
করেছেন, দুংগী সংকলন করেছেন এবং ভাষা দত্ত্বে ক্ষেত্রে অপ্রত্যাশিত নয়া
শৃষ্ধলাস্টি কবেছেন। থিওডারে বেনফী ভারতবর্ষে শব্দের প্রতি কি শ্রদা
প্রদর্শন করা হয় তার উল্লেখ করেছেন:

"ভারতীয় ধর্ম ধেমন প্রাকৃতিক প্রতিভাদের ভিত্তিতে প্রতিষ্ঠিত বাক্যের প্রতি শ্রন্ধা, সংস্কৃতে বচ (Nominativ Singularis, Vak, Latin vox: কর্তৃকারক একবচন সংস্কৃত: বাক্, লতিন ভক্ষ) প্রভৃতির শক্তিমান ধ্বনি থেকে উভিত, বজ্ঞ

বাচ ভিন্ন অনেক বেশীবার থেদে বাক্যের দেবীর কথার উল্লেখ আছে, তাঁর নাম সরস্বতী—'নদীর মধ্যে প্রতিভাময়ী'—দিধাহীন বাগ্মীতার দৌন্দর্য মৃত্যতিতে প্রবাহিত জিহ্বার অভঙ্গ সমতা থেকে উদ্ভত। .....'

জার্মানী যদি ভারততত্ত্বের আবাস গৃহ হয়ে থাকে তাহলে তার এই বৈশিষ্ট্যের কৃতিত্ব হল অক্লান্ত কর্মী বিজ্ঞানীদের এবং তাদের শ্রমে রচিত ব্যাকরণ ও অভিধানগুলির। এইসব বৈজ্ঞানিক গ্রন্থাবলীর রচয়িতাগণকে প্রায়ই সাধারণ সংকলক মনে করা হয়, যেন তাঁরা মন্তিক প্রয়োগ না করে একটা কথার ওপর কথা চাপিয়ে গেছেন। যাঁরা এইসব কর্মীদের এই ভক্ষীতে বিচার করেন তাঁরা নিশ্চয়ই যে শ্রম, অধ্যবসায় ও ইতিহাস, ধর্ম, শক্ষতত্ত্ব এবং রাজনৈত্তিক তথাবলী বিষয়ে হুগভীর জ্ঞানের প্রয়োজন এই ধরণের দৃঢ় ভিত্তিক ও হুললিত অভিধান রচনায় প্রয়োজন সেই বিষয়ে অক্স এই জাতীয় গ্রন্থাদি ওধু তালিকায় নথা নয়, এইগুলি অধিকতর গুক্তম্পূর্ণ সাংস্কৃতিক, ধর্মীয়, অর্থ নৈতিক ও রাজনৈতিক যুগের জীবন্ধ দলিল হিসাবে প্রযুক্ত হতে পারে। অভিধানাদি যথন এই দৃষ্টিভন্গীতে বিচার করা বায়, যে এই সব গ্রন্থের লেখকরন্দ, ব্যাকরণের লেখকদের মত বিশেষ

-ক্ষেত্রের গবেষকদের গবেষণাকর্মের অপরিহার হাডিরার হিসাবে বিবেচিড হবে।

ক্যাদক পরিহিত এ্যাংলিক্যান যাক্তব্যন্দ ষ্থা, রুথ, ৎসাইগেনবালগ প্রভৃতি গবেষকদের পিছে পিছে এসেছেন বপ-এর প্রজ্ঞাের গবেষকরুল। বোপ-ই সর্বপ্রথম বৈজ্ঞানিক ভঙ্গীতে যে সব অঞ্চলে জার্মানিক জনগণ বসবাস করেছেন দেখান থেকে দিন্ধু এবং গলা অধ্যাষিত ভূমি বেখানে উত্তর ভারতীয় জাতিগণ বদবাদ করেন তার নৃতাত্ত্বিক জ্ঞাতিত্ব দল্ধান করেছেন। তাঁর ৰচিত iiber das Conjugationssystem ছাড়াও একটি সংস্কৃত অভিধানের জন্ত বোপের কাছে ঋনী, এর নাম Glossarium Sanscritum. এবং এই গ্রন্থ ১৮২৮-১৮৩০ গ্রীষ্টাব্দে লাতিন ভাষায় বালিনে প্রকাশিত হয়। অতি সরল ভাবে সমন্ত ধাতু ও শব্দরণা দয়ে দেই সব শব্দকে গ্রীক, লাতিন, জার্মানিক, লিথুয়ানিয়ান, স্নাভনিক ও কেলটিক ভাষা গোষ্ঠার সঙ্গে তুলনা করেছেন। বোপের সর্বাপেকা গুরুত্বপূর্ণ গ্রন্থ হল ১৮৩৩ খ্রীষ্টান্দের তুলনামূলক ব্যাকরণ, দেই গ্রন্থটির নিম্নলিখিত নামে দ্বিতীয় ও তৃতীয় সংস্করণ প্রকাশিত হয় \*Vergleichende Grammatik des Sanskrit, Send, Armenischen, Griechischen, Lateinischen, Litauischen, Altslawischen. Gotischen und Deutschen (সংস্কৃত, জেনদ্, আর্মেনিয়ান. গ্রীক, লাতিন, লিথুয়ানিয়ান, প্রাচীন লাভনিক, গোথিক ও জারমান ভাষার তুলনামূলক ব্যাকরণ)। এইখানে এক নতুন বিজ্ঞানের উদ্ভব হয় যা গবেষক পণ্ডিতদের এক গুরুত্বপূর্ণ প্রতিবোগিতায় প্রবৃত্ত করেছে নতুন বিখকোষ জাতীয় অভিধান রচনায়, আমাদের এই কালেও দেই ধারা প্রবাহিত। অধু মৃষ্টিমের দৃষ্টান্ত এথানে উল্লেখ করা বাক। ১৮৫৫ থেকে ১৮৬৪ খ্রীষ্টাব্দের মধ্যে বন-শহরে আগস্ট জন ভূলার্স রচিত ছুই থণ্ডে সম্পূর্ণ লাতিন ভাষায় রচিত একটি পারসিক, লাতিন ধাতু প্রকরণ বিষয়ক অভিধান প্রকাশিত হয়, সংস্কৃত, জেন্দ. ও পাহলভী ভাষায় উৎক্রষ্ট শব্দাদি তুলনা হিসাবে এর অন্তর্ভূ জ করা হয়।

ইরানীয়-ইন্দো-এরিয়ান ভাষাগোষ্ঠীর ক্ষেত্রে উল্লেখযোগ্য গবেষণাগ্রন্থ হওয়া সন্ত্বেও এই গ্রন্থটি কখনও ভেমন জনপ্রিয়তা অর্জন করেনি। আগস্ট ফ্রিডরীশ পট পাচ থণ্ডে সম্পূর্ণ Wurzelwörterbuch der indogermanischen Sprachen (ইন্দো-জার্মানিক ভাষাগোষ্ঠীর ধাতু-প্রকরণগত অভিধান) গ্রন্থটি

त्वमरशा **এवः एएटिमानए** ১৮৫३ थ्यटक ১৮१७ खेहोस्वत मरश् क्षकानिज তাঁকে অহুসরণ করেন আগস্ট ফিক তাঁর Vergleichendes Wörterbuch der indogermanischen Sprachen ( हेस्सा-कार्यान ভাষাগোষ্ঠীর তুলনামূলক অভিধান ) গোটিনগেনে ১৮৯১ থেকে ১৯০৯ এর মধ্যে প্রকাশিত হয়। এলয়দ ওয়ালডে আরেকজন লেখক বিনি ইন্দো-জার্মানিক ভাষাগোষ্ঠীর তুলনামূলক অভিধান রচনা করেন। জুলিয়াদ পোকনি কর্তৃক পরিবতিত ও পরিমাজিত হয়ে এই গ্রন্থ প্রয়োজনীয় স্ফী সহ তুই খণ্ডে সম্পূর্ণ হয়ে বালিন ও লাইপজিগে ১৯২৭ থেকে ১৯৩২-এর মধ্যে প্রকাশিত হয়। পোকনি নিজেও লিখেছিলেন Indogermanisches etymologisches Worterbuch (ইন্দো-জার্মানিক ধাতু-প্রকরণগত অভিধান)। এই গ্রন্থ ১৯৪৮-এ প্রকাণিত হয়। হাইনরিখ কোপেলমান রচিত Die eurasische Sprachenfamilie: Indogermanisch, Koreanisch und Verwandtes ( ভाষা গোষ্ঠার ইউরেশিয়ান পরিবার: ইন্দো-ভার্মানিক, কোরিয়ান এবং সম্পৃত্তিত ক্ষেত্রাদি) হাইডেলবার্গে ১৯৩০ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। ভারতের ইন্দো-এরিয়ান বুলির অতিখ্যাত অভিধান হল ওটো ফন বোহটলিংক রচিত Sanskrit-Wörterbuch দেও পিটার্সবার্গের ইম্পিরিয়াল রাশিয়ান একাডেমি অব সায়ান্স কর্তক সাতটি থণ্ডে সম্পূর্ণ হয়ে প্রকাশিত হয়। বোহটলিংক-এর সহযোগী ছিলেন কডলক রোধ। প্রথম খণ্ডের ভূমিকায় এই তুই লেখক তাঁলের কর্মপদ্ধতি বিষয়ে উল্লেখ কবেছেন—

> এইভাবে আমরা শব্দতাত্তিকদের ঘারা প্রদর্শিত পথ অন্থসরণ করেছি: সোজা মূল গ্রন্থ থেকে শব্দে বা বিষয়বন্ধর মধ্যে যার ষোগ আছে সেই অর্থে আহরণ করেছি; এই পদ্ধতির পথ অতি শ্লথ এবং কট সাধ্য। ব্যাথ্যাকারী বা অন্থবাদক কেউই সেদিকে নেতৃত্ব গ্রহণ করেননি। স্থতরাং ব্যাথ্যাকার ও কোষগ্রন্থ রচনাকার এই উভয় ভূমিকাই আমাদের গ্রহণ করতে হয়েছে।

উনবিংশ শতাকীর মধ্যভাগে ইম্পিরিয়াল রাশিয়ার রাজধানী দেণ্ট পিটর্সবার্গ ভারতীয় পঠন-পাঠনের এক স্থবিখ্যাত কেন্দ্র ছিল। তার কারণ অসংখ্য জার্মান প্রাচ্যবিদগণকে দেইখানে গবেষণা কার্যের জক্ত আমন্ত্রণ করা হয়।

১৮৭১ থেকে ১৮০৯ এটাব্যের মধ্যে এঁদের অক্ততম ওটো ফন বোহটলিংক তার সংস্কৃত অভিধানের চার থতে সম্পূর্ণ একটি সংক্ষেপিত সংস্করণ প্রকাশ করেন। গ্রন্থটি এমনই চমংকার হয় বে ১৯২৩ থেকে ১৯২৫-এর মধ্যে লাইপ-জিগে তার পুনম্তিণ হয়। সংস্কৃত অভিধানের ক্ষুদ্র সংস্করণে ভধুমাত্র বৃহৎ সংস্করণে প্রদত্ত শব্দাবলীর অর্থ দেওয়া আছে।

ভারতবর্ষেও কয়েকটি বিখ্যাত এবং গুরুত্বপূর্ণ অভিধান রচিত হয়।
পাণিনি কোষগ্রন্থ লেখকদের কাছে এক আদর্শ বিশেষ। হলায়্ধ ভট্ট প্রণীত
অভিধান-রত্মালার বিশেষ উল্লেখ প্রয়োজন, তিনি আয়্মানিক সপ্তম শতাব্দীতে
ছিলেন, এবং জৈন সাধু হেমচন্দ্র কর্তৃ ক রচিত 'অভিধান চিন্তামণি' আর একটি
গ্রন্থ। প্রথমোক্ত গ্রন্থটি অক্থাদ করেন থিওডোর অফরেখট্ এবং শেষোক্তটি
অক্থাদ করেন বোহটলিংক এবং চার্লস রিউ। অফরেখট্ রুত অক্থাদ য়ুগণৎ
ইংরাজী ভাষায় লগুনে এবং জার্মান ভাষায় সেন্ট পিটার্সবার্গে অজল্প পাদ্টীকান্
সহ প্রকাশিত হয়। সেইকালে, লগুনে কয়েকটি জার্মান সংস্কৃত ব্যাকরণ
প্রকাশিত হয়, য়থা 'সংস্কৃত গ্রন্থকর্তা ও ধাতৃ প্রকরণের উৎকৃষ্ট সংস্করণগুলির
উল্লেখসহ' থিওডোর বেনফীর 'সংস্কৃত অভিধান' (১৮৬৬) এবং কার্ল ক্যাপেলার
কৃত ১৮৯১ খ্রীষ্টান্দের সংস্কৃত অভিধান', এই গ্রন্থটি স্টাসব্র্গে ১৮৬৬-৬৭ খ্রীষ্টান্দে
প্রকাশিত 'Sanskrit Wörterbuch' গ্রন্থের অন্দিত বৃহত্তর সংস্করণ।
পিটার্সবার্গ অভিধানগুলির আদর্শে এই গ্রন্থটি রচিত।

ব্যেচন্দ্রের গ্রন্থাবলী তুই জার্মান গবেষক রিচার্ড পিদথেল ও জিওরজ ব্রুলারের দৃষ্টি আকর্ষণ করে, এঁরা ১৮৮০ খ্রীষ্টান্দে বোম্বাই শহরে ভারতবর্ষের স্বিথ্যাত প্রাকৃত অভিধানটির ইংরাজী রূপান্তর প্রকাশ করেন—তাঁর নাম 'The Decinamamala…' (বিশ্লেষণী মন্তব্য। শব্দ নির্ঘণ্ট এবং ঐতিহাসিক ভূমিকা সহ সম্পাদিত)।

Jaska's Nirukta samt den Nighan-tavas ( যক্ষের নিক্ষ নিম্ন তত্ত্বসহ ) ১৮৪৮ থেকে ১৮৫২ খ্রীষ্টাব্দের মধ্যে প্রকাশিত বেদ গ্রন্থের যে নির্ঘণ্ট অংশ রুডলফ রথ কর্তৃক প্রকাশিত হয় তার শিরোনাম। নিরুক্ত কথাটির অর্থ ধাতৃপ্রকরণ। যক্ষ ছিলেন প্রখ্যাত পাণিনির পূর্বস্থরী। রথের গ্রন্থটি একটি মূল্যবান পদক্ষেপ কেননা প্রাচীন ভারতীয় পাণ্ডুলিপিতে বেদের যুগের বৈজ্ঞানিক ও ধর্মীয় রীভিনীতি তার ধাতৃপ্রকরণসহ এই গ্রন্থে লিপিবক, যদিও সংক্ষিপ্ত লিথনভন্দীর জুক্ত অনেকক্ষেত্রে অর্থ গ্রহণ করা কঠিন হয়ে পড়ে তথাপি এই গ্রন্থ মূল্যবান।

১৯٠१ औहोरस चाइनहे ७ व्य. निष्यान हैत्या-मार्थानिक चनगरभव

প্রাচীনতম লিখিত ভাষায় শনতাত্ত্বিক গবেষণার ফসল তাঁদের Etymologischen Wörterbuch der Sanskritsprache ( সংস্কৃত্তের ধাতৃপ্রকরণগত অভিধান) ক্রিশ্চিয়ান কর্ণেলিয়াস উইলেনবেক ১৮২৮-১১ খ্রীষ্টাব্দে এ দের পূর্বে একটি সংক্ষিপ্ত ধাতৃপ্রকরণগত সংস্কৃত অভিধান রচনা করেন।

আমাদের পৃথিবীর প্রাচীনতম ভাষার যে গ্রন্থটি উদ্ধার করে দেওয়া হল তার নাম ঋথেদ, হেরমান গ্রাসমানের Wörterbuch zum Rig-veda (ঋথেদ বিষয়ক অভিধান) ১৮৭০ থেকে ১৮৭৫ খ্রীষ্টাব্দের মধ্যে লাইপজিগে প্রকাশিত হয়। গ্রন্থটি অভিনন্দিত হয় এবং ম্থাসময়ে ওয়েসবাডেনে ১৯৫৫ খ্রীষ্টাব্দে নতুন সংস্করণ প্রকাশিত হয়। তুই যুদ্ধের মাঝখানে, রিচার্ড স্থমিডট বোহটলিংকের সংস্কৃত অভিধানের অভিরিক্ত অংশ প্রকাশ করেন, ১৯২৪-২৮-এর মধ্যে লাইপজিগে তা প্রকাশিত হয়। আরেকটি গ্রন্থের কথা এখানে উল্লেখ না করা ঠিক হবে না—তাঁর নাম Vergleichendes etymologisches Wörterbuch des Alt-Indoarischen (Altindischen) (প্রাচীন ইন্দো-এরিয়ান/প্রাচীন ভারতীয় ভাষাসমূহের ধাত্প্রকরণগত তুলনামূলক অভিধান, ১৯৩৫)।

ষিতীয় মহাযুদ্ধের পর, জার্মানীতে সংস্কৃত্য্বর্চা আরো একটু বেশী অগ্রদর হয়। আলবার্ট থামব লিখিত Handbuch des Sanskrit-এর বিতীয় সংস্করণ ১৯৫৩ গ্রীষ্টান্দে হাইডেলবার্গে প্রকাশিত হয় রিচার্ড হয়সচাইলড কর্তৃক সংশোধিত অবস্থায়। সেই বছরই মানফ্রেড মেয়ারহফার একটি উৎকট গ্রন্থ Kurzgefasstes etymologisches Wörterbuch des Altindischen (প্রাচীন ভারতীয় ভাষা গোটা সমূহের সংক্ষিপ্ত ধাতুপ্রকরণ গত অভিধান) জার্মান, সংস্কৃত্ত এবং ইংরাজী ভাষার মৌথিক সংজ্ঞা এই গ্রন্থে পরিবেশিত হয়। এডলফ ক্রিডরীশ স্টেনৎসলার-কৃত্ত Elementar-buch der Sanskritsprache—Grammatik, Texte, Wörter-buch (সংস্কৃত্ত প্রাথমিক ব্যাকরণ, মূল পাঠ্য এবং শরার্থিক সংস্করণ প্রকাশিত গ্রন্থাদির মধ্যে সবিশেষ পরিচিত। বারোটির অধিক সংস্করণ প্রকাশিত গ্রন্থানির ব্যাকরণের প্রস্থাতি গ্রন্থার ব্যাকরণের প্রভাব এই গ্রন্থে দেখা যায়। প্রুস্থেল এবং সেন্ডনার প্রভৃতি প্রথ্যাত ভারততত্ত্ববিদ্যুপের এই গ্রন্থটির ব্যাপারে সহযোগ ছিল, এঁরা ব্যাক্তবের গ্রন্থা উন্ধৃত্ত এবং পরিমাজিত করেন।

মৃথ্য উত্তর ভারতীয় বুলি এবং শব্দরণ প্রাকৃত ভাষায় যা পাওয়া বায় তা বিশেষ সমীক্ষার ক্ষেত্র। জার্মানদের ভারততাত্ত্বিক শৈশবকালেই পণ্ডিতগণ এর শুকুত্ব বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন, দৃষ্টান্ত হিসাবে বলা যায় নরওয়ের ক্রিশ্চিয়ান লাসেন তাঁর ১৮৩৭ খ্রীষ্টাব্দে প্রকাশিত প্রাকৃত ব্যাকরণ লাভিন ভাষায় রচনা করেন। নিকোলাস দেলিউস প্রাকৃতের শব্দরপ প্রসক্তে লাসেনের গ্রন্থের প্রিপ্রক হিসাবে একটি গ্রন্থ প্রকাশ করেন।

উত্তর ভারতের লঘু ভাষা গোষ্ঠীর ব্যাকরণ ও অভিধান প্রকাশিত হয়, তার মধ্যে বিহারী ভাষার—প্রাচ্য হিন্দি বিষয়ে বিহারীভাষার তুলনামূলক অভিধান (তুলদীরামায়ণের স্ফাপত্র) রচনা করেন এ. এফ. রুডলফ হোয়ায়নেল ও স্থার জর্জ গ্রীয়রসন। ১৮০৫ এবং ১৮৮৯ গ্রীষ্টাব্দের মধ্যে কলিকাভায় এই গ্রন্থটি ছই খণ্ডে প্রকাশিত হয়। ডাঃ রাইনহার্ড ভাগ্নার শ্রীকাস্ত-এর অন্থবাদ কর্মে ব্যন্ত ভিলেন সেই সময় মিত্রপক্ষের যুদ্ধবন্দী অবস্থায় তাঁর মৃত্যু হয়, তিনি বাংলাদেশের রাজনৈতিক ও সাংস্কৃতিক মহলকে বাংলা ভাষায় লাতিন অক্ষর অন্থান্ত করার প্রচেষ্টায় ব্রতী ছিলেন।

১৯১০ और्राक नारहारत है. त्ज. जन. त्यमंत्र जकहि है : ताकी-वारनाही अिक्षान श्रकान करतन, अिनरिक छेडेनरिंगम शाहेशांत कर्डक Etymologie des Baluchi প্রকাশিত হয়। ১৮৪৭ খ্রীষ্টাব্দে বার্নহার্ড ডোর্ন তথনকার অবিভক্ত ভারতবর্ষের আফগান বুলি নিম্নে চর্চা করেন এবং পোস্থ ভাষায় একটি chrestomathy वा छे दे के बहुना वनीय नः श्रव श्वकान करत्न। छाँत भनाकाय-সর্ব করে লুডভিগ উইলহেলম গাইগার ইন্দো-এরিয়ান ও ইরাণীয় ভাষাগোষ্ঠীর সম্পর্কে এক বিস্তারিত গ্রন্থ রচনা করেন। তার নাম Etymologie und Lautlehre des Afganischen ( আফগান ভাষা বিষয়ক ধাতুপ্রকরণ ও ধ্বনিপ্রকরণ, ম্যানিক, ১৮৯৩)। অবশ্য গাইগার সিংহলী ভাষার ধাতুপ্রকরণগত অভিধানের গ্রন্থকার হিসাবে পরিচিত। প্রখাত জার্মান ভাষাতত্বিদ ষেক্ব এবং উইলহেলম গ্রীম কার্মানদের জক্ত বা করার চেষ্টা করছিলেন তাঁদের অপূর্ব जुननागृनक Deutschen Wörterbuch ( कार्यान चिक्शान) बहना करत्र, शहिशांत श्रक्षपूर्व निःहनीत्मत हेत्सा-धित्रज्ञाम ভाষात क्रम्न छोहे कतात यांगा করেছিলেন, অর্থাৎ ডিনি একটি বিস্তারিডভাবে সম্পূর্ণ ভাষা ইতিহাসের এক আদর্শ গ্রন্থ রচনার প্ররাসী হন। বিভীর মহাযুদ্ধের কালে প্রকাশিত এই গ্রন্থ ব্যতীত গাইগার মালবীপ বীপপুঞ্জে সিংহলীর প্রভাব বিবরে গবেষণা করেন।

১৯০৮ খ্রীষ্টাব্দে ডিনি Etymological Vocabulary of the Maldevian Language নামক রচনা রয়্যাল এশিয়াটিক জার্নালে প্রকাশ করেন।

ভারতীয় উপমহাদেশের উত্তরাঞ্চলে অস্তান্ত ভাষাগুলির মধ্যে এ. ডব্লু কর্নেলিয়াদ 'গোরখালি'র প্রতি দৃষ্টি আকর্ষণ করেন, এই ভাষাটি দাহিত্যিক শব্দরূপ বিষয়ে কদাচিৎ আলোচিত হয়েছে। ১৯৪৪ খ্রীষ্টাব্দে তিনি তাঁর গোরখালি-ইংরাজী অভিধান হুই খণ্ডে প্রকাশ করেন।

প্রাচীন রাষ্য্য মগধের ভাষা পালি, ঐতিহ্নগতভাবে যে ভাষায় বৃদ্ধদেব কথা বলভেন, জার্মানগণ কর্তৃক অভি গোড়ার দিকে আবিষ্কৃত হয় যেমন প্রীতিদহকারে একদা সংস্কৃত আবিষ্কৃত হয়েছিল। প্রশেষতঃ সাইডেনস্টুকার ও নয়নভিলকের ভাষাভাত্তিক কর্মের উল্লেখ করা যায়—বৌদ্ধ সংস্কৃতি বিষয়ে এরা তৃষ্ণন সর্বোচ্চ খ্যাভিসম্পন্ন পণ্ডিত। সেই সঙ্গে ক্রট স্থমিডটের নামও উল্লেখ্য।

অথন কিছু অপেক্ষাকৃত লঘু ভাষাসমূহের উল্লেখ্য প্রয়োজন। এদের মধ্যে কিছু ইন্দো-এরিয়ান গোষ্ঠী বহিভূত। যে সব ব্যাকরণ প্রচলিত আছে তার মধ্যে ই.ডব্লু উইটার প্রণীত নাগা বৃলি বিষয়ক গ্রন্থ An Outline Grammar: Grammar of the Lhota-Naga Language (কলিকাতা-১৮৮৮), যোহান হক্ষান ও আর্থার কন এমেলেন (পাটনা, ১৯৩০-১৯৪১) রচিত তিন খণ্ডে সমাপ্ত মুনভারি ভাষা বিষয়ক গ্রন্থ Encyclopaedia Mundarica উল্লেখ্য।

পারদীদের ভাষা বিষয়ে অমুসন্ধান করেন ডাঃ স্পাইগেল তিনি এই ভাষায় শব্দরূপের বৈশিষ্ঠ্য বিষয়ে তার ১৮৮৫ গ্রীষ্টাব্দে প্রকাশিত ব্যাকরণের শেষাংশে আলোচনা করেছেন।

'পারসীভাষায় প্রধান মূল্য অবশ্য তার মধ্যেই নিহিত.
পারসিয়ানদের শ্বতি হিসাবে—প্রাক্-ইদলামি যুগ আমাদের দৃষ্টিদান
যোগ্য।'

জিপদী বা বেদিয়ারা দেণ্ট্রাল যুরোপের একমাত্র ধাষাবরী গোষ্ঠা, তাদের উৎপত্তিয়ান কাশ্মীর ও গুজরাটের মধ্যবর্তী অঞ্চল বলে মনে করা হয়। তারা এখনও তাদের প্রাচীন ভাষায় কথা বলে, এই বৃলি ইন্দো-এরিয়ান দার্দিক বৃলির দংমিপ্রণ, ভাষাতত্ত্বর কেত্রে প্রীতিভরে রোমান্সবাদ আমদানি করেছেন ভাষা-তাত্ত্বিকগণ (পট, বিসক্ষ, ব্রমান্নার, লাইবিস), জিপদীদের ভাষাত্মদ্বান নিয়ে শভাষীব্যাপী সাধনায় ব্রতী ছিলেন। মোদল হানাদারদের বিরাট

আক্রমণের মুখে জিপদীরা মুরোপে চলে এসেছিল। জার্মানীর কোনো কোনো অঞ্চলে বনিক শকট বা ক্যারাভানবাদী নৃতত্ত্বের এই কুন্ত গোষ্ঠীকে 'ট্যাটারনস্' বলা হয়। এদের উপজাতীর রাজা তাদের প্রাচীন যাযাবরী আচার-আচরণ আজাে বজায় রেখেছে, 'ট্যাটারনস' কথাটি প্রাচীন আক্রমণকারী জাতির (তাভার) নামাত্বরণে। সাত শতাব্দীকাল ধরে জিপদীরা পাশ্চাত্য জগতে একটা যাযাবরী রোমান্সের আমেজ নিয়ে এসেছে। সঙ্গে নিয়ে এসেছে তাদের হিমালয়ন্থ আবালের লােক কথা, অতি সাম্প্রতিক কালে সেই বস্তার প্রতি আমাদের সচেতন দৃষ্টি পড়েছে।

একথা সত্য বে ভাষাতান্তিকদেরও একটা রোমানটিক দিক আছে।
ভারতীয় অঞ্চলের এই সব ভাষা আবিস্থার, যার মধ্যে শুধু ইন্দো-ইরানীয়
এবং কিছু লঘু অ-ইন্দো-জার্মানিক ভাষার কথা এখানে আলোচিত হল। এই
কর্ম ভারতবর্ধের সকে জার্মানীর বৈজ্ঞানিক যোগাযোগের প্রকৃতপক্ষে এক
আনন্দময় মধ্য বক্ষ।

ভাষাতত্বের মহন্তম মনীযীরা তাঁদের এক বা একাধিক ম্থ্য গ্রন্থাবলীর জন্ত উল্লিখিত হয়ে থাকেন, কিন্তু এ সমন্তই অনেক সময় তাঁদের জীবনের কর্মাবলীর সামান্ত একটি অংশবিশেষ। ভাষাতাত্বিক আশীর্বাদ পৃষ্ট উনবিংশ শতাকীর সমগ্র পরিজ্ঞাম ও তার সমগ্র পণ্ডিতবর্গের মূল্যায়ন কে করতে পারবে ? ক্রিশ্চিয়ান লাসেনের নাম (১৮০০-১৮৭৬) সর্বদাই Indischen Alterthumskunde (ভারতীয় প্রাচীনত্ব) নামক গ্রন্থের সঙ্গে সংযুক্ত। এই গ্রন্থের প্রথম থণ্ড ১৮৪৭ গ্রীষ্টান্দে প্রকাশিত হয়, থিওভারে অফরেথট্ (১৮২২-১৯০৭) তার 'সংস্কৃত পাণ্ডলিপির তালিকা'র জন্ত অরণীয়। আলব্রেখ্ট ওয়েরারের (১৮২৫-১৯০১) কথা উল্লেখ করতে গিয়ে 'হোয়াইট ফর্ড্বেণ' মনে আদে, এদিকে জর্জ বৃহলার তাঁর অসামান্ত গ্রন্থ Grundriss der indoarischen Philologie und Altertumskunde (ইন্দো-ইয়ানীর গবেষণার বিশ্বকোষ) জন্ত অরণীয়। শেষোক্তটি হল জার্মান ও ইংরাজী ভাষায় প্রকাশিত গ্রন্থাকী এর জার্মান-ইংরাজী-ভারতীয় সহবেগীতার মহৎ উদ্দেক্তের জন্ত এই গ্রন্থাকী পর্বত্র উচ্চ প্রশংদার সঙ্গে গৃহীত হল। গ্রন্থাবলীর স্থাকেটে বণিত পরিচন্ন বাক্যে এই প্রতিজ্ঞা বাক্য লিখিত আছে।

ইন্দো-ইরানীর রিসার্চের এনসাইক্লোপিডিয়া গ্রন্থে সর্বপ্রথম পুর্নাঙ্গভাবে অন্তর্ভিক্ত করা হরেছে পছতিগত ধারার ভারতীয় ভাষা. ধর্ম, ইতিহাস, প্রাচীনত্ব ও শিল্পবিষয়ক স্থৃবিশাল বিষয়বন্ধ, এই সব বিষয়বলীর অধিকাংশ ইতিপূর্বে সংলগ্নভাবে আলোচিত হয়নি । আইগ্না, ইংলগু, আর্মানী, ভারত, নেদারল্যাগুস ও যুক্তরাষ্ট্র প্রভৃতি বিভিন্ন জাতি সমূহের প্রায় ত্রিশঙ্কন পণ্ডিত এই কর্ম সম্পূর্ণ করার উদ্দেশ্যে প্রতিশ্রুত হয়েছেন। এই সব রচনা ইংরাদী বা আর্মান ভাষায় রচিত হবে।

১৮৯৯ এটিান্সে জ্লিয়াস জালি ব্যলারের শোচনীয় মৃত্যুর কথা ঘোষণা করেন। তিনি ব্যলারের বৃদ্ধিমন্তার এক নৈর্বক্তিক চিত্র অঙ্কন করেন, সেইসব এইখানে ভারতীয় সমীক্ষা বিষয়ক প্রচেষ্টার এক দৃষ্টাস্ত হিদাবে তালিকাবদ্ধ করা হল:

> ভারততত্ত্ব বিষয়ক বিস্তীর্ণ ক্ষেত্রে সামগ্রিক ভাবে ব্যুলারের দক্ষতা ছিল, ধীরগতিতে ক্রমবর্ধমান এই অধিকার শেষ জীবনে ষে কর্ম তাঁর জীবনে সর্ব প্রধান হয়ে উঠেছিল এবং যে সংকল্প পরি-পৃতির জক্ত সরকার তাঁকে ছুটি দিয়েছেন সেই এনস্লাইকোপিডিয়া অব ইন্দো-এরিয়ান রিসার্চ প্রকল্পের তিনি ছিলেন সর্বাধ্যক। সত্তর দশকের (অষ্টাদশ শতাব্দ) গোড়ায় 'ভারতীয় প্রাচীনত্ব' নামক একটি বিস্তারিত গ্রন্থ রচনার তিনি পরিকল্পনা করেন। 'ওরিয়েণ্টালিয়া'র জতা যিনি আপ্রাণ চেষ্টা করেছেন, যাঁর উদেশ ছিল লাদেনের অপ্রচলিত 'ভারতীয় প্রাচীনত্ব' গ্রন্থের ম্বানে একটি নতুন গ্ৰন্থ প্ৰকাশ, সেই লণ্ডন প্ৰকাশক নিক. ট্রনারের সহযোগে এই পরিকল্পনাটি সম্পূর্ণকরার বাসনা ছিল। षाहे हाक এই नव निनानिभि मःकान्छ भरवर्गा ও अन्नान सक्ती কাজ তাঁর এই পরিকল্পনা রূপায়নে ৰাধা স্বষ্ট করে। তার ভাষাতাত্ত্বিক গ্রন্থাবলীর প্রকাশক নিক ট্রবনারের ভাইপো স্টাসবুর্গের (क. एक. छेरनांद्र ১৮२२ औंडोस्पद्र मधन कः श्वारमंत्र व्यक्षित्रम्यात्रः কালে তাঁর প্রকাশনালয় থেকে প্রকাশিত ও সর্বজন প্রশংসিত জার্মানিক ও রোমানিক গবেষণা বিষয়ক কোষগ্রছের অনুরূপ ধারার বিশদভাবে ভারতীয় ভাষাতত্ত্ব বিষয়ে একটি গ্রন্থ প্রকাশ कता। वानात ममिलिशन कत्रामन, जात नारमत अक्राप्त कम्र धरः তাঁর আন্তর্জাতিক সম্পর্কের দরণ তিনি ওণু জার্যান ও অষ্ট্রিয়ান

সহবোগী নয়, বিটিশ, ভাচ, নথ আমেরিক্যান ও ভারতীয়
সহবোগীদের সহায়ভার প্রতিশ্রুতিলাভ করলেন। এই ভাবে
১৮৯৫ খ্রীষ্টাব্দে একটি অফুষ্ঠান পত্র প্রকাশ করা সম্ভব হল, বার
মধ্যে গুরুত্বপূর্ণ ভারতীয় গবেবণা বিষয়ে প্রতিটি শাখা প্রসঙ্গে এক
একটি পৃত্তিকা প্রকাশের পরিকল্পনা ছিল। ছানীয় য়ঙ দেওয়ায়
উদ্দেশ্যে সমীক্ষার কেত্তে 'মার্গ' এই কথাটি ব্যবহার করা হল।

উনবিংশ শতাকীর মহৎ মনীযীগণ যারা জার্মান গ্রুপদী যুগের ভারত-জার্মান গবেষণার স্থ্রপাত করেন তাঁদের পদাক্ষ অন্থসরণ করে বলেছেন, এদিনের গবেষকর্বল অনেকদিকে তাঁরা সীমিতক্ষেত্রে বিশেষজ্ঞ হয়েছেন যদিও তাঁদের মধ্যে কেউ কেউ যথা এলসভুক ভূগোলের ক্ষেত্রে এবং ফন গ্লাসেনাপ ব্রন্ধবিত্যাগত বিজ্ঞানের ক্ষেত্রে সীমারেখার শৃক্ষালা অতিক্রম করেছেন। সহজ্ঞ এবং অজটিল ভলীতে শেষোক্ত লেখক দার্শনিক বিষয়বস্ত থেকে দৃষ্টাস্ত আহরণ করেছেন এবং জনপ্রিয় উপন্যাসকারের ভলীতে তাঁর ভ্রমণ অভিজ্ঞতা বর্ণনা করেছেন। কিন্তু হেলম্থ ফন গ্লাসেনাপ (১৮৯১-১৯৬০) সর্বদাই ভারততত্ত্বের সীমারেখা অতিক্রম করায় উদগ্র বাসনায় আকুল ছিলেন। তিনি তাঁর জীবনের ভ্রমণকথার শেষাংশে ভারততত্ত্ব বিষয়ক গবেষণার সমস্যা বিষয়ে বাস্তবাহুগ ভলীতে সরস্তার স্পর্শ দিয়ে উল্লেখ করেছেন—

ভারততত্ববিদদের ছই শ্রেণীতে বিভক্ত করা বায়—বাঁরা তথু মাত্র সীমিতক্ষেত্রে কান্ধ করেন এবং বাঁরা বিজ্ঞানের বিভিন্ন অংশে সক্রিয় হওয়ার প্রয়াসী। এ বিষয়ে একটি বহু পরিচিত বাণী উপযুক্তভাবে প্রবোজ্য:

"Dummer, sammle still und unerschlafft im kleinsten Punkt die höchste Kraft."

("ওরে নিরেট বৃদ্ধি! অধ্যবদায় সহ সংকীর্ণ ক্লেনে মহন্তম শক্তি আহরণ কর।")

এবং গায়েটে যুক্তিসহ বলেছেন 'In der Beschränkung zeigt sich erst der Meister' (সীমাবদ্ধতাই প্রমাণ করে কে অধিকর্তা)—একজনের সমস্ত পরিশ্রম বলি কোনো একটি মাত্র ক্ষেত্রে সীমাবদ্ধ থাকে ভাহনে ভিনি সেই বিভাগে এমন কান

অর্জন করবেন না যা বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে যাঁরা একই সংস্থ ব্যাপৃত থাকেন তাঁদের পক্ষে সহজ্ঞলভা নয়। যাই হোক, অর্থনৈতিক জীবনে বহুম্খী সংস্কৃতির ক্ষেত্রে এই একটি কথা প্রযোজ্য। এরা সহজেই সংকটপ্রবণ। সাফল্য যদি একটিমাত্র ক্ষিতক্ষেত্রে, তথন দেই পগুতের শক্তি বিষয়ে বিচারের প্রশ্ন ওঠে। তথাপি কেউ যদি বহু বিভাগে তাঁর শক্তি পরীক্ষা করেন ভাহলে ক্রটি হওয়া সম্ভব।

তবে সর্বোপরি, বছনুখী কর্ম বিজ্ঞানীদের কাছে একটা সমৃদ্ধিকর ব্যাপার, তাঁদের মানসিক প্রসারত বৃদ্ধি পায়, এবং একটি ক্ষেত্রে বে জ্ঞান তিনি আহরণ করেন অন্ত ক্ষেত্রে তা সহায়ক হতে পারে। যে সব ভারততাত্বিক আমরা অতীতে পেয়েছি, তাঁদের দৃষ্টিভঙ্গীর মধ্যে ষতই পার্থকা থাক; ম্যাকস ম্লার, আলত্রেখট ওয়েবার এবং রিচার্ড পীসথেল, হেরমান জ্যাকোবী, হাইনরিথ ল্যুডার্স প্রভৃতি সকলেই বিভিন্ন বিভাগে সমীক্ষা করেছেন এবং সেই ভাবে তাঁরা প্রচুর প্রেরণা সম্পদে লাভবান হয়েছেন।

ভারতীয় সংস্কৃতির কোন একটি বিশেষ বিভাগে কোনো গুরুত্বপূর্ণ গ্রন্থ রচনা করতে হলে লেখককে শুধুমাত্র তাঁর বৈজ্ঞানিক ক্ষেত্রটুকু বিষয়ে জানলেই চলে না। তার বাইরে, সম্পর্কিত অক্ত বিভাগের বৈশিষ্ট্য বিষয়েও তাঁর বিশদ জ্ঞান থাকা প্রয়োজন, তবেই তিনি বিষয়বস্থার ভারতীয় দৃষ্টিভঙ্গীর ষথার্থ মৃল্যায়ন করতে পারবেন। শুধুমাত্র নিজের ক্ষেত্রে 'বিশদ জ্ঞান বিহীন শন্ধতাত্মিক' হয়ে থাকলে চলবে না, তাঁকে সংলগ্ন এবং সম্পর্কিত তথ্য বিষয়ে জ্ঞানামুসন্ধান করতে হবে। সংকীর্ণ ও শুধুমাত্র বিশেষ ধরণের গবেষণায় নিজেকে আবন্ধ রাখলে তিনি সংশ্লিষ্ট তথ্য এবং পরিপ্রেক্ষিত বিষয়ে তাঁর নিজের গবেষণাকে উপযুক্ত সাহাষ্য করতে পারবেন না। ভারতের প্রাচীনযুগের ধর্মীয় ইতিহাস বিষয়ে আমাদের জ্ঞান প্রভূতভাবে অগ্রন্থর হয় ওলভেনবার্গের নৃতত্বগত আবিষ্ণরণে, যার ফলে বান্ধানণাঠকে আমরা নতুন দৃষ্টিভন্গীতে শিক্ষা পেয়েছি। অন্থ সব বিষয় সম্পর্কেও ঐ একই কথা প্রযোজ্য। যদিও আমরা উপেক্ষা করি যে বিভিন্ন ক্ষেত্র থেকে আহরিত জ্ঞান মামুয়ের বৃদ্ধির প্রসারতা ঘটায়

তথাপি মানসিক দিগস্তের সম্প্রসারণ সর্বদাই লাভজনক। অন্তাবধ সংস্কৃতির গোচর-জ্ঞান ভারততত্ত্বের ব্যাখ্যার পক্ষে সহায়ক পস্থা হতে পারে, কিংবা বিস্তারিত তথ্যের উপর চাকচিক্যমান অলঙ্কার মাত্র হতে পারে—তুলনামূলক ব্রহ্মবিদ্যায় বিভিন্ন ধর্মের সঙ্গে গোচর জ্ঞান বিষয়ক তুলনা সর্বাধিক প্রয়োজনীয় কর্তব্য।

## মোক মূলা

## ভারততত্ত্বের নভোমগুলে উজ্জল ক্যোভিক

পাশ্চাত্যের সঙ্গে সকল সংযোগ, ভারতবর্ধের পক্ষে স্বাধিক ফলপ্রস্থ হয়েছে বিগত শতাব্দীর জার্মান প্রাচ্যতত্ত্বিদগণের সঙ্গে সংযোগ। এতধারা ভারতবর্ধের প্রচুর উপকার হয়েছে। প্রাচীন মতবাদের জারগায় জীবন বিষয়ে এক নতুন দৃষ্টিভন্দী গড়ে উঠল, শতাব্দীর পর শতাব্দী ধরে এই দৃষ্টিভন্দী শিলীভূত হয়েছিল। এ যেন এক বন্ধ ঘরে এক ঝলক তাজা প্রাণরসপূর্ণ বাতাদের প্রবেশ। যে সব মহামনীয়ী এই নতুন দৃষ্টিভন্দী রচনায় সহায়ক হয়েছেন তাঁদের জার্মান পণ্ডিত ম্যাকস্ মূলারের মত এতথানি ধক্তবাদ আর কারও প্রাপ্য নয়।

এ. এস. ভি. পস্থ ( অহিংসার ধ্বনি অক্টোবর—১৯৫৬ )

ভারতবর্ধের সর্বত্ত ম্যাকস্ ম্লারের নাম এক ম্যাজিক প্রক্রিয়া, এর গুণে জার্মান অতিথির জন্ত যে কোন হয়ার উন্মুক্ত হয়ে যায়। আর যেমন প্রতিটি জার্মান অতিথিকে গুপ্ত সংস্কৃত গবেষক মনে করা হয়, সকলেই একটি মাজ মাহবের গৌরবের রশ্মিতে শরীর উত্তপ্ত করতে পারেন। বিটিশরা, বেশ আইনসক্তভাবেই ম্যাকস্ ম্লারকে তাঁদের আপনজন বলে মনে করেন। খতত্তভকীর এই পণ্ডিতজনকে জাতীয় মর্যাদায় মণ্ডিত করেছেন, এই প্রসম্ভকী ও সরস চিত্তের মহান্ পণ্ডিতকে সম্ভব্ধ স্বীকৃতি দান করেছেন।

ম্যাকদ্ মূলার, কিংবা যে নামে তাঁকে জন্মকালে তালিকাভ্ক করা হয়েছে ফ্রিডরীশ ম্যাকদিমিলয়ন মূলার—জার্মান ও এ্যাংলো জার্মান ভারততত্ত্ব-বিষয়ক গবেষণার ক্ষেত্রে প্রকৃতপক্ষে এক প্রতীক বিশেষ। ১৮২৩ থেকে ১৯০০ ঞ্রীষ্টান্দ পর্যন্ত তিনি দেশাউ অঞ্চলে জীবন হাক করেন, শব্দতত্ব বিষয়ে আগ্রহী এক উদারনীতিক পরিবারে তিনি মাহ্য হয়েছেন। পিতৃদেব ভিলহেলম মূলার যথন পরলোক গমন করেন তখন তাঁর বয়স মাত্র চার, তিনি ছিলেন Philhellene বা গ্রীকাহ্যরাগী, গ্রীদের স্বাধীনতার স্বপক্ষে তিনি রাজনৈতিক লেখকের কলম চালনা করেছেন।

তরুণ ম্যাক্ষ্যের বাদনা ছিল দঙ্গীত শিক্ষা করার কিছু বিগ্যাত প্রাচ্যবিদ্ ব্যোক্ছা উস তার পরিবর্তে তাঁকে সংস্কৃত অধ্যয়নে রাজী করালেন। আরেকজন প্রথ্যাত ভাষাবিদ্ বোপ তুলনাযুলক ভাষাত ত্বর নয়া শৃশ্বলা বিষয়ে তাঁর আগ্রহ স্পষ্ট করলেন। দার্শনিক স্থেলিং যুলারকে উপদেশ দিলেন অধ্যাত্ম তাত্মিক ধ্যান-ধারণায় বস্তে। কিছু থোলামন সম্পন্ন এই তরুণ তাঁর দার্শনিক দৃষ্টিভঙ্গী গ্রহণ করতে অনিজ্পুক হলেন। পরিশেষে, ফরাসী প্রাচ্যতত্মবিদ্ বারনউক তাঁকে ধর্মমতগুলির তুলনাযুলক বিজ্ঞানও অধ্যয়নে রাজী করলেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করলেন ঋণেদের অফুরস্ক প্রস্তবনে। বারনউফের কাচ থেকে যুলার জেনদের বিস্তারিত জ্ঞান অর্জন করলেন, প্রাচীন পার্দিক ভাষার এই গ্রন্থটির প্রায় বিংশ শতান্ধী পর্যস্ত নাম ছিল আবেন্তা।

वांत्रनडिक त्थात्रवां मृतक वांनी मांकन मृतांत्रत मतन गांथी हात्र तांना। ১৮৪৬ খ্রীষ্টাব্দে ডিনি ইংলণ্ডে গেলেন। প্রাসিয়ান রাষ্ট্রদৃত কার্ল ঘোসিয়াদের মধ্যে তিনি একজন পৃষ্ঠপোষক পেলেন ধিনি তাঁর ঋগেদ সংক্রান্ত পরিকল্পনা সমর্থন করলেন। ষাই হোক, দূর প্রদারী ভাষাতাত্ত্বিক পরিকল্পনার প্রয়োজনে এই তরুণের প্রাদিয়ান এবং রাশিয়ান পৃষ্ঠপোষকতা পাওয়ার সম্ভবনা ইয়ত তথাকথিত বৈজ্ঞানিক বিশেষজ্ঞদের আথিক হিসেব নিকেশের জন্ত বরবাদ হয়ে গেছে। ইংলতে এই জাতীয় কোনো রকম ওজর আপত্তির বালাই ছিল না। বুনসেন ও উইলসন ইস্ট ইণ্ডিয়া কোম্পানীকে দিয়ে প্রথম তিনটি থণ্ড ( বথাক্রমে ১৮৪৯. ১৮৫৪, ১৮৫৬ ঞ্রীষ্টাব্দে প্রকাশিত ) প্রকাশের খরচ থরচার ব্যবস্থা করেন। আর শেষ তিনটি থণ্ড (১৮৬২, ১৮৭২ ও ১৮৭৪ এটাবে প্রকাশিত) সেক্রেটারি অব টেট ফর ইনডিয়ার আফুক্ল্যে প্রকাশিত হয়। এই শেষ তিনটি খণ্ড কুইন ভিকটোরিয়ার নামে উৎস্গীকৃত হয়। এতধারা সমাজীর প্রতি গবেষকদের ক্রতজ্ঞতা প্রকাশ করা হয়। এই সমাজী ১৮৫৭ এটাবের ভারতীয় বিজেহের সেই দেশের সঙ্গে ঘনিষ্ঠতর সম্পর্ক ছাপন করেন। এর ত্বছর পর তিনি ভারতের মহারাণী পদে অধিষ্টিত হন, এই ঘটনা মূলারের গ্রন্থটির ষষ্ঠ থণ্ড প্রকাশিত হওয়ার পর ঘটে।

এই গ্রন্থ প্রকাশ একটা সাহিত্য বিজ্ঞানগত ঘটনা। ভারতের অনেক বান্ধণ একজন মেছ বা বিধর্মী কর্তৃক তাঁদের পবিত্র ধর্ম গ্রন্থাদিকে সর্বপ্রথম এইভাবে মৃত্রণ ও ব্যাখ্যা করার ঔষভ্যের বিক্ষমে প্রতিবাদ করেন। তথাপি

ষষ্ঠ থণ্ডটি প্রকাশের পর ম্যাক্স মূলার অবদান এবং সম্পাদক ছিলাবে তাঁর কৃতিত্ব উচ্চ প্রশংসা লাভ করে ( এই কাজ তাঁর সহযোগী ছিলেন অফরেশট ক্রনহোফার, এগলিং, থিব ও ভিনতারনিংস প্রভৃতি )। ভারতবর্ষেই, তিনি এক অপ্রত্যাশিত স্থান থেকে সমর্থন লাভ করেন। কাথিয়াবাড়ের মূল শকরের আশপাশের একদল ব্রাহ্মণগণ তাঁকে প্রচণ্ডভাবে সমর্থন করলেন। মূল শঙ্কর, তাঁর সন্ন্যাস নাম দ্যানন্দ সরস্বতী নামেই অধিক পরিচিত, তিনি এবং তাঁর ধর্মতাত্মসারীবুল একটি সংস্কার মৃক্ত সম্প্রদায় সংগঠন করলেন তার নাম আৰ্থ সমাজ—উন্নতমনাদের প্ৰতিষ্ঠান। ১৮৭৫ খ্ৰীষ্টাব্দে এই সম্প্ৰদায় প্রতিষ্ঠিত হয়। ম্যাক্স মূলারের 'ষষ্ঠ খণ্ড' প্রকাশের ঠিক এক বছর পর। দীর্ঘকাল ধরে সমালোচিত ইওয়ার পর অকস্ফোর্ডের এই এ্যাংলো-জার্মান পণ্ডিতকে এখন সম্মানস্চক উপাধি দান করা হল। 'মোক্ষ মূল' বা মুক্তির মূল। এই উপাধি আজো ভারতীয়গণ কর্তৃক স্বীকৃত। আর ম্যাক্স মূলার প্রকৃতপক্ষে এই নবগঠিত সম্প্রদায় যা ধর্মের সংস্কার সাধন করে পূর্ণ প্রতিষ্ঠায় সচেষ্ট হয়েছিলেন তাঁদের মূল বিশেষ। দয়ানন্দ ম্যাকস মূলারের রচনা নিস্থলভাবে পড়েছিলেন, তিনি এক সাদাসিধে ও সরল জগতে পুনরাবর্তনের निर्दिन पितन। छात्र काष्ट्र त्वम धक वाहेद्दन चत्रभ यात चन्निहिछ वानी পালনীয়। এই কারণে কাথিয়াবাড়ের এই সাধুকে হিন্দু লুথার বলা হত-বেদে উল্লেখ না থাকলেও তিনি অবশ্র পুনর্জন্মের তত্ত্ব তাঁর এই পদ্ধতি অন্তর্ভুক্ত করেছিলেন।

পরে, যে সব বক্ত তাদি সাধারণভাবে সাময়িক পত্রাদিতে প্রকাশিত হয়েছিল এবং পণ্ডিত ও সাধারণ খ্রোতাদের সমাবেশে বলা হয়েছিল তা ইংরাজী ভাষায় মৃত্রণ করা হল। এর নামকরণ করা হল Chips from German Workshop, তভদিনে প্রাচীন সংস্কৃত সাহিত্যের ইতিহাস রচয়িতা হিসাবে তিনি গ্যাতিলাভ করেছেন। তথাপি ১৮৬০ গ্রীষ্টান্দে যথন অকসফোর্ডে সংস্কৃতের অধ্যাপকের পদ থালি হল, তথন ম্যাকস মৃলারকে নির্বাচন করা হল না। ১৯৬০ সংস্করণ এনসাইক্রোপিডিয়া বিটানিকা মতে তার কারণ 'তিনি বিদেশী এবং তার সংযোগ ছিল উদারনীতিক'। কিছু যথন ১৮৬৮ খ্রীষ্টান্দে অকস্ফোর্ডে তুলনামূলক শক্তত্বের একটি পদ স্পষ্ট করা হল তথন তাঁকে অধ্যাপক নিযুক্ত করা হল। কারণ এই জার্মান পণ্ডিত ফ্রানংস বোপ, আগস্ট এফ. পট এবং এডলফ পিকটেটের শক্তাত্ত্বিক গবেষণার সিদ্ধান্ত

বিষয়ে ইংলণ্ডে পরিচয় দান করেন এবং ব্রিটিশ বিজ্ঞানের ক্ষেত্রে তুলনামূলক শব্দতত্ত্বেক প্রতিষ্ঠিত করেন। তাঁর সমগ্র স্থলনীল কর্মজীবনে মূলার শব্দতত্ত্ব এবং দর্শনের ( এই দিক থেকে তিনি কান্টের অমুগামী এবং কান্টের Critique of Pure Reason এর তিনি ইংরাজী অমুবাদ করেন) তুলনামূলক ব্রহ্মবিছা এবং তুলনামূলক ভাষাতত্ত্বের প্রান্ত সীমায় সমাসীন ছিলেন।

ষর্চ খণ্ডের প্রকাশের পর ম্যাকস্ ম্লারের সম্পাদনা কর্মের বিরতি ঘটে।
১৮৭৫ এটান্দে তিনি তাঁর অধ্যাপক পদ ত্যাগ করেন সমগ্র সময় তাঁর স্ব্রহং
গ্রন্থ 'The Sacred Books of the East' সম্পাদনার জন্ম অবকাশ লাভের
জন্য। এই দিরিজের গ্রন্থগুলির সংখ্যা ৫১ খণ্ডের কম নয় এবং এইগুলি
প্রাচ্য দেশের পবিত্র রচনাবলী সম্পর্কে যথেষ্ট স্থ্যোগ দান। মাত্র তিনটি
খণ্ড ম্যাকস ম্লারের মৃত্যুর পর প্রকাশিত হয়। প্রকৃতপক্ষে একজন মাম্য্য
ধিনি বিজ্ঞানের কর্মে নিবেদিত প্রাণ তাঁর শক্তিমন্তার কথা চিন্তা করলে
বিস্মিত হতে হয়। এই পরিচ্ছেদের প্রারম্ভে উধ্বতবাণী রাজস্থানের
পিলানীর প্রাক্তন বিভলা এভ্কেশন ট্রাষ্ট বর্তমানে যার নাম বিভলা ইনষ্টিট্রাট
অব টেকনোলজী অ্যাণ্ড সায়েন্স, তার সংস্কৃত বিশেষজ্ঞ অধ্যাপক এ. এস.
ভি. পন্থের ম্যাকস ম্লার বিষয়ক সমীক্ষা গ্রন্থ থেকে গৃহীত। এই রচনাটিসর্বপ্রথম একটি জৈন পত্রিকায় প্রকাশিত হয়। আমি :>৫৭ গ্রিটাকে অধ্যাপক
পন্থের সক্ষে দেখা করেছিলাম। তাঁকে আমি সপ্রশংস-ভঙ্গীতে স্মরণ করি।
তিনি তাঁর উপরোক্ত সমীক্ষায় এই কথাগুলি বলেছেন:

তিনি ছিলেন মার্গ দর্শীন। অপরে শুধু তাঁর পদাক্ষাস্থসরণ করেছেন। তাঁর অবদানের সম্পর্কে বলা যায় যে তিনি প্রাচীন ভারতীয় ঋষি বাল্মিকীর দলে তুলনীয়। পরবর্তী কালের দকল কবি বাল্মিকীর ঘারা অন্থ্যাণিত হন। এই একইভাবে, আধুনিক প্রাচ্যবিদগণ ম্যাক্স মূলারের কাছে প্রেরণার জন্য ঋণী। …তিনি ভাগবদগীতার প্রবক্তা শ্রীক্ষের সংজ্ঞামাফিক একজন কর্ম যোগী।

এই কথাগুলি আমার মনে আমি ভারতে যে শতশত ব্যক্তির সকে আলাপ করেছি তা স্মরণ করিয়ে দের। জয়পুরের প্রাদাদে, অম্বরে বা চিতোরে, তাঞ্জোরের মন্দিরের শীর্ষে বা মাত্রাই-এর মন্দিরে কিংবা ত্রিচিনোপদ্ধীতে। বিভিন্ন রাজ্যগুলির রাজধানীতে বা প্রাদেশিক শহরে সাধুদের আশ্রমে বা অক্তবিধ জ্ঞান ভিক্ন মান্থের সামিধ্যে—ম্যাকস ম্লারের নাম এক ম্যাক্তিক স্ত্র —মোক্ষ মূলা নামটি একটা আকস্মিক প্রীতি ও তাৎক্ষণিক বোঝাপড়ার এক তরক এনে দের। আরেক দিক থেকে এই আশ্রহ্ম কাণ্ড ভারতে তাঁর কর্মের সমাদর ঘটত ব্যাপারের সমাস্তরাল, প্রথম দিকে ছিল দ্বিধাগ্রন্ত পরে প্রচণ্ড উৎদাহ। ম্যাক্স একটি কাহিনী যা তিনি প্রাচ্যবিদ্ ডাঃ হাউগের কাছে শুনেছিলেন প্রায়ই বলতেন, সে ঘটনাটি পুণায় ব্রাহ্মণদের সঙ্গে এক সাক্ষাংকারের ঘটনা, সেধানে একজন অব্যাহ্মণকে ম্যাক্স মূলারের সংস্করণ থেকে উচ্চকর্প্তে পাঠ করতে হয়। তথন উপস্থিত উচ্চ বর্ণের ব্যাহ্মণগণ তাঁদের গ্রন্থাকি ম্যাক্স মূলাবের পাঠামুসারে সংশোধন করে নেন। যার প্রতি প্রথমে সংরক্ষিত মনোভাব ছিল তা পরে আনন্দময় স্বীকৃতিতে পরিণত হল।

ম্যাকস মূলার অনেকগুলি বিধান রেথে গিছলেন। বার বার তিনি তাঁর পাঠক এবং শ্রোভাদের প্রশ্ন করেছেন—এটা কিংবা ওটা আমাদের কি শিক্ষা দের? আর প্রতিবারই তার উত্তর তিনি নিজেই দিয়েছেন। বিশেষতঃ তাঁর বিখ্যাত গ্রন্থ—India—What Can it Teach Us? তাঁর 'Last Essay' নামক গ্রন্থে তিনি বে সার বাক্য দিয়েছেন তা সেদিনের মত আজো সমান প্রযোজ্য:

ইতিহাস যদি আমাদের কিছু শিক্ষা দের তাহলে ইতিহাসকে আমাদের এই শিক্ষা দিতে হবে সে ধারাবাহিকত্ব যা আমাদের অতীতের সঙ্গে বর্তমানকে আবদ্ধ করে রাথে—তা'হল প্রাচ্য এবং পাশ্চাত্য।

এবং বিদগ্ধ প্রাচ্য ও বিদগ্ধ পাশ্চাত্যকে মৈত্রী বন্ধনে বাঁধার এ এক আবেদন নয় কি? একি গায়টের বাণীর সমর্থক নয়? 'Westestlichen Divan (প্রাচ্য-পাশ্চাত্য আম দরবার) নামক বিখ্যাত কাব্যের গছরপ নয়:

ষিনি নিজেকে জানেন

আর জানেন অপরকে.

এখানে তিনি নির্দেশ পাবেন

প্রাচ্য ও পাশ্চাত্যকে সোদর স্বরণ দেখতে,

বিভাঞ্চিত নয় ৷

এই সবের পরিপ্রেক্ষিতে ভারতে বে সব জার্মান ইন্টিট্টে ছাপিত হয়েছে
-বেথানে ভারতের শিক্ষিত সম্প্রদায়ের সঙ্গে জার্মান বুদ্ধিজীবিদের যোগাযোগ
স্বটছে ভার নামকরণ ম্যাক্স মূলারের নামান্ধিত।

১৯৫৭ প্রীপ্তাবের ২৪শে জুলাই নৃতন দিল্লীতে ভারতের তদানীস্থন পরিবহণ
মন্ত্রী শ্রীহুমায়ুন কবির (কবির ছিলেন ভারত-ইসলামী বৈজ্ঞানিক ও সাহিত্যিক
ঐতিহ্যের ধারাবাহী এক ব্যক্তিত্বসম্পন্ন পুরুষ) এবং ফেডারেল রিপাবলিক
অব জার্মানীর চার্জ-ছ-এ্যাফেয়ার কাউন্সেলর ডাঃ হারবাট রিকটার কর্তৃক
সংযুক্তভাবে উদ্বোধন করা হয়। এই কাউন্সেলর সেই সব ছিমছাম
কূটনৈতিক দায়িঘভার সম্পন্ন ব্যক্তিব্যের অক্যতম যারা ভাদের উপযুক্ত
বৃদ্ধি
বৃদ্ধি এবং উদ্ভাবনীশক্তির সহায়ভায় তাঁদের পদকে গৌরবান্বিত উপযুক্ত
মর্যাদা ও সম্মানে প্রতিষ্ঠিত করেন। পরবর্তীকালে, বাগদাদ, এলজিয়ার্স এবং
টিউনিসের এ্যাম্বাসাভার ডাঃ রিখটার উল্লেণ্ড অঞ্চলে তাঁর কর্মজীবন সম্পূর্ণ
করেছেন।

ন্তন দিল্লীর দেই উদোধনী উপলক্ষ্যে যা পরবর্তীকালে অক্স শহরগুলিতে আরো অনেকগুলি ম্যাকস মূলার ভবনের উদোধনে ছজন জননেতা ম্যাকস মূলার প্রসঙ্গে স্থামী বিবেকানন্দের কথা স্থারণ করিয়ে দেন—এই মহান্ পণ্ডিত সম্পর্কে ভারতের প্রীতির পরিচয় সামাক্ত কয়েকটি কথায় যেভাবে দেওয়া হয়েছে অনেক স্থার্ঘ প্রবন্ধ রচনা করেও তা সম্ভব হত না। ভারতের নিজস্ব অতীতের সঙ্গে ভবিশ্বতের নেতৃত্ব করার আহ্বান আছে:

ভারতের প্রতি তাঁর কি স্থগভীর প্রেম। নিজের মাতৃভূমির প্রতি তার এক শতাংশও আমার থাকুক এই আমার বাসনা।

## ভারতীয় শিল্পকলার যাত্র

শিল্পী এবং ঋবিরা আমাদের দেখিরে দেয় কোন শক্তি তাঁদের আবেইন করে আছে হৃতরাং আমাদেরও আবেষ্টিত করবে। আমরা প্রকৃত পক্ষে বা দেই স্তরে আমাদের উন্নীত হতে হলে আমাদের চারপাশে যে সব বাধা আছে তা অতিক্রম করতে হবে, সেই সব বাধা হল স্বার্থপূর্ণ বাসনাকামনা আর অপবিত্র সংস্কার। শিল্প আমাদের সেই ত্রাণকারী স্বপ্প দান করে যা অশাস্ত মন এবং বিহ্বল আত্মাকে দেয় স্বস্থি। শিল্পের উদ্দেশ্য হল আত্ম-সংস্কৃতি—আত্মার সংস্কারশাধন।

সর্বপল্লী রাধারুঞ্ন ( এসেনে অহুষ্ঠিত ভারতীয় শিল্পকলা প্রদর্শনীর ভূমিকা)

বে জগত পরিমাপ উপেক্ষা করে শিল্প দেখানে এক হিতকর সংলাপের স্থাোগ দান করে; শিল্প দেইসব শক্তির অক্ততম যা গঠন করে শিক্ষাদান করে, যার অগ্রগতি আছে এবং সমাজকে সংরক্ষণ করে। শিল্প বেখানে গভীরত্ব লাভ করে দেখানে শিল্প মানবিক ও অতিমানবিক ক্ষেত্রে এক সংলাপের সেতুরচনা করে—শুটা এবং স্কান্টর সঙ্গে ভাববিনিময় ঘর্টে।

শিল্পের মূল যে ধর্মীয় ভিত্তিতে প্রতিষ্ঠিত কোনো কালেই ভারতীয় শিল্পের দৃষ্টি তা অতিক্রম করেনি। স্থতরাং এর মধ্যে ধর্মীয় ও প্রতীক গুণ প্রাধান্ত লাভ করেছে।

জার্মানীতে শিল্প জগৎ ভারতীয় তত্ত্ব বিষয়ে পাশ্চাত্য-জগতের বাকী অংশের কিঞ্চিৎ বিলম্বেই দজাগ হয়েছে। আমরা জানি শকুস্থলা যথন স্নো হোয়াইটের মত দাহিত্য ও ইতিহাসের মত কাচের কফিন ঠেলে দলক্ষ ভলীতে গ্রুপদী যুগের রোমান্টিক মোহ বিস্তার করে প্রাচা-প্রেমিক মহলে আপন প্রাধান্ত বিস্তার করে একটা গ্রহণশীল পর্বে এসে উপস্থিত হয়েছে, তথন গায়টে এই সাহিত্যিক আবিস্থারে আনন্দিত হলেও ভারতীয় শিল্পের দিকে অগ্রসর হয়েছেন যথেষ্ট লংযত ভলীতে এবং সংযম সহকারে। ভারতীয় সংস্পর্শে আসার পর গায়টে যে ভাবে তার চিস্তার পরিচয় দান করেছিলেন তার ফলে বোঝা যায় ভারতীয়

ভার্ম্ব তাঁর কাছে কড বিদেশী মনে হয়েছে। তথাপি, বার কাব্যিক স্বদেশ হল দিব্য-প্রেরণা সঞ্জাত গ্রীদের বাতাবরণে সংগঠিত, বিনি দেবতা এবং বীরপ্রক্ষাদের সদগুণ এবং সক্ষতির অস্ত্রনিহিত চিরস্তন ছন্দের মাধুরীতে আপনাকে বেঁধেছিলেন, বিনি নিথুঁত আঞ্চতির মধ্যে সদ্গুণ এবং ভব্যতার পরিচয় পেয়েছেন, তিনি যে কি ভাবে ভারতীয় দেবতার এক ভাস্কর্যকে প্রতীকি শুরুত্ব দান করলেন! শকুস্তলা তার কুমারীত্বের বিশ্বজনীন মানবিক আবেদনে তাঁকে মন্ত্রম্বর্য করেছিল, যে জগত জাতীয় সীমানা যেখানে নউসিকা ও গুড়রুণ, ক্রিমহাইল্ড ও আইসোলভি এবং বিয়েট্রিল ও ওফেলিয়া বিচরণ করে তা অতিক্রম করেছে শকুস্তলা। প্রকৃতপক্ষে, গায়টে দেব-দেবীগণের বছ অঙ্গ-প্রত্যেক বিশিষ্ট হল্পেয় রহস্ত ব্যাতে সম্পূর্ণ অসমর্থ—এর মধ্যে কল্পনার অতি প্রাচুর্য বর্তমান। দেই কালের পৌরাণিক মনোভঙ্গীতে হেলেনীয় আদিকের প্রাধান্ত ভক্র পীড়নের চাপে উৎপীড়িত। ১৭৯২ গ্রীষ্টান্দে যখন হারভার Über Denkmale der Vorwelt (প্রাচীনত্বের শ্বতিসৌধে) নামে একটি প্রবন্ধ লিখেছিলেন তথন তিনি আক্ষেপ করেছিলেন যে ভারতীয় প্রাচীন মন্দির এবং শ্বতিসৌধগুলি জার্মানদের কাছে শীলমোহর করা গ্রন্থের মত।

আর তথাপি, গ্যয়টে, ষিনি তখনও ষোহান জোয়াকিম ভিনকেলমানের হেলেনীয় বাণীর প্রভাবে আচ্ছন্ন তিনি ভারতীয় শিল্প বিষয়ে অভিমত দিয়ে বসলেন। Zahmen Xenien (জেনিয়াকে বশ করো) নামক গ্রান্থের দ্বিতীয় থণ্ডে তিনি তাঁর নিন্দাবাদ প্রকাশ করেছেন:

চাইনা দেবতার আদিনায় পশুর উপস্থিতি।
হত্তির এই অক্চিকর শুগু,
গলদেশে সাপের ফোঁদফাঁদ,
পৃথিবীর জলাভূমির গভীরে দিব্য প্রাণী কচ্ছপ,
একই কাঁধে এতগুলি সমাটের মাথা,
গুরা আমাদের হতাশায় ভূবিয়ে দেবে,
অবশু-খাঁটি প্রাচ্য দেশ যদি অবশু তাদের গ্রাদ না করে।

আর এইভাবে আমি বরাবরের মত

অনেককাল আগে প্রাচ্যদেশ ওদের গ্রাস করেছে, কালিদাস আর সেই সঙ্গে আরও সবাই পরিণতি পেয়েছে, কবির পরিচ্ছন্নতা ওদের আছে,
আর কুংসিত পুরোহিত আর বীভংস মৃতির
হাত থেকে সেইটুকু আমাদের নিম্বৃতি দিয়েছে।
আমি স্বরং ভারতে বাস করতাম,
বদি সেধানে কোনো ভান্ধর থাকত॥
শকুস্তলা আর নলের চেয়ে
মধুরতর আর কি করনা করা যার,
এদের চ্থন করি।
আর মেঘদ্ত
প্রিয়তমের কাছে বাণী পাঠাতে কে না চায়
এই দ্তের মাধ্যম!

ষা কিছু নতুন এবং আশ্চর্য তার ওপর প্রচণ্ড উৎসাহ সত্ত্বেও কেন ধে ভারতীয় ভাস্কর্যের প্রতি গ্যয়টের এই বিরোধী মনোভাব হয়ত আরো দীর্ঘকাল চলত যদি না তার অহুগামীদের মনোভঙ্গী অপেকাক্বত উদার না হত।

গ্যয়টের দৃষ্টিভকী ও উনবিংশ শতাকীর অপেক্ষারুত উন্নততর দৃষ্টিভকী যা বে কোনও অভ্তপূর্ব বস্তুর প্রতি অরুক্ ল তার মধ্যবর্তীকাল প্রাচ্যবিদ্ থিওডোর বেনফির (১৮০৯-১৮৮১) মধ্যে রপায়িত। Grossen Allgemeinen Encyclopadie (বৃহৎ সাধারণ বিশ্বকোষ) নামক আরুসথ্ এবং গ্রোবার সম্পাদিত গ্রাছে (১৮৪০ খ্রীষ্টাব্দে) তিনি ভারতবর্ষ বিষয়ে ৩৫৬ পৃষ্ঠা লিখেছেন। বেনফি ভারতীয় ভারুর্ষ বিষয়েও লিখেছেন। ভারতীয় ভারুর্য বিষয়ে লিখতে বলে তারতীয় ভারুর্য বিষয়েও লিখেছেন। ভারতীয় ভারুর্য বিষয়ে লিখতে বলে গ্রীক ধারা'র কথা উল্লেখ করা তার পক্ষে সহজ্ব হুয়েছে। ভিনকেলমান এবং গ্যয়টে সাহিত্যিক উত্তরাধিকারীদের সমর্থন করে এমন একটি মস্তব্য বেনফির কাছে সম্পূর্ণ স্বাভাবিক মনে হুয়েছে, তাই মনে হয়্ম কত ক্রতগভিতে মত পরিবর্তিত হয় এবং তা সংশোধন করা যায়:

ভারতীয় ভাষ্থের ক্রমবিকাশ স্থাপত্যের সক্ষে সম্পর্ক বিশিষ্ট। প্রাচীনতর কাজগুলি অপেকারত কম আলকারিক, কিন্তু শিল্পত কৌশল বৃদ্ধি পাওয়ার সক্ষে আলকারিক, কলাকৌশলের প্রাচুর্ব বৃদ্ধি পেয়েছে। গুহাগুলির দেওয়ালগাত্র বিরাট গাত্র চিত্রে সঞ্জিত, তার মধ্যে পৌরাণিক গুলু এবং লঘু ঘটনাগুলি অন্ধিত হয়েছে। এ ছাড়া মাঝামাঝি, বৃহুৎ এবং বিরাট আকারের অনেক মৃতি আছে; তাত

গাত্র ইত্যাদিতে ভার্ম্বমণ্ডিত মৃতির সম্পদ উৎকীর্ণ আছে। পূর্বেষা উল্লিখিত হয়েছে দেবমৃতিগুলি যা মানবিক রূপে প্রকাশিত তার মধ্যে বীভৎস বিকৃতি আছে। তাদের অবশ্য ধর্মীয় মতবাদাস্থসারে পশুর মাথা সংযোজন করা হয়েছে। প্রকৃতপক্ষে মানবিক ভার্ম্বের চেয়ে পশুর ভার্ম্বের অপেক্ষাকৃত সার্থকতর হয়েছে। আকৃতিগুলি অতিশয় মহৎ ভদীর, এর মধ্যে উচ্চ শ্রেণীর শিল্পগত নৈপুক্তের পরিচয় পাওয়া যায় যা গ্রীকধারার অনুগামী। মানবিক মৃতিগুলি অনেক ক্ষেত্রে বিকৃত, তথাপি এমন অনেক ভ'রুর্ঘ দেখা যায় যা এই শিল্পের পক্ষে চরম সার্থকতা লাভ করেছে বলা যায়।

বেনফি ইতিমধ্যেই মহামালয়পুর অর্থাৎ মহাবলিপুরম সম্পর্কে বলভে পোরেছেন। এইথানে বিষ্ণু বামন অবতার বা বামন দেহধারী দৈবমুতিতে মহাবলি নামক দৈত্যকে বধ করেছিলেন। তিনি এলোরা বিষয়েও আলোচনা করেছেন, তিনি এলোরা বলে উল্লেখ করেছেন। তিনি বলেছেন যে বৌদ্ধর্ম দিব্য ভাবনায় পরিচালিত হয়ে তার প্রধানের পরিকল্পনা করেছেন—অক্সথায় মানব রূপে একে কল্পনা করা ইয়।'—এই ব্যাপারটি বিশেষভাবে ভারতীয় চিত্রকলার পক্ষে প্রাণশক্তি সঞ্চারক হয়েছে, অপরদিকে মানবিক শিল্পণত ভাবধারার ক্ষেত্রে 'বাহ্মণ্য রীতি'র অভাব ছিল।

বে বছরে বেন ফির ভারতবর্ষ সংক্রাম্ব রচনা Allgemeine Encyclop adieতে প্রকাশিত হয় সেই বছর ওথমার ফ্রাংকের য়ৃত্যু হয় (১৭৭০-১৮৪০)।
ওথমার ফ্রাংক একজন ইন্দো-পারসিক পণ্ডিত, গোড়ার দিকে তিনি শিল্পব্যাথ্যায় ব্রতী ছিলেন। ইংলণ্ডে প্রাপ্তা সচিত্র তথ্য সহযোগে তিনি ভারতীয়
শ্বতি সৌধগুলির সম্পর্কে পরীক্ষা-নিরীক্ষা করেন। এই পদ্ধতিতে তিনি
এল্লোরায় একটি মন্তক মৃতি আবিদ্ধার করেন, এই মৃতিটির সঠিক পরিচয়
তিনি অবগত হন। এই গুহা গাত্রন্থিত মৃতিগুলিকে তিনি ইলোরা
বা শিবের মন্তক এই অন্ত্রান করেছেন। তথনও পর্যন্ত এই মন্তকটি
বৃৎমৃতি হিসাবে পরিচিত ছিল, সেই ধারণাই ছিল প্রবল। ১৮০৫ ব্রীঃ
কই এপ্রিল তারিখে ম্যানিখের রয়্যাল একাদেমি অব সায়ান্সের ফাইলোলকী
ফিলসফি বা শন্ধতান্থিক দর্শন বিভাগে প্রমন্ত এক ভাষণে (পরে এই ভাষণটি
একাদেমির প্রবন্ধ-সংগ্রন্থের প্রথম থণ্ডে সংক্রিভ) ফ্রাংক এই মৃতিটি

প্রসক্ষে আলোচনা করেন, সেই হতে তিনি দেবতার দার্শনিক ব্যাখ্যা করেন। সেইকালে যুরোপে এই ধারণার উন্তব সবে মাত্র স্থক হয়েছে:

> এ কি সম্ভব নয় বে এই সব মৃতিগুলি তাদের শাস্ত সমাহিত ভঙ্গীর জন্ত এবং পূর্বোক্ত অবস্থিতির জন্ত দেই এক এবং অদিতীয় দেবতা শিবের দিকেই মৌল ইঙ্গিড প্রকাশ করে না? ভারতের সর্বত্র এইসব মৃতি ছড়ানো আছে—বিশেষতঃ প্রাচীন মন্দিরগুলিতে. আমরা জানি অধিকাংশ কেত্রেই এইগুলি শিবমূতি, কিন্তু বাহ্মণ্য শৈববাদ থেকে সরে আসার পর এই সব মৃতিকে জৈনধর্মাবলম্বী এবং বৌদ্ধগণ অধিকার করেছেন। বল্পবাদী বিবরণে এর উল্লেখ সর্বত পাওয়া যায়। হজদনের মতে নেপালে এবং যেমন রাফেল ও আরো অনেকের মতে যবখীপে এইসব মৃতি দেখা যায়। কিন্তু শিব কি অম্বিতার দেবতা ন'ন? রূপান্তর, এক থেকে অক্তে সরে ষাওয়া, বৈপরীত্য ও ধ্বংদের দেবতা কি তিনি ন'ন ? এই স্ব পর্বতগাত্তে অনেকক্ষেত্রে তাঁকে ভয়ংকর ভীষণ ভৈরব বলে বর্ণনা করা হয়েছে। তিনি বীর ভক্ত—তুট বীর ইত্যাদি। তাঁর রূপাস্তরগত প্রভৃতি জীবস্ত একমাত্র এই যুক্তি ব্যতীত এবং দেই সঙ্গে বেহেতু তিনি আপন অভ্যন্তরে বৈপরীতাকে লয় করেছেন চিস্তায়, কর্মে এবং বাদনায়—তেমনই তিনি নিজের দেহ থেকেই এই রূপ স্থাষ্ট করেন।

শিবের এই রূপান্তর এক বিশ্বজাগতিক ও ঐতিহাসিক বস্ত। এইভাবেই তাঁর উৎপত্তি। তিনি শক্তি ও রূপের অধিকারী। বিহরক ও অন্তরক দিক থেকে তিনি এই শক্তির ধারক, তাঁর মধ্যেই একযোগে আগম-নিগমের পথ। স্তরাং তাঁর অনেকগুলি নাম যা সাধারণভাবে স্পরিচিত, তার মধ্যে তাঁর শান্তরপ এবং সংহত চিন্তা প্রকাশিত; চিত্রে সেই ভাব রূপায়িত। তাঁকে (অমর সিংহের সহিত) শস্তু বলা হয়; অর্থাৎ শান্তিম্বরূপ, সমাহিত এবং প্রসম্ম; শক্ষর অর্থাৎ বিনি সদম্বতা ও শান্তির স্কারক; প্রাণ সম্থিত একটি সাধারণ ব্যাখ্যাহসারে তিনি শিব, অর্থাৎ সমগ্র জগৎসংসার তাঁর আশ্রম পৃষ্ট; ধৃর্জটি, অর্থাৎ বিনি বিশ্ব সংসারের ভার বহন করেন; সর্বদক্ষ, অর্থাৎ স্বয়ন্ত্ব; বোগেশ বা যজ্ঞের অর্থাৎ মৈত্রীর ঈশ্বর;

মহাত্রতী, মহান ভক্ত ও মহাতাপস; রামরাজ প্রথম থতে এইভাবে বর্ণনা আছে। শিবযোগের পৌরাণিক আখ্যান, শিবের ঐক্যবদ্ধ ধ্যান অতি প্রাচীন; সংস্কৃত সাহিত্যের একটি বিশেষ ও বিস্তারিত व्यथाप्र इन उद्ध: এই व्यथार्ग निव ७ छात्र वर्षाक्रिनी निवानीत সঙ্গে সংলাপ লিপিবদ্ধ আছে, এই সংলাপে অতীন্ত্রিয় মিলন সম্পর্কিত ধ্যান-প্রকরণ ব্যাথ্যা করা হয়েছে। অনেক হিন্দুর মতে এই তম্ব বৈদিক সাহিত্যের পূর্বকালে রচিত-একে পঞ্ম বেদ বলা হয়। शहे ट्रांक बांगाम्य विश्वकर्मात्र मटक वा निरंदत्र मटक कि मन्नेक শান্তি ও ধ্যান-ধারণার : কিংবা শিবের অপর রূপের সঙ্গে ইল্লোরা বা এলিফাণ্টা ইত্যাদির পর্বতগাত্তে খচিত চিত্তরূপের কি সম্পর্ক। মহাদেবের ধারাবাহিক রূপকল্পনার মধ্যে এর স্থান কোথায় পু অপরে সাধারণত: এমন এক রূপ থেকে অগ্রসর হন যা মূলে একটু विष्में विर भार न्यार करान विर विषय में कर विषय करान অবৌক্তিক ভগীতে জোড়াতালি দেওয়া হয়েছে, আমাদের যুক্তি এই যে এই সব পর্বত গাত্রস্থিত মন্দিরগুলির উদ্বোক্তাদের স্বস্পষ্ট স্থিতি এবং এই সব পরিবেশ অমুষায়ী ভাস্কর্য এবং অতিশয় ঘনিষ্ঠভাবে এর সঙ্গে সংশ্লিষ্ট হওয়ায় আমরা উপস্থিত বিচারে মনে করি যে এইসব একই মনোভন্নী থেকে পরিকল্পিত এবং গঠিত, একই ব্যক্তির হাতে এই খোদাই কাজ হয়ত সম্পূর্ণ হয়নি, তথাপি এর মধ্যে ভাবগত ঐক্য বর্তমান। এর থেকে দেই একই ফললাভ করা যায় যা আমরা ইতিমধ্যেই ভারতীয় পুরাণ কথা এবং দর্শনের মধ্যে বর্ণিত হতে দেখেছি।

এই বক্তৃতায় ফ্রাংক হিন্দু দেব-দেবী সমাজে শিবের স্থান নির্ণয় করেছেন; বিশ্বকর্মা বা বিশ্বস্থপতি হিসাবে। সেইকালের পক্ষে যথেষ্ট এক বলিষ্ঠ বিবৃতিতে তিনি শিবকে বিশ্বের বৈপরীত্যের লয় সাধনের অভিব্যক্তি বলে অভিমত প্রকাশ করেন এবং তিনি উচ্চতর এক সম্প্রীতি সাধনের সংস্থা। এয়ী দেহ— ত্রিমৃতি—তাঁর কাছে এই দিব্য বিশ্বজাগতিক কর্মভারের এক প্রতীক। দক্ষিণে ত্রিমৃতির মন্তক (লেখক মনে করেন বে পাঠকগণ ত্রিমৃতির চিত্রের সক্ষেপরিচিত) সঠিক শিবকে রূপায়িত করেছে, তাঁর কপালে তৃতীয় নয়ন, বাম দিকের মন্তকটি তাঁর গ্রী পার্বতীর, তাঁর হাতে একটি হাত আয়না এবং ক্র

রঞ্জিত করার উপবোগী একটি স্চিকা, নারী স্থলত বৈশিষ্ট্যের পরিচায়ক, আর তৃতীয় ম্থটিতে নর-নারীর সংযুক্ত মৃতি রূপায়িত, উভয়ের একাত্ম অভিত্যের পরিচায়ক।

১৮০৫ থ্রীপ্টাব্দে ফ্রাংক ভারতীয় দর্শন বিষয়ে একটি গ্রন্থে দর্ব জার্মান ভাষায় হিন্দুধর্ম বৈজ্ঞানিক ব্যাখ্যার সর্বপ্রথম প্রশ্নাস করেন। শুধুমাত্র হিন্দুধর্ম বিষয়ক সমীক্ষা ব্যতীত ফ্রাংক পারসিক আলোক ধর্মের প্রতি বিশেষ আকৃষ্ট ছিলেন। ইরাণের আধ্যাত্মিক রম্বভাণ্ডার তাঁকে সারাজীবন মোহিত করে রেখেছে। কিন্তু তিনি বৌদ্ধদের সমস্থা বিষয়েও গবেষণা কবেছেন, তাদের তিনি 'বৌদ্ধেন' বলতেন। সেন্ট পিটার্সবার্গের ইমপিরিয়াল একাদেমি অব সায়েক্সেন-এর জে. জে. সথ্মিডটের সঙ্গে তিনি বিতর্কে মেতেছিলেন, এই বিষয়ে সথ্মিডটের বিশেষ বৈশিষ্ট্য ছিল মকোলীয় লামাবাদ বিষয়ে। ফ্রাংক কলিকাতা, লণ্ডন ও প্যারিদে এই সব বিষয়ে মূল্যায়ন করেন। এইভাবে ইণ্ডোলজী বা ভারততত্ব—মানসিকভার ক্ষেত্রে মহাণ আন্তর্জাতিক রাষ্ট্র—ইশার থেকে নেভা এবং গঙ্গা, রাইন থেকে টেম্ম এবং সীন নদীর মধ্যে সেতু রচনা করেছেন। এর ফলে উৎসাহ এবং প্রেরণা-সঞ্চারী আলোচনার স্কর্পাত ঘটেছে।

ভারতীয় স্থাপত্য বিষয়ে মুরোপীয় বিচারে ক্রমশংই সবিশেষ তথ্যজ্ঞান ও নিশ্চয়তা বৃদ্ধি পেয়েছে। এতদিনে তুলনা করাও সন্তব হল, কারণ ইট ইতিয়া কোম্পানী ভারতীয় দেব-দেউলগুলি বিশেষ করে পর্বতগাত্রন্থিত মন্দিরগুলি সংরক্ষণ এবং চর্চার জক্ম প্রচুর ব্যবস্থা অবলম্বন করেন। ক্রিশ্চয়ান লাসেন(১০০০-১৮৭৬) তার Indischen Alterthumskunde (ভারতীয় প্রত্মবস্থা) নামক গ্রন্থের চতুর্থ থণ্ডের অনেক অংশ ভারতীয় শিল্লকলা বিষয়ে আলোচনা করেছেন। লাসেনের মধ্যে ভারতীয় শিল্লবস্থা এক স্থাক্ষ এবং অনক্ষসাধারণ ব্যাখ্যাকার লাভ করেছে। এই নরওয়েবাসী মাস্থটি জার্মানীতে নতুন করে আশ্রয় নিয়েছিলেন, তিনি বন এবং হাইডেলবার্গ একাদেমির অস্তর্ভুক্ত ছিলেন। অক্য সব বিষয়ের মধ্যে, তিনি পারসিক শিলালিপির প্রকৃত অর্থ ভেদ করতে সমর্থ হন। প্রকৃতপক্ষে বহুম্থী ঐতিহাসিক জ্ঞানসম্পন্ন এই ব্যক্তিকে প্রাচ্যদেশ এবং তার শিল্ল ইতিহাস বিষয়ের একজন অধিকারী ব্যক্তিক প্রাচ্যদেশ এবং তার শিল্ল ইতিহাস বিষয়ের একজন অধিকারী ব্যক্তিক প্রাচ্যদেশ এবং তার শিল্ল ইতিহাস বিষয়ের একজন অধিকারী ব্যক্তিক প্রাচ্যারে স্থীকত।

ভারততত্ত্বিদদের শ্রেণীতে আরেকজন উল্লেখযোগ্য সদস্য হলেন রিচার্ড

গারবে (১৮৫৭-১৯২৭)। তিনি লিখিত পাঠ্যবন্ধ থেকে স্থক করে প্রন্তর এবং বর্ণে নৃত্যের অপরূপ ভিদ্নমায় ও সঙ্গীতের ধ্বনির মধ্যে ভারতীয় চিন্তাধারার প্রকৃতি সন্ধান করেছেন। তিনি একজন স্থপণ্ডিত এবং অতি আত্তগতি তাঁর বৈজ্ঞানিক গোঞ্জীর বাইরেও খ্যাতি ও প্রতিষ্ঠা লাভ করলেন ভারতের সঙ্গে ক্রিশ্চান সম্পর্কের গোড়ার দিকের ইতিহাস অহসন্ধান করে। গারবে ভারতীয় তাঁর শিল্পকলার ইতিহাস বিষয়ে আলোচনা Indien Baedeker নামকে গ্রন্থে প্রকাশ করেছেন। সেই গ্রন্থে বে সব ঘটনাবলীয় কথা মৃদ্রিত হয়েছে তথারা এই ধারণা মনে জাগে যে গারবে তাঁর Indian Travel Notes নামক গ্রন্থের জন্ত এইসব তথা সংগ্রহ করেন। এর মধ্যে গারবের একটি আবিস্কার বিশেষ ভাবে উল্লেখ্য। জৈন মন্দির বিষয়ক সমীক্ষার তিনি মালাবার উপক্লের স্থাপত্যের সঙ্গে নেপালের মন্দির স্থাপত্যের একটা সাদৃশ্য আবিস্কার করেছিলেন:

দক্ষিণ ভারতীয় বা প্রাবিড আঙ্গিক যার মধ্যে কাষ্ঠ-নির্মিত স্থাপত্য থেকে একটা ব্যতিক্রম লক্ষ্য করা যায়। স্থাবিড ভাষা গোষ্ঠা অধ্যুষিত অঞ্লে ভার প্রচুর নিদর্শন পাওয়া যায়। মনে হয়, আহুমানিক ষষ্ঠ বা দপ্তম শতকীতে এর উদ্ভব এবং কালক্রমে তার কিছু কিছু রূপান্তর ঘটেছে, অবশু সেই রূপান্তর সর্বদাই যে ভালোর দিকে তা বলা যায় না। এই আদিক অন্তৰ্গত গোষ্ঠীভুক্ত নিৰ্মাণ পদ্ধতি দেবতামৃতির বারা অভিভারাক্রাস্ত। সেই সঙ্গে আছে মানব ও পশুমৃতির বিভিন্ন ধরণের বিহ্বলকর ভঙ্গীতে নিমিত চিত্র সম্ভার। नांचेमिन्द्र नर जाविष् मन्दिद्र गर्डग्र नमाखदान कांन विनिष्टे : ভার উপর একটি পিরামিড আঞ্চতির কয়েকটি তলা বিশিষ্ট মিনার, তার চতুদিকে সমর্থক বছকোন বিশিষ্ট মন্দির চূড়া। বৃহত্তর মন্দিরগুলি এক বা একাধিক চত্তর ঘারা বেষ্টিত, তার সামনে বিচিত্র ধরণের তার বিশিষ্ট দিংহ্বার (গোপুরম্), জাবিভ মন্দিরগুলির প্রাঙ্গনের এই হল বিশেষ বৈশিষ্ঠা। দক্ষিণ ভারতের মন্দিরগুলির বুহদায়তন এক সাধারণ ব্যাপার, এরক্স মন্দির সারা ভারতের সর্ববৃহৎ মন্দির। তাবিভ ছাপত্যের উৎকৃষ্ট নিদর্শন হল তাঞ্চারের मिलाइ, चासूमानिक औः शूर्व ১००० चारक धरे मिलाइ निर्मिष्ठ हम । এ ছাড়া মাত্রা, জিলামবরম, কম্বুকোনম এবং রামেশর মন্দিরের

উল্লেখ প্রয়োজন। ভারতের মৃলভূমি ও সিংহলের মধ্যবর্তী এক দ্বীপে এই শেষোক্ত মন্দিরটি স্থাপিত।

খানীয় প্রচলিত আঙ্গিকের মধ্যে যা নেপালী এবং কাশ্মীরী রীতির অহুসরণ লক্ষ্য করা ধায়, এই তুই ধারাই বিদেশী রীতি প্রভাবিত। নেপালী মন্দিরগুলি চীনা স্থাপতা পদ্ধতির একটি রকমফের মাত্র। ছাদের উপরকার তরঙ্গায়িত ভঙ্গী কিঞ্চিৎ স্বল্প এই যা পার্থক্য, চীন দেশে এই ছাদের প্রান্তদেশ অবশ্র পিছন দিকে বাঁকানো। নাতিদীর্ঘ কাষ্ঠময় ভাজের ওপর স্থাপিত স্থরুহৎ ছাদ নেপালের মন্দিরের পক্ষেও এক বিশেষ বৈশিষ্ট্য। সাধারণতঃ এই জাতীয় হুটি বা তিনটি ছাদ একের উপর আর একটি করে সাজানো হয়। নেপালের সংকীর্ণ উপত্যকায় শোনা যায় প্রায় ২০০০ হাজার मिमत जारह, ভাদের অধিকাংশই আবার রাজধানী কাঠমৃভুতে অবস্থিত। নেপালের প্রাচীনতম স্থাপত্য হল বৌদ্ধ ভূপ, যার উৎপত্তি হয়ত খুষ্টজন্মের তিনশত বছর আগে ঘটেছে। উপরে বণিত ইন্দো-চাইনিজ মন্দিরগুলি ১৫০০ থ্রীষ্টাব্দ বা তার পরে নিমিত। আশ্চর্যের বিষয় এই ধরণের নেপালী রীতির জৈন মন্দির মালাবার উপকৃলের দক্ষিণ কানারায় পাওয়া যায়। এতদ্বারা দেই একই হেঁয়ালি মনে জাগে স্বদূর উত্তরাঞ্চল ইলোরায় দক্ষিণ ভারতীয় কৈলাদ-রীতির প্রভাব কিভাবে এদেছে।

কাশ্মীরী পদ্ধতি ষা শুধু কাশ্মীর উপত্যকাতেই সীমাবদ্ধ এবং পাঞ্চাবের 'সলট্-রেনজে' দেখা যায় তার মধ্যে গ্রীক প্রভাবের চিহ্ন দেখা যায়, বাঁশীর আকারের শুন্ত বা উত্তর ডোরিক আজিক শুস্তের সঙ্গে আশ্চর্য সাল্শ । এই আজিকের অন্ত বৈশিষ্ট্য হল দ্বিতল পিরামিড সদৃশ ছাল এবং প্রতিটি প্রবেশদারের মাথায় ত্রিশুর থিলান । মন্দিরগুলি অধিকাংশ ক্ষেত্রে ক্ষুদ্র এবং চারদিকে স্থ্রহৎ বার-ভ্রার । সংরক্ষিত স্থাপত্য নিদর্শনগুলি ৭০০ থেকে ১২০০ খ্রীষ্টাব্দের, স্বচেয়ে পরিচিত হল 'মার্ডগু' নামক শুর্যমন্দির, ইসলামাবাদ থেকে মাত্র তিন মাইল দ্রে অবস্থিত । ৭৫০ খ্রীষ্টাব্দে এই মন্দির নিমিত হয় ।

প্রফেসর গুন্তাফ কোসিল্লা কর্তৃক সম্পাদিত মানন্দ লাইত্রেরী সিরিক্তে

জি. টি. হোরেথ্ স্থাপত্যের ইতিহাসে ভারতের স্থান বিষয়ে একটি প্রবন্ধ লিখেছেন। তার মধ্যে যে মতবাদ প্রকাশ করা হয়েছে বর্তমানকালে হয়ত তা প্রশংসা করা যাবেনা কিন্ধ ভারতের প্রতি স্থাপ্ত দৃষ্টিদানের নিদর্শন হিসাবে এইথানে উল্লেখ করা যেতে পারে যা প্রথম মহাযুদ্ধের পর প্রতিটি ক্ষেত্রে পরিলক্ষিত হয়:

> র্যাভেনার থিওডোরিক দি গ্রেট রেড-সী ব লোহিত সাগর পার হয়ে রোমান সমাটদের সামৃদ্রিক যাত্রাপথ অফুসরণ করতে সক্ষম হয়েছিলেন। ৫০০ গ্রীষ্টান্দের সময় থেকে ভারতের সঙ্গে তাঁর সম্পর্ক উত্তম ছিল কারণ ভারতীয় গ্রীষ্টানগণ এবং অষ্ট্রোগোথসরা উভয়েই আর্য ছিলেন। এইসব সম্পর্ক বিষয়ে নথীপত্তের অভাব আছে বেমন আছে ডিয়েট্রিথ ফন বের্ন-এর বছবিধ ক্রিয়াকলাপ সম্পর্কে। এর হেতু হল তাঁর ক্সার রোমান-চার্চে দীক্ষিত হওয়া। অর্থডকস ক্রিশ্চানগণ (রক্ষণশীল) কাফের সমাটের দেহ বিখ্যাত সমাধি মন্দির থেকে তুলে নিয়ে ফেলে দেয় এবং তাঁর সম্পর্কিত সর্বপ্রকার ঐতিহাসিক তথ্যাদি নষ্ট করে। ইতিহাসের এই ফাঁক-টুকুর প্রতিক্রিয়া শিল্প-বিষয়ক ইতিহাসেও লক্ষিত হয়। মালে বিভিন্ন শিল্প শাখার ক্রমবিকাশের ধারার হুত্র সন্ধান করিতে গিয়ে মিশরী ও দিরিয় মঠ-মন্দিরের সঙ্গে সম্পর্ক আবিস্কার করেছেন। কিন্তু ঐ সব দেশের মঠ-মন্দিরের আঞ্চিক ভারতবর্ষের বৌদ্ধ যুগেরও পূর্বকালের—দেখানে এ. ওয়েবারের সংস্কৃত রিপোর্ট অহুসারে ক্রিশ্চানরা প্রথম ক্রিশ্চান শতকেও বাস করতেন। ভারতীয় ক্রিশ্চানরা পারতা ও সিরিয়ার নেটোরিয়ানদের সঙ্গে যোগাযোগ রেখেছিলেন। রুষ্ণ এবং বুদ্ধদেবের অমুগামীদের সক্ষে প্রীতির সম্পর্ক বজায় রেখে তাঁরা র্যাভেনায় সমধর্মীদের কাছে ভারতের সাংস্কৃতিক সংবাদ পরিবেশন করেছেন।

> বে সব আলংকারিক ভন্নী সেই কালে ভারত থেকে সোজা-স্থাজি গ্রহণ করা হয় তার মধ্যে সর্বাগ্রে উলেখ্য সিংহলের অবিচ্ছিন্ন স্পিল হারমালা— থেন 'সান ভাইতেলে'র চুড়াদেশের জটিল ব্নন কর্মের ারপাশের বেইনী। অক্ত সব চ্ড়াগুলি সরল কারু-কর্মে সজ্জিত। এদের পরিকল্পনার ঐশ্র্য এবং সজীব রূপারণ বিশেষ-

ভাবে উল্লেখযোগ্য। জারার যাত্মরে এই দব দেখা যাবে। স্তম্ভনীর্য ও তার বেইনী দহ কারুকার্যে একটি কমললতা আর তার তিনটি দিশিল পাতা—ছটি স্থান্ত জল-পত্র আর হটি কুঁড়ি। র্যাভেনার ভারতীয় উস্ভবের ভঙ্গীতে রচিত হুটি স্থাপত্য নিদর্শন আছে। তা হল থিওভোরিক মদৌলিয়াম বা শ্বতিদৌধ, দেণ্ট এ্যাপোলো-নেয়ারের পাশে গোলাকার চুড়া এবং সান ভাইতেল…

বাতায়নের আচ্ছাদন ভারতীয় ত্রিপত্রের সজ্জায় সঞ্জীবিত. লোহার গ্রীলে ল্ডানে পামগাছের অলংকরণ। ধাতব তার ও লৌহদণ্ডের স্থাপত্য লডানে পাম জাতীয় জালির কাজের কাঠামোর সঙ্গে সঙ্গতি রেথেছে। এই কারণে পেটা লোহার দণ্ডগুলির শিল্পত বৈশিষ্ট্যকে একটা বিশেষ পদ্ধতি বলে বিবেচনা করা ষায়। অপরদিকে প্রস্তর নির্মিত কাজগুলির মধ্যে বৈদেশিক শিল্পবস্তর অন্থকরণ লক্ষ্য করা যায়। যদিও মূল উপাদানের মধ্যেই আঙ্গিক নির্ণয় করতে হয়। এই স্থাপত্য প্রস্তরের স্থপক্ষে বলা যায় যে তার ওপর কোনোরক্রম অলংকরণ করা হয়নি। তবে বেতদ বেত এবং লৌহদণ্ডের বুনন যেখানে ক্রিমে পাথরের দণ্ড পৃক হয়েছে সেইখানে নতুন করে রচনা করা হয়েছে। তাদ্বের পাশা-পাশি ঢালাই দারা মূল পরিকল্পনায় এক অতিরিক্ত রেখা রচিত হয়েছে।

হোয়েখ্টের মতে এ এক স্বাভাবিক ব্যাপার যে ভারতীয় বাঁশের আঙ্গিক পাশ্চাত্য থণ্ডেও অফুস্ত হয়েছে।

প্রস্তর নির্মিত মন্দিরগুলির দিক থেকে একটা দোলা রাস্তা মুরোপে ক্যাথিড়ালগুলির দিকে চলে গেছে—তিনি এই ভাবেই কথাটি প্রয়োগ করেছেন। আবার সেই সঙ্গে তিনি আলংকারিক পূস্প সন্তারের পথও অন্তুসরণ করেছেন এবং তিনি একটা সাধারণ সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে পাশ্চাত্য জগতের স্থাপত্য ভারত কর্তৃক অন্ত্র্প্রাণিত। হোরেথট অনেক সাক্ষ্য প্রমাণ উপস্থাপিত করেছেন থারা তাঁর এই ভারত-সিদ্ধান্ত সমর্থন করেছেন। বেশ কিছু কালের জন্তু এঁরা গবেষণা-ইতিহাসে চাঞ্চল্য সৃষ্টি করেন মৌলিক দৃষ্টিভদীর জন্তঃ:

সম্প্রতি তৃটি সমীক্ষা প্রকাশিত হয়েছে, যথারা উপরোক্ত বিবৃতির অসংখ্য পরিপূরক এবং সমর্থন পাওয়া যায়। ডিয়েনার প্রফেসার বোশেফ সটরৎসিগৌনকী লিখিত ১৯১৭ খ্রীষ্টান্তে প্রকাশিত হল অলভাই-ইরাণ অ্যাণ্ড মাইগ্রেসন অফ পিপ্রস্ বা Altai-Iran und Völkerwanderung এবং বৃদাপেন্তের গেৎসা স্পৃকা ১৯১৭ খ্রীষ্টান্তে জ্ন সংখ্যার মন্থলি জার্নালস ফর দি সায়ান্স অব আর্ট নামক সাময়িকপত্রে লিখলেন—Buddhistische Spuren in der Völkerwanderungskunst (অর্থাৎ জন প্রব্রজন গত শিল্পে বৌদ্ধ-প্রভাব )।

র্যাভেনার থিওডোরিক দি গ্রেটের মসৌলিয়মের মধ্যে উত্তরপূর্ব ভারতের আদর্শের প্রভাব লক্ষ্য করেছেন স্পুকা, এর মৃদ
শুজগুলি কোন-বিশিষ্ট, ভার উপরকার অংশ গোলাকার আর
শীর্ষে আছে মৃকুট সদৃশ আমলক, তিনি প্রাচীর গাত্রর মধ্যবর্তী
বিরভিগুলির প্রভিও দৃষ্টি আকর্ষণ করেন। তুলনা করুণ: আমার
বাঁশ নির্মিত ভবন বিষয়ক প্রবন্ধ ''Zeitschrift für Bauwesen"
( গৃহ-নির্মাণ ও স্থাপত্য-বিষয়ক পত্রিকা ) নামক পত্রিকায় ক্রষ্টব্য।
এছাড়া লাইদিক্রেটদ মন্থমেন্ট বিষয়ক উপরোক্ত বিশ্লেষণ্টিও তুলনা
করা উচিত। স্টরৎসিগৌসকীর ধারণা যে আমেরিকায় বছ
রজ্ব বিশিষ্ট বুনন কর্মের উদ্ভব ভারতবর্ষে, বেত এবং বাঁশের দেশ
ভারতবর্ষ।

১৯১ পৃষ্ঠায় তিনি সর্বদেব মন্দিরকে (Pantheon) এক পথচিহ্ন বলে উল্লেখ করেছেন এবং তিনি অনুমান করেন ভূমধ্য-সাগরস্থ দেশগুলির গস্থুজ এসেছে সাকাই দেশগুলি থেকে অর্থাৎ আর্মেনিয়া হয়ে উত্তর-পূর্ব ভারত থেকে।

দায়ায়বেকিয়ের দিটাডেল চার্চ ও ক্থেনিয়ার কাষ্ঠ নির্মিত
চার্চ ষা ১৯১৫ খ্রীষ্টাব্দে প্রকাশিত মন্থলি জার্নালস অব সায়ান্স অফ্
আট পত্রিকায় দশম এবং একাদশ খণ্ডে পাওয়া ষাবে তার সঙ্গে তুলনা
কক্ষণ গুজরাট উপদ্বীপের সোমনাথের মন্দিরের যা ১০২৫ খ্রীষ্টাব্দে ধ্বংস
করা হয়। ২২৭ পৃঞ্চায় সটরৎসিগৌসকী অফুমান করেন বে চতুজোণ
গল্পের উৎপত্তি আর্ষ দাক্ষময় স্থাপত্য থেকে কারণ ভারত এবং
ইউক্রেনে এর চিহ্ন পাওয়া ষায়; তিনি কোন বিরাট থেকে আরো
দ্রে অগ্রসর হয়ে অষ্ট কোন ও গোলাকার গল্পে গিয়ে পৌচেছেন।

বংশ নির্মিত উপভবনের বে আন্দিক প্রান্তর গাত্তে পুনরক্ষিত হয়েছে প্রাচীর বিরতির মাঝে তা সর্বদেব মন্দিরের কোন-বিশিষ্ট রূপে একেবারে চরমে উঠেছে—এবং এর অর্ধ বুদ্তাকার রূপ মিনার্ভা-মেডিকার দশ অন্ধ বিশিষ্ট মন্দিরের অন্থরূপ।

আসংকারিক চিত্রণের উদ্ভব বিষয়ে আরেকজন যিনি আরুষ্ট হয়েছিলেন তাঁর নাম এটো ফিসার। তিনি আরুদ্ধি বিশিষ্ট এবং প্রতীক্ বিশিষ্ট অলংকরণের দেশাস্তর বিষয়ে মস্তব্য করেছেন। তাঁর মতে এসব এশিয়ার আভ্যস্তরীণ অংশের নিজন্ত ধারা:

গোলাপ পূলাকৃতি, তালি বৃক্ষ এবং কমললতা ইত্যাদি
চিত্ররূপ প্রধান অলংকরণের মধ্যে সংরক্ষিত। সাঁপিল আকৃতি এবং
অন্তিকা স্ব কিছুই তেমন ভারতীয় মনে হয় না, প্রাচীন এশিয়ার
অভ্যন্তরন্থ সর্বসাধারণের সম্পত্তি বলেই মনে হয়। এইভাবে
কয়েকটি পশুর একটি মন্তক ভাগাভাগি করে অধিকার করার
চিত্ররূপ, ভানাওয়ালা সিংহ, অর্থ মানব অর্থ দানব আকারের প্রাণী বা
বৃষ সমগ্র আভ্যন্তরীণ এশিয়ার সাধারণ উত্তরাধিকার। বিশেষ
ভারতীয় রূপ-স্থাপত্যে যা সম্পাই তা অলক্ষারের দিক থেকে
অপেক্ষাকৃত অল্প উন্নত মন হয়। তবে এই সবই বিশেষ ভাবে
স্কম্পেই হ তথন যদি আমরা প্রস্তর নিমিত সৌধের ভান্ধর্য এবং
স্থাপত্যের প্রতি আমাদের দৃষ্টি সীমায়িত করি।

ভারত ও ভূমধ্যসাগরের মধ্যে সাংস্কৃতিক বন্ধনের প্রশ্নটি প্রাচারিদ ভিলিবালড কারফেলকেও উৎসাহিত করেছে। তিনি Die dreiköpfige Gottheit (তন মন্তক বিশিষ্ট দেবতা) নামক গ্রন্থে এই বিষয় বিস্তারিত লিখেছেন। কারফেল এই ক্ষেত্রে বিস্ময়কর সমান্তরালের সন্ধান পেয়েছেন এবং অমসাধ্য ভালোবাসা এবং যত্নের সঙ্গে তিনি তার সন্ধান করেছেন। তিনি চিহ্ন, প্রতীক ৬ লক্ষণ সন্ধান করেছেন ভূধু এই ত্রিমৃতির প্রকৃত অর্থ উদ্ধারের জন্ম। লিও ফরবেনিউস-এর পূর্বে প্রাচীন সংস্কৃতির ক্ষেত্রে ত্রিমৃতি এবং চতুরীশ্বরতা কি ভূমিকা গ্রহণ করেছে তা পরীক্ষা করেছেন। চার সংখ্যাটি তিনি সৌর সাংস্কৃতিক রীভির প্রতীক হিসাবে ধরেছেন, তিন সংখ্যা তাঁর কাছে চান্দ্র দৃষ্টকোণের পরিচায়ক, সতিময়তা ও স্কৃষ্টির প্রতীক। এই সমীক্ষাকে আরো অগ্রসর করে দিয়েছেন কারফেল, তার গ্রন্থাতা ভূমধ্য

সাগরীয় ও ইন্দো-এশিয় সাংস্কৃতিক আবিস্কারের ক্ষেত্রে এক উত্তেজনাময় পরিক্রমা। কারফেল ভূমধ্যসাগর ও ভারতের মধ্যে এক সম্পর্ক গত আলৌকিকত্ব আবিস্কার করেছে। মাত্র ত্বার সেই ব্যাকরণগত শিক্ষা প্রতিষ্ঠান ও চিকিৎসা বিষয়ে শৃঙ্খলা স্বাষ্ট করা গিয়েছিল। মাত্র ত্বার সেই এক মৌন পদ্ধতিতে নাট্য শিল্প গতে উঠেছে; ত্বার হায় পদ্ধতিব উন্নয়ন করা হয়েছে। কারফেলের পরিশিষ্টাংশ ইতিহাসের এক নতুন আলেখ্য:

নতুন জ্ঞানের সামনে দাঁড়িয়ে আমাদের আত্ম-জিজ্ঞাসার প্রয়োজন হবে-এই মানসিক অলৌকিকত্বের অমুলিপি কি শেষ পর্যস্ত একই মূল থেকে উদ্ভূত নয়; অর্থাৎ তারা কি তাদের প্রাগ্-ঐতিহাসিক স্থচনায় প্রাচীন ভুমধ্যসাগরীয় সাংস্কৃতিক জগৎকে তাদের একই আঁতিভঘৰ হিসাবে গ্রহণ করবে না। অক্তকথায়, এই সব বৈজ্ঞানিক পদ্ধতির ক্রমবিকাশ এবং মানসিক স্ভনকর্ম একই কাণ্ডেরই বিভিন্ন শাখা, সকলেরই উত্তব সেই ভূমধ্যসাগরীয় সাংস্কৃতিক গোষ্ঠী থেকে। সেই সাংস্কৃতিক অভিব্যক্তিরই এক প্রতিফলন, যেমন বিশ্বজনীনতা, ভূতলম্ব রেথাপাত দারা ভবিশ্বৎ কথন, অথবা দেই রাজ্যের দর্শনশান্তের মত সব কিছু চীনা-ইষ্ট-এসিয়ান অভিব্যক্তির স্থন্সপ্ট ফল—''মহাকাশ দিগন্ত বা সমতল দারা বেষ্টিত'' এই জ্ঞান থেকে উদ্ভত। এতদ্বারা 'ছেন্দ, সৌম্যভাব এবং প্রচলিত স্জনশীলতার" অভিব্যক্তি পরিক্টে। এইসব বিচারের ফলে সিদ্ধান্ত তেমন বেশী বলিষ্ঠ হবে না ষে শুধু উপরোক্ত বিজ্ঞানগুলির বিবর্তন নয়, অধিক ৰ অন্তবিধ আধ্যাত্মিক অথবা ধর্মীয় পদ্ধতির ক্ষেত্রে যে বিবর্তন ঘটেছে, অথবা যুরোপে এবং ভারতের প্রতিষ্ঠানগুলিতে যে বিবর্তন এনেছে তার মধ্যে দেই পাশ্চাত্য সাংস্কৃতিক চিম্বাধারার একটি দৃষ্টাস্ত পাওয়া যায়, মানব সমাজের উত্তবের অস্পষ্ট প্রদোষাক্ষকারে ভুমধ্যদাগরীয় সাংস্কৃতিক জগতের গভীরে যার ভিত্তি। প্রকারাস্তরে এর প্রকৃত অর্থ হবে এই যে এই ছুই সাংস্কৃতিক ক্ষেত্রের মানসিক সাফল্য তালের ব্যক্তিগত বৈশিষ্ট্য সত্ত্বেও একটা স্থগভীর এবং বিশ্বজনীন ব্যাখ্যা লাভ করবে বোঝাপড়া এবং তুলনামূলক আলোচনার মাধ্যমে ৷

একজন বিজ্ঞানী খিনি প্রতীকের ব্যাখ্যার অধিকতর ব্যাখ্যার অগ্রসর

হয়েছেন এবং তথু মাত্র ভারতীয় চিহ্ন ও প্রতীকের বর্ণনামূলক দ্বিরিকরণে নিজেকে আবদ্ধ রাখেননি তাঁর নাম হাইনরিথ ৎসাইমার। তিনি এই শিল্প অফুভবের ভবিশ্বৎ সম্ভাবনার প্রতি ইঞ্চিত করেছেন।

এরপর থাটি প্রাচ্য শিল্প পাঠের পথ থেকে সরে না এসে শিল্প ইতিহাস থেকে সরে এসে অফ্রাক্ত পণ্ডিতবর্গ ব্যাখ্যা বা অস্ততঃ বর্ণনা করেছেন ভারতের শিল্প-সম্পদের যা সকলের পক্ষে স্তইবা।

ভারতীয় গবেষণার প্রকৃত স্থবর্গ যুগ প্রথম মহাযুদ্ধের কালের পর স্থক্
হয়েছে। ১৯২১ খ্রীষ্টাব্দে বিলহেলম কোহন ভারতীয় খোদাই কর্মের বিষয়ে
একটি গ্রন্থ প্রকাশ করেন। চার বছর পরে বৌদ্ধ শিল্প নিদর্শন প্রসঙ্গে তিনি
একটি পুন্তিকা রচনা করেন। প্রায় সেই সময় জার্মান বিজ্ঞানী ষ্টেলা ক্রামরিশ
এই অঞ্চলের শিল্প বিষয়ে প্রথম সমীক্ষা রচনা করেন। কাশ্মীর ও কপ্তাকুমারী
মধ্যবর্তী বিন্তীর্ণ অঞ্চলের শিল্প সম্পানের কথা; অচিরাৎ তিনি আরও একটি
বিশদ গ্রন্থ রচনা করে খ্যাতি অর্জন করেন, এর নাম Grundzüge der
indischen Kunst (ভারতীয় শিল্পের মূল কথা)। পরিণামে তাঁর
রচনাবলী ভারতীয় শিল্পের সর্ব বিভাগ আলোচিত হয়েছে। একথা সত্য
বে অঙ্কন শিল্পের মধ্যে তিনি একটা বক্র গতি লক্ষ্য করেছেন এবং দেখেছেন
গোড়ার যুগের সাংস্কৃতিক ধারাকে সরলীকরণের চেষ্টা—''একটা অন্তুত বিন্তারপ্রবণ ঐকতান দেখা যায় যার জন্তু এ দেশের জাতিগত সংমিশ্রণ অনেকটা
দায়ী।" এইখানে, রাজস্থানী পদ্ধতির শিল্পরীতির উল্লেখ করা যায়।
লেখিকা সেই বিষয়ে একটা বিন্তারিত বিশ্লেষণ করেছেন তাঁর অন্যুরোপীয়
শিল্প-কলা বিষয়ক সংক্ষিপ্ত গ্রন্থে:

বোড়শ শতাকীর পর থেকে আমরা রাজপুত শিল্প-কলা বিষয়ে আলোচনা করি; এই আখ্যা ঘারা এই কথা ঘারা প্রায় অক্টাভোনাইজ কাগজে আঁকা গ্রন্থ অলংকরণ এবং আবাঁধা ছবির পৃষ্ঠা বোঝায়। এই সব ছবি অনেক বেশী সংখ্যায় রাজপুতানা ও বন্দেল-খতে উৎপন্ন হয়েছিল আর আংশিকভাবে হয়েছিল পাঞ্জাবের হিমালয়ের উচ্চ ভূমিতে। এর ওপর অম্বর, উদ্বরপুর, দাতিয়া, ওরচা এবং ছন্তরপুরের প্রাণাদগুলিতে ও পরে জ্বপুর, বোধপুর এবং বিকানীরে, এ ছাড়া আছে কাংড়ার অটাদশ শতাকীর চিত্রাবলী।

বোড়শ শতাব্দীর সমতলভূমির চিত্রাবলী এবং এই শতকের শেষ

দিকের বিভিন্ন রাগ ও রাগিনীদের অসংখ্য চিত্রাবলীর মধ্যে শিল্প নিদর্শন প্রকাশিত। এই সব ছবি হ'ল বহিরেথা ও উজ্জল বর্ণ বছল, স্থান সংক্রাম্ভ নিশ্চিত পরিমিত বোধ এবং সাধারণ দৃঢ়তা মৃথ্য ঐতিহের জনপ্রির শিল্পরণ। গুজরাটের একটি প্রের গারে অকিত কৃষ্ণনীলার একটি পর্ব আঁকা হয়েছে, এই ছবি হয়ত পরবর্তীকালে অম্ভতঃ এর উর্ণায়ত দিগস্ত এবং বৃক্ষগুলির বলিষ্ঠ ছায়ারপ থেকে এই রক্ষম অমুমান করা যায়।

সপ্তদশ শতাকীর প্রথম অর্ধ শতকে মানবিক মৃতির অধিকতর বতুলাকার রেখা এবং দৃশ্য পটের বিষয় বস্তু দেখা যায় আর ছায়া এবং প্রশন্ত পরিসর এই সব চিত্রের বৈশিষ্ট্য। রঙগুলি মিঞ্জিত এবং তার ঔজ্জন্য কিছু হ্রাস পেয়েছে; সপ্তদশ শতাব্দীর শেষভাগে উন্নততর ঢালাই, ছায়াপাত, রেখাগত ও বৈমানিক পরিপ্রেক্ষিত ধীরে ধীরে এদেছে। সাধারণত: এর জন্ম মোগল প্রভাবই দায়ী মনে করা হয়। কিন্তু মোগলরীতি ইতিমধ্যেই (স্থাপত্য বিষয়ে) निर्मिष्टे रुद्य चाह्य त्वाएम मजाकीत शूर्तीक काज्छिनत मस्।। মিনিয়েচার বা ক্ষুদ্রাকৃতি ছবির মধ্যে এক্টা দন্তা "বান্তবভা"র चानिक श्रद्धन कदा रुखाह, व्रहे। गुद्धात्मद चामनानी। व्यहे ধারা রাজপুত ও মোগল উভয় রীতির চিত্রকলার মধ্যে প্রবেশ করে সপ্তদশ শতাকীতে এবং অনেক ক্ষেত্রে ওধু মাত্র বিষয় বস্তু অমুদারে তার পার্থক্য বোঝা যায়। অপ্তাদশ শতান্দীতে আলংকারিক मात्रमा आमानि इम এवः अवग्रत्वत अकृता सुन्महि त्मोन्दर्य मका क्या গেল যার মধ্যে পারদিক রীতিও অনুস্ত হয়েছে অক্সদিকে উনবিংশ শতান্দীতে (জয়পুর) বিশেষভাবে আলংকারিক দেহ-ভিক্সির জন্ত এবং সেই সকে স্থবর্ণ-নীল-ধূসর রঙের সকে লাল এবং নীলের সংমিখ্রণ লক্ষাণীয়। এইভাবে রাজস্থানের চিত্রকলা স্বৃদ্ অলংকরণ এবং বলিষ্ঠ ও স্থক্ষচিসম্পন্ন কাক্ষকলায় সমৃদ্ধ।

পরবর্তীকালে হেরমান গোয়েৎস অসংখ্য রচনার মধ্যে ভারতীয় শিরের আধ্যাত্মিক এবং ধর্মীয় পূর্ব-প্রতিবন্ধতা বিষয়ে আলোচনা করেছেন। ভারতীয় শিরকলা ও সংস্কৃতি বিষয়ে অধিকারী লেখকর্ন্দের মধ্যে গোয়েৎস প্রোভাগে ভার পেয়েছেন। ভারতের আধ্যাত্মিক ভাবরাল্য সম্পর্কে তিনি একটি সাধারণ বোঝাণড়ার ভাব স্বষ্ট করেছেন। সাংস্কৃতিক অঞ্চলগুলির অচঞ্চল ক্রমবিকাশ ও উন্নয়নের ব্যাপারটি তিনি বথাবোগ্য ছানে প্রতিষ্ঠিত করতে সমর্থ হয়েছেন। গোড়ার দিকে, তাঁর একটি গ্রন্থে বিশ্বজগতের সলে ভারতের সংযোগ বিষয়ে এবং এক্ষোগে একটা নির্দিষ্ট স্বাতন্ত্রোর দিকে তার অগ্রগতি বিষয়েও তিনি দৃষ্টি আকর্ষণ করেন:

এমন কোন অনংশয়িত সাংস্কৃতিক উন্নয়ন মিশর এবং ব্যাবিলন থেকে গ্রীস হয়ে আধুনিক পাশ্চাত্য মান্তবের কাছে এসে পৌছায় নি । পরপর, পাশাপাশি, বসবাদকারি জগতের সংস্কৃতিগুলি উন্গত হয়েছে, গড়ে উঠেছে, পরিণতি লাভ করেছে আবার তার বয়স হয়েছে এবং মৃহ্যু ঘটেছে। এরা সবাই নিরস্তর পারস্পরিক ক্রিয়ার বিষয়বস্ত তথাপি প্রত্যেকে তার নিজের এবং বিদেশী বৃদ্ধ থেকে অমুপান সংগ্রহ করেন এবং তাকে একটা একাস্কভাবে নিজস্প রীভিতে গড়ে তোলেন।

গোয়েংস তার ভারতশিল্প বিষয়ক শেষতম গ্রন্থে এই বিশ্বজনীন ক্ষোগের কথা উল্লেখ করেছেন। তাঁর সহ-গ্রন্থকার ঐ. বুনেলের সঙ্গে তিনি এক বছ আলোচিত বিবরণ লিখেছেন দরবারী মিনিয়েচার চিত্রকলার শৈলী বিষয়ে ভারতীয় গ্রন্থ অলংকরণ প্রেমিকদের জন্তা। সে ত্রিশ বছর পূর্বেকার কথা, তার পর থেকে এফ. গগেনহিম, কে দোয়েরিং এবং ই. ডায়েংস প্রভৃতির গ্রন্থাবলী প্রকাশিত হয়েছে। আলফ্রেড সালমণি এবং ই. বাথোদার বিশেষভাবে ভারতীয় ভারুর্বের বিচারে ব্রতী ছিলেন।

সাধারণ ভাবে ইন্দো-এশিয়া শিল্পরীতিতে এীক প্রভাবের প্রসক্ষ নিয়ে অনেকগুলি গ্রন্থ লিখিত হয়েছে। এর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য এ. ইপ্লেল, এল. এডাম ও বি. কেমপারস্। বৌদ্ধ শিল্প কথনও কথনও হেলেনীয় শিল্পরীতির কাছাকাছি বিকশিত হয়ে উঠেছে, যারা এই বিষয়বস্থ আলোচনা করেছেন তাঁলের মধ্যে মাত্র কয়েকজনের নাম এল. সথেরমান, ই. বেন্ডা এবং ডি. সেকেল।

বর্তমান কালে ক্লাউস ফিসার এবং হাইমো রাউ প্রভৃতিরা ভারতীর শিল্প বিষয়ে যারা প্রখ্যাত প্রবক্তা তাঁদের অক্ততম। গোরেৎস, ফিসার, রাউ এবং অক্তাক্ত জেথকদের এই কৃতিত্ব যে তাঁরা এই শিল্পের বৈদেশিক দিকটির সঙ্গে সমন্বর্ম সাধক দিকটির প্রতি দৃষ্ট আকর্ষণ করেছেন। ভারতীয় শিল্পের তরুণতর বিশ্লেষকদের মধ্যে ফিসার এই শিল্পরীতির ইতিহাস সন্ধান করেছেন আর অক্স
দিকে রাউ বিশেষ বিশেষ কাজগুলির বৈশিষ্ট তুলে ধরেছেন। এই পদ্ধতিতে
তিনি অস্তানিহিত এইসব বহুমূল্য ভাস্কর্যের যা মৃথ্য আলিক তা আবিস্থার
করেছেন। তিনি দেখিয়েছেন এই ভাস্কর্যের মধ্যে একটা আকর্ষণীয় বাস্তবতার
মধ্যে প্রাণশক্তি ও উদ্দীপনা সঞ্জীবিত পুনর্জন্মের আভাষ লক্ষ্য করেছেন।
হিন্দুধর্মের ইন্দ্রিয়ন্ত প্রাচুর্য্যের ওপর তিনি বৌদ্ধদের প্রতিমা-বিরোধী জগতের
কথা বর্ণনা করেছেন—যা তার ধ্যানব্রতী সাধকের পালনীয় অস্থশাসনকে
স্থাপত্যের মধ্যে প্রবেশ করিয়েছে। এইসব আধুনিক শিল্প-ঐতিহাসিকদের
ভারতীয় শিল্পকলা-বিষয়ক চেতনা সম্পর্কে প্রকৃত ধারণা আছে। হিন্দু দেবতার
এক প্রতিমৃতি চিত্রের পাশে বৌদ্বস্থপের কক্ষ জ্যামিতিক আলিক বা প্রস্তর
থোদিত শ্বতিসৌধ প্রকৃতির পিছনে এঁরা তাদের লক্ষ্য বা সাধনার অক্স মোক্ষ
বা নির্বান লাভ করেন।

পরিশেষে কালুদ ফিদার ধেমন দৃষ্টি আকর্ষণ করেছেন জৈন শিল্পতার স্থানীর্ঘ ইতিহাদ এবং ঐতিহ্যের জক্ত, তাঁর স্থান্ধ নীতিবোধ এবং বলিষ্ঠ নান্দনিক অমুভৃতির জক্ত জীবনের এক বিশেষ ধারা রচনা করতে সমর্ধ হয়েছে অথচ ভারত। মুধ্যায় প্রেক্ষাপটের গণ্ডীর ভিতরই থেকে গেছে।

আরও অনেকে ভারতের ভাবধারায় আরুষ্ট হয়েছেন এবং ভারতীয় রহস্ত সন্ধানে রতী হয়েছেন। তাদের মধ্যে একজন হলেন উইলি হাস, তিনি ভারত।য় শিল্প বিষয়ে তার মনোভংগী Merkur নামক গ্রন্থে প্রকাশ করেছেন:

ভারতীয় শিল্প ভার শির্ধবিন্দৃতে পৌছেচে ধাবমান কালের
মাধ্যমে অনস্তকে প্রকাশ প্রচেষ্টায় নয়, স্থায়িত্বকে প্রকাশ পরিবর্তনের
মাধ্যমে, ঈশ্বরকে প্রকৃতির মাধ্যমে নয়; পরিবর্তনকে সহনশীলভার
ঘারা, আর পরিবর্তনীয়কে অনক্রভার মাধ্যমে। এলিফাণ্টার
বিমৃতি ভারতীয় শিল্পের অভি স্থমহান নিদর্শন—এই মৃতি প্রকৃতি
আকৃতির ভিনগুণ বড় এবং ভিনবার এই মৃতিতে একই সঙ্গে
দেবভার ভিনটি অভিব্যক্তি প্রকাশিত। এই মৃতির একটিতে শিবকে
স্পষ্টকর্তা ব্রহ্মা এবং অপর ঘটতে শিব-বিষ্ণু বা পালক এবং শিব-ক্রম্র
বা লম্ম কর্তা হিসাবে রূপায়িত। এই অভিকাম ভাম্বর্যের দম্পূর্ণ
প্রভীকি প্রতিক্রিয়া এর ভিনবার পুনরাবৃত্তি থেকেই উদ্ভূত। যদি

কোথাও হয়ে থাকে তাহলে এখানেই প্রকৃতির পরিবর্তন সহনীয়তার মাধ্যমে প্রকাশিত, রূপান্তরকে দেখান হয়েছে অপরিবর্তনীয় রূপে— পাশ্চাত্য শিল্পের সম্পূর্ণ বিপরীত রীতি। আরেকটি শিব, নৃত্যশীল শিবকে ভারতীয় ভাস্কর্বে প্রায়ই রূপায়িত করা হয়েছে সর্বদাই অতি ভক্ত, শান্ত এবং ব্যক্তিত্বব্যক্তক, মাঝে মাঝে অতিশয় সার্থক হয়েছে এই মৃতি, এর মধ্যে রূপান্তর, মৃত্যু এবং প্রকৃতির পুনর্জাগরণ, এই সহনশীল দেবতার মাধ্যমে প্রকাশিত। এই সব হল অতি চমংকার শিল্পবর্ম—তবে এর মধ্যে কোনো প্রকার প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। প্রকৃতি যা ঈশরকে অদীম অনস্ত, বৈচিত্রে অনন্ত; এই কারণে পাশ্চাত্য শিল্প ও কবিতায় উন্নয়নের স্ক্রেরাগ আছে। ঈশর অহিতীয়,—এই শিল্পের বৈপরিত্য ধর্মীতায় ঈশ্বর যথন প্রকৃতির পরিবর্তন মৃত্যু এবং পুনর্জন্মের অভিব্যক্তি প্রকাশ করেন—মতবাদশীল ভারতীয় শিল্পের রীতি এমনই কঠোর যে এইসব শিল্প বস্তুর কোনোটিতে কোনও শিল্পীর নামাংকিত করা হয়নি। শিল্পীরা স্বাই অঞ্জাত।

কার্মানভাষী লেথকর্ন্দ ভারতীর কারুশিল্প বিষয়ে কয়েকটি হাদয়গ্রাহী গ্রন্থ
রচনা করেছেন। অনেকে আবার চরম মতভঙ্গী প্রকাশ করেছেন—এদের
বধ্যে ছটি নাম উল্লেখ করা গেল—এক কমিউনিস্ট কল্পলোক বিহারী রুবেন
ভার অপরজন জেইইট পণ্ডিত ফ্রানংস-জেভার সথউবহামার। জার্মানভাষী
ক্রিশ্চানগণ ভারতে পরিকল্লিত ক্রিশ্চানশিল্প বিষয়ে একটা আন্দোলন হারু
করেন। এঁদের মধ্যে একজন দিনি চিত্রকলার ক্রেক্তে কিছু আলোকপাত
করেছেন তিনি হলেন সেণ্ট গ্যালনের তরুণ এবং উৎসাহী রাইমণ্ড কীল, এর
সংক্রিপ্ত এবং ঘটনাবহুল জীবন ১৯১৭-থেকে ১৯৫৮ পর্যন্ত সীমিত। ১৯৫০
ব্রিষ্টান্দে তিনি ভারতে আসেন, তিনি পুলাথে দর্শনবিষয়ে শিক্ষালাভ করেন
এবং সেখান থেকেই এসেছিলেন। তার আগমনের অল্পকারের মধ্যেই তিনি
পুণার ছা নোবিলি কলেজে প্রথমত খাঁটি, ক্রিশ্চান চিত্রকলার প্রদর্শনীর
আম্মোজন করেন। ভারতীয় ক্রিশ্চানদের মধ্যে তিনি শিল্প বিশাস স্থান্ট করেন।
ভারতীয় শিল্পীদের তারা বতকাল ক্রিশ্চান ঐতিহ্ এবং ভারতীয় উত্তরাধিকারের
মধ্যে একটা ভারসাম্য রচনা করতে পেরেছেন—তিনি ভবিশ্বতের পথ
নির্দেশ করেছেন তাঁদের নিজেদের সারবন্ধ এবং নিজস্ব অতীত থেকে।

ভারততত্ত্ব বিষয়ক মাস্রাঙ্গে অস্থৃষ্টিত এক সেমিনারে ( ৬ই ভিসেম্বর থেকে ১৩ই ডিসেম্বর, ১৯৩৬ ) ভারতীয় শিল্পের জার্মান ছাত্রগণ— বথা পি. জে. নিউনার ও লোর টেরমেহর প্রভৃতি শিল্প ঐতিহাসিকরা প্রাচ্য-পাশ্চাত্য সম্পর্কের যে ব্যাথ্যা করেন তা সর্বত্র হুড়িয়ে পড়ে। খ্রীমতী লোর টেরমেহর বলেছেন যে রেইমস ক্যাথিড়ালের অতিথিগোণ্টার ভাজিন মেরীর যৃতি বিশ্বজাগতিক নর্ভক শিবমৃতির পরস্পর বিরোধী রূপ অগ্নিশিথার ভোরণের মধ্যে নৃত্যরত এই দক্ষিণ-ভারতীয় ব্রোঞ্জ মৃতিতে নটরাজের মৃতি রূপায়িত। ভাজিন মেরীর প্রতিমৃতি থোদিত প্রস্তর প্রাণবস্তু। ভারতীয় ব্রোঞ্জ বহিরক্ষ প্রকাশ পরিক্ষ্ট, তার মধ্যে আছে প্রতীকি ধারা কঠোর নৃত্যবিভঙ্গে রূপায়িত, এর মধ্যে চিরন্তন পরিবর্তন এবং চিরন্তন পৌন-পোনিকত্বের ইন্দিত আছে—বহু প্রত্যক্ষ বিশিষ্ট পরিকল্পনার আভ্যন্তরীন চক্র থেকে উন্তত্ত শক্তির ইন্দিত বর্তমান।

জার্মানীতে এবং জার্মানভাষী জগতের অসংখ্য স্থান আছে বেখানে ভারতীয় শিল্প আশ্রয় লাভ করেছে। বার্লিনের চৌদটি ম্যুজিয়মের মধ্যে যেটি নবীনতম, যার নামের সক্ষে এখনও প্রাশিয়া সংযুক্ত সেই "Stiftung Preussischer Kulturbesitz"—যাত্বরটি ভারতীয় শিল্প বিভাগ। এই স্বাত্বরটি ১৯৬৩-র নববর্ষের দিন বার্লিনে উল্লেখিত হয়। এই স্বাত্বরটি জার্মান-ভাষী সাংস্কৃতিক জগতে ইন্দো-এশিয়ান শিল্পকর্মের বৃহত্তম সঞ্রংহ-শালায় পরিণত হয়েছে।

এই বিভাগে যে সব শিল্পনিদর্শন প্রদর্শিত হয় তার মধ্যে এশিয়া পর্যটকগণ কর্তৃক উপহার দত্ত (বিশেষতঃ বোড়শ শতকের) দ্রব্যসম্ভার অন্তর্গত। এইগুলি ১৮২০ গ্রীষ্টাব্দে "Königlich-Preussischen Kunstkammer" (রয়াল প্রাশিয়ান চেম্বার অব আট)-কর্তৃক "নৃতত্ব বিষয়ক সংগ্রহাবলীতে" স্থানাম্ভরিত করা হয়। সেখানে প্রদর্শিত সব কটি শিল্প নিদর্শনেই যে প্রকৃত্ত শিল্পের ছাপ আছে তা নয়, এইসব শিল্পবন্থর মধ্যে অপরিচিত প্রাচ্যদেশীয় বাতাবরণের আমেজ প্রতিফলিত করার পক্ষে এইগুলি সহায়ক।

কিন্তু এই শতকের অভ্যানয় থেকে জার্মান গবেষণার ক্ষেত্রে ইন্দো-এশির অতীতের প্রভাক সমীক্ষার কালে স্থক্ষ হয়েছে—বিশেষতঃ অতীত বৌদ্ধযুগের শিল্প বিষয়ে। ১৯০২ থেকে ১৯১৪ গ্রীষ্টাব্দের মাঝে প্রাক্তন নৃতাত্ত্বিক সংগ্রহে বা ইতিমধ্যে বার্লিন ম্যুজিয়ম অব এথনোলজী নামে পুনর্গঠিত হয়, তাঁরা পূর্ব- তুর্কেয়ানে চারটি গবেষক অভিষাত্রী বাহিনী পাঠান। এই অঞ্চল হল আবিস্কারক ও শিল্পপ্রেমিকদের মিলনক্ষেত্র। বৌদ্ধ মৃতি এবং গ্রন্থ, মানি-ধেয়ান সাহিত্যের অংশবিশেষ অথবা নেসটোরিয়ান রচনাবলী দর্শকদের শিল্পজগৎ শব্দতত্ব ও ধর্মের ক্ষেত্রে আবিস্কারের অভিষাত্রায় আমন্ত্রণ জানায়। এর মধ্যে প্রীষ্টধর্মের, জরগুষ্টীয় ক্রাইস্ট ও বৌদ্ধ এই তিন বিভিন্ন ধারার সংযোগ ঘটেছে। আলবার্ট গ্রন্ডভেল, আলবার্ট ফন লে কোক এবং আরনই ভালভ্সমিউট এই মাগনা-ইতিয়া এরিয়ার আধ্যাত্মিক পথনির্দেশক, তাঁদের অবধায়কত্বেই আমরা অকুন্তিতিত্তে আত্মসমর্পণ করতে পারি।

তুরফান একদা প্রাচীন ভারতমাতার এক শাখা ছিল। বর্তমানের বালিনতুরফান সংগ্রহের তালপত্রের বা চামড়ার ওপরকার পাণ্ড্লিপি, চিত্রকলা,
থবং স্টের কাজ প্রভৃতির সমঝদার বৃদ্দকে একথা বিশ্বত হলে চলবে না ধে
বিগত্যুদ্ধ তুরফান ও নর্দান সিন্ধ রোডের অন্তান্ত শিল্প-সম্পদ বিপর্যন্ত করেছে,
প্রাচীন গান্ধার অঞ্চল থেকে কুচা পর্যন্ত বিত্তীর্ণ ক্ষেত্রের সংগ্রহ এই শিল্প সম্ভার।
তথাপি আজা, উচ্ছল এবং স্থানররূপে আলোকিত কক্ষণ্ডলিতে গান্ধারের
বোধিসন্তের স্থাহুৎ মৃতি সাজানো আছে, এশিয়ার এই অংশ গান্ধারে ভারতীয়
ভাবধারাকে হেলেনীয় আন্ধিকে ঢালা হয়েছিল। এইখানে গৌতমের বাণী
এ্যাপোলের মৃতিতে রূপায়িত হওয়ার মধ্যে মুরোপে ভারতের উপস্থিতির
প্রমাণ পাওয়া যায়।

আরেকটি দিকে দৃষ্টি নিক্ষেপ করা যাক যেথানে ভারতীয় শিল্লের এক স্থাগ্য আশ্রয় মিলেছে। জ্রিথে যথন ভারত সম্পর্কিত গুরুত্বপূর্ণ গ্রন্থাদির স্রোত পৃথিবীর সর্বত্র প্রবাহিত হল—ভারতীয় উত্তরাধিকার রীটবার্গ ম্যুজিয়মে এক মহাণ নির্গমণ পথ পাওয়া যায়। এইখানে অতিথিরা অসংখ্য ভারুর্ঘ, এবং অক্সান্ত ভারতীয় শিল্লনিদর্শন দেখতে পান, এইগুলি ভারতীয় শিল্লের বিভিন্ন পর্বের অর্থীয় নিদর্শন। বালিন ও জ্রিথের এই তুই সৌধ যাত্র্যর পরিচালনার উজ্জ্বলতম দৃষ্টাস্ত—অক্ত যে সব প্রতিষ্ঠানে অক্তর্ম ভারতীয় প্রস্তর বা ব্রোঞ্জ, কাগজ বা তালপত্রের শিল্পবস্ত সংরক্ষিত তার কাছেও এক দৃষ্টাস্ত স্বর্মণ।

এই পরিচ্ছদের শীর্ষে যে নীতিবাক্য উগ্বত আছে ভারতের বাইরে অহাষ্টিত এখন পর্যস্ত ভারতীয় শিল্প সম্ভারের বৃহত্তম প্রদর্শনী। (১৬ই ফেব্রুয়ারী, ১৯৫৯)-এর নাম এনেন প্রদর্শনী Fünftausend Jahre Kunst aus Indien (পাচহান্ধার বছরের ভারতীয় শিল্প সম্পদ)। এই অপরপ প্রদর্শনী মে থেকে সেপ্টেম্বর মানের মধ্যে ভিলা তগেলের ক্রুণ হাউদে অম্পৃতিত হয়। ভারতের রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ ও ওয়েন্ট জার্মানির প্রেসিডেন্ট থিওডোর হেউন এই ঘটনার সংযুক্ত পৃষ্ঠপোষক। জার্মান শিল্প প্রতিষ্ঠানগুলির পৃষ্ঠ-পোষকছে শিল্পকলার এই অক্যান্ত সাধারণ প্রয়ান সফল হয়। স্বর্হৎ ক্যাটালগে আরো অনেকের সঙ্গে লিখেছেন এরিখ বোয়েরিংগার। তিনি ছিলেন বালিনের তদানীস্তন জার্মান আধিওলছিক্যাল ইনষ্টিযুটের প্রেসিডেন্ট, তিনি এবং হেরমান গোয়েৎস ভারতবর্ষে আলেকজাণ্ডারের পথ বিষয়ে বিস্তারিত গবেষণা করেছেন। সমগ্র ব্যাপারটি একটি ছোটখাটো শিল্পকর্ম। স্থচী এবং সমাপ্তি, তথ্য সন্নিবেশ এবং অলংকরণ প্রভৃতি বৈজ্ঞানিক কলাকৌশলে সম্পাদিত এবং তার শিল্পগত রন্ম বোধ এক স্বগভীর বিষয় বস্তর উপযুক্ত।

এখন বাকী যে দব পাশ্চাত্য দেশীয় শিল্পী ভারতীয় প্রভাবে পড়েছিলেন তাঁদের কথা বলা। বালথাদার স্প্রেলারের ভ্রমণ কথায় দর্বপ্রথম প্রত্যক্ষদর্শীর আঁকা ছবি দেখতে পাওয়া যায়। এই গ্রন্থের ছবিগুলি সম্ভবতঃ অগসবার্গের হানদ বার্গক্মেয়ারের কারখানা থেকে পাওয়া যায়। এর পরবর্ত্তী অধিকাংশ ভ্রমণ বৃত্তান্ত, যার অধিকাংশ আর্মহারভাম এবং ক্যুরণবার্গে প্রকাশিত হয়, তার মধ্যে এই ধরনের চিত্র অলংকরণ ছিল। এতহারা বোঝা যায় যে কিভাবে হঠাং যোড়ণ শতাক্ষীর মাত্র্য ভারতের প্রতি আক্ষই হয়েছিল।

অলক্ষারবহুদ চিত্ররূপ এবং তাদের দেশান্তর বিষয়ে উল্লেখ করা হয়েছে। কিন্তু ভারত প্রাচ্য দেশীয় শিল্পীরা পাশ্চাত্য দেশীয় শিল্পীর্দকে অক্তভাবে প্রভাবিত করেছেন। দৃষ্টান্ত হিদাবে উল্লেখ করা যায় যে ও. বেনেশ্খ দাবী করেন যে রেমব্রাণ্টের 'আব্রাহাম ও পরীরা' নামক ছবিতে ভারতীয় মিনিয়েচার ছবির আঙ্গিকের আশ্চর্য দাদৃশ্য মেলে।

দক্ষিণ-জার্মানীর অধিবাসী ষোহান জোফ্রানী (১৭৩৩-১৮১০) যে সব জার্মান শিল্পী গোড়ার দিকে ভারত ভ্রমণে গিয়েছিলেন তাঁদের অক্সতম। প্রায় সাত বছর কাল ভারতই ছিল তাঁর দেশ। এই ভারতবর্ষে তিনি অসংখ্য গুরুত্বপূর্ণ ছবি এ কেছিলেন। Indischen Biographien (ভারতীয় জীবনীমালা) গ্রন্থের শেষতম নাম জোফ্রানীর—মনেক খ্যাতনাম গভর্ণর জোনারেল, মহারাজা, নবাব, প্রাচ্যবেত্তা এবং রাজনৈতিক নেতাদের মধ্যে তাঁর নামটি কিঞ্চিৎ বিদ্লমুশ: ১৭৮৩-৯০ ভারতবর্ষে গমন: কলিকাতা ও লক্ষ্ণে শহরে অবস্থিতি: ঘটনা এবং জীবন চিত্র শিল্পাঙ্কনের বিষয়বস্ত, "নাটকীয় দৃশ্য এবং আলাপাচার দৃশ্য" ঘথা, "কর্ণেল মোরদস্তের মুরগীর লড়াই", "ইস্ট-ইগুজে ব্যাদ্র শীকার", হায়দর বেকের কলিকাতার দৃতাবাস: এর কিছু অংশ রিচার্ড ইয়ারলোম কর্তৃক খোদিত। খোদাইকার রিচার্ড ছিলেন খ্যাতনাম মেজ্জোটিনটো এনগ্রেভার—(১৭৪৩-১৮২২) তিনি স্থার এলাইজা ইমপের ছবিও এঁকেছেন এবং কলিকাতার সেণ্ট জনস চার্চের বেদীর সজ্জা হিসাবে "দি লাস্ট সাপার" নামক চিত্রটি এঁকেছেন। (সেণ্ট জনস চার্চ ১৭৮৭ এটাক্ষের জুন মাসেন্টেপসনাদির জন্ম উল্লেখিত হয়।)

১৮১৫ খ্রীষ্টাব্দে এই সেণ্ট জনস চার্চ এ্যাংলিকান ক্যথিড়লে রূপান্তরিভ হয়। এখানে জাফ্রানীর 'লাস্ট সাপার' ছবিটি দক্ষিণ নেভ বা মন্দিরের মধ্য-ভাগে দেখা যায়। এই ছবিটি গোড়ার দিকে আঁকা ছবিগুলির অক্তম। এবং সেইসলে ভার্মান শিল্পীর অসামাত্ত শিল্প নিদর্শনের চমৎকার দৃষ্টান্ত, প্রাচীন শিল্পগুরুদের ঐতিহ্যাস্থ্যারে কলিকাতা শহরের কয়েকজন বিখ্যাত নাগরিককে যীশুর তেরজন শিক্তার রূপে এই ছবিটিতে আঁকা হয়েছে।

জোফানী ও বর্তমান কালের শিল্পীদের মধ্যবর্তী সময়ে, কিছু পর্যটক মাঝে মাঝে ভারতের চিত্ররূপ শিল্পী এবং লেথক রূপে রূপায়্মিত করার চেষ্টা করেছেন। আমরা করেকটি ছবির কথা জানি ক্রিশ্চান মিশনের কাল থেকে সেইসব ছবি আঁকা হয়েছে। ডাঃ এইচ মোগলিংগ রচিত Das Kurgland (কুর্গ দেশ) ১৮৬৬ গ্রীষ্টাব্দে প্রকাশিত পুন্তিকায় এফ. কুফমান-লার-অঙ্কিত অনেকগুলি স্থন্দর লিথোগ্রাফ সন্নিবেশিত আছে। এই সব ছবির মধ্যে শতান্দী কাল পূর্বের ভারতের অপরূপ রূপের এবং পশ্চিমঘাটের দৃশ্রপটের কিছু কিছু পরিচয় পাওয়া যাবে। আরনফ হেকেলের ভাম্যমানের চিঠিতে পাঠক এই পণ্ডিত ব্যক্তির ছবির ঝাঁপি থেকে কয়েকটি ছবির প্রতিলিপি দেখতে পাবেন—এই ছবির মধ্যে দৃশ্রাবলী স্থন্ম রঙ ও রেখায় ধরা হয়েছে।

ভারতে আগত বিশ্বত শিল্পীদের অক্তম হলেন অসওয়ালড্ মালউরা, তিনি স্বয়ং শিল্পী এবং লেথক ছিলেন। তাঁর আঁকা ''শ্রীনগরের সেতু'' ভারত থেকে বে সব শিল্পী দৃশ্বপট এঁকে এনেছেন তার মধ্যে বর্ণ-বৈচিত্তো এই ছবি অক্তম স্থানর ছবি হিসেবে স্বীকৃত। মালউরা গ্রান্ধীকে ধুব শ্রদ্ধা করতেন। তিনি তাঁর ভ্রমণ বৃত্তান্তে গান্ধী, খ্রীষ্টধর্ম এবং হিন্দু দেব-দেবী বিষয়ে বিবরণ দিয়েছেন; তিনি এই উপমহাদেশের বহু অংশের ছবি এঁকেছেন। গোরা প্রদক্ষে তাঁর কাহিনী প্রাণরসে উচ্ছুল।

আরও একজন জার্মান শিল্পী পল কোহেন-পোরথাইম সাধারণ ভাবে এশিয়া এবং বিশেষ ভাবে ভারতবর্ষে নব্য-জগতের একজন শিক্ষাদাতা হিসাবে বিবেচিত হন। তিনি প্রতিবেশীগণের প্রতি স্বার্থহীন সহায়তায় উপদেশ দিয়েছেন এবং ধর্ম এবং শিল্পের মধ্যে একটা সমন্বয় সাধন করেছেন। বাস্তবতা ও আধ্যাত্মিক ম্ল্যবোধ বিষয়ে ক্রমবর্ষমান সংঘাত ও ধর্ম ও ধর্মবিশাসের বিলীয়মান প্রভাবের এই যুগে তিনি সংক্ষেপে আধুনিক শিল্পীর ভূমিকা নির্দেশ করেছেন। এই ছটি পরম ম্ল্যবোধের মধ্যে তিনি একটা দ্বিষ্ঠ সংখোগ শুক্রের সন্ধান প্রেছেন:

আধুনিক মুরোপীয়দের কাছে শিল্প এবং ধর্ম একটা অভ্তপূর্ব ব্যাপার—তবে এর কারণ এই বে এই তৃটি বস্তুকে একটি এক তরফা নিজস্ব দৃষ্টিকোণে বিচার করা হয়। দেন্ট ফ্রান্সিন অব এ্যানিনাই এবং ফ্রা এঞ্জেলিকোর এই উভয়ের মাঝে সংযোগ স্থত্ত কত ঘনিষ্ঠ। মধ্যযুগে শিল্প ও ধর্মের মধ্যে সংযোগ কত গভীর ছিল, বৌদ্ধ শিল্পে নাধু এবং শিল্পী কতদ্র অভেদাত্মা?

আরো অসংখ্য শিল্পী ভারতবর্ষে কাজ করেছেন, এই দেশের বছরূপ তাদের সাহিত্য ও শিল্প কর্মে প্রতিফলিত। এই রক্ম একজনের নাম গেরহার্ড গোলভিৎসার, তাঁর Indisches Bilderbuch বা ভারতীয় ছবির বই নামক প্রান্থে তাঁর অভিজ্ঞতার ছাপ ধরা পড়েছে। স্টুটগার্টের একাদেমি অব আর্টনের অধ্যাপক গেলেভিৎসার এই গ্রন্থটি তাঁর ত্রী ললিতাকে এবং তাঁর পিভা-মাতার শ্বতির উদ্দেশ্যে উৎসূর্য করেছেন। বিখ্যাত ভারততত্ত্বিদ্ এফ. ও. স্থারদার এবং তাঁর ত্রী লুসি ললিতার জনক-জননী। অহ্নরপ আর একথানি গ্রন্থ রচনা করেছেন আর. ভরু. বয়ের। স্থইস শিল্পী মিকাএলা বুর্থার্ড-সিমাইকা স্থইজারল্যাণ্ড, ব্রেজিল, মিশর ও ভারতে ছবি এ কৈছেন। প্রাচ্য দেশ থেকে শাঁকা এই মহিলার ছবির মধ্যে মানবিকভার সন্ধানে, ও সরল সন্তুদয়ভার সন্ধানে তার আপ্রাণ চেষ্টার পরিচয় পাওরা যার। ভারত্ত এই তুটি ব্স্থরই সন্ধান পাবেন এই তাঁর আশা ছিল।

১৯৫৭ খ্রীষ্টাব্দের: মাসে বাংলাদেশের শান্তিনিকেডনের বিশ্বভারতী

বিশ্ববিভালয় ওয়ালটার লাইবেনথালের সম্ভরপূতি উপলক্ষে একটি অভিনন্দন গ্রন্থ প্রকাশ করেন, এই পণ্ডিত ব্যক্তি বাইশ বছর কাল ভারতবর্ষে কাজ করছেন।

১৮৮৬ খ্রীষ্টাব্দে লাইবেনথালের কোনিগদবার্গে জন্ম হয়। এই অভিনন্দন গ্রন্থে তাঁর পরিচর লেখা আছে 'ভাস্কর-দৈনিক-পণ্ডিত'। ভাস্কর হিদাবে তিনি চীনা-ভারত-এদিয়-উপজীব্যে আকৃষ্ট হন। তরুণ বয়দে লাইবেনথাল প্রথম মহাযুদ্ধে তাঁর স্বদেশের স্থপক্ষে লড়াই করার জন্ম স্বেচ্ছা দৈনিক হিদেবে যোগদান করেন। যুক্চান্তে তিনি বৌধ্ধর্যের প্রতি আকৃষ্ট হন। তিনি পালি, সংস্কৃত, তিব্বতি এবং চীনা ভাষা শিক্ষা করেন। ১৯৩৩ খ্রীষ্টাব্দে তাঁর ডক্টরেট ধীদিদের জন্ম 'সংকার্য যা তাঁর বৌদ্ধ বিরোধীদের ঘারা বণিত' এই বিষয়বস্কর ওপর লিখলেন। দেই বছরেই তাঁর ব্যক্তিগত জীবনে পার্টিচালিত রাষ্ট্রের বর্বর হন্তক্ষেপ তিনি একটি মাত্র লাইনে অতি সোজান্থজি স্পষ্ট ভাষায় লিখেছেন।

সেই বছরেই তাঁকে তাঁর পিতৃভূমি ত্যাগ করতে বাধ্য হতে হয় হিটলারী শাসনের থামথেয়ালী বিভেদ্যুলক আইনের চাপে।

লাইবেনথাল ১৯৫২ পর্যস্ত চীনদেশে বক্তৃতা দিয়েছেন। তারপর থেকে দিয়েছেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের চীন-ভারত প্রসঙ্গে। তিনি প্রথমতঃ একজন পণ্ডিত এবং দ্বিতীয়তঃ একজন শিল্পী। যে অল্প সংখ্যক জার্মান ভাষী শশুভগণ চীন ভারত সংস্কৃতির মধ্যে সেতৃ রচনা কার্যে ব্রতী আছেন তিনি তাঁদের অক্সতম। অনেকদিক থেকে তাঁর জীবন বহু জার্মান ইহুদী বংশোভূতের সম্পদ্ধ ও তুর্দশার প্রতীক স্বরূপ।

আরেকজন জার্মান প্রবাসী ধিনি ১৯৩৮ থেকে ভারতে আছেন (তাঁর অভি সাম্প্রতিক কর্মভার হল বোঘাই শহরের বিখ্যাত দৈনিক Times of India পত্রিকার শিল্প-নির্দেশক বা Art Director) এই শিল্পীর নাম ওয়ালটার লাংদামার। তাঁর আঁকা ছবিগুলির মধ্যে গুজরাট, মহারাষ্ট্র, কাশ্মীর ও রাজহানের অপরপ মনোহারিত্ব ধরা পড়েছে। Times of India পত্রিকায় তাঁর সহকর্মী এগন জ্ঞাদিগ্ ভারতের রহস্ত ও মাধুর্য্যের গভীরে মজেছেন। এই তুই শিল্পীর মধুর রোমান্টিক শিল্প কর্মের ভীক্ষ বৈপরীত্য লক্ষ্য করা বাদ্ধ বৌদ্ধ লামা অনাগরিক গোবিনের শিল্পকর্মের লক্ষিত হয়। তাঁর ছবিতে ছিমালেরের ভাবগন্তীর ভীক্ষ বৈপরীত্যের ছবি বঙ্গুক্ষাণ শম্পার বিজ্ঞার

পরিস্ফৃট তথাপি এর সব রকম কর্কশতা সত্ত্বেও। তাঁর কাজের মধ্যে একটা বিশেষ ধরণের রোমাণ্টিকতার স্পর্শের সঙ্গে মিশিয়ে আছে একটা স্বাধ্যাত্মিক আকুলতা। দর্শক হিমালয়ের দৃশ্যের ওপর জার্মান আদর্শবাদের প্রতিফলন লক্ষ্য না করে পারবেন না।

ক্রশ শিল্পীও তীর্থপথিক খেতোৎস্পাত রোরিগ অন্ধিত হিমালয় দৃশ্রপটে অনেকটা অন্থরপ আলিক লক্ষ্য করা ষায়। তাঁর স্থপট বিশেষত ব্যঞ্জক চিত্ররূপের সঙ্গে বৌদ্ধ প্রশান্তির সঙ্গে উনবিংশ শতকের দার্শনিক আদর্শবাদ সংমিপ্রিত হয়ে গেছে। হেরমান গোয়েৎস গাইকোয়াড অব বরোদা ম্যুদ্ধিয়মের কিউরেটর হিসেবে দীর্ঘকাল ধরে ভারতীয় শিল্প শিক্ষা করেছেন। তিনিই সর্বপ্রথম রোরিগের শিল্প সম্পদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। আরেকজন শিল্পী ধিনি লামা অনাগরিক গোবিন্দের মত তাঁর চিত্রের মাধ্যমে বৌদ্ধ ধর্মের রহস্ত ভেদের চেষ্টা করেছেন দেই মহিলা শিল্পীর নাম এলিজাবেথ ক্রণার।

হোরদট গেহট দিকিম থেমে কুমায়ুন অঞ্চলের অনেক পোর্টরেট এঁকেছেন। তাঁর শিল্প রীতি কর্কশ এবং দৃশ্যপটের স্থরের দঙ্গে দঙ্গতি বিশিষ্ট। ১৯৫৬ খ্রীষ্টাব্দে দিল্লীর ম্যাকস ম্যুলর ভবনে আয়োজিত তাঁর এক চিত্র প্রদর্শনীতে তাঁর ছবি প্রথম দেখার পর থেকে শিল্পগত নূজাতি বিজ্ঞানের মৌলিক দৃষ্টাস্ত হিসাবে সেইগুলি মনে গাঁথা হয়ে আছে। তাঁর Portrait of a Man from Sikkim যার কার্ল ক্রিশ্চিয়ানসেন কর্তৃক আলোক্চিত্র গ্রহণ করা হয়েছে সেটি আমার হিমালয় গ্রন্থের চিত্রাবলীর অন্ততম।

আরেকজন সমকালীন শিল্পী ওটো রিশথল। বেদান্ত ও উপনিষদের একজন ছাত্র। তিনি তাঁর চিত্রগুলিতে ভারতীয় প্রভাব বিষয়ে উত্তর দিতে গিয়ে একবার বলেছিলেন বেদান্ত চিন্তা তাঁকে সার্থকতার কাছে টেনে নিয়ে গেছে। এই শিল্পী বলেন যে বিশেষ ধরণের শিল্প কর্ম অধ্যাত্মিক সংযোগর ফলেই স্পষ্টি করা যায়।

ক্রিয়া এবং ফলের সংযোগ কারণবাচক, কেবলমাত্র চিস্তায় ফলাফল অবশুস্তাবী। ছবির জগতে তার অর্থ কি! বহিরক মৃতি অস্তরত্ব মৃতির প্রতিক্ষতি। কাল ও আলিকের পরিবর্তন ঘটতে পারে। স্থায়বাগীশ এবং মূর্থ দর্শক তা প্রত্যক্ষ করতে আলতে পারেন। চিত্র হল লষ্টার নিজের প্রতিকৃতি। এই পরিণতিতে দর্শক নিঞ্জে অস্থতব করেন। তাঁর উপলব্ধি ঘটে চরম অবস্থায়

তিনি ব্ঝতে পারেন—তৎ ত্বমিন। তৃমিই সেই। এমন কি ষেধানে আগভীরত্ব এবং অসহায়ত্বই হচ্ছে ফ্যাসন—ষেধানে মুখোদ নেই। এবং ষেধানে তার প্রকাশ ঘটে, তথন ষে মুখোদ পরে থাকে তার কাছে তা প্রকৃটিত হয়। এইভাবে আমরা জগৎ সৃষ্টে করি।

ভারতবর্ষ চিত্রশিল্পী এবং ভাস্কর ভিন্ন সঙ্গীতকারদেরও অম্প্রাণিত করেছে।
রিচার্ড ভাগনার বৌদ্ধর্মে আকৃষ্ট হওয়ার পর এটা বিশ্ময়ের বিষয় নয় বে
দঙ্গীত শুষ্টারা ভারতীয় জগৎ নিরে আছন। ভাগনারের সহযোগী স্থরকারদের
মধ্যে অনেকেই ভারতীয় বিষয় বস্ততে অম্প্রাণিত। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য
পল লিংকে (Im Reiche des Indra—ইল্লের জগতে—১৮৯৯), এর আরও
দাশ্রেতিক কালে ভলফগাত্ত ফোর্টনার (িষনি ঘাদশ শুর বিশিষ্ট ভারতীয় স্থর
রচনা করেছেন। নিউ দিল্লী মিউজিক, ১৯৫৭)। অপর দিকে জার্মান
সঙ্গীত ভারতের প্রখ্যাত সঙ্গীত পরিচালক জুবিন মেহতাকে আকৃষ্ট করেছে,
এই স্থরকার বোখাই শহরে জন্মছেন এবং হানস্ স্বরোভ্সকীর অধীনে
ভিয়েনায় সঙ্গীত শিক্ষা করেছেন।

সঙ্গীতের মাধ্যমে প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে সংযোগ সেতৃ রচিত হয়েছে ভারতীর জাতীয় সঙ্গীতে রবীক্রনাথের কথায় হুর সংযোজনার ঘারা—জন গন মন । ম্যাকস্ গাইগার নামক একজন অপ্রিয়ান সঙ্গীতবিদ্ কর্তৃ ক এই হুর রচিত হর, তিনি ১৯৬৮ ঞ্জীষ্টাম্বে পাতিরালার মহারাজ্যুক্তনিমন্ত্রণে ভারতে এসে

পাঞ্চাবী শিখ রাজার কাছে কৃড়ি বছরের ওপর ছিলেন। পাইগার ভারতের জাতীয় দলীতকে ট্রিং, ত্রাস এবং জাজ অক্রেটেশনের ( স্বরারোপে) ব্যবছা করেন।

প্রাচ্য ও পাশ্চাত্য এই উভয় দেশের মধ্যে স্ঞ্জনশীল মধ্যস্থ স্থাপনে জার্মান ধর্মবাজক ফাদার জিওর্প্রকোন্থ সক্রিয় সাহাষ্য করেছেন—তিনি পরে জ্ঞান-প্রকাশ এই নাম গ্রহণ করে ভারতীয় নাগরিকত্ব গ্রহণ করেন। তিনি হিন্দি ভाষী चक्रत्न लाकगाथा ও লোকসঙ্গীত বিষয়ে গবেষণা করেন। প্রকোসখ্ একটি হিন্দুখানী সঙ্গীত বিভালয়ের সহ প্রতিষ্ঠাতা এবং হিন্দিভাষায় তিনি স্তোতাদি রচনা করেছেন এবং স্থর দিয়েছেন। ফাদার জোহানেদ রৎসিকা ৰুৰ্ত্ক রেকর্ড ক্বন্ত একটি ক্রিসমাস ক্যারল(ক্রিসমাস কীর্তন) যুরোপীয় লোতাদের সহজ লভ্য হয়েছে। Janoma Maria makalale (মেরী মাতার পুত্র জন্ম) নামক এই চমৎকার ব্লেকডিং ক্রিদটোকারস পাবলিসিং হাউস থেকে প্রকাশিত। স্থর সংগ্রাহকের তালিকাভুক্ত হওয়া ছাড়া এই স্থর প্রায় আধা ধর্মীয় প্রকৃতির, সাইরো মালাংকারা এবং দাইরো মালাবার রীতির ইউনাইটেড চার্চের স্থোত্র জাতীয়। কতকগুলি স্থোত্র হিন্দিতে রচিত এবং ফাদার প্রকোদথ কর্তৃক গীত এদের মধ্যে শিরোনামাঙ্কিত গান 'জনম মেরী মাকা লালে' ছাড়া অক্ত গানগুলি ভীল ও সম্বলপুর, মুণ্ডা বা মারি প্রভৃতি ষাদিবাসীদের ভাষায় রচিত। ফাদার প্রকোস্থের স্থর ও রচনা ভারতে সর্বত্ত ক্রিনমাস ক্যারোল নামে পরিচিত। ফালার রচিত অন্ত গানগুলির মধ্যে 'জন্ম মামা দীওম' ও 'আও ধর্ম বীর প্রভূ'। প্রথমোক্তটি ৭/৪ মাত্রার। ক্রিসটোফারস পাবলিসিং হাউস, ফ্রাইবুর্গ কর্তৃক প্রকাশিত লোক গাথা সিরিজের গানগুলি এক উল্লেখযোগ্য দৃষ্টাস্ত, এই সব রেকর্ড থেকে বিদেশী খোতাদের কাছে ভারতীয় স্থর পৌছে দেওয়ার ব্যাপারে জার্মান প্রকাশকের উভ্তমের পরিচয় পাওয়া যায়।

জার্মান প্রাচ্যবিদ্রা অনেক গোড়া থেকেই ভারতীয় সদীতে আগ্রহায়িত হন। ইতিমধ্যেই থিওডোর বেন্দী Allegemeinen Encyclopadie der Wissenschaften und Künste (শিল্প ও বিজ্ঞান বিষয়ক সাধারণ বিশ্বকোষ) নামক কোব গ্রন্থে এই বিষয় লিখেছেন এবং জি. ভরু. ফিংক Indische Tonkunst (ভারতীয় সদীত শিল্প) বিষয়ে ঐ বিশ্বকোষে একটি বিস্তায়িত শরিচ্ছেদ্রচনা করেছেন। তব্প ষতদিন না ই. এম. ফন হর্নবেসেটেল এবং কুরট সাথস Zeitschrift für Ethnologie (নৃজাতি বিষয়ক পত্রিকা) নামক পত্রে এই বিষয়ে একটি পথিকং প্রবন্ধ না প্রকাশ করেন ততদিন ভারতীয় সঙ্গীত সংক্রান্ত বাভ্যযন্ত্রাদি বিষয়ে পাশ্চাত্য জগতে নৃজাতিবিদ্ বা সঙ্গীতবিদ্গণ কোনো কিছু আমদানি করেননি। পরে সাথস্ ভারতবর্ধ ও ইন্দোনেশিয়ার বাভ্য যন্ত্রাদি বিষয়ে একটি মহৎ গ্রন্থ রচনা করেন। তাঁর মতে বাভ্য যন্ত্রাদি সাধারণ ভাবে সামাজিক যন্ত্রপাতিতে নান্দনিক কারণে প্রস্তুত হয়—তাঁর মতে ভারতবর্ধ এবং এশিয়ার ক্ষেত্রে এই অভাবনীয় ব্যাপারটি প্রযোজ্য:

ভারতীয় বাতা ষম্র সেই উন্নয়ণ ব্যবস্থার ঘারা চিন্থিত, কিন্তু যে হেতু উপজাতীয় শ্বতি আরো গভীর এবং উপকথা আরও বৈচিত্র্যময় তাই বাগু যন্ত্র সামাজিক মেরুর সঙ্গে নান্দনিক মেরুর চেয়ে অধিকতর ঘনিষ্ঠ। সাংস্কৃতিক ইতিহাস বেতা অদম্য নান্দনিকত্ব বিষয়ে অহতাপ করবেন যার অর্থ মহৎ সাংস্কৃতিক মূল্যবোধের ধ্বংস সাধন, আর তার বিশিষ্ট চরিত্র বিবৃত করা, কারণ এটি মৌল বিবর্তনের ফলশ্রুতি নয় বরং যুরোপীয় প্রভাব থেকে আহত। এই অবস্থার বেদনাদায়ক দৃষ্টান্ত সামাক্ত পাশ্চাত্য বাছ যত্ত্ব ঐতিহাশ্রয়ী জাতীয় বাম্ব ষল্লের পরিবর্তে ব্যবহার করা। বিশেষতঃ দক্ষিণ ভারতে, সারেশীর জায়গায় ধীরে ধীরে বেহালার প্রচলন হচ্ছে... মুকলবীণার পরিবর্তে ক্লারিওনেট, মেলা—বা দেশীয় ঐকভান ব্যবস্থায় মুকলবীণা, নাগাস্থরম, এবং শ্রুতির পরিবর্তে দেখা যায় ক্লারিওনেট ফুট আর পিকলো বাঁশী। • এই সব অভাবনীয় ব্যাপার ছারা এই বোঝায় যে ভারতীয়দের অমুকরণ শক্তির কথা বিবেচনা করলে মনে হয় প্রাচ্য দেশীয় অধ্যবদায় বাছ্যমন্ত্রীয় অগাধ দম্পদকে হয়ত সংরক্ষণ করতে পারবে না এবং হয়ত অদূর ভবিশ্বতে যুরোপীয় মস্প সমতল কারক শক্তি এ অঞ্চলের সমন্ত বৈশিষ্ট্য সম্পূর্ণ মৃছে দেবে।

লেথকের অন্তর সেই দিকে যায় বাঁদের যন্ত্রাদি শেষ পর্যস্ত সব সহ্ করে
টিকে থাকবে। অন্ত এক জায়গায় আমাদের পার্বত্য জাতি কর্তৃক ব্যবহৃত একটি বাছা যন্ত্রের কথা বর্ণনা করেছেন:

> আরেকটি কুকি জাতি লুসাই এবং নাগা বিভিন্ন আকারে বাঁশের অংশবিশেষকে একের ভিতর আর এক্টি-প্রবেশ করায় এই

ভাবে একটি সরল বাঁশী গড়ে ওঠে, তার আওয়াজ কেন জোর হয়।
বেমন ঘটে থাকে, আদিম মাহুষের উদ্ভাবনী শক্তি আধুনিক আইডিয়া
অহুমান করেছে; মাত্র কয়েক বছর আগে গুণ্ডাভ গ্লাভিগ
বালিনে একটি ট্রামপেট তৈরীর পেটেণ্ট পেয়েছেন, এই ষন্ত্রটি বিভিন্ন
আকারের কতকগুলি পাইপের সমাবেশে গঠিত।

ফিলের জগতেও ভারত ও জার্মানীর সংযোগ আছে। প্রথম মহাযুক্ষের পর, ছায়াছবির জগতের মহান গ্রুণদী চিত্র Light of Asia ম্যানিথের এমেলকা ফিল্ম কোম্পানীর সহযোগীতায় প্রযোজিত হয়। এই প্রথম যুগের সহযোগীতা ডাসেলডুফের পল জিলস কর্তৃক অমুস্তে হয়। তিনি ১৯৪১-এ ভারতবর্ষে একজন অস্তরীণ বন্দী হিসাবে উপস্থিত ছিলেন এবং এই দেশে যোলো বছর বাদ করেছেন। তিনি 'সট' এবং 'ডকুম্যাণ্টারী' ফিলের এক স্থর্হৎ ব্যক্তিগত প্রযোজনার ব্যবস্থা করেন। Indian Documentary নামক ত্রৈমাদিক পত্র জিলস কর্তৃক প্রতিষ্ঠিত হয়, তার সাম্প্রতিক কাজগুলির মধ্যে Todas of Southern India (Die Letzen des Stammes—আদিবাদীদের শেষ চিহ্ছ) এবং কেরালার বর্ণাত্য জগৎ বিষয়ক চিত্র Trommel, Schwert und Tanz in Malabar (তাক, তলোয়ার এবং মালবাড়ী নৃত্য) বিশেষ প্রশংসালাভ করে। এক হিসাবে জিলিসকে অসংখ্য ভারততত্ববিদদের তালিকাভুক্ত করা যায়। যদিচ তিনি অতিশয় শক্তিশালী আধুনিক মাধ্যম গ্রহণ করেছেন এই দেশকে পাশ্চাত্য জগতের কাছাকাছি আনার প্রচেষ্টায়।

বিখ্যাত ছায়াছবি পরিচালক ফ্রিংস ল্যাং-এর স্ত্রী থিয়া ফন হারবুর প্রচেষ্টায় এক অবান্তব ভারতীয় স্বপ্নালোক জার্মান রোমান্টিক সিনেমার ক্ষেত্রে প্রবেশ করে, তিনি এক ভারতীয় মহারাজার চরিত্র এবং দড়ির ধেলার কৌশল ইত্যাদি তাঁর ছবিতে বিশেষতঃ Das indischen Grabmal (ভারতীয় সমাধি) ব্যবহার করেন। অধিকতর বান্তব ভারতে রূপ অধিকতর সাম্প্রতিক যুক্তরান্ত্রীয় গান্ধী জীবন বিষয়ক ফিল্লে প্রদর্শিত হয়েছে। সেই ছবিতে জার্মান অভিনেতা হোরসট্ বাথওলংস গান্ধীর বাতিকগ্রন্থ এবং অন্তুভভাবে বিধাগ্রন্ত হত্যাকারীর ভূমিকায় অভিনয় করেছেন।

পরিশেষে স্থাপত্য বিভাগ থেকে একটি দৃষ্টাম্ব সংক্ষেপে বর্ণনা করা বাক.
অর্থাৎ নয়াদিলীর শান্তিপথের ওয়েস্ট জার্মান এমব্যাসী (চাণক্যপুরীর
কূটনৈতিক পলী) নির্মাণ কর্ম ১৯৫৬ খ্রীষ্টাব্দে স্থক হয়। ১৯৫৯ খ্রীষ্টাব্দ

থেকে এই বাড়িটি ব্যবহৃত হচ্ছে। ছয় একার ভূমিতে অবস্থিত এই প্রতিনিধি ছানীয় এই ভবনটি ফ্রায়ফুর্টের জোহানেদ ক্রাইন কর্তৃক পরিকরিত। এলুমিনিয়ম জানালার কাঠামো এবং বুলবুলির সমস্করাল ঝাঁপ ভিন্ন এই নির্মাণকর্মের সমস্ক মালমশলা ভারতীয়। বিশেষভাবে রাজস্থানের ধৃসর মাকরাণ প্রস্তর উল্লেখযোগ্য। যে সব জার্মান স্থপতি এই নির্মাণ কর্ম পরিদর্শন করেন তাঁদের মধ্যে অগ্যতম ছিলেন ওয়ালটার ওয়েংসেন, সহযোগী ভারতীয় ছপতি ছিলেন কার্ল মালটে ফন হাইনংস—জার্মান হলেও ইনি ভারতীয় নাগরিকত্ব গ্রহণ করেছেন। লেখকের লোভ থাকা সত্ত্বেও এই গ্রন্থের পরিধির মধ্যে নয়া দিল্লীর জার্মান এমব্যাসীর কথা অধিকতর বিস্তারিতভাবে বলা সম্ভব নয়। কারণ এখান থেকেই তিনি স্বর্হৎ ভারতভূমির প্রাচীন ও উত্তেজনাময় দেশকে ধাপে ধাপে আবিজার করার কাজে ব্রতী হয়েছেন।

## হ্যানিমানকে অনণ্য প্রশস্তি

"তাহলে কি হোমিওপ্যাথির সরকারি স্বীকৃতি ও পৃষ্ঠপোষকতা প্রভ্যাশা করাটা অতিরিক্ত ব্যাপার ? আমি, ইতিমধ্যে মাননীয় রাষ্ট্রপতিকে অহুরোধ জানাই তিনি ষেন রাজ্যসভার হোমিওপাথিক ব্যবসায়ীদের জন্ত সংবিধান প্রদত্ত ক্ষমতাবলে একটি আসন ব্যবস্থা কর্মন এবং এইভাবে হ্যানিমান ও তাঁর চিকিৎসা পদ্ধতিকে সম্মানিত করা হবে। আমার বিশ্বাস, হোমিওপ্যাথি বিশেষভাবে এই সরকারি স্বীকৃতি লাভের ষোগ্য।"

স্থীরকুমার অধিকারী (অমৃতবাজার পত্তিকার ৮ই এপ্রিল, ১৯৫৬ এটাবে প্রকাশিত প্রাংশ)

বিজ্ঞানের ইতিহাসে কদাচিৎ একঠি শীর্ষসানীয় সংবাদপত্র এর চেয়ে অধিক
কৃষ্টিগুগাহ্য প্রন্থাব দান করেছেন যেমনটি বাংলাদেশবাসী লেখক ও বৃদ্ধিজীবি
কৃষীরকুমার অধিকারী কর্তৃক প্রস্থাবিত হয়েছে। তিনি একটি মাত্র প্রশন্তির
প্রস্থাব করেছেন যা পার্লামেণ্ট কর্তৃক জার্মান চিকিৎসকের ২০১ জন্মশত্রাধিকীতে করা কর্তব্য।

হ্যানিমান তাঁর মদেশের চেয়ে ভারতে অধিকতর পরিচিত ছিলেন। তিনি
চিকিৎসা বিষয়ে এক বিশেষ বিভাগের ভিত্তি মাপনা করেন। তাঁর এই কর্ম যে
বিশেষভাবে ভারতে স্বীকৃতিলাভ করেছে তার কারণ এই যে তাঁর চিকিৎসা
বিষয়ক আবিষ্ণার প্রাচীন ভারতীয় প্রজ্ঞা ভিত্তিক। তাঁর অসাধারণ বৈশিষ্ট্য
এই যে তিনি আধুনিক পশ্চিম জগতের কাছে তিনি তার পরিচয় ঘটিয়েছেন,
এইভাবে প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে একটা চিকিৎসা বিজ্ঞান বিষয়ক সংযোগ
সাধিত হয়েছে।

হোমিওপ্যাথির সঙ্গে বে ভারতীয় পৃষ্ধতি জড়িত তার নাম আয়ুর্বেদ।
আর্থাৎ জীবনবেদ। কথিত আছে দেবতা ধরস্তরি কর্তৃক প্রদন্ত উত্তরাধীকার এই
আয়ুর্বেদ। আয়ুর্বেদ নিরাময়কারি শিল্প সংক্রান্ত কর্ম বা অনেক অধিকারী
ব্যক্তির মতে চতুর্থ বেদের একটি অংশ। হিন্দুধর্মের সমগ্র চিকিৎসা পদ্ধতিকে
এই নাম দেওরা হয়েছে। (মুসলিমরা তাঁদের সংশ্লিষ্ট পদ্ধতিকে ইউনানী নাম

দিরেছেন।) আয়ুর্বেদীয় নির্দেশারুদারে সকলপ্রকার প্রাচীন খনিজ পদার্থ পাঠ করা কর্তব্য। এ ছাড়া ভেষজ এবং জীবতাত্ত্বিক নিরাময়কারী উপাদানগুলির ষধাযোগ্য ব্যবহারের নির্দেশ আছে।

সাম্বেল জিশিয়ান হ্যানিমান ১৭৫৫ খ্রীষ্টাব্দের ১০ই এপ্রিল তারিথে মাইদেনে জন্মগ্রহণ করেন। তিনি লাইপজীগ এবং ভিয়েনায় চিকিৎসা বিজ্ঞান বিষয়ে পাঠগ্রহণ করেন। তাঁর প্রধান গ্রন্থ Organon der rationellen Heilkunst (Organon of Rational Medical Art—1810) এবং তাঁর Reine Arzneimittel-Lehre (Pure Pharmacology—1811) এই উভম্ব প্রয়ের মধ্যে মানবিক স্বাস্থ্যের দেবায় প্রাকৃতিক শক্তি সাহাষ্য গ্রহণের জন্ম আগ্রহ প্রতিফলিত। বে চিকিৎসা পদ্ধতি উন্নয়নের জন্ম তাঁর মৃত্যুকাল (২রা জুলাই ১৮৪০) পর্যন্ত কান্ধ করে গেছেন তার ভিত্তি ছিল Similia similibus curantur এই নীতি। হোমিওপ্যাথির বংশ লভিকা পিছনের দিকে হিপোক্রাটিন পর্যন্ত বিস্তৃত। তাঁর কান্ধ আরো অগ্রন্সর বাঁরা করেছেন তাঁদের মধ্যে আছেন জার্মানীর ষোড়শ শতান্ধীর চিকিৎসক ও রসায়নবিদ প্যারাদেলস্ক্রদ। কিন্ত প্রকৃতির রাজ্যে প্রবেশের সার্থকতার কৃতিত্ব হ্যানিমানের অপেক্ষায় ছিল।

হ্যানিমানের নাম আজও ভারতবর্ষে একটা ঘরোয়া নাম—দেখানে অনেক হোমিওপ্যাথিক চিকিৎসালয় তাঁর নামাঙ্কিত। কিন্তু ভারতবর্ষে তিনি Sendschreiben Über die Heilung der Cholera (Epistle on Curing Cholera) ১৮৩১ গ্রীষ্টাব্দে প্রকাশ করেন বালিনের এ. হারসখ্ভালড। ভারতবর্ষের পক্ষে কলেরা কি প্রচণ্ড মহামারী এবং প্রকৃত পক্ষে সমগ্র এশিয়ার পক্ষেও তাই। মার্টিন গুমপার্টের এক তঃসাহসী বিপ্রবীর জীবনকথা "হ্যানিমান" নামক গ্রন্থে এই ব্যাধি যুরোপেও কি পরিমাণ আসের সঞ্চার করেছিল তার বিবরণ দিয়েছেন। এই জীবনী গ্রন্থের যে ইংরাজী অম্বাদ ১৯৪৯ গ্রীষ্টাব্দে নিউ ইয়র্কে প্রকাশিত হয় তা থেকে নিয়লিথিত উধৃতি দান করা হল:

এশিয়াটিক কলেরার মারাত্মক গুরুত্ব বিশ্ব ইতিহাসে ১৮১৭ খ্রীষ্টাব্দ থেকে পাওয়া যায়। তারপর হুরু হয় এর বিশ্ব-পরিক্রমা এবং ক্রমে এক বিশ্বজনীন ব্যাধিতে পরিণত হয়। আগস্ট মাসের মধ্যভাগে এই মহামারী বাংলা দেশে ছড়িয়ে পড়ে। গলা এবং

1

वन्तर्वा जीववर्जी नकल थीरत थीरत वह रतान धारतम करत। ১৮১৮ औडोत्सब तम मारम नागभूत अब लाक्षांव पर्छ, कुनारे मारम রাজস্থানে ছড়িয়ে পড়ে। সেধানে আবার এক কলেরা-তর্জ বেডে বায় এবং আগস্ট মাসে বোষাই শহরে তা ভেকে পছে। সেই ৰছরই এই ব্যাধি ভারতবর্ষের সীমান্ত অতিক্রম করে যায়। সিং**চলে** এই রোগের প্রকোপ প্রচণ্ড মহামারি রূপে ছড়িয়ে পড়ে এবং নেখান থেকে একটি মালবাহী <del>আহাতে</del> বাহিত হয়ে ছড়িয়ে যায়: ১৮১৯ খ্রীষ্টাব্দে এই ব্যাধি মরিসদে দেখা যায় এবং পরে আফ্রিকার পূর্ব উপকূলে ছড়িয়ে পড়ে। অচিরাৎ ফিলিপাইন, চীন, অষ্ট্রেলিয়া এবং সিরিয়ায় শিক্ড নামায়। ১৮২৩ খ্রীষ্টাব্দে এই ব্যাধি পারসিয়া থেকে নিৰ্গত হয়ে ক্লশ অঞ্চলে ছড়ায়; বাকু থেকে জাহাজ বোগে যায় ষত্মকানে এবং এইভাবে ২২শে সেপ্টেম্বর সর্বপ্রথম যুরোপীয় ভূমিতে আবিভূতি হয়। এক অসামান্ত হিমপ্রবাহ সাময়িকভাবে এর অগ্রগতি ব্যাহত করে কিন্তু সাত ৰছরে এই ব্যাধি ৯০ ডিগ্রি দ্রাঘিমা এবং ৬৬ ডিগ্রি নিরক্ষরত্ত পরিব্যাপ্ত হয়ে পড়ে। সহসা এই মহামারীর অবসান ঘটে এবং প্রায় চার বছর কাল এই ব্যাধি প্রশমিত ছিল। ১৮২৬ খ্রীষ্টাব্দে বাংলাদেশে এক নতুন এবং অধিকতর তীব্রভাবে এই মহামারী ছড়িয়ে পড়ে। ১৮৩০ খ্রীষ্টাব্দে রাশিয়ায় আবার এশিয়াটিক কলেরার প্রাতৃর্ভাব ঘটে। এইবার এর সব কিছু উপদ্রব ঝড়ের প্রকোপে ছড়ার, এইবার হিমপ্রবাহ বা শৈত্যাধিক্য দারা এ ব্যাধি প্রশমিত হয় না। এক বিশাল রুশ অঞ্চলে এই ব্যাধি ছডিয়ে পড়ে পশ্চিম অঞ্চল পর্যস্ত এবং মিনসক, গ্রোডনো, এবং ভিলনা নামক বেদ্ব শহর এতদিন এর প্রকোপমুক্ত ছিল সেই সব শহরেও রোগ ১৮০১ এটানে জেনারেল ভায়বিটস্ কর্তৃক পোলাণ্ডের বিলোহের রক্তাক্ত দমনের সঙ্গে পোলাতে কলেরা রোগের উপত্রব चटि। त्न नमन्न रम्बनाती मान, त्नहे वहत क्न मात्न अहे व्याधि श्रामित्रान नीयास कानिनथ् महरत পরিবাপ্ত हत्र।

কলেরা এবং তার প্রতিরোধ ব্যবস্থা সম্বন্ধ আরেকজন বিনি আত্মনিরোগ করেন তিনি প্রথ্যাত শারীরবিদ রবার্ট কোস (১৮৪৩-১৯১০)। ১৮৮৩ খুষ্টাব্দেকোস মিশর এবং ভারতে গমন করেন, ক্ষেত্রে বসে এশিরার মহামারী

জার্মান পর্বতারোহণের প্রচেষ্টা করেছেন। ১৯৩৪-এ জার্মানরা এর নামকরণ
করেন "Killer Mountain"—বা খুনে পাহাড়। বুটিশরা ১৮৯৫ থেকে
এই রকম মনে করত, প্রথমবার পর্বতারোণ করতে গিয়ে সেই সময় মামেরীর
জীবন হানি ঘট। ১৯৩৪-গ্রীষ্টান্ধ আরেক বিষাদের কাল—সেই সময়
উইলি মারকল, ভিলি ওল্পতেনবাখ, উলরিখ ভাইলাণ্ড এবং ছ'জন শেরপা
প্রায় চূড়ার কাছে পৌছে এক প্রবল তুষার ঝ্যায় প্রাণ হারান। এর কয়েক
সপ্তাহ আগে আলফেড ডেক্সেল এই প্রতির সর্বপ্রথম জার্মান শীকার।

১৯৩৭-এর পরবর্তী জার্মান-নান্ধা পর্বত অভিযান তিন বছর পূর্বে "খুনে

পাহাড়ে" বারা পরাজিত হন তাঁদের জন্ত একটি স্মারক-ফলক সলে নিয়ে যান। কার্ল ভিয়েনের নেতৃত্বে পরিচালিত এই অভিযানটিও প্রচণ্ড হিমবাহের চাপে পড়ে এবং বোলোজন পর্বতারোহীর মৃত্যু হয়, এঁদের মধ্যে সাজজন ভার্মান এবং ন'জন ছিলেন শেরপা। ১৯০৮-এ আরেক অসফল অভিযান আয়োজিত হয়। বর্ধা নেমে পড়ায় পল বয়েরের নেতৃত্বে সংগঠিত এই অভিযাত্রী বাহিনী ২৪,০০০ হাজার ফুট উঠেও নেমে আসেন। পরের বছর পিটার অফখনেই-ভারের নেতৃত্বে পরিচালিত অভিযাত্রী বাহিনীও সাফল্য লাভ করেন নি।

১০৫০ খ্রীষ্টাব্দে হেরমান ব্লের নেতৃত্বে আরেক অভিযান আয়োজিত হয়।
সেই বছর ২০:শ মে তারিথে মাউন্ট এভারেষ্ট বিজিত হয়। রাণী
এলিজাবেথের করোনেশনের কালে এ যেন এক উপহার সামগ্রী। ৩রা জুলাই
তারিথে ব্ল নালা পর্বতের শিধর দেশে নিজের অভিযাত্রা শিবির থেকে একা
৪০০০ ঘূট আরোহণ করেন। বিনা অক্সিছেনে তাঁর এই ৪৪ ঘন্টা ব্যাপী
প্রচেষ্টা নি:দন্দেহে বীরত্বপূর্ণ। অবশেষে "খুনী পাহাড়" আত্মমর্সন করল।
তবে একত্রিশটি প্রাণ বলিদান করতে হয়েছে এই বিজয় লাভের
জক্ত। এই অধিরোহণ বিষয়ে ব্লের রিপোট আক্র্যভাবে একেবারে
সাদাসিধে:

"মাত্র আর একশ মিটার বাকী। প্রতিটি পদক্ষেপ এক একটি প্রচেষ্টা"
ব্লের এই অত্যাশ্চর্য পারদশিতার পর ১৯৫৭ গ্রীষ্টাব্দের ৮ই জুন অষ্ট্রোজার্মান অভিযাত্রী দলের চারজন সদস্ত (তাঁদের মধ্যে আবার হেরমান বৃদ্
একজন) কারাকোরম পর্বতের বোলটারো অঞ্চলের ব্রভ্পীক্ অধিরোহন
করেন। এইভাবে ত্বার ২৫,০০০ ফুট সর্বপ্রথম অধিরোহণের ব্যাপারে সর্বপ্রথম মাহ্য যিনি এই অভিযাত্রায় প্রয়াসী হয়েছিলেন। মাত্র কয়েকদিনের
মধ্যেই তিনি তৃতীয়বার বোগোলিদা পর্বত অভিযানে ব্রতী হন। এইবার
কিন্তু পদস্থালিত হয়ে তিনি মৃত্যুম্বে পতিত হন।

মাউন্ট চে.-ওইউ সর্বপ্রথম সেপ জোখলার, হেরবার্ট টিখি, এবং শেরপা পাসাং কর্তৃ ক সর্বপ্রথম : ৯৫৪ খ্রীষ্টাব্দের ১৮ই অক্টোবর তারিখে বিজিত হয়। টিখি প.র এই অধিরোহণ বিষয়ে একটি গ্রন্থ রচনা করেন। সেই গ্রন্থটির নাম Grade der Gotter (ঈশরের কর্ষণায়)। হিমালয়ের রীতি অহুসারে এই তিন পর্বতারোহী পার্বত্য দেবীর উদ্দেশ্তে সামান্ত নৈবেছ দান করেন। পাসাং ও টিখি কিছ মিষ্টার রাখেন। জোধলার সেধানে একটি ক্ষুক্ত কাঠের ক্রদ রেখেছিলেন। এইভাবে হিমানয়ের দেবলোকে ক্রিন্চান প্রতীক প্রতিষ্ঠ। করা হল।

১৯৫৬ এটাকে ত্টি ২৫,০০০ ফুট পর্যন্ত লোহৎসে এবং গাদেরবাম (২)—
সর্বপ্রথম অধিরোহণ করা হয়। স্বইজ্যারল্যাণ্ডের আরনস্ট রীস এবং ক্রিৎস
লুখসিংকার মাউন্ট লোহৎসে অধিরোহন করেন। এই অভিযানের তুটি দল
মাউন্ট এভারেট শৃ:ক অধিরোহণ করেন। গাসেরবাম (২)— তিনজন অধ্রিয়ান
প্রতারোহী মোরাভেক, লারথ এবং ভিলেনপার্ট কর্তৃক ৭ই জুলাই ১৯৫৬।

১৯২৯ থেকে ১৯৫৫-এর ভিতর জার্মান পর্বতারোহীগণ কর্তৃক ১৯২৯-এর কাঞ্চনজ্জ্ব। অভিযান বিষয়ে পলবয়ের বলেছেন—

> "এই গ্রন্থের ফরাসী সংস্করণের ভূমিকার আঁরি ছা সেগগনে বা বলেছেন আমাদের দলটি সেই মনোভংগীতে উভূদ্ধ হয়েছিল,—তিনি বলেছিলেন:

> মানবিক ক্রিয়াকাও তার সাফল্যের ছারা ততটা সৌন্দর্যমণ্ডিত হয়ে ওঠে না বেমনটি প্রকাশিত হয় তার অন্তর্নিহিত মনোভংগীর মধ্যে। এইভাবে বিচার করলে কয়েকটি বস্তু আমাদের অধিকতর প্রশংসার ছোগ্য।

> আমাদের কাছে কাঞ্নজজ্ঞা অভিযান যেন আমাদের মনো-ভাবের ধর্মযুদ্ধ বা জেহাদ শুধুমাত্র সাধারণ পর্বতারোহণ নয়। আঁরি ছা সেগগনে চতুরভাবে তা বুঝেছেন।

> ষাই হোক আমাদের দলগতকাজ ছিল একেবারে আদর্শ এবং বিশ বছর পরেও সেই কথা বলার অধিকার আমার আছে মনে করি। আমাদের সহযোগীতা কথনও পরাহত হয়নি এবং দেদিনকার মত আজও তা স্থৃর।"

হাইনংস ক্রপারংস ১৯৫৩ গ্রীষ্টাব্দে বেখানে কিছু বোগাবোগ করেছিলেন সেই মাউণ্ট গোসেনথান অক্ত সব ২৫০০০ ফুট। এই শিখরটি হিমালয়ের সেই অভিকায় গুলির অক্ততম বারা অপ্রতিহত ভলীতে প্রতিরোধ করে আব্দোসকল অভিযান ব্যর্থ করে অবের হয়ে আছে।

সাধারণভাবে বলতে গেলে অবশ্ব হারআলভ্ লেথেনপারগ বোধহুর যথা-যথভাবে পর্বতারোহীদের প্রচেষ্টার নির্মালিখিত সারব্যাখ্য। করেছেন:

"পৃথিবীর উচ্চতৰ পর্বতগুলি আরোহণ করা হরেছে। ভাষেত্র

অনধিগম্যতার কাল অতিবাহিত। হিমালয় বিজয়ের মহান যুগের অবসান ঘটেছে। এখন, লুসিয়েণ ডেভিদ ষেমন বলেছিলেন—পর্বত-আরোহীদের কাছেও পৃথিবী সঙ্কুচিত হয়ে আসছে।

ভবিশ্বং পরিণতির কথা সহজেই বলা যায়। শতাব্দীকাল পূর্বের যুরোপীয় আলপ্দের সঙ্গে পার্থক্য নেই। অন্ততঃ একবারের জন্ত এই ঘারটা ভঙ্গ করা গেল, মাহুষের শক্তি প্রায় অপরিমিত। বা কাল অসম্ভব ছিল আজ তা সম্ভব। বিগতকালের মহং অভিযাত্তা আজকের সহণশীল ক্রীড়ার ব্যাপার।

তথাপি পাহাড় অপরিচিত থাকে। জাঁকজমক ও বৈচিত্রে অভিভূত করে। আর বতকাল মাহ্য আছে তাদের অনেকের কাছে হিমালয় শিথর স্বর্গ এবং নরক হুই-ই মানবিক বোঝাপড়ার সংকীর্ণতার সঙ্গে অনস্কস্থান্তর সংযোগ সেতু।"

## আৰুনিক আৰ্মান সাহিত্যে ভারতবর্ষের প্রতিফলন

Am Ganges duftet's und leuchtet's Und Riesenbaume blühen Und Schöwe stille Menschen Vor Lotosblumen knien.

শ্বেধনী গদা,
স্বর্গতি আর হুর্বালোকে ভরা
ভীরে ভীরে ফুল ভরা
স্থবিশাল কড সব গাছ।
প্রণতির ভঙ্গীতে পদ্মকলির সামনে
বসে আছে স্থশোভন কড ভক্ত দল।

—হাইনিরিশ হাইনে (Buch der Lieder)

ভারতীর উপজীব্য নিয়ে আধুনিক জার্মান সাহিত্য স্থক হয়েছে গ্রুপদী ও
<েরামান্টিক ধারা নিয়ে—এই উভয়ধারাই সংযুক্ত হয়েছিল শকুন্তলা পটে।

কিছু কিছু সাহিত্য-ঐতিহাসিকরা এই কালটিকে নয়া সাহিত্যের নবজনের কাল বলে চিহ্নিত করেছেন। অপ্তাদশ ও উনবিংশ শতাব্দীর এই 'ইণ্ডিয়ান' বা আরো সাধারণ ভাবে 'এরিয়েণ্টাল রেনে াসের' সলে পঞ্চদশ ও বোড়শ শতাব্দীর প্রুপদী নবজাগরণের একদিক থেকে সাদৃশ্য আছে। প্রকৃত সমগ্র বুরোপকেই দিরে আছে বলা যায়। যদিও কশ লেথকবৃদ্দ প্রথম নবজাগরণের কালে মূল হ্রোপীয় প্রাণকেক্স থেকে সরেছিলেন—এই দিতীয় নবজাগরণের ভারক্ব ভাবির ও ভাবিয়ে নিয়ে গেছে।

তথাপি রোমাণ্টিসিষ্টদের মূল লক্ষ্য ছিল বিশ্বকানিত্ব; এর ফলে তারা ইতিহাস ও প্রকৃতির প্রতি সমভাবে আকৃষ্ট হয়েছিলেন। প্রতীক ব্যাপারে প্রেবণা এই কালের আরেক উল্লেখযোগ্য বৈশিষ্ট্য—সেই ধারা আবার পুরাণও উপক্থা এবং অধ্যাত্ম ব্যাপারের প্রতি সমভাবে আকৃষ্ট ছিল। রোমালবাদীদের কাছে পুরাণ মানসিকতা ও প্রজ্ঞার সঙ্গে এবং মানবিক ও দিব্য জীবনের সজে সংযোগ সেতৃর কাজ করেছে।

১৮০৮ খ্রীষ্টাব্দে প্রকাশিত ফ্রিডরিশ স্থলেগেল তাঁর "Über die Sparche und Weisheit der Indier" বা "ভারতবাসীদের ভাষা ও প্রক্রা" নামক গ্রন্থে রোমান্সবাদীর বিশিষ্ট ধরনের বলিষ্ঠ উক্তি করেন বে তিনি মানবজাতির মৌল ভাষা আবিষ্কার করেছেন।

মোটাম্টি প্রায় সেই কালেই খোশেফ গোরেস নামক লেখক বললেন—
"Ein Dienst und eine Mythe war in uralter zeit, es war eine Kirche und auch ein Staat und eine Sprache" (অর্থাৎ প্রাচীনকালে একটি মাত্র ধর্মোপদেশ এবং পুরাণ ছিল, একটি মাত্র চার্চ, একটি মাত্র রাষ্ট্র ও একটি মাত্র ভাষা ছিল। প্রাচীনকালের জীবন ও সংস্কৃতির সম্ভাব্যতা বিষয়ে রোমান্টিসিষ্ট মনোভংগীর এক দৃষ্টাস্ত এই বক্তব্যে প্রকাশিত। "Mythengeschichte der asiatischen Welt" (প্রাচীন জগতের পৌরাণিক ইতিহাস) ১৮১০-এ প্রকাশিত পুরাণ বিষয়ক মহা গ্রন্থে গোরেস দেখিয়েছেন পৌরাণিক জাবনের একাবন্ধ গতিবিধি। পূর্ণজন্ম বিষয়ে ভারতীয় মনোভংগী গোরেসকে সচেতন না করলেও কিঞ্চিৎ অচেতনভাবে পুরানের করনা জাগিয়েছে। তাঁর কাছে ইতিহাস এক চিরস্কণ রূপান্তরের বিষয়; এবং প্রান্নই বন্ধর নাম বখন পরিবৃত্তিত হয় তার মৌল প্রাণকোষ অপরিবৃত্তিত থেকে ঘার। গোরেসের কাছে তাই পুরাণ ধর্ম বই আর কিছু নয়। ইতিহাসে তিনি উন্নয়নের পর্ব জক্ষ্য করেছেন যা ভারতীয় চক্র বা মানব সমাজের যুগকে শ্বরণ করিয়ে দের।

ক্রিডরিশ ক্রেৎসার যিনি প্রাণের মধ্যে একটা এশির সংস্পর্শ ঘটিয়েছেন তিনি প্রতীকের কথা উল্লেখ করেছেন, তার বক্তব্য হল এই যে ঈশরকে জানার ব্যাপারে প্রতীক হল প্রথম পদক্ষেপ।

দূর প্রাচ্যে পুরাণের উৎপত্তি হয়েছে এই ওঘটির গ্রুপদী বিষয়ের গবেষকদের বারা বিরোধিতা করা হয়েছে। বিশেষতঃ প্রথাত ভাষাভত্তবিদ কার্ল
ওটফীড ম্যুলার-এ তত্ত্বের বিরোধী। দর্শন শাস্ত্র থেকে ভাষাভত্ত বিষয়ে
ক্পণ্ডিত হওয়ায় উমবিংশ শতকের শস্বভত্তবিদ্গণ এই জাতীর বিতর্কে ব্রতী
হতে পারতেন।

পুরাণের মধ্যে আত্ম নিমক্ষনের এই প্রবণতা বিশেষভাবে কবিদের আরুষ্ট করেছিল। জার্মান কাব্যে ভারতীয় উপজীব্য দীর্ঘকাল ধরে অপরিচিত অমণ কহিনীর এগুলি বাড়তি অংশ—বিশেষ করে 'বরোক্' সাহিত্য ভার প্রাচ্যদেশীর প্রবণভার জন্ম বিশিষ্টতা প্রাপ্ত।

Die Asiatische Banise—( এসিয়াটিক বানিসে—বা রক্তাক অথচ সাহসিক পেশু)১৬৬৩-১৬৯৬ খ্রীস্টান্দে এইচ, এ ফন্ ৎসাইগলার এবং ক্লিপছাসেন কর্তৃক লিখিত হয় এবং ১৮৬৯ খ্রীস্টান্দে লাইপজীগে প্রকাশিত হয়। এই গ্রন্থটি সপ্তদশ শতাব্দীর অন্ততম উৎকৃষ্ট উপন্তাস—এই উপন্তাসে দেখা বায় লেখক ভারতীয় পর্যক্রদের প্রমন বুতাস্ত কিভাবে পাঠ করেছেন। এই গ্রন্থটি ১৭১০ খ্রীষ্টান্দে প্রকাশিত ক্লে, বেকোউ ক্লত একটি ওপেরা ও ১৭৩০ খ্রীষ্টান্দে প্রকাশিত এফ, ডব্লু, গ্রিমের ট্রাক্রেডির মডেলের কাজ করেছিল। এবং গ্যন্থটের "ভিলহেলম মাইষ্টার"-এর একটি চরিত্র এই থেকে গৃহীত, তিনি হুর্বর্য চরিত্র চাউমিগ্রেমকে স্কৃষ্ট করেছিলেন। উপন্তাসের এই চরিত্রটিকে একটি প্র্কানচের রক্ষমঞ্চে প্রদর্শন করা হয়। এই উপন্তাসটিতে আভার রাজা ডকেসেমসের স্থন্দরী কন্তা হিগরানামার কথা বলা হয়েছে। এর জননী ছিলেন বলদেশের এক রাজকুমারী। তাই বর্তমান বক্ষদেশের অধ্যান্মিক দৃশ্রপট এবং ভারতের বৃহত্তর অংশ এই উপন্তাস্টির প্টভূমি।

আমরা ইতিপূর্বেই শক্স্তলা উপকথা বিষয়ে গায়টের আনন্দের কথা এবং ভারতীয় পুরাণ ও অভাভ রচনা সম্পর্কে তাঁর সাধারণ মনোভংগীর কথা উল্লেখ করেছি। জনৈক ভিরেনাবাসী লেখক মিখায়েল হাবের ল্যাগুট কর্তৃক গায়টের ভারতীয় উপকথা বিষয়ে মস্তব্য করা হয়েছে। তিনি ভারতীয় পুরাণ ও রুরোপীর দর্শণ এবং সেই সঙ্গে ভারতীয় শিল্প প্রসঙ্গে গায়টের মেজাজের একটা বিচার বিশ্লেষণের প্রয়াস করেন।

"বন্ধার চতু মৃথ বিষয়ে বাদের আপত্তি তাঁদের উচিত প্রাণের এই বিষয়ে প্রাদিক কাহিনী পাঠ করা। এই কাহিনীতে বলা হয়েছে বন্ধা তাঁর আত্মলা শতরূপার প্রেমে পড়েছিলেন এবং তার দিকে একদৃষ্টে তাকিয়েছিলেন। পিতার দৃষ্টি এড়ানোর জন্ত শতরূপা অন্তদিকে চোথ ফেরান। এইভাবে লক্ষা পেয়ে দেবতা বন্ধা পোলাস্থলি তাকাতে বাধ্য হলেন কন্তার দিক থেকে চোথ ফিরিয়ে; প্নরায় বখন কন্তা আবার সরে গেলেন তৎক্ষণাৎ বন্ধার আরো চ্টি মাথা গলাল, সব দিক থেকে দেখার স্থবিধা হল। এই বহুশীর্ষছের বীভৎসতা বিষয়ে নান্দনিক দিক থেকে বারা সক্তি খুঁলে পাবেন মাঃ,

স্বন্দর করনা বৈচিত্ত্যের দিক থেকে তাঁদের এই বিষয়টি তারিফ করতে হবে।"

হাবেরল্যাণ্ডট্ পরে একটি সমীক্ষা সংগ্রন্থে পৃথকভাবে ভারতীয় উপকথার ভিত্তিতে রচিত গায়টের কবিতাবলীর বিষয় আলোচনা করেছেন।

ষদিও গ্যয়টের Westöstlicher Diwan (পূর্ব-পশ্চিম দিওয়ান) মৃথ্যতঃ ইরাণীয় অধ্যাত্মজগৎকে স্কৃতি জ্ঞাপন করা হয়েছে—ভারতের প্রভাব একেবারে এড়িয়ে যাওয়া সম্ভব হয়নি। দৃষ্টাস্থ হিসাবে বলা যায় বে এই প্রস্থের একটি অংশ "পারদী নামে"—বা পারদী-গ্রন্থ প্রাচীন পার্রদিক ধর্ম বিখাদের প্রতিনিবেদিত—এই ধর্ম বিখাদ ভারতবর্ধে অয়োদশটি শতক ধরে আশ্রম পেয়েছে। বোষাই শহরের মন্দিরে পারদিকদের পবিত্র বহ্নি আজও দেবতার প্রতীক হিসাবে প্রজ্ঞালত। গ্যয়টের ভাষায় এইদব এক একাধারে প্রার্থনা ও প্রবৃদ্ধ হওয়া—

"Werdet ihr in Jeder Lampe Brennen Fromm den Abglanz höhern Lichts erkenen Soll euch nie ein Missgeschick verwehren, Gottes Thorn am Morgen zu uerehren."

প্রজ্ঞলিত প্রদীপের শিখা
চোথে যবে লাগে,
উচ্চতর আশ্চর্য আলোয়
চিনে নেবে দে প্রতিফলন।
প্রতি প্রাতে ভক্তি ভরে
দ্বরের স্বর্ণ—সিংহাদনে,
ন্যানাবে প্রণতি।
কোনো কিছু অঘটনে
ঘটেনাক' বেন অবছেলা।

ভারতীয় উপমহাদেশের অগ্রতম মহান কবি, রাজনীতিবিদ্ধ এবং সেই গঙ্গেদ দার্শনিক ও পাকিন্তানের আধ্যান্মিক জনক মহম্মদ ইক্বাল ঘোষণা করে ছিলেন হিন্দু-সম হিমালয় উপকথা। ১৯০৮ খ্রীস্টাব্দে দর্শনে ম্যুনিথে স্নাতক হবার পর তিনি নীৎসের রচনায় গভীর ভাবে আদৃষ্ট হন। তাঁর করেকটি উৎকৃষ্ট উদ্ধিবিতা প্রাচীন হাইডেলবার্গ শাস্তমাধুরীকে নিবেদিত, এই শহরটি তাঁর প্রির ছিল। তথাপি সর্বোপরি গারটের Westöstlicher Diwan গ্রন্থের একটি ভারতীয় উত্তর তাঁর 'পারাম-এ-মাশরিক' (বা প্রাচ্যের বাণী) নামক কাব্য গ্রন্থে লিখেছেন। এই গ্রন্থের ভূমিকায় তিনি গ্যরটের খণ স্বীকার করেছেন:

"Westöstlicher Diwan নামক জার্মান জীবন দার্শনিক গ্যন্থটের গ্রন্থ থেকে আমি এই গ্রন্থ রচনার প্রেরণা পেল্লেছি। জার্মান ইছদি কবি হেনরিস্ হাইনে এই গ্রন্থ প্রসঙ্গে বলেছেন:

'এই গ্রন্থটিতে পাশ্চাত্যদেশ থেকে প্রাচ্যদেশের প্রতি শ্রন্থা জ্ঞাপন করা হল্লেছে…এই গ্রন্থ থেকে দেখা বায় বে পাশ্চাত্যজ্ঞগৎ তার নিজস্ব জগৎ নিয়ে ক্লাস্ত এবং প্রাচ্যের বুকে তাই উফতার সন্ধান করছে।'

কিন্তু গায়টের রচনার চেয়ে তাঁর ব্যক্তিত্ব বিশেষ করে ইকবালকে অন্প্রাণিত করেছে। এই জার্মান কবি সতীর্থকে আবেগভরা ভাষায় কবিতা নিবেদন করেছেন:—

"পশ্চিমের সেই ঋষি
পারভ্যের মাধ্রীতে মৃথ্য
যে জার্মান কবি,
য়ুরোপের দ্র প্রান্ত থেকে
পাঠালেন যিনি ম্বারক,
রচিলাম এ পায়ান এ মাসরিক।
ছড়িয়ে দিলাম এই জ্যোৎস্লাধারা
প্রালী সাঁঝের
ভাহার জবাবে।"

ভারতীর পণ্ডিত প্রথর রণজিত এদ পণ্ডিত (প্রধানমন্ত্রী পণ্ডিত নেহকর ভরী বিজয়লন্ত্রী পণ্ডিতের স্বর্গতঃ স্থামী) ক্রিভরিশ দীলারের রচনাতেও ভারতীর প্রভাব লক্ষ্য করেছিলেন। ঋতুসংহারের বে জহুবাদ ভিনি করেছিলেন ভার ভূমিকার ভিনি লিখেছিলেন বে দীলারের "মারিয়া ইৢয়ার্চ" কালিলালের মেঘদভের আদর্শে রচিত কুইন অব ক্ষা মেঘদের কাছে অহ্লমর করছেন বে মেঘদল বেন দক্ষিণ দিকে তাঁর বৌবনের ভূমিতে সরে বার—এই অংশটুকু পণ্ডিতের কাছে কালিলালের কাছ থেকে ঋণ করা মনে করেছেন।

কার্মান কবি নোভালিস ( ফ্রিডরিশ ফল হারডেনবার্গ )—ভারতকে এক কাঠামোর অস্কর্ত্ত পদ্মরাগ মনি—দর্শককে তার ঔজ্ঞল্যে স্নান করিরে দের। প্রকৃত রোমান্টিক হিসাবে নোভালিস করনা করেছিলেন বে জীবনের লব কিছু দর্শন ও কবিতা এবং ধর্ম ও পুরাণের দৈহিক প্রতিরূপ। গোরেস ব্ধন লিখেছেন বে তাঁর মন ভারত ঘারা আকৃষ্ট হয়েছে তখন তিনি রোমান্সবাদীদের প্রবক্তা হয়ে দাঁড়ালেন—

"প্রাচ্য দেশকে, গলা ও সিন্ধুনদের তীরভূমিতে আমাদের মন রহস্তমক্ষ ভাবে আক্ষিত হয়।

নোভালিন প্রাচ্যদেশকে প্রশন্তি জ্ঞাপন করেন এই কারণে যে—

প্রাচ্যদেশের দূর দৃষ্টি, বছ বিকশিত প্রজ্ঞা সর্বপ্রথম নবষুগের স্কাবনা অহতে করেছে—রাজার রাজা ধীত্তথীষ্টের অনাড়ম্বর দোলনায় তারকার ঘার। প্রদর্শিত পথ ধরে প্রাচ্য দেশ এগিয়ে এসেছিল।"

নোভালিদের 'ইন্দোন্তান' কথাটি যা কিছু স্থান তার পরিচয় জ্ঞাপক। তাঁর Die Christenheit oder Europa (খুইধর্ম বা ইয়োরোপ) ১৭৯৯ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। এই গ্রন্থে তিনি তাঁর বক্তব্য বিশদভাবে ওজ্ঞানী ভঙ্গীতে ব্যাখ্যা করেছেন।

এফ, এ, ফন হেডেনকে তাঁর প্রতিবাদীরা বলতেন যে এই কবি 'ইন্দো-ম্যানিয়া' ভারত বিষয়ে বাতিকে আক্রান্ত হয়েছেন। হেডেন ভারতের গরিমাকে উচ্ছাদ ভরা প্রশন্তি ধারা কাব্যে গ্রথিত করেছেন। Dramatische Novellen (নাটকীয় ছোটগল্প) নামক তাঁর গ্রন্থ ১৮১৯ খ্রীস্টাব্দে কোরে-নিগদবার্গে প্রকাশিত হয়।

হারভারের Gedanken einiger Brahmanen (কিছু বান্ধণের চিস্তাধারা)—বারা ভার্মান কবিতায় ভারতীয় পুরাণের প্রভাব তরক্ষের মত প্রবাহিত হয়। হারভারের কাব্যগ্রন্থ ভাগবদগীতার আদর্শে প্রভাবিত।
আরও অনেক কবিতায় হারভার ভারতীয় উপজীব্যে ফিরে এসেছেন।

তাঁরপর এনেছেন স্থদক অন্থাদক এবং কবি ক্রিডরিস রুকার্ট (১৭০৮-১৮৬৬), তিনি গভীর অন্তর্দ ষ্টি এবং স্কৃতাব সম্পন্ন গ্রন্থাদি রচনা করেন, তাঁর রচনার মাধ্যমে জার্মান পাঠক ইক্রজান ভরা অত্যাশ্চর্য বিষয় বন্ধর সন্ধান লাভ করেন।

ক্কাটের Die Weisheit des Brahmanen ( বান্ধণের প্রজা ) নামক কাব্য-গ্রন্থি কুড়িটি থণ্ডে সম্পূর্ণ।

राहे हाक, कवि क्रकार्षे कथन । भन्ना चिक क्रकार्षे क पिक्रम करतन नि, जिनि विजिन्न शत्रालं भण क्षेक्रवन थवः एस बादा कावा तहना बादा कार्यान সাহিত্য সমুদ্ধ করেছেন। তাঁর কাব্যের আন্দিক 'শুবকে'র ভিন্তিতে রচিত। এই স্তবকশুলি বৈদিক পদ্যশুলির প্রতিতে সাজানো। আট, এগারো বা বারোটি বাক্যাংশে এক একটি শুবক রচিত। বিভিন্ন ধরণের পদ্মরীতি ষা কালক্রমে প্রচলিত হয়েছে তার মধ্যে থাকে তু লাইনের এক একটি ছব্ত, যার মধ্যে আটটি শব্ধাংশ থাকে, পাশ্চাত্য জগতের কানে একঘেরে শোনালেও জার্মান কাব্য সাহিত্যে এর বহু অমুকরণকারী পাওয়া গেছে। এই কারণে ক্লকাৰ্ট এবং ওটোফন গ্লাম্মোপ এই ছন্দকে পরিমাজিত করেছেন গ্রীক এবং পাতিন ছল আমদানি করে। টোবি বা ইয়ামবাস ছল তাঁরা এর মধ্যে লাগিয়েছেন। এই একইভাবে হোলটৎসমান তাঁর 'ইণ্ডিয়ান লিজেনডস' নামক কাব্যের চন্দ দিজারাস ভঙ্গীতে ভাগ করেছেন। গোড়ার দিকের জার্মানরা যে ভারতীয় পছ প্রকরণ নিয়ে পঠন-পাঠন করেছিলেন ভার প্রমাণ পাওয়া যায় ক্লাট-এর Yearbook for Scientific Critique নামক ১৮২৯ এটাবের প্রকাশিত গ্রন্থের ঘটকর্পরের বিশ্লেষণের মধ্যে পাওয়া যায়। তার মধ্যে ইন্দ্রবজ্ঞ থেকে বসস্তমালিকা এবং রথোদ্ধত যে ক্রত-বিলম্বিতণ চন্দ্র গুলি এবং তার জার্মান অমুবাদ দিয়েছেন।

তাঁর কালের বহুমুখী ইতিহাস বিষয়ে শিক্ষিত জনের মত রুকার্ট ছিলেন রোমানটিক—অবশ্য একটু পরিণত বয়সেই তিনি এই আন্দোলনে যোগ দিয়েছিলেন। তাঁর কাছে রোমাণ্টিকবাদ ছিল একটা খাভাবিক বিষয় অনেকটা স্থপান সোমারফিল্ড দে ভাবে এই আন্দোলনের ব্যাখ্যা করেছেন সেই রক্ম:

"রোমাণ্টিকবাদ। যা একযোগে একটা জীবনের মনোজংগী এবং ঐতিহাসিক পর্বের মনোজংগীর প্রতিনিধিত্ব করে তা হলো সেই মাটি যা থেকে আমাদের আধুনিক কাল গড়ে উঠেছে অক্টতঃ তার সংবাদী ভলীতে। আমাদের নিজেদের আভ্যন্তরীণ নিয়তির একটা তুলনামূলক পরিছিতি অনেক সন্তাবনাকে গ্রহণ করে গড়ে উঠেছে, এর মধ্যে ভারতীয় সন্তাবনাকে বিশেষভাবে জাের দিয়ে বলতে হবে, তাদের উপলন্ধি, প্রতিশ্রুতি এবং সংকটের কথা। প্রাচ্য পরিবেশের অভিক্রতা এমন এক অবস্থা স্পষ্ট করতে পারে বেধানে পাশ্চাভ্য

দেশ এক অচিন্তনীর আভ্যন্তরীন জগতের সন্ধান পায়, কারণ দেখানে সম্পর্কিত রূপ-করের প্রতিধ্বনি জাগে। প্রাচ্য জগতের সদে সংবাগের এক গভীর মৃল্য আছে কারণ তা এমন এক ভাবাবেগ স্প্র্টি করে যার ফলে আমাদের আভ্যন্তরীণ বাত্তবতার দিকে মৃথ ফেরাতে হবে এবং আমাদের অত্তিত্বের সেই হল চরম হেতু। প্রাচীন সাংস্কৃতিক স্তরের যা কিছু আমাদের অন্তরে যা জড়তা পড়ে আছে তা সহসা আলোকিত হয়ে ওঠে, প্রাণবন্ধ হয়।"

জার্মান-সাহিত্যে হেনরিক হাইনের (১৭৯৭-১৮৫৬) এক বিশেষ স্থান সংরক্ষিত আছে। তিনি রোমান্টিক বাদের ঘারা গভীরভাবে প্রভাবিত ছিলেন আবার তিনিই তার ভীবণতম প্রতিবাদী হয়ে ওঠেন ধীরে ধীরে তিনি 'তর্মণ-জার্মান' নামক আত্ম-সংবেদনিদ্ধ এক নীতির প্রবক্তা হয়ে ওঠেন। হাইনে তাঁর অহস্কৃতি প্রবন আত্মাকে শ্লেষ ও ব্যক্তের প্রাচীরের আতালে গোপন রেখেছিলেন। তথাপি তার তীত্র শ্লেষাত্মক মনোভংগীর পিছনে হঃখবাদের স্পর্শকে প্রায়শঃ গোপন রাখা হয়েছে। তাঁর প্রকৃত আত্মপরিচয় সবচেয়ে ভালভাবে বিচার করা যাবে তার স্থভন্ত কবিতাগুলির মধ্যে, এদব কবিতায় কোন বক্রোক্তি নেই বরং তার মধ্যে গভীর মানবিক এবং রোমান্টিক ইন্দ্র-জালের স্পর্শ পাওয়া যায়। এই মনোভংগীতে হাইনে ভারতের ইন্দ্রজালস্পর্শের গ্রহীতা ছিলেন। তাঁর এই মনোভংগী সম্প্রকিত কবিতাবলীর একটি থেকে এই পরিছেদের মূলনীতিবাক্য গৃহীত হয়েছে। এইখানে আমরা আরো একটি কবিতা উদ্ধত করিছি—তিনি এক অব্যাহত প্রজ্ঞার গীতিকবি ছিলেন ভার প্রমাণ পাওয়া যাবে এই কবিতার—

শগানের পাথনা ছড়িয়ে
হাওয়ায় হাওয়ায় ভেসে ভেসে
দ্রে বহু দ্রে নিয়ে যাবো
তোমাকে ওগো প্রিয়া মোর
গলার তীরে তীরে বেড়াব আমরা
মধ্গছে ভরা কত হুন্দর সে ধরা।
শাস্ত চাদনী রাতে মনোহর গোলাপ কামন
পরম আনন্দ নিয়ে করিবে তোমায়।

আনন্দ উছল কত উৎস্ক উৎপল

সাদরে টানিবে বৃকে নন্দিনী ভগিনী।
ভালবনে টাদের আলোর ছাঃ।
ধীরে ভূবে ধার।
অধরা মাধুরী নিরে মনোহর অবসর
করিব মধুর।
আশ্চর্য দে অপ্রের গভীরে
আসরা আকুল হব
স্প্র আর ভধু স্পর্ম নিয়ে।

বন শহরে ছাত্র অবস্থায় হাইনের সঙ্গে ফন স্থ্লেগেলের সঙ্গে দেখা হয়.
১৮১৯-২০ খ্রীষ্টাব্দে তিনি সেখানে ছিলেন ভারতীয় ভাষার অধ্যাপক। তরুণ হাইনে সংস্কৃত ভাষা বিষয়ক বক্তৃতাদি শুনতেন এবং ভারতীয় সব কিছুর প্রতি একটা রোমাণ্টিক আবেগ অঞ্ভব করতেন এবং সারাজীবন ধরে সেই মনোভংগী অস্তবে ধরে রেখেছিলেন। স্থলেগেল প্রসঙ্গে এখানে একটি কথা বলা যায়, শিক্ষক হিসাবে তাঁকে তরুণ হাইনে অভিশয় খ্রাছা করতেন। আরেকটি বিষয় লক্ষ্য করা প্রয়োজন বে এই নিবেদিতপ্রাণ পঞ্জিত যিনি শস্বভাত্তিক স্ববিধ্বাসোরে বথাবথ ভাব রক্ষার দিকে বিশেষ জোর দিয়েছেন তাঁরও গভীর রসজ্ঞান ছিল।

গ্যন্থটের ধারণা ছিল যে গুধু যাঁরা নিজেদের দেখতে পান পরিহাসের বিষয় বন্ধ হিসাবে তাঁরাই একদিন বিরাট পুরুষ হয়ে উঠতে পারেন। সখলেগেল একটি ছোট্ট কবিতা রচনা করেছিলেন যার মধ্যে তিনি তাঁর নিজের অক্সান্ত সংস্কৃত পণ্ডিতদের ভারতীয় কবিতা বিশ্লেষণের ব্যাপারে প্রযুক্ত গুরুগন্তীর শব্দ সংযোজনাকে পরিহাস করেছেন "হিমাবত গ্যাজ্ঞেদ বিদ্যুফাইলোলন্তী" এই আখ্যা দিয়ে।

প্রাচ্যদেশীর পণ্ডিতগণের পদাক অহুসরণ করেছেন আরেকজন তাঁর নাম কাউন্ট এডলফ ফ্রিডরিশ ফন স্থাক (১৮১৫-১৮৯৪)। ক্রকার্ট প্রসক্তে মার্কিন সাহিত্য ঐতিহাসিক এ, এফ, জে রেমি স্থাক সম্পর্কে মন্তব্য করেছেন—''জার্মান আন্ধণের একজন স্থযোগ্য উন্তরাধিকারী। "ভেলট্লিটারেত্র" ভাবধারার একজন বোগ্য প্রতিনিধি।" স্থাক তাঁর সংস্কৃত আরবী ও পারভ্রভাবার তাঁর অন্থবাদাদির বিশেব কৃতিজ্বের দাবী রাথেন। তথাপি তিনি

বরাবর অহবাদের অন্ত নিদিষ্ট দীমারেখা অতিক্রম করে গেছেন। তার Voices from the Ganges नामक श्रम्णि मृहोश्व हिनादव উत्तव कता नाक-তিনি এমন সব উপকথা তার মধ্যে দিরেছেন বা কবিকল্পনা। তা ছাড়া মাঝে মাঝে তিনি অপরের কাব্য-বৃত্তির অহুবাদকের ভূমিকা থেকে সরে গিল্পে নিজেই কবির ভূমিক। নিয়েছেন। তার সংগ্রহাদি যা মুখ্যতঃ পুরাণ ভিত্তিক. শৃথাক নিজেই বলেছেন যে তিনি সর্বোচ্চ কবিজনস্থলভ স্থােগ বা পােরেটিক লাইসেন্স গ্রহণ করেছেন। স্থাকের কবিভার ভারত এবং তাঁর রচনাদি **শ**তিরিক্ত রোমাণ্টিক ভঙ্গীতে রূপায়িত। তাঁর কাব্য-সংগ্রহের বিতীর কবিতা "The Last Rays of Shakuntala" ব্ধন তিনি পার্যাক মহাক্বি ফেরদৌদীর প্রভাবে অভিনিঞ্চিত তথন রচনা করেন, অনেকটা Die Liederdes Mirza Schaffy ( মীর্জা সাফ্ ফির গান ) নামক গ্রন্থের লেখক ফ্রিডরিস মার্টিন বোডনষ্টেডট্-এর মত। এই লেখক ১০৮৭ খ্রীষ্টাব্দে ভারতে অরকালব্যাপী এক ভ্রমণ বাত্রায় গিয়েছিলেন। তিনি তাঁর নিজের 'শকুস্তলা' ালথেছিলেন, এই মহাকাব্য পাঁচটি গানের সমাবেশে গঠিত। আরেকটি কাব্য সংগ্রহের নাম Na chte des Orients ( প্রাচ্যদেশীয় রাড ); স্থাক গ্যন্তটক "দিওয়ানের" মত আদিকে প্রাচ্যদেশে যাত্রা করেছেন। পার্রদিক সংস্কৃতির শঙ্গে তাঁর আধ্যাত্মিক সংযোগের পর এখন তিনি ভারতীয় চরিত্র এবং ইন্দো-ইরানীর ঐতিহের মুখোমুখি এসে দাড়ালেন। Nachte des Orients নামক গ্রন্থে ডিনি উল্লেখ করেছেন কি ভাবে তাঁর কাডে নির্বান দর্শন কনৈক বৌদ্ধ ব্যক্ত করেছিলেন; হয়ত মুরোপীয় কবির কাছে তা গ্রহণ যোগ্য रुष्ट्र नि।

অতঃপর স্থাক ভারতীয় দর্শনের সারবস্ত যা অনেক উপস্থাসকার ও আর্মান বৃদ্ধিজীবিদের বারা নির্বান সাহিত্য হিদাবে প্রচারিত হাচ্ছল ভারু সঙ্গে বিতপ্তায় মেতেছিলেন।

সাহিত্যে সর্বপ্রথম ইন্দো-ভার্মান প্রবাহ হল শকুন্তলা সাহিত্য। এইসব কাব্যিক উচ্চভার পৌছেছিল। কালিদাসের স্থলনী শক্তির হাজার বছরু পরে ভার অনির্বাপিড আবেদনের শিথার গ্যন্তটে তাঁর নিজের প্রদীপ আবার জেলে নিরেছিলেন।

অক্তান্ত সাহিত্য প্রচেষ্টার কল্যাণে অনেক অপেকারত কম শক্তিশালী কবিগণ ধাবমান বশ উপভোগ করেছেন। দুষ্টান্ত বরুণ বলা বার পূর্বোক্ত আর্মান নির্বাণ-সাহিত্য ষা সাধারণতঃ (এবং নিবিচারে) ভারতীয় দর্শনকে আলিদন করেছিল—(কাউণ্ট ফন স্থাকের মত নয়) একেবারে প্রাণমন দিয়ে গ্রহণ করেছিল। ১৮৭০ গ্রীষ্টাম্বে বা তার কাছাকাছি সময় থেকে এই সাহিত্য বিশেষ ধরণের ভারতীয় দর্শনের রোমাণ্টিকভাবে উচ্চাসন দান করে গ্রহণ করে, ব্যক্তিগত অন্তিখের অবসান এই রীতির বৈশিষ্ট্য ছিল। ১৮৭৫ গ্রীষ্টাম্বে কাউণ্টেস ইভা ফন হান-হান তুই খণ্ড গ্রন্থ প্রকাশ করেন বার নাম 'নির্বাণ'। আর্মান নির্বাণ গ্রন্থগুলি লিখেছিলেন এইচ. এলিসেন (১৮৭৬), ও ভারু, জেনসেন (১৮৭৭)। এদের পদাক্ষ অম্পরণ করেন এইচ, ক্রেবস ও লোয়েরকে, ভোলফসকেহল ও হাসেন ব্লেভার থেকে হেনরী বেনরাথ। কিছুকাল ধরে এ রা স্বাই তাঁদের রচনায় নির্বাণ দর্শনের প্রবন্ধা ছিলেন।

নির্বাণ কথাট ম্যাজিকে রূপান্তরিত হওয়ার পূর্বে সংসার সম্পর্কিত ধারণা অনেক জার্মান লেথকের কল্পনাকে প্রভাবিত করে। সংসার হন ব্যক্তিগত অন্তিষের চক্র, তার পূর্বজন্ম এবং আত্মার দেহান্তর আছে—বিশ্বের নিয়তির সক্ষে জীবনের সক্ষে সম্পর্কিত ভারতীয় দর্শনের এ এক প্রতীক। যদিও জার্মান সংসার সাহিত্যের লেখকগণ দীর্ঘকাল বিশ্বত, এইখানে এ মেহুদৈনার (১৮৫৫), জে হার্ট (১৮৭৯), ই, আরএৎসথেজ (১৮৯৩) এবং পরবর্তীকালের ভরু, ভোলফ প্রভৃতি উল্লেখযোগ্য। Memoirs of an Idealist নামক গ্রন্থে ম ফন মেসেনবূর্গ ভারতীয় দর্শনের এই বিশেষধারায় প্রবক্তা ছিলেন। ঘাইহোক এই সাহিত্যিক দার্শনিক ব্যাখ্যা অতিশন্ন তীত্র ভঙ্গীতে সমালোচিত হয়—অঞ্চ অপরের সক্ষে এল ক্ষেববাসকী তাঁর Leuchtende Tage (উজ্জল দিনগুলি) নামক গ্রন্থে এই বিষয় লিথেছেন। এর আবার প্যার্ছি বা লালিকা হয়েছে, সেই প্যার্ছিকার হলেন এ, আর, মেয়ার।

একটি উল্লেখবোগ্য এছ হল Nirvana und Samsara, এই গ্রন্থটি পিটার ফিলিপক্বত একটি সংকলন। ১৯০০ খ্রীস্টাব্দে ড্রেসড্রেনে প্রকাশিত। এই কবিতাগুলি গলনের প্রভিত্তে লিখিত, পার্যানক, আর্বী, উর্দু ও তুর্কী কবিদের ব্যবহৃত একমাত্রা ছন্দের পত্ত। এর "হিন্দুত্বপূর্ণ" বিষয়বস্তুর এবং 'ম্নলিম' রীতির জন্ত হিন্দু ও ম্নলিম সংস্কৃতির মধ্যে একটা সাহিত্যিক প্রচেষ্টার প্রচিষ্ন পাওয়া বায়।

বিশারকর নয় যে ভার্মান রচনাদির মধ্যে "কর্ম" কবিভার অভিত আছে। ১৯২৫ গ্রীন্টাকে হাইনরিস ৎসাইমার "কর্ম-ভাবনা'কে কেন্দ্র করে একটি বৌদ্ধ কাহিনীর সংকলন গ্রন্থ রচনা করেন। এই নীতি অনুসারে প্রতিটি কর্ম তা সং আর অসং হোক পুরস্কৃত বা দণ্ডিত হয়ে থাকে শুভ বা অশুভ জনাস্তরের ঘারা। "নিও-বৃদ্ধিষ্ট" চক্রের বাইরে রুডলফ টাইনার এবং ওটো জে হার্টমান ৎসাইমারের মানবিক অদৃষ্ট সংক্রাস্ত মনোভংগীর অংশভাগী এই উপক্থাবলীর সংকলনে প্রদৃত্ত মন্তব্যে তার পরিচয় পাওয়া যায়।

"এই সমন্ত কাহিনীগুলি প্রকাশ করার উদ্দেশ্য উপলব্ধির ঘারা অনৃষ্টবাদ সম্পর্কে ব্যাথ্যাদান অর্থাৎ জাতকের পূর্বজন্মের কর্মকে আবরণহীন করে প্রকাশ করা। এতঘারা দেখানো হয়েছে অনৃষ্টের আপাত অয়োজিকতার প্রয়োজনীয়তা আছে এবং "আমাদের প্রাক্তন কর্মে"র ভিত্তিতে তার অর্থ বোধগম্য হয়। মাসুষ যা কিছু অভিজ্ঞতালাভ করে বা ভোগ করে, জননী জঠর থেকে তার স্বর্ঞাত সব কিছুই তাঁর কৃতকর্মের ভিত্তিতে স্বয়ং নিয়ম্বিত। প্রতিটি কর্মের পরিমানহীন ভার—চিস্তায়, বাক্যে এবং কর্মে যা প্রকাশিত তা দৃষ্টাস্তপ্রদ ভঙ্গাতে 'ধর্মকর্জী' জাতীয় কাহিনীর মধ্যে বর্ণিত। ভারতীয়গণ অসম্পূর্ণতার যে শক্তি প্রকৃতির তুলনায় তাকে বন্ধন করে আছে তা ব্রুতে পারে। এতঘারা তিনি এক একট। গুরুত্বপূর্ণ আধ্যাত্মিক সত্যে, অর্থাৎ আমাদের নগগতম অধ্যাত্মিক ক্রিয়াদি আমাদের ভবিত্তংকে নিয়ম্বণ করে এবং আমাদের জীবনের ক্রমবিকাশে তার অত্যাশ্র্য ফলাফল ঘটে। এইসব কারণের প্রতিক্রিয়ার ফল সীমাহীন পরিমাণ হিসাবে বলা যায় গাছের বীজকে ফ্রধারণকারী বুক্ষের সঙ্গে কিছুতেই তুলনা করা যায়।"

'কর্ম-সাহিত্যের' জার্মান অমুরাগীরা কার্ল ব্লীবক্র (১৮৯৮ খ্রীষ্টাম্পে প্রকাশিত 'কর্ম' নামক নাটকের লেথক) গীতি-নাট্য 'মাজা'র লেথক ই, ক্লী ও এ. ভোগল, এ রা আবার এম, বীয়ারের "পারিয়া" কর্তৃক অম্প্রাণিড হয়েছিলেন।

মৃত্যুর অব্যবাহিত পূর্বে ফিডরিশ হেন্সেল Der Brahmine নামক কবিতা রচনা করেন এর মধ্যে তিনি অহিংসা নীতির, হত্যা না করার নীতির বাণী প্রকাশ করেছেন। হেন্সেল Gyges and His Ring নামক গ্রন্থে আকস্মিকভাবে হেলেনিক নাটকের সঙ্গে ভারতকে হাজির করেছেন। এডুয়ার্ড গ্রীসবাধ, তার কবিতা সংগ্রহ Der neue Tannhauser (নব তানহুসের) নামক গ্রন্থে নব-জগৎ দিবস বিষয়ে বুদ্ধের অবদানের উল্লেখ করেছেন। ১৮৮২ গ্রীষ্টাব্দে পি, কাল্স তার গ্রন্থ Lieder eines Buddhisten ( একজন বৌজের গান ) নামক গ্রন্থ প্রকাশ করনেন। এরপর ১৮২৪ শ্রীষ্টাব্দে প্রকাশিক হল অ্যপেনবার্গের নাটক Alles oder Nichts (সব অথবা কিছুই নর) এট নাটকের ভাবধারা হল নব্য বৌদ্ধবাদ। কার্ল ব্লীবক্র তার "Heilskonig" বা 'রাজার সাধনা' নামক গ্রন্থে এবং পি, মুখ তার Flugsamen aus einem abendlandischen Buddhagarten (ব্দের পশ্চিমা উভানের উদ্ভাবীক) নামক গ্রন্থে এই মভবাদ প্রচার করেছেন। জনৈক বেনামা লেখক Lieder vom Buddho Guru (বৃদ্ধগুরুর গান) নামক একটি গ্রন্থ প্রকাশ করেন।

তব্ব ভারতীয় কৃষ্ণকোরকে পূর্ণ সাহিত্য-রত্বারের পরিমান বেড়েই চল্ল। জানংস ভেরফেল Der Spiegelmensch ( আয়না-মাছ্য ) নামক নাটক লিখলেন, রাইনহার্ড ষোহানেল সোরক্তে প্রতীকি চরিত্র দিয়ে রচনা করলেন Indian Drama, লিওন ফয়েখট্ভানগার কালিদালের মালবিকাগ্রি-মিত্রের এক মঞ্চ সংস্করণ রচনা করলেন এবং Calcutta May 4th নামক নাটকে ভারতে ব্রিটিশ শাসন বিষয়ে লিখ্লেন। ভারতীয় বিষয়বস্থা নিয়ে আর বাঁরা লিখেছেন তাঁদের নাম এম, ফন সীগর্থ (১৮৮১), এল, ফন. স্থরোদার (১৮৮২), পি. ভারথাইমার (১৯০৭), ভি, ফন, রিসনার (১৯১৫) এবং কে, করিণ্থ (১১৭), এবা সকলেই নাটক রচনা করেছেন।

ভরু, এচ, ফ্রীডরিশের কলম থেকে ভারতীয় বিষয়বস্থ নিয়ে মহাকাব্যের রীতিতে কবিতা রচিত হল। তাঁর মহাকাব্য জাতীয় গ্রন্থ Die Rache der Bajadere (বালাদেরের প্রতিশোধ) যদিও আরু বিশ্বত তথাপি এর ঘারা বোঝা যায় বে ১৮৮০ গ্রীষ্টান্দেও ক্রত-ভলীতে রচিত ভারতীয় মহাকাব্যের বেশ প্রশন্ত কার্পেট রচিত হয়ে জার্মান পাঠকদের সামনে প্রসারিত করা হল, তাঁরা অনেক আগে থেকেই ভারতীয় বিষয়বস্ত বিষয়ে অবহিত ছিলেন। ফ্রীডরিশের অনেক অমুকরণকারী হয়েছিলেন, তাঁরা অবশ্বত অনেকেই আজ বিশ্বত। তবে অনেকের সাহিত্যকর্মের উত্তমতর অদৃষ্ট আশা করা গিয়েছিল। ব্যা—

ब, कन एएटकन (১৮৮৪), बन ब्याटकारीन (Gunita-कार्य-काहिनी ১৮৮৫) चात्र, बरात्रनीन (১৮৯১) बग, नात्रक (১৯০৪), ब, सार्ष्यमान (১৯০৬), नि. कीखनात (১৯১১), बहेठ, द्वेष्टिन (১৯১২), बहेठ, निनिश् (১৯১৫), हे, एडहेन (১৯২২) ब, बनिश्तान (Bluten aus Indien ভারতের কুস্থমকোরক (১৯২২), জি, হার্টেম্বণীয়েল (১৯২৩), ক্রিষ্টোফ ক্রথম (১৯২৩), জি, স্থাকে (১৯২৪), এম, এম, থ্লফে (১৯২৬), ই, গোলিম্বাস (১৯৩০), এল, ডি, ভোল (১৯৩২) ডরু, কুইনডট (১৯৩৩) সি. জে, শুদ (১৯০৪), এল, ফন ভীসে (নব ১৯৪৭), এবং ই, হেরিং (১৯৫৫)।

এবং আরো অনেক ছন্দোবদ্ধ রোমাণ্টিক ভারতীর ইভিবৃত্ত পূর্ণ কাহিনী-গ্রান্থ সামনে উপস্থিত হয়েছে, এল, হিংস (Gangwellen গলাভরল ১৮৯৩) এল, ংসোলার (১৮৯৮) ১৯০৫-এ লুডভিগ স্থরাফ প্রকাশ করলেন Tschandala Lieder (চণ্ডালের গান), এই গানটি বিপ্রবাত্মক যুগের অস্থাদয় হয়েছে (১৯০৫ এশিরা থণ্ডে বিপ্লবের শুচনা করে)। যুরোপেও সোম্ভালিষ্ট ভাবধারার এবং নতুন কিছুর দাবী সোচচার হয়ে ওঠে।

ম্যাক্স্ ভথেন ডে নামক এশিয়া অভিমূখী লেখক বারাণদীতে বদে বারাণদী বিষয়ে এক কবিতা রচনা করেন। এর প্রথম লাইন ষেন একটি মহাকাব্যের কাহিনীর মতঃ

Die Stadt Benares—"Prächtigsthe" nennen die Hindus ihre Ganges-Stadt."

(বেনারস নগরী ছিন্দুরা বলে গলানগরী চমৎকার, চমৎকার…) তাঁর Der Siebente Ring (সপ্তম অঙ্গুরী) নামক গ্রন্থে তেফান জর্জ আনন্দ ও উচ্ছানের কবিতা এলোরার মন্দিরকে নিবে।দত করলেন।

এগনেদ মাইগেলকত কবিতা Die Gotter Indiens (ভারতের দেব-দেবী) নামক গ্রন্থে অন্থজন স্থাভীর অন্থভ্ডির পরিচয় আছে। নিকোলাদ লীনাউ-এর গীতিকাব্য ধর্মী গ্রন্থের মধ্যে মুরোপের বেদেগণ কর্তৃক যে ভারতকে রূপায়িত করা হয়েছে ভার এক শ্বতিচিত্রন প্রকাশ করা হয়েছে। ব্যারণ বোরিদ ফন ম্নথহদেন Indischer Zug (ভারতীয় মিছিল), Die Veden (বেদগ্রন্থভিল) Die drei Fremden (ভিনজন অজ্ঞাত পুরুষ) প্রভৃতি গ্রন্থে মর্মর প্রানাদের অপরূপ বাভাবরণ রচনা করেছেন ভারতীয় গাথাকাব্যের বারা অন্নথাণিত হয়ে।

ভাগক্রেড মোমবার্ট-এর কাব্যিক রচনা রীতি অনেক ক্ষেত্রে মহাকাব্য ও গীতিকবিভার সংমিশ্রণ। তাঁর কাব্যে ভারতীয় দৃশ্রপটের একটা প্রতিরূপ ধরা পড়ে, হিমালয় সংক্রান্ত তাঁর বর্ণনার এক রূপকথার কাহিনীতে (S'faira, der Alce—স'ফিরা, কনৈক বৃদ্ধ ) ভারতীয় দৃশ্রপট ধরা পড়েছে। ঠিক অহরপ ভলীতে লিখিত এ ফন বেরছ্দ Mythos vom Menschen (মাছবের রূপকথা) ১৯৩৮ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। ১৯২৭-এ প্রকাশিত মহাকাব্যধর্মী কবিতা 'মানস' নামক কাব্যে এলক্ষেড ডোবলিন প্রেম ও প্রক্রের ব্যাখ্যাদানের প্রয়াদ করেছেন। রুডলফ পানভিৎস ১৯২০তে-এক রূপকথার পর্যায় প্রকাশ করেন। থিওডোর ডাবলার লিখেছিলেন Das Nordlicht (উত্তর আকাশের আলো) এবং রুডলফ কাদনার ভারতীয় দর্শনের ব্যাখ্যা করেছেন।

ষাইহোক, সকলেই অবশ্ব প্রাচ্য জগতের ঘারা মোহিত হন নি। বেমন ম্যাকস ব্রড (Über die Schnheit hasslicher Bilder)-বা কুৎসিৎ স্মৃতিসৌধের সৌন্দর্য নামক একটি প্রবন্ধে এশিয়ার গৌরবকে ব্যঙ্গ করার প্রশ্নাস করেছেন। এবং লুডভিগ কুকিনার সকল প্রকার ভারতীয়বাদ ও এশিয়াবাদের প্রতি আক্রমণ করেছেন।

রাজা শৃত্তকের দশাক্ষ নাটকের কাহিনী "মৃচ্ছকটিক" জার্মানরা অন্ততঃ ছয়বার অন্থবাদ করেছেন (ভোলফ-১৮২৮, বোথলিংগক-১৮৭৭. ফ্রিৎসে-১৮৭৯, পোছল-১৮৯৩, হাবেরল্যানডট ১৮৯৩, কেলনার-১৮৯৪); তথাপি সেই কারণেই যে এইখানে তা উল্লিখিত হল তা নয়। সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা এই বে ফরেখটভানগার এই নাটকটি মঞ্চের উপযোগী করে তোলেন (১৯১৬ বসন্তব্দনা)। তাঁর নাট্যরূপান্তরে, নামভূমিকার নর্ভকী বসন্তব্দনা বিশেষ করে এক বর্ণাঢ্য চরিত্র। জ্কমায়ার ও এল, বেলগারও এই কাহিনীর বারা অন্থ-প্রেরণা লাভ করেন (১৯০৩)। পরে গুনপার ১৯৪৩), মারটেনস (১৯৪৭) এবং ফ্রুকনার (১৯৫৭)-সেই কাহিনীর পরিমার্জনা করেন। ফ্রুকনার তাঁর নাটককে আবার বেতার অভিনয় উপযোগী করে তোলেন।

প্রত্যাশাস্থদারে ভারতের আধুনিক কবিতাও জার্মানীতে কম জনপ্রিয় নয়। লাইণজীগের কার্ল ভোলফ্ কর্তৃক প্রকাশিত রবীক্রনাথ ঠাকুরের কবিতাবলীর মধ্যে জার্মান জাতির প্রশন্তি ও প্রশংসার নিস্কৃল পরিচয় পাওয়া লায়। ভারতীয় কবিতা হয় তত্ত্বিদ পণ্ডিতগণ নিজেরাই অস্থবাদ করেছেন, বেমন হেরমান ভেলার কিংবা বাইরের মাহুব, বেমন ভারতবিদ্ ওটো ফন মাসেনাপ, হেলম্থ ফন মাসেনাপের তিনি পিতৃদেব। রবীক্রনাথ ঠাকুর চিরকালীন জনপ্রিয় হয়ে আছেন, তাঁর গুরুত্বপূর্ণ গ্রন্থগুলি সম্পূর্ণ নতুন করে সম্পাদনা করা হয়েছে। তাঁর প্রথম অস্থাদক হলেন ম্যাকস গীলিনজার

ধিনি ১৯১৪-খ্রীষ্টাব্দে রবীক্সনাথের কবিতার প্রথমতম জার্মান অম্বাদ করেচিলেন।

ষেদ্য জার্মান লেখক এবং কবিগণ একসমন্ন ভারতীন্ন ভাবধারান্ন এবং ভারতের মান্দিক রত্বভাগুরে হারা অন্তপ্রেবণা লাভ কবেন তাঁদের নাম অনস্কলাল ধরে উল্লেখকরা যায়। সেই কারণে, উপস্থিত তিন জন লেখকের কেত্রেই আমাদের এই আলোচনা সীমাবদ্ধ রাথা যাক যাঁরা বিশ্বসাহিত্যে জার্মানীর প্রতিনিধি এবং জার্মানীর সাহিত্য-ইতিহাসের বিয়োগান্ত অধ্যান্ন, তাঁদের নাম টমাদ মান, স্কেফান ৎসোন্নাইখ ও হেরমান হেদ। মান তাঁর উপকথার পটভূমি হিদাবে ভারতকে গ্রহণ করেছিলেন। সে কাহিনীর নাম Die vertauschten Kopfe (রূপান্তরিত মন্তক)—প্রাচীন ভারতীন্ন কাহিনীর নবরূপান্নণ; স্কেফান ৎসোন্নাইখ তাঁর ছোট গল্পের জক্ত ভারতের দিকে তাকিয়েছেন—বেমন Die Augen des ewigen Bruders (চিরন্তপ ভাইরের চোখ)।

তবে হেদ-ই ভারতবর্ষে গভীর ভাবে চিহ্নিত। তাঁর ভ্রমণ কথা 'Aus Indien' (ভারত থেকে) এবং উপকথা জাতীয় কাহিনী 'Siddhartha' (দিন্ধার্থ) এই গছ তৃটির উল্লেখ অপরিহার্ষ। তাঁর Die Morgenlandfahrer (প্রাচ্য দেশীয় ভ্রমণকারী) এবং মহন্তম গ্রন্থ Das Glasperlenspiel ও তৎদহ Der Indische Lebenslauf—(ভারতীয় রেখাচিত্র) হেদ কিভাবে ভারতীয় দর্শনের প্রতি আরুষ্ট হয়েছিলেন ভার পরিচয় জ্ঞাপক।

হুগো বলের মত আর কেউই হেদের রচনায় ভারতীয় প্রভাব বিচারে সার্থকতা লাভ করেন নি, দেই কারণেই এই অধ্যায় শেষ করতে তার উব্জিই বিশেষ উপযোগী—

'বেদের কাছে যাঁর জীবনের হৃদ্ধ থেকেই ভারতীয় সঙ্গীত ও ভাবধারা একষোগে অন্তর্গকে স্পর্শ করেছে; তাঁর পিতৃভবনে গুণদার্ভের প্রভাব এর মধ্যে আছে। তাই দিদ্ধার্থের হৃচনাংশ ডেমিয়ানের চেয়েও আগে চলে গেছে। বন্ধু, এখন পথপ্রদর্শক, কল শহরে তার দীক্ষার (ক্রিন্চেনিং) কালেও দেখা যায় আর এই হল বৈতচরিত্র; তাঁর পিতামহ, গুণদার্ভ একটি মালায়ালাম অভিধান ছাড়াও একটি গানের বই রচনা করেছিলেন। আর কবির পিতা শুয়ং, যিনি অতি ধীর, ভক্ত এবং অধ্যাত ছিলেন সেই

বোহানেস হেস তাঁর পুত্রের সম্পর্কে লেখক হিসাবে ক্রতিছের অধিকারী।

পিভামহের মালায়ালাম গানগুলি বহিবিখের ক্ষেত্রে ভুধু মাত্র ষে পাণ্ডিত্যপূর্ণ প্রকাশন তা নয়। স্বয়ং হেস বলেছেন ষে "আমাদের পিতৃপুক্ষণণ এবং আমাদের পিতামহ ভাধু যে কাব্যপাঠ করতে জানতেন তা নয় তাঁরা অনেক কবিতা সংগ্রহ করেছিলেন নকল করেছিলেন এবং মৃথস্থ করেছিলেন।" তিনি একথাও লিখতে পারতেন যে তাঁরা যে সব কবিতা গান করতে পারতেন এবং একটি সন্ধীতের সেই হল প্রকৃত মূল্য বিচার। কিন্তু হেসের বাড়িতে কল শহরে মালায়ালাম গানও হুরে গাওয়া হত—ভধু বুক কেদের মধ্যেই পাণ্ডিত্য দীমাবদ্ধ ছিল না। কবির ভগ্নী আমাকে একখানি পত্তে সে কথা লিখেছেন: ''আর যাই হোক বাদলে শহরে আমরা শুধুমাত্র মিশনের শিশুদের সঙ্গেই থাকতাম। আমরা সর্বপ্রকার মালায়ালাম গান গাইতাম এবং দেই মিশন বাড়িতে যত তক্ষণ শুধু প্রশিক্ষণের জন্ম থাকতেন তাঁদের সকলকে জানভাম।" পিভামহের ভবনে কল শহরে ভারতীয় জিনিষপত্র বোঝাই একটি আলমারি ছাড়া রুফের ছোট ছোট অনেক ছবি, অনেক ধরণের পোষাকপরা মৃতি ইত্যাদি ছিল; এবং ''আমরা আমাদের কয়েকটি স্থন্দর উত্তর-ভারতীয়, অংশতঃ মুদলমান পোষাক ছিল, ষেগুলি আমার মার ভারতবর্ধের কালের জিনিষ, আমরা মাঝে দেগুলি নিয়ে দাজ-পোবাক করতাম। তবে তার চেয়েও অনেক গুরুত্বপূর্ণ, আমার মনে হয়, ভারতবর্ধের সঙ্গে একটা নিয়মিত সংযোগ।"

## ভ্রমণ, অভিযান ও আাবছার

ত্রমণ মাহুষের বহিজগত বিষয়ে জ্ঞান বৃদ্ধি করে।

যাই হোক এর মৃল্য অকিঞ্চিৎকর হয়ে পড়ে যদি

যথেষ্ট জ্ঞানের ফলে মাহুষের অফরে কিছু

পরিমাণ প্রাথমিক জ্ঞান না থাকে।"

ইম্যান্থয়েল কাণ্ট

(Physiche Geographie)

কান্ট, মাধুনিক জগতের অগ্রতম মহৎ দার্শনিক এবং শ্রেণীগত অণুজ্ঞার (categorical imperative) জনক, ভ্রমণের মৃল্য তিনি অগ্ন যে কোন দার্শনিকের চেয়ে ক্রত ব্রতেন। অবশ্র একটা বেয়াড়া ব্যাপার এই বে ভ্রমণ বিষয়ের এত বড় পৃষ্ঠপোষক তাঁর কোনিগদবার্গ অঞ্চলের বাদভূমি ছেড়ে কোথাও কথনো যান নি। অপরের প্রশংসা থেকে তিনি বিদেশী জাতিদের সম্পর্কে প্রচুর জ্ঞান অর্জন করেছিলেন, বিদেশ সম্পর্কে তাঁর নানাবিধ মন্তব্যাদি রচিত হয়েছে অপরের ভ্রমণ বৃত্তান্ত ভালো করে পাঠ করার ভিত্তিতে। যে কান্ট চল্লিশ বছর কাল ধরে তাঁর ছাত্রদের কাছে প্রাকৃতিক ভূগোল বিষয়ে বক্তৃতা করেছেন, মোগলদের ভারতীয় মৃলভূমি থেকে কাশ্মীর সম্পর্কে (কক্যেসীয় পর্বত্যালা) এবং বাঙ্গলাদেশ সম্পর্কেই বেশ ভালো সংবাদ রাখতেন। তিনি বর্ষার প্রভাব ধর্মীয় এবং আদিবাসী জাতি ও বর্ণ বিষয়ে অবহিত ছিলেন, ব্রাহ্মণ থেকে মৃদলমান, ইত্দী ও দেন্ট টমাসের প্রীষ্টানদেরও জানতেন।

এমন একটা সময় ছিল যথন ভ্ৰমণ কথাট ত্বংসাহদিক অভিযাত্তার সমানার্থক ছিল অবশ্র তথারা এ বোঝাত না যে সব ভ্ৰমণকারীই ত্বংসাহদিকতা সন্ধানী ছিলেন। যাই হোক, ভ্ৰমণ ব্যাপারটি ত্বংসাহদিক ব্যক্তিদেরই এক চেটিয়া ছিল।

নবযুগের প্রত্যুবে আমরা ব্যাভিরিয়ার হানস স্থিল্টবেরগারের নাম প্রাচ্য দেশীর ভ্রমণকারীদের অক্ততম হিসাবে পাই। ১৩৯৪ থেকে ১৪২৫ প্রীষ্টাব্দ পর্যন্ত তিনি মুসলমান দেশগুলিতে যুদ্ধবন্দী ছিলেন। স্থিল্টবেরগার একটি ল্রমণ বুরান্ত লিথে রেখেছেন তার মধ্যে দেখা যায় তিনি কিভাবে 'ইন ডিয়া মাইনর' নামক দেশে গিয়েছেন—এই কথার ঘারা তিনি সম্ভবতঃ শ্রোসলেম ভারতের অংশ বিশেষের কথা বলেছেন। "ইনডিয়া মেজর" অর্থাৎ লাবিড় দক্ষিণ ভারত এবং 'ফারদার ইনডিয়া' ফদ্র ভারত অর্থাৎ ইন্দো-চায়না এইসঃ দেশে তিনি বেতে পারেন নি। তিনি জিরাফ প্রসঙ্গে লিখেছেন তা লক্ষ্য করার মত, সম্ভবতঃ আফ্রিকায় মোসলেম রাজ্পুবর্গ ভারতের মুসলমান রাজাদের দরবারে তা উপহার পাঠিষেছিলেন—

"মামি ইন'ডয়া মাইনরেও গিয়েছি। এবং সেই দেশে অনেক হাতি আছে; সেগানে জিরাফ নামে আর একরকম প্রাণী আছে। অনেকটা হরণের মত দেখতে, একটা স্ফার্টা জন্তু গলাটা বেশ লম্বা; প্রায় চার হাত লম্বা বা তারও বেশী সামনের পা গুলিও বেশ লম্বা আর পিছনের পা গুলি ছোট। ইপ্তিয়া মাইনরে এমনই সব অনেক রকম জন্তু আছে। অনেক অঞ্চি এবং কাকাত্য়া আছে সেগানে, আরও এমন অনেক জন্তু আছে আমি যাদের নাম ভানিনা।"

একথা উল্লেখ করা প্রয়োজন বে অনেক জার্মান ঐতিহাসিক স্থিল্ট বেরগারের রিপো টর ভীত্র সমালোচনা করেছেন তার কারণ তাঁর এই জিরাফ জার ৯ প্রিচ। আমার দিক থেকে মনে হয় তিনি বিখাস্যোগ্য ব্যক্তি। একটুরঙ ফলানোর চেষ্টা করলেও (এই রক্ম ধারা সেকালে প্রচলিত ছিল) ভার ভ্রমণ ব্রতাস্ক সাথগ্রিকভাবে বিখাস্যোগ্য।

ষে মাগ্রটি বিশেষ কোনো উদ্দেশ্য না নিয়ে ভ্রমণ করেছিলেন তাঁকে
অনুসরণ করেন ব্যবদায়ী এবং বনিকগণ, তাঁরা মরিচ এবং "জিনদেল বস্তু"র\*
লোভে গিয়োছলেন পূর্বে বালধাদার স্পেনগারের পথিকৃৎ গ্রন্থের কথা উলিখিড
হয়েছে। ভারত সম্পর্ক তথ্য প্রচারের জন্তু বিদেশী পুত্তিকার অনুবাদ ও
অন্তবিধ বস্তুর ভিত্তিতে গ্রন্থাদিও জার্মানীতে প্রকাশিত হল।

পৃথিবীর সর্বপ্রথম আধুনিক সংবাদপত্তের এই স্বর্হৎ নাম ছিল:

"এভাদা, ভার্মানী ও ইতালী, স্পেন, লো-কানট্রিদ, ইংলও,

<sup>\*</sup> Zindel কথাটি প্রীক ও লাতিন কথা: দিন্তন খেকে উদ্ভূত। প্রথমে এই কথার দ্বারা তুলাও দ্বিবি বোঝাত, পরে সাধারণভাবে ভারতীয় বস্তু বোঝাত—কিংবা এই কথার ক্ষর্থ ছিল নিলকের কাপড়।

ক্রান্স, হাঙ্গেরী, মন্ত্রিরা, স্কইডেন, পোল্যাণ্ড, এবং পূর্ব ও পশ্চিম ভারতের সমস্ত প্রদেশ প্রভৃতি সম্পর্কিত সংবাদপত্র বা যা বিছু ঘটেছে তার বুড়াস্ত।"

এই সংবাদপত্তের নামকরণে ভারতকে অন্তর্ভুক্ত করায় পূর্ব ভারতের ষে বিরাট বিশিষ্টতা সেই কালে ছিল তার পরিচয় পাওয়া যায়। অবশ্য ত্রিশ বছর-ব্যাপী যুদ্ধের ফলে অনেক সম্ভাবনাময় আবিদ্ধার থেকে জার্মানীকে বঞ্চিত হতে হয়েছে। এই পত্রিকা ১৬০০ খ্রীষ্টান্মের ১৫ই জাহুয়ারী তারিথে সম্ভবক্তঃ জার্মানীর ভোলফেনবুট্রলে প্রকাশিত হয়।

একজন তরুণ জার্মান বিপর্যয়কারী যুদ্ধ সত্ত্বেও ধিনি ভারতদর্শন করেছিলেন তাঁর নাম আলব্রেস্ট ফন ম্যান্ডেল্সলো। তিনি ১৬০৮ গ্রীষ্টাব্দে সেথানে উপস্থিত হন। তাঁর ভ্রমণ বৃত্তান্তের সম্পূর্ণ পাঠ এভাম ওলিয়ারিউস পরে প্রকাশ করেন, আর ভিকার ফোরট তা ফরাদী ভাষায় এবং জন ডেভিস তা ইংরাজীতে অফুবাদ করেন। মোগল শাসন পদ্ধতি সংক্রাম্ভ রিপোর্ট এবং আগ্রা সহর বিষয়ক বৃত্তান্ত এই গ্রন্থের বিশেষ অকর্ষণীয় অংশগুলির অক্যতম।

এশিয়াতে যে বৃহৎ সংখ্যক তরুণ জার্মান আরুষ্ট হয়ে গিয়েছিলেন তাদের
মধ্যে ছিলেন মেইদেনের যোহান ভেরকেন ১৬০৭ গ্রীষ্টাব্দে ভারতের পথে
যাত্রা করেন ওলান্দাজবাহিনীর একজন "সোলজার ও কর্পোরাল" বা দৈনিক
ও পদাতিক হিসাবে। ভেরকেন একটি বৃত্তাস্ত রেথে গেছেন। জার্মান সাহিত্যে
এই জাতীয় বিবরণ প্রথমতম।

প্রকলাজ সাভিসে ছিলেন ঘোহান ফন ডার বেহর, তিনি পূর্ব ভারতে, সিংহলে ও জাভার ১৬৪৪ গ্রীষ্টাব্দে গিয়েছিলেন। আরো অনেকে তার পদায়ামুদরণ করেন। অনেকে তাঁদের অভিজ্ঞতার বিবরণ প্রকাশ করেছেন যা মি প্রত বিষয় বস্তুর হলেও অনেক দিক থেকে কৌতুহলপ্রদ। কোনোটিতে ঐতিহাসিক বিবরণ কোনটিতে আবার নৃতাত্বিক, ধর্মগত বিবরণ ইত্যাদি পাওয়। যায় এর সবগুলিই বিশেষ প্রয়োজনীয় বিশেষত তৎকালীন ভারতবধ বিষয়ক যে সব তথ্য তারী। সংগ্রহ করেছিলেন তা মূল্যবান। ঘোহান ঘেকব মেরকলীন ১৬৪৪ থেকে ১৬৫৩ পর্যন্ত বাংলাদেশে ছিলেন। আলবেক হেরপোরট (বার্ণ-এর অধিবাসী) ১৬৫৯ থেকে ১৬৬৮ পর্যন্ত ভারতবর্ধ ছিলেন। জে জে দার আরও বেশীদান অর্থাৎ ১৬৪০ বেকে ১৬৬৮। জোহান দিগম্ও ভ্রকবেইনও বেশীদান অর্থাৎ ১৬৪০ থেকে পঞ্চাশ পর্যন্ত সেথানে ছিলেন। সোয়াবিয়ার ক্রিস্টক্ সোয়াইৎসার ১৬৭৫

থেকে ১৬০২ পর্যন্ত ভারতবর্ধে ছিলেন এবং তার অভিজ্ঞতার এক হাদয়গ্রাহী
বিবরণ তিনি লিপিবদ্ধ করেছেন। তিনি ভাষা বিষয়ে আগ্রহী ছিলেন এবং ষা
কিছু নতুন সেই দিকে তাঁর নজর ছিল। পরিশেষে, মারটিন ভিনটার জিসটের
নাম উল্লেখ করা যাক, যিনি আরও অনেকের মত ডাচ ইট ইত্রেয়া কোম্পানীর
সাভিষে ছিলেন। তাদের কাহিনাগুলি পুন: সম্পাদনা করে দি হাগে ১৯৩০
থেকে ১৯৩২-এ প্রকাশিত হয় যোলটি থপ্তে—এক স্বৃহৎ পর্যায়ের অংশ
হিসাবে।

এই সব জার্মান লেখকদের পরিপুরক হয়েছেন ওলন্দাজ লেখকগণ, ষথা বালদিয়া ও ডেপ্পার। দেই কালে আমন্তারজাম ও বিশেষ করে হ্যুরেম-বার্গেব মধ্যে প্রচণ্ড বাক্য বিনিময় হত। যে সব গ্রন্থ ভাচ ভাষায় প্রকাশিত হত আমন্তারজামে দেইদব গ্রন্থ তৎক্ষণাৎ জার্মানীতে মৃদ্রিত হয়ে প্রকাশিত হত। পরবর্তীকালে ভ্রমণ কাহিনার অহ্বাদ ও সংকলন গ্রন্থ এলটোনা, লাইপ্রীগ ও বালিনে প্রকাশিত হয়।

এনগেলবার্ট ক্যামপফার, কারসটেন নাইবৃহর এবং কেফন হুগেল এই পর্যায়কে বেশ তথাপূর্ণ অথচ বৈজ্ঞানিক ভিত্তিতে সাম্য্রিক ভাবে লিখিত পাঞ্জিপির দ্বারা সমৃদ্ধ রেখে ছলেন।

প্রথম বিধকোষ দর্বোশবি ইডনিভার্স।ল লেকসিকন ( হাল / সালে নামক ছানে) জেডলার কর্তৃ ক প্রকশিত হয়। সকল প্রকার তথ্যাদি যা সংগৃহীত হয় তাব বৈজ্ঞানিক সাবাংশ এই সংগ্রহে দেওয়া হয়। এই একই উদ্দেশ্য প্রথম দিকের জার্মান ঐতিহাসিক যারা ভাবতীয় অঞ্চল নিয়ে আলোচনা করেছেন তাঁদের অন্প্রাণিত করেছিল।

এঁদের মধ্যে প্রথম হলেন এনটন ক্রিডবিশ ব্দখিং তিনি Neuen Erdbes chreibung (নৃতন স্থাল) নামক গ্রন্থ ১৭৫৪ খ্রীষ্টাব্দে প্রকাশ করেন এরপর প্রকাশিত হয় Erdbeschreibung Von Ostindien (পূর্বা ভারতের স্থালে) এই গ্রন্থ লিখেছিলেন ম্যাথিয়াদ ক্রিশ্চিয়ান স্থোনগেল। এই গ্রন্থে ভৌগলিক তথ্যের দকে ঐতিহাদিক তথ্যাদি যুক্ত করা হয়েছে, প্রন্থের বেথক গ্রন্থটির অসম্পূর্ণভার কথা স্থীকার করেছেন, এবং এই অসম্পূর্ণভাষ্প্যত স্থোর অভাবের জন্ত হয়েছে। যাই হোক প্রোনগেল গোড়ার দিকের অম্বান্ত লেখকদের প্রতি ম্বার ভাব প্রকাশ করেছেন।

"ওরা সপূর্ণভাবে অপ্রস্তুত অবস্থায় ভারতবর্ষে এসে

পৌছেছিলেন এবং কোনোরকম উত্তেজনাময় ভূগোল পান নি
যা ভিত্তি করে ওঁদের অভিজ্ঞতা যাচাই করতে পারেন তাঁদের
ভ্রমণ এবং ভ্রমণ বৃত্তাস্তের হারা ভারতবর্ষীয় ভূগোলের ষেটুকু স্থবিধা
যা উপেক্ষনীয়। অধিক্তা, তরা কলমের এক আঁচড়ে স্থ্রের
প্রদেশগুলি একহতে যুক্ত করেছেন। যে সব দেশ বিষয়ে তাঁরা
বর্ণনা করছেন তা রূপকথা এবং বিশ্বায়ের কাহিনীর দেশ নয়, বা
তাঁদের বিবরণ অবিখাশ্র রিপোর্ট দিয়ে পূর্ণ করেছেন এবং সেই সঙ্গে
ভূল ভাবে শোনা এবং ভূক বানানের নাম লিথেছেন।"

শ্রেনগেল আরো অনেকের মত প্রথম দিককার ঐতিহাসিকগণ, বারা বৈজ্ঞানিক পদ্ধতিতে ইতিহাস রচনা করেছেন তাঁদের গোষ্ঠী হুক্ত। ভারতের সাংস্কৃতিক এবং ধর্মীয় ইতিহাস প্রাচ্যতত্ববিদদের চিম্বাভাবনার বিষয় ছিল— তাঁদের মধ্যে হাজির কথা এখানে উল্লেখ করা যায়। আর ঐতিহাসিকদের মধ্যে ও উটকে, টি, ক্রুসে, এম, ভিনটারনিৎস, এ, ওয়েবার ও জর্জ ওয়েবার উল্লেখ্য। ১৮৫৭ খুরান্দে ভারতীয় বিজ্ঞোহের সময় শেষোক্ত জন নিম্নলিখিত মস্তব্য করেছিলেন, এর মধ্যে তিতিক্ষার ভাব নেই—

> "ভারতীয় জনগণ যা সাংস্কৃতিক ইতিহাস ও জাতির জীবন-তক্ষর কাণ্ড হওয়ার যোগ্য তা অকালে শুকিয়ে গিয়ে একটা শুখনো ডালে প রণত হয়েছে।"

ভারতীয় ঐতিহাসিক বিবর্ধন বিষয়ে যে সব বিশেষজ্ঞগণ কাজ করেছেন বা তার কোনো দিক থেকে বিচার করেছেন তাঁদের নামের তালিকা দীর্ঘ। হোলমোলট ও সথমিডট থেকে বানসে এবং এনগেলহারউট থেকে নরবারট ক্রেবস, হাইনরিথ ভেনৎস, লুডভিগ এলসডোরফ, ও ওটে। ৎসাইয়েরের প্রভৃতি সমকালীন ঐতিহাসিকগণ পর্যস্ত এই তালিকা বিস্তৃত।

এ কথা বিশেষভাবে লক্ষ্যণীয় যে ভারতের বর্তমানকাল প্রথম মহাযুদ্ধের কিছু পূর্বকাল পর্যস্ত আবিষ্ণত হয় নি, যদিও ১৮৫৭ খ্রীষ্টাব্দের বিলোহ রেটফ্লিকের একটা উপস্থানের বিষয়বস্থা। ( তাঁর প্রকৃত নাম ছিল হেরমান গোরেডদথে ) এই উপস্থান সেই বছব প্রকাশিত হয়। শেই গ্রাছের নাম 'নানা সাহেব'। দি. ই. গ্যানটার 'নানা সাহেবে'র গল্পটিকে ১৯৪১ খ্রীষ্টাব্দে নবরূপে রূপায়িত করেন, নানা সাহেব এই বিজ্ঞাহের প্রাণ পুরুষ। আগেকার গ্রন্থ ছিল শ্রমণ

কাহিনীর একটা অংশ, অংশতঃ আবার ইতিহাদগ্রন্থ, উভয়বিধ শ্রেণীকেই নাটকীয় ভদীতে উপস্থাদের আদিকে রূপায়িত।

একথা বলাবাছলা ধে ভ্রমণ কাহিনী সাধারণভাবে শুধু যে ভ্রমণকারীর চরিত্র প্রতিফলিত করে তা নম্ব তার মধ্যে সমকালীন মনোভঙ্গী ও ফচির পরিচয় পাওয়া যায়।

এইভাবে, অনেক শতাকী ধরে ভারতের মোহময় আবেদন ধীরে ধীরে 'আশ্চর্য দেশ' এই আখ্যা লাভ করে। ভারতবর্ষ এক ম্যাজিকের দেশ সেধানে পদ্মস্থলের কুঁড়ি ফুটে থাকে, আধুনিক কালের মনে অফুরণিত হয়—স্কুতরাং যে সব বই প্রকাশিত হয়েছে মাত্র অল্লকাল পূর্বে ভার নামকরণের মধ্যেও ভারতের অপ্রলোকের স্পর্শ পাওয়া যায়:

ভটো, ভ, ফ্রায়েস: Indien—das Wunderland (ভারত—
আশ্চর্ষ দেশ) (১৯২১): কার্ট বোয়েখ Indische Wunderwelt
(ভারতের আশ্চর্ম জগং) (১৯২৫), ই, লিংসমান: Aus dem
Lande der Marchen und Wunder (রূপকথা ও বিশ্বয়ের
দেশ থেকে); কে, রিবেক: Im Wunderlande Indien
(ভারতে বিশ্বয়কর দেশে); এল, হালা: Unter Palmen und
Marchentempeln (তালবনের ও রূপকথার মন্দিরের নীচে);
এইচ, ফন ভ গাবলেনংস: Steinerne Wunder (পাথরে
বিশ্বয়) (১৯৩৫), এনটন ল্যবেক: Indiens zweites
Gesicht—Eine Reise durch das Land der Wunder
und Wunden (ভারতের অপর মৃথ—ক্ষত ও বিশ্বয়ের দেশে
পরিক্রমা)(১৯৩৫)।

এই আশ্চর্য স্বপ্নয় দিকটি মহারাজাদের পাগড়ি আর তরবারির হাতলের হীরক ও চুনির ত্যাতির দকে মিশিয়ে আছে। আনেকে বেশ খুদীর দকে রাজা-রাজ্ঞার ভারতবর্ধের জাক-জমকের বর্ণনা দিয়েছেন: রবার্ট ক্রাফ্ট (Um die indische Kaiserkrone, 1928) ওটো মেয়ার (Zwanzig Jahre an indischen Furstenhofen—ভারতীয় রাজ্দরবারে কুড়ি বছর —১৯২২), এলিদ স্থালেক—(An den Hofen der Maharadschas—(মহারাজদের রাজ্দরবারে—১৯২১)।

এই জাতীয় ভ্রমণ কাহিনীগুলির মধ্যে বিশেষ ধরণের ছিল Indien und

seine Furstenhofe (ভারত ও তার রাজদরবার) এই গ্রন্থের লেখক আরনষ্ট ফন হেস-ভারতেগ, প্রথম মহাযুদ্ধের অল্পকাল পূর্বে এই গ্রন্থ প্রকাশিত হয়। এই গ্রন্থের ভূমিকায় লেখক যে জগতের সঙ্গে তাঁর পাঠকদের পরিচয় ঘটিয়ে দিচ্ছেন তার এক রূপ-রেখা রচনা করেছেন ঃ

'কোনোদেশে এত বৈচিত্তময় প্রাসাদরাজি নেই, নেই এত বিচিত্ত শ্বিতিনা শ্বিতিনাম, নিদারুল তুর্দশার পাশে এত বেশী জাঁকজমক কোথাও কেউ দেখেনি; উজ্জ্বলতর আলো আর তার পাশে ঘন কালো অন্ধকার ভারতের মত আর কোথাও নেই; ভারতের মত আর কোথাও প্রাচীন কালের সাংস্কৃতিক নিদর্শন এভাবে সংরক্ষিত হয় নি। প্রাচীন দেব-দেবীর প্রতি বিশাস, বিশেষ ধরণের রীতিনীতি এভাবে আর কোথাও বজায় নেই। হিন্দুন্তানের একটা স্বর্হৎ অংশ আধুনিক অভিযানকারীদের ঘারা আক্রান্ত হয়েছে। তথাপি আজো বিভিন্ন প্রান্তে দেশীয় রাজভ্রবর্গ রাজত্ব করছেন বৈচিত্র জাঁক-জমকের মধ্যে অধিষ্ঠিত হয়ে। তাঁদের নিজন্ম সেনাবাহিনী এবং মন্ত্রীসভাও আছে। উৎস্বাদি, হন্তী ও ব্যান্ত যুদ্ধ এবং মহারাজ পরিচালিত শীকার অভিযান পৃথিবীর মধ্যে সর্বশ্রেষ্ঠ চমকপ্রদ ব্যাপার; প্রকৃত্তলকে যে কোনও দিক থেকে এই সব রাজ্যগুলির অধিবাসীদের দিকে লক্ষ্য করলে বোঝা যাবে এরা এক অনন্ত বিশ্বয়ের বস্তু।"

এই জাক-জমকের আকর্ষণে যার। এসেছেন তাঁদের মধ্যে অনেক জার্মান রাজন্তবর্গণ্ড আছেন। কাইজারের জ্যেষ্ঠপুত্র ক্রাউন প্রিন্স ভিলহেলম বিশেষ চাঞ্চল্য স্পষ্ট করেন। যদিও তাঁর শ্বতিকথায় তিনি এই ভ্রমণ বিষয়ে অতি সংক্ষিপ্ত বিবরণ দিয়েছেন, এমন অজ্ঞ ব্যক্তি আছেন যারা ক্রাউন-প্রিন্সের এই ভ্রমণ বিষয়ে ভ্রমণকাহিনীর প্লাবন বহিয়ে দিয়েছেন। যথা: ও, বনগার্ড (Die Reise des deutschen Kronprinzen durch Ceylon und Indien—দিংহল ও ভারতে আমাদের ক্রাউন-প্রিন্সের ভ্রমণ কথা—১৯১১) এইচ, জাগ্থে (Mit dem Kronprinzen durch Indien—ক্রাউন-প্রিন্সের সঙ্গের সংক্র ভারতে ১৯১৩)—এই ভ্রমণের এক উজ্জ্বল বুডান্ড ষ্টোনংসে-স্থেরেনর সর্টহ্যাণ্ড পদ্ধতিতে বণিত হয়েছে (Die Reise des deutschen Kronprinzen nach dem Fernen Osten (দ্র প্রাচ্যে জার্মান ক্রাউন প্রিন্সের ভ্রমণ) ১৯১২ খুটান্সে এই গ্রম্ব প্রকাশিত হয়। এই গ্রম্বের লেখক

এ, স্পেথট্-রাউরক। এর আগের বছর ড্লেলডুকের জনৈক প্রকাশক এম, কোরটেন লিখিত "একটি দেশপ্রেমাত্মক ভ্রমণ-নাট্য" প্রকাশ করেন। এই গ্রমের নাম—Die Reise des Kroprinzen nach Ceylon und Indien—ein Schulfestspiel nach den Berichten Von Oskar Bongard und Richard Knotel mit Benutzung der Lieder und Gesange Von Hermann kipper, op 106: Des Prinzen Heinrich von Preussen Reise um die Welt, (সিংহল ও ভারতে ক্রাউন প্রিক্রেম ভ্রমণ ক্র্মা: অনকার বনগার্ড, ও রিচার্ড নোটেল কর্তৃক প্রদন্ত বিবরণ অফুলারে রচিত ক্ল-ড্রামা; ক্রম ও ক্র্মান কিপ্পার কর্তৃক রচিত: op 106; প্রিক্র হাইনরিশ অব প্রাদিয়ার বিখ-পরিক্রমার বিববণ)।

আর যে দব রাজকুমার মহারাজাদের দেশে ভ্রমণে গিযেছিলেন তাদের মধ্যে অষ্ট্রিয়ান দিংগাদনের উত্তরাধিকারী আর্চডিউক ফারাডন্যাপ্ত এবং ব্যাভিরিয়ার ক্রাউন-প্রিন্স রুপরেখট্ রচিত (Reise-Erinnerungen aus Indien—ভারতবর্ধের ভ্রমণ স্মৃতি—১৯২২) প্রিন্স লুডভিগ অব হেদ ভারতবর্ধ থেকে একটি কাব্য-সংগ্রহ নিয়ে এসেছিলেন (অ্ছাবধি অপ্রকাশিত)।

অন্ত আরে। অনেক ভ্রমণ কাহিনীতে তপস্থী ঋষিগণ থেকে আনন্দময়
বস্তবাদী, ভয়ংকর মকল আর চাকচিক্যময় রাজপ্রাদাদ, কৃষ্ণার্প দানব আর
ভক্র নর্ভকী ইত্যাদির মধ্যে যে বৈপরিত্য তা প্রকাশ করা হয়েছে। এ সবের
মধ্যে ও, কফ্মানের Aus indiens Dschungeln (ভারতীয় ওজল থেকে)
(২য় সংস্করণ ১৯২৪), ইম্যামুয়েল ফাইডাবের কৃত Volkstypen aus
Indien (৯২৪), প্রিজেদ ইরমা ওডেদকালগীকৃত Durch Dschungel
und Tempel (জঙ্গল আর মন্দিরের মধ্য দিয়ে)(১৯২৭)। কে, এল
ক্ষনগের Indische Busser (ভারতীয় অন্তশোচনাকারী) (১৯২৮)।
লোলা ক্রটস্বের্গকৃত Tiere, Tanzerinnen und Damonen (জন্জ
কানোয়ার, নর্ভকী ও দানব) (৯২৯) এবং মালফনদ নোবেল কৃত Temple,
Palaste und Dschungel (মন্দির, প্রাদাদ এবং জঙ্গল) (১৯২৯)।

ভারতবর্ধ আবার চাঞ্চন্যকর ব্যাদ্র শীকারের দেশ। আনেকের কাছে ভারতের এই বস্তটাই একমাত্র দর্শনীয়। আবার এমন আনেকে আছেন যাঁরা বক্ত জন্ধ-শীকারের উদ্দেশ্যেই ভারতে গিয়েছিলেন তাঁরা দেই সব প্রাণী জীবস্ক এনে পশ্চিম জগতের জুগার্ডেন ও এনিম্যাল পার্কগুলি সমৃদ্ধ করেছেন। যাঁরাঃ এই জাতীয় অভিজ্ঞতা বিষয়ে গ্রন্থ রচনা করেছেন তাঁদের মধ্যে আছেন ছেরমান ভিয়েলের Fur Hagenbeck im Himalaya und den Urwaldern Indiens (হেগেনবেকের জন্ম হিমালয় ও ভারতের আদিম অরন্তে) (১৯২৫), জন হেগেনবেকের Unter der Sonne Indiens (ভারতের আকাশের নীচে) (১৯২৬), এবং ও কফ্মানের Tiger-und Panther-jagden in Indiens Dschungeln (ভারতীয় ভঙ্গলে ব্যাদ্র এবং প্যান্থার শীকার)।

ষাই হোক. একটা নতুন প্রজন্ম এগিয়ে আগছে। এমন অনেকে আছেন যাঁরা জীলোকের সমস্তার প্রশ্নটিকেই নব্য ভারতের বৃহত্তম সমস্তা বলে মনে করেছেন। জার্মান লেথ করুলও স্বাধীনতর ভারতে স্ত্রীলোকের সুমিকা বিষয়ে ষতি জ্রত অবহিত হয়েছেন। ক্রিশ্চান মিশনগুলি থেকে কিছু শাহিত্য রচিত হল। (ও, গ্রন্ডলার: Frauenelend und Frauenmission in Indien-ভারতের নারীর তুদশা ও ভূমিকা; এইচ, লোরবায়য়: Frauenleben und Frauenelend am heiligen Ganges-পবিত গঙ্গা তীরে नांत्रीत कीवन ও ध्रम्भा; है, (भारुन: Die Knechtschaft der indischen Frau—ভারতীয় নারীর দাসী রুত্ত; এইচ, এইচ, রীয়েম— Bilder aus dem indischen Frauenleben-ভারতীয় নারীর জীবনের ভাবমৃত্তি; এস, ষ্টাম—Durch Nacht zum Licht—( রাত্তি থেকে আলোকে)। অক অনেকে গবেষক বা শুধু ভ্রমণকারীদের বুত্তান্থ থেকে তথ্য সংগ্রহ করেছেন থারা সহসা তথ্যের মুখোম্খি এসে পড়েছেন (হেলেন ফ্রেনকেল —Die indische Frau in Dichtung und Leben—कावा ७ कीवान ভারতীয় নারী—১৯২২। এলদে লুডারস Unter indischer Sonne— ভারতীয় আকাশের নীচে—১৯৩০)। এলসিষ্ট্রাউব ব্যক্তিপতভাবে প্রকাশ করেন Ulm (1922), এই নাটকটি চতুর্থ অঙ্কে সম্পূর্ণ এইভাবে বণিত, এর নাম "ভারতীয় নারীর প্রকোঠে" (Im Frauengemach Indiens)। এই জাতীয় আরেকটি গ্রন্থ ভারতের নারী আন্দোলন বিষয়ক। এই গ্রন্থের লেখিকা ইডা সরকার, প্রখ্যাত বাঙালী পণ্ডিত বিনয়কুমার সরকারের অস্ট্রিয়া জাতা 🛍 🖡 এঁদের উভয়ের বিবাহের ফলে ভারতের সঙ্গে জার্মান বিদ্যা সমাজের সংযোগ স্থাদ হংমছিল। ইভা সরকারের সমীকাদির মধ্যে তাঁর স্বামী রচিত ভারতের कीरम मर्भन अर्फ कृक। এই श्रम्भ नाहेशकीरा श्रकामिछ हम।

এর ফলে আরেকটি বিষয় বস্তুর সান্নিধ্যে আমরা এসে পড়ি. সেই বিষয়টি হল জার্মান জাতা রমনী বাঁরা ভারতকে বিবাহ হুত্রে তাঁদের হুদেশ করেছেন তাঁদের বিবরণ। এই গৃহীত জন্মভূমি বিষয়ক সমস্থাবলী স্পষ্টভাবে আলোচনা করেছেন এমন হুজনের বিষয় উল্লেখ করছি: এফ, হউসভিরপ লিখেছেন—Meine indische Ehr (আমার ভারতীয় বিবাহ) ১৯৩০; এবং গারটুড লেহুমান ক্ষত Ichheirate in Indien (আমি ভারতে বিবাহ করেছি)—৪র্থ সংস্করণ, ১৯৫০। এই ছুখানি গ্রন্থে ভারতে জার্মানদের অবস্থা বিষয়ে আলোচনা করা হুয়েছে—একটি গ্রন্থে ঐতিহাদিক দৃষ্টি কোণে আলোচনা করা হুয়েছে অপরটিতে মনস্থাত্মক দিক থেকে। আলা লুকাদ কত Die Deutschen in Indien (ভারতে জার্মাণগণ) ও বোদো স্পেরলিঙ্কের Die Rourkela Deutschen (রোউরকেলার জার্মানগণ) উল্লেখযোগ্য।

১৯১৪-১৯১৮ যুদ্ধের কালটিতে জার্মানরা কিভাবে ভারতে কাটিয়েছে তার কথা লিখেছেন পি, ভাফ—আহমেদনগর নামক গ্রন্থে। বিতীয় মহাযুদ্ধের কালের কথা লিখেছেন হাইনরিখ হারের—Sieben Fahre in Tibet (ভিব্বতে দাত বছর—১৯৫২)। ভিলি হাদ, যিনি বিতীয় মহাযুদ্ধের কালে ভারতবর্থকেই আপ্রায় করেছিলেন তিনি পরবর্তীকালে ভারতীয় পুরাণ কথার কালে ও প্রদার বিষয়ক ধারণা প্রদক্ষে এক চমৎকার বিশ্লেষণ করেছেন। জার্মানদের ব্যক্তিগত হংধের এক প্রমান প্রথম ভারত ভ্রমণ কালে আমার হন্তগত হয়। ১৯৪২ প্রীষ্টাব্দে ইনটারল্যাশলাল বুক হাউদ বোদাই Germans Beyond Germany নামক এই গ্রন্থটি প্রকাশ করেন। লেখকের নাম চেক ভাষায় লিখিত—ভিলেম হাদ। আরেকটি গ্রন্থ যা এইখানে উল্লেখযোগ্য তা হল ওটো পানেথ কৃত শ্বতিচারণ্যুলক গ্রন্থ West-ostlicher Ruchblick (পাশ্চাত্য প্রাচ্য গতান্থদর্শন)—এই গ্রন্থের কিয়দংশ ভারত বিষয়ে এবং আগের বইটির মত জার্মান-ইছদী জীবন ও অদৃষ্ট প্রদক্ষে এক অংশ রচিত হয়েছে বিরক্তিকর বৈদ্ধ্যের অন্তগত ভঙ্গীতে।

এলিজাবেথ ফল হেকিং রচিত জার্নালে ভারত জার্মান প্রসঙ্গে দক্ষ্পি বিভিন্ন দিক আলোচিত হয়েছে। এলিজাবেথের স্বামী :৮৮৯-৯৩ এটাজে পর্বস্থ কলিকাভাস্থ জার্মান কনসাল দিলেন।

এই স্বে ক্লারিদা লাইফারের পাদেরবোর্ণ থেকে প্রকাশিত এক স্থানীয় প্রিকায় লিখিত প্রবন্ধ থেকে কিছু অংশ উগ্গত করার অস্থ্যতি প্রার্থনা করি। এই লেখিকা পরে ভারতবর্ষে তাঁর ভ্রমণ-বিবরণে তাঁর ভ্রমণ কথা বর্ণনা করেছেন। সেই গ্রন্থের নাম Umgang mit Indern (ভারতীয়দের সঙ্গে-সামাজিক সংযোগ):

> "রাজস্থানের রাজধানী জয়পুরে আমরা নিমন্ত্রিত হয়েছিলাম। এই দেশ প্রাচীন যোদ্ধবংশ রাজপুতদের দেশ। সেই রাত্রে আমরা যথন তাঁদের বারান্দায় বদেছিলাম তথন আরেকজন অতিথি একে। আমাদের সঙ্গে যোগ দিলেন। এই তরুণ ভারতীয়টি একদা আরনস্বের্গের একটি কার্থানায় কাজ ক্রেছেন। তিনি ভালো জার্মান বল্তে পারেন। এত্থারা প্রমাণিত হয় তারতীয় কত সহজে ভাষা শিক্ষা ক্রতে পারেন।

> তিনি ষথন শুনলেন যে আমরা পাদের বোর্ণ থেকে এসেছি তথন তাঁর চোথ ঠিকরে গেল। তিনি তাঁর আত্মীয়দের বোঝাতে লাগলেন পাদের বোর্ণ-এর শহর কেমন জলময় এবং মযুরে ভরা। আমরা আশ্চর্য হলাম যে এই তুটি মাত্র বস্তু তাঁকে আরুষ্ট করেছে। তিনি কিন্তু তাঁর আত্মীয়দের বলতে লাগলেন শত শত ঝরণা-কৃপ সারা শহরে পরিপূর্ণ হয়ে আছে, —এই কৃপ থেকে আবার একটা বিরাট নদীর জন্ম হয়েছে। একথা সত্য ষে আমরা তাঁর উৎসাহ कि किए ठी खा करत्र मिनाम। वननाम माळ २०० छ । এই त्रकम कृष আছে, অনেক শত নয়। আমরা ধ্বন লক্ষ্য করলাম অক্যাক্ত ভারতীয়দের চোথ উজ্জল হয়ে উঠেছে, আমরা বুঝুলাম কেন ওম প্রকাশ (সেই তরুণটির নাম) এই জাতীয় প্রস্রবণ দেখে এত উৎসাহিত হয়েছিলেন। রাজপুতদের দেশে জল যেন এক ঐক্রজালিক শব্দ; এই রাজ্যের অধিকাংশই আধা মকভূমি। স্থতরাং ওয়েসিদ নগরে একটি প্রস্রবণের অধিকারী হওয়ায় অর্থ দক্ষিণ-ভারতে শত শত তাল গাছ বা অন্ত কোথাও একটা কুন্ত রাজ্যলাভ।

> কোথায় ময়্র ডেকে উঠ্ল তাতে আমাদের আলাণাচারে বাইরে থেকে বাধা—ওমপ্রকাশ বল্লেন: 'পাদের বোর্ণ শহরে আমি দেখেছি একজন সাধু পুরুষের প্রস্তুর মৃতির সঙ্গে একটি ময়ুর

রয়েছে। এর ফলে আমার অদেশের কথা মনে হল। কারণ আমাদের দেশেও ময়ুর একটা পৰিত্র প্রাণী।''

আমরা জয়পুরে রাজপুতদের বিয়োগার্ধ বা বীরত্বপূর্ণ নিদারুণ কাহিনী বিষয়ে অবগত হওয়ায় জন্ত এসেছিলাম। তথাপি একবার জল এবং ময়্রের কথা উল্লিখিত হল। আমরা এখন আর শ্রোতা নই, সবাই কাহিনী-কথক।"

মাত্র কিছুকাল পূর্বে জার্মান ভাষায় ইন্দো-জার্মান সহ প্রকাশন ব্যবস্থার ফলে ক্লারিদা লাইফারের একটি গ্রন্থ শক্স্তলা পারিশিং হাউদের উচ্ছোগে প্রকাশিত হয়েছে ( স্ক্লার নগরে মেমদাহেব : বোম্বাই, ১৯৬৮)।

ক্রিন্ডিয়ান ধর্মী মহলে অজল গ্রন্থ প্রকাশিত হচ্ছে। এতছারা বোঝা ষায় যে ধর্মীয় সংলাপ ভারতকে ঠিকমত বোঝায় প্রকৃত চাবি কাঠি। দৃষ্টাপ্ত হিদাবে উল্লেখ করা ষায়: কে, হারটেনষ্টাইন কৃত—Auf Gottes Spuren in Indien (ঈশর সন্ধানে ভারতবর্থে—১৯২৯)—এল, সখাল কৃত Vier Geschichten von Indischen Christen—(ভারতীয় খ্রীষ্টানদের চারটি কাহিনী; জে, ভোরলাইনের Vierzig Jahre in Indien—Eirnnerungen eines alten Missionars (ভারতে চল্লিশ বছর প্রাচীন মিশনারীর শ্বতি কথা)। ফ্রানংস কোহলারের Indischer Geist und christliches Heil—ভারতীয় মনোভঙ্গী এবং ক্রিশ্চান তপস্থা; এইচ, প্রাপ্রের কৃত Das indische Apostolat—ভারতীয় দেবমণ্ডল; ডি, বেকার কৃত Im stromtal des Brahmaputra—ব্রহ্মপুত্র উপত্যকায়; এরিখ ষ্ট্যানগের Die Losungen reisen nach Indien ভারত ভ্রমণেব সহজ উপায়; এবং প্রাটনারের Indien—ভারত।

১৯১৪-১৯১৮-র যুদ্ধ কালীন সময়ে শরীরগত তুর্দশারিস্ট ভারত ও ভারতের স্বাধীনতা স্পৃথা একটি জনপ্রিয় বিষয়বন্ধ ছিল। দেই কালের অনেক লেখা প্রাচীন হয়ে গেছে। তথাপি প্রথম যুদ্ধান্তর দশকে এক রাজনীতি সচেতন ভারতীয় দাহিত্য জার্মানীতে গড়ে উঠ্ল সংস্কৃতি ও ইতিহাস অভিমুখী প্রবাহের পাশাপাশি; এ. কে, ভিকতর কৃত Deutschlands Anteil an Indiens—ভারতের অদৃষ্টে জার্মানীর অংশ (১৯১৮); এইচ, ভাবুবর্গের Um Indiens ireiheit—ভারতের স্বাধীনতা প্রসঙ্গে (১৯২৩): জোনাস মেয়ের কৃত Die nationale Bewegung in Indien—ভারতের জাতীয়

भारमानन (১৯২৪); जाकिङ हरमन∗ ও भानाक्र ७ এहरङ्गाहिरथे Die Botschaft des Mahatma Gandhi—মহাদ্মা গান্ধীর বাণী (১৯২৫); কলিন রোজের 'Heute in Indien আজকের ভারত (২য় সংস্করণ-১৯২৬); আর্থার হোলিট্দথার কৃত Das unruhige Asien—অশাস্ত এশিয়া (নবম সংস্করণ ১৯২৭); বোশেফ হোরোভিৎসের Indien unter britischer Herrschaft-বিটিশ রাজত্বে ভারত (১৯২৮): হিলমার টেদকে কৃত Das heutige Indien und seine Freiheitsbewegung-পান্তকের ভারত ও ভার স্বাধীনতা আন্দোলন (১৯৩০), ফ্রিংস ডায়েট্রশ ক্বত Die Gandhi Revolution (পল বিরুকোফ, রবার্ট ব্রাউন ও মার্টিন বুবের এই গ্ৰন্থে ছটি প্ৰবন্ধ লিখেছেন : ১৯৩• )। এবং দি, জেড, ক্লোৎদেল কৃত Indien im Schmelztiegel—দংকটের মুখে ভারত (১৯৩০) প্রভৃতি গ্রন্থাবলী তার নিদর্শন। দ্বিতীয় মহাযুদ্ধের পর ভারত বিষয়ে আগ্রহ এখন রাজনৈতিক মানচিত্রে ভারতের স্থান সম্পর্কে পরিবৃত্তিত হয়েছে। মেহনার্ট, বেখটোনড, লানকংকৌদকী, ফন পথহামের, কাউন্টেন বার্ণটোরফ প্রভৃতি গ্রন্থ ভার নিদর্শন। বর্তমান গ্রন্থকারের বিখাদ যে তার নিজের গ্রন্থও এই তালিকায় অস্তর্ভু হতে পারে।

ইতিমধ্যে, অবশু, শীকারী, অভিযাত্রী, ইক্রজাল সন্ধানীর দলে এক নতুন শ্রেণীর ভারত ভ্রমণকারীর দল যোগ দিয়েছেন। এই জাতীয় ভ্রমণকারীদের প্রতিনিধিরা বিনা আড়ম্বরে, বিনা অম্ঠানে ভারতে এসেছেন তারপর এই উপমহাদেশে যথেচ্ছ বিহার করেছেন। এই দব আধুনিক ভ্রমণকারীদের অক্তম হলেন ই, ট্রিংকলার (Quer durch Afghanistan nach Indien—আফগানিস্তান হয়ে ভারতবর্ষে) আরেকজন হলেন রিচার্ড ছলসেনবেক, তিনি একটি মাল জাহাজে করে এসেছিলেন (Der sprung nach Osten—প্রাচ্যদেশে ঝাপ) কুরট ফেবার আবার পদত্রকে সেই দেশে গিয়েছিলেন (Mit dem Rucksack nach Indien—ঝুলিঝোলাদহ ভারতে) (১৯২৯)। আরেকজন পদত্রকে ভ্রমণকারী হলেন আরনষ্ট পোহল (Quer durch den indischen Urwald zu Fuss—ভারতের আদিম অরণ্যে পদত্রকে—

<sup>\*</sup> ১৯৬৭-তে বোম্বাই থেকে প্রকাশিত "Zakir Husain" নামক এ. জি. মুরাণীকৃত গ্রন্থে ভারতের তৃতীয় রাষ্ট্রপতি জাকির হুসেনের জার্মানীর সাংস্কৃতিক ক্ষেত্রে যে সাংযোগ ছিল তা বিশেষভাবে পরিফুট হয়েছে।

১৯২৯)। আরো একজন ধিনি আপনাকে ভব্যুরে আখ্যা দিয়েছেন সেই আলেক্স মারহোলভের বই (Vagabund in Indien—১৯৪৭)। তারপর ম্যাক্স রাইসথ আছেন। তিনি ১৩,০০০ কিলোমিটার ভারতে এবং পল্লী-পথে মোটর সাইকেলে ঘ্রেছেন (Indiens lockende Ferne—ভারতের সংকেতময় দ্রজ) (১৯৫০) এবং পরিশেষে হাইনংস হেলফজেন ইনি বাইকে করে পকেটে D. M. 3.80 নিয়ে বিশ্ব পরিভ্রমণ করেছেন (Ich radle um die Welt—Von Dusseldorf bis Burma, 1954)।

আরেক শ্রেণীর মাতুষ আছেন যারা ভারত সম্পর্কে সর্বপ্রথম পড়াশোনা করেছেন এবং পরে তার মানসিক জগৎ লক্ষ্য করে আবিস্বারের অভিযাত্তায় বেরিয়েছেন। এই গোষ্ঠীর অন্তর্গত হলেন কাউণ্ট কাইদারলিও (Das Reisetagebuch eines Philosophen দার্শনিকের ভ্রমণ ডায়েরী ১৯১৯), ভালদেমার বনসেলন (Indienfahrt ভারত ভ্রমণ, ১৯২১); বার্ণহার্ড क्लांत्रमान ( Der Weg der Gotter (मृवकारम्ब शांत्रा ১৯२৯ ); जानमा এম, কারলিন ( Erlebte Welt অভিজ্ঞ জগৎ ১৯১৩ ), হাগেন থুরনাউ ( Im Banne Indiens ভারতের প্রভাবে ১৯৪২); থিওডোর লোরদ (Begegnungen in Indien ভারতের মুখোমুখি ১৯৪৮); ভেরনার জিমারমান ( Zu freien Ufern মুক্ত তীরভূমিতে ১১৫০); ওয়ালটার আইডলিৎস (Bhakta eine indische Odyssee ভক্ত একটি ভারতীয় ভ্রমণপরম্পরা ১৯৫১); ওয়ালটার ম্যানগেলসডোরফ (Erlebnis Indien ভারত এক অভিজ্ঞতা), হানস হাসসো ফন ভেনটহাইম-ওস্থাউ ( Tagebucher aus Asien এশিয়ার ভারেরী ১৯৫১); হারবার্ট টিচি (Die Wandlung des Lotos কমলের রূপান্তর ) মারলাইদ ফন লেরবার (Indischer Hochsommer ভারতের প্রচণ্ড গ্রীম-১৯৫৬), রাইনহার্ড রাককালট ( Drei Wege durch Indien ভারতের মধ্য দিয়ে ডিনটি পথ ১৯৫৭); ডোলফ স্টার্ণবেরগার (Indische Miniaturen ভারতীয় কুন্ত চিত্র); হানস কোয়েষ্টার ( Indien zwischen Gandhi und Nehru গাছী ও নেহকর মধ্যেকার ভারত); গিলেলা বন Neues Licht aus Indien ভারত থেকে নবীন আলোক ১৯৫৮); eशानहोत्र (शान (Sie hungern nach Brot und Freiheit अव। খাধীনতা ও অন্নের জন্ম বৃভূকু: আরনষ্ট মাজোনিকা ক্লত ভূমিকা সহ ১৯৬০ ), হানস স্টেখে (Indischer Alltag ভারতীয় নিত্যকর্ম (১৯৬১); আরনট

বেৰজ (Buddhas Wiederkehr und die Zukunft Asiens) বুৰের প্রত্যাবর্তন ও এশিয়ার ভবিষ্যৎ, ১৯৬৩); ও গিদেলহার ভিরুসিং (Indien -Asiens gefährliche Jahre-India এশিয়ার ভয়ংকর কাল, ১৯৬৮)। অপরে আবার ভারতীয় উপমহাদেশকে তাঁদের পেশার দৃষ্টভঙ্গীতে বিচার করেছেন; তাঁদের গ্রন্থগুলিতে মত প্রকাশ করা হয়েছে, সমালোচনা कता रुप्तरह, नाथा कता रुप्तरह ७ जुनना कता रुप्तरह । जामता हेजियसाह শিল্পীদের বিষয় বলেছি। তবে Aus Indien (ভারত থেকে) নামক একটি গ্রন্থের উল্লেখ করা প্রয়োজন মনে করি। এই গ্রন্থটি ১৯২৭ খ্রীষ্টাব্দে क्टेम मिल्ली भन वतकहाँ के निर्थाहन। এই कां की प्र कन वह निर्धाहन জাহাজের ডাক্তার (এরউইন রোদেন বারগার: In indischen Liebesgassen ভারতের প্রেমপথে, ১৯৩০); জনৈক শিল্পতি (কে, জি, পিক: Reisebriefe eines österreichischen Industriellen aus Abessinien, Indien und Ostasien-জনৈক অপ্তিয়ান শিল্পতির পতাবলী: ভারত, আবিদিনিয়া, ও পূর্ব-এশিয়ায় ভ্রমণ বিষয়ক); জনৈক ভৃতত্ববিদ্ ( হানদ মোলিদ্ধ: Als Naturforscher in Indien-প্রাকৃতিক বিজ্ঞানী হিসাবে ভারতে, ১৯৩০), নৃতত্ত্বিদ ( লিও ফরবেনিয়াস: Indische . Reise — ভারতীয় ভ্রমণ, ১৯৩০) এবং জনৈক চিকিৎসক ( ওয়ালট লুকে: Mani Katni oder die Stimme Indiens-মনি কাটনি ভারতের कर्थ, ১२६৮ )।

'পেশাদার পর্যটকদের তালিকা ছেড়ে এখন একজন মনোবিজ্ঞানী মেডারড বোস-এর কথা উল্লেখ করে প্রসঙ্গ শেষ করি। অবশু এই তালিকা এখন অনেক দূর পর্যস্ত চালানো বায় যদি সমস্ত পেশাদার পর্যটক, প্রাচ্যবিদ্গণ ইত্যাদি বাদের কথা পূর্ব পরিছেদে উল্লিখিত হয়েছে তাঁদের কথা এর মধ্যে আনি।

সাইকি আরটিষ্ট বা মনোবিজ্ঞানীর কথা উল্লেখ বিশেষভাবে প্রয়োজন কারণ তিনি অন্ত অনেকের বিষয়ের সঙ্গে "অচেতন" (unconscious) বিষয়ে আলোচনা করেছেন। এডুয়ার্ড ফন হার্টমান লিখিত একটি গ্রন্থ জনমানসে সর্বপ্রথম এই ধারণা স্থষ্ট করে, তারপর অধিকাংশ ভারত ভ্রমণকারীদের মানসিকভাকে তা আছের রাখে। এই সব পর্যটকদের প্রধান এবং ম্ল্যবান পুঁজি ছিল উদ্দীপনা। এই প্রসংক্ ষেডারড বোস-এর বক্তব্য:

"একথা আৰু আর গোপন নেই যে আধুনিক মনোবিজ্ঞানের

লচেতন বিষয়ক বাঁধা ধরণা একটা জম্পান্ত বিচারহীন চিস্তা মাত্র। উপরন্ধ এই অভিধার বারা আমরা অসতর্কভাবে গোড়াতেই মানব চরিত্রের একটা প্রচলিত অপরিহার্য আংশিক বিশায়কে চিহ্নিত করছি, এ এক অম্পান্ত, বীজ সদৃশ, ভ্তাবিষ্টের মত নামহীন, তর-বিশিষ্ট বস্তু, আমরা যখন এক ম্লাধারকে অভিক্রম করি তখন এই অভিধার সাহায্যে বে বস্তুর প্রকৃত অভিত্র আছে তাকে বৃদ্ধিগতভাবে গড়ার চেটা করি।"

আমি এখন আপনাদের অন্থমতি নিয়ে একটা ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বিলি। ১৯৫৮ থ্রীস্টাব্দে তৃকিস্থানে থাকার সময় আমি ভারতীয় বংশোভূত একটা বিচ্ছিল্ল সম্প্রদারের সংস্পর্শে আসি, তারা নীরবভার এক নিদারুল বড়সন্তের শীকার। আমি স্থনিশ্চিত বে সোবিয়েতরা এদের অভিত্ব সম্পর্কে অবহিত; কিন্তু প্রায় অস্পৃশ্রের মত একটা জাতি মন্দ্রো সেণ্ট্রাল এশিয়াস্থ তাঁবেদার রিপাবলিকগুলির পক্ষে উত্তম প্রচার বলে বিবেচনা করা হয়ন। এই সব জনগণের মাতৃভাষা ( যারা এই নতৃন আশ্রেয়ে আফগানিস্তান হয়ে এসেছেন, আর সেই কারণেই তাঁদের আফগানি বলা হয় ), আমার কাছে মনে হয়েছে এরা পশ্চিম ভারতের মাতৃষ, সম্ভবতঃ রাজস্থান কিংবা গুজরাট।

পরবর্তী বংসরে প্রকাশিত আমার একটি গ্রন্থে আমি লিখেছিলাম:

"এদের ভাষা ইন্দো-ইরানীয়। আমি আফগান ভাষার কতকগুলি শব্দের তালিকা দিতে চাই: জল = পানি, দিবস = দিন. রাত্রি = রাত; অগ্নি = আগ্; চক্ষ্ = আঁখ। এই সব আফগানদের মধ্যে একটা আশ্চর্য রীতি আছে, ছোট ভাই জ্যেষ্ঠের বিধবাকে বিবাহ করে। ঠিক এই লেভাইট-জাতীয় বিবাহ এক শ্রেণীর গোত্রপতি ভাত্রিক অধিবাসীদের মধ্যে প্রচলিত আছে দেখা যায়।"

পরে বা ঘটেছিল তা সংবাদপত্তে রিপোর্ট হিসাবে প্রকাশিত হয়। অক্ত অনেক সংবাদ পত্তের মধ্যে Echo der Zeit থেকে নিম্নলিখিত উণ্ণতি গৃহীত হল:

"ফরাসী পত্রিকা ২৮শে সেপ্টেম্বর তারিথের ''লা মঁদ'' সোভিয়েত অঞ্চলে একটি ভারতীয় জাতি আবিস্বারের সংবাদ প্রকাশ করেছেন। এই সংবাদ সরকারী সোবিয়েত এজেন্সি Tass কর্তৃক প্রচারিত, সংবাদে বলা হয়েছে যে এই ক্ষুত্র ভারতীয়সম্প্রদায় ভাঙাকিন্তান এবং উদ্ধবেকীন্তানের কিছু খংশে বসবাস করে।
এই সন্থ আবিশ্বত নৃতান্তিক গোষ্ঠার জাতির আবিশ্বার পৃথিবীর
বে কোনও অঞ্চল থেকেই এরা আহ্বক না কেন ভাষাভান্তিক মহলে
একটা আলোড়ন স্পষ্ট করবে সন্দেহ নেই। ফরাসী পত্রিকাটি
বলছেন: যে সব নৃতান্ত্বিক লেনিনগ্রাদ থেকে এদের ভাষা বিষয়ে
সমীক্ষার উদ্দেশ্রে এসেছেন তাঁদের কাছে এদের 'পারিয়া' বলে
পরিচয় দেওয়া হয়েছে। তাঁদের নিজেদের ভাষায় তাঁরা পরস্পরের
পরিচয় দেয় "আফগানি" বলে। Tass বল্ছেন এভাবৎ একমাত্র
ভারতীয় ভাষা যা সোবিয়েত ইউনিয়নে পরিচিত ছিল ভার নাম
"রোমানি", জিপ্সীদের মাহভাষা।"

এই পর্যস্ত বেশ। বেশ কৌতৃহলপ্রদ সংবাদ এবং যদি আপনার মনে লাগে তাহলে ব্লীতিমত চাঞ্চ্যকর। আমরা ওনেছি বছ সম্মানিত ভাষাতত্ববিদ লেনিনগ্রাদ থেকে তুর্কেন্ডানে উড়ে গেছেন বৈজ্ঞানিক গবেষণার জন্ম। নব আবিষ্ণত জ্ঞাতির ভাষা সোবিয়েত ভাষা-মানচিত্রে যোগ করবেন ( যদিও Tass সোবিয়েত রাষ্ট্রের একটি জাতিকে 'পারিয়া' বিবেচনা করে এই চিস্তা কিঞ্চিৎ বিভ্রান্তি-জনক।) তথাপি এশিয়াতে বিশেষ করে এই সংবাদ প্রতিধ্বনি জাগাবে এবং ভারতের কাছে এক অতি আক্র্য নতুনত্ব মনে হতে পারে। কিন্তু ঠিক কি তাই ? আমরা Tass এবং লেলিনগ্রাদের ওরিএন্টাল ষ্টাডি ডিপার্টমেন্টের দৃষ্টি আকর্ষণ করি একটি স্থার্মান গ্রন্থের প্রতি। এই গ্রন্থে আফগানি সম্প্রদায়ের কথা মাত্র কয়েক শত বলে উল্লেখ করা হয়েছে। এই আলোচ্য গ্রন্থটি ওয়ালটার লাইদার ক্বত Weltprobleme am Himalaya-ছিমালয়ের বিশ্বজাগতিক সমস্তা। এই গ্রন্থ ১৯৫৯ খ্রীষ্টাব্দে মেরিয়েন বার্গ ভেরলাগ অব ঔরজবার্গ কর্তৃক প্রকাশিত হয়। এই গ্রন্থে একটি কুত্র স্বন্ধি জাতীয় আফগানি জাতির কথা উল্লেখ করা হয়েছে। এদের দেখতে ঠিক ভারতীয়দের মত।"

এই পতে মুরোপের এক বিচ্ছিন্ন ভারতীয় জাতির কথা উল্লেখ করা কর্তব্য, এরা জিপদী বা বেদিয়া সম্প্রদায়। একটি জার্মান বিজ্ঞান শাখা আছে যারা দীর্মকাল ধরে এই সম্প্রদায়ের উৎপত্তি, ইতিহাস, ব্লীতি-নীতি ও শিল্প বিষয়ে গবেষণা করেছেন। সম্প্রতি এই গবেষণার অবস্থা গ্রেজমান, পট, ভিলসো-লোকী, বোহৎলিংগক এবং অস্তান্তদের সমীক্ষার উপর নির্ভরশীল, এ ছাড়া ছারমান আরনলড সেণ্ট্রাল মুরোপের জিপদীদের উৎপত্তি ও জীবন প্রসদ্ধে একটি গ্রম্বে একত্তিত করে প্রকাশ করেছেন।

কন্ধ অনেক শ্রেণীর ভারতীয় পর্যটকদের কথায় ফিরে আসি। আরেকটি ধরণের পর্যটকরা ছিলেন ভরুণ গোষ্ঠীভূক্ত, এ রা ভারত দর্শন করে ফিরে এদে উাদের অভিজ্ঞতার বিবরণ স্পষ্ট ভাষায় পক্ষপাতহীন ভঙ্গীতে লিখেছেন। এই জাতীয় প্রথমতম গ্রন্থ হল Indienfahrt eines Wandervogels— ওরাগুরভোগল যুব-আন্দোলনের জনৈক সদস্য কর্তৃক ভারতভ্রমণ কথা: লেখক—হাইনৎম ক্লোপেনবুর্গ। তিনি ব্রীমেন থেকে কলকাতায় গিয়েছিলেন। এই গ্রন্থটি ১৯২৬ গ্রিষ্টাব্দে প্রকাশিত হয়। ১৯২৮ গ্রিষ্টাব্দে Die Indienfahrt des Nerother Wandervogel Dentscher Ritterbund (1927-28) নামক আরেকটি গ্রন্থ প্রকাশিত হয়। সেই গ্রন্থের লেখকছয়ের নাম: কার্ল মোহরী ও ওটো ওয়েনৎসেল।

১৯৩০ গ্রীষ্টাব্দে যখন একজন ভারততত্ত্বিদ বেকব ভিলহেলম হয়ের "arteigener arischer Christus" (আর্থ—প্রকৃত খুষ্টাম্পারী) এই মৃত্যাদ প্রচার স্থক করেন তখন একদল তরুণ খুষ্টান প্রাচীন আর্থদেশ ভ্রমণে বেরিয়েছিলেন, আর্থদেশ হল ভারতবর্ষ। প্রত্যাবর্তনের পর তাঁরা ধে তথ্য প্রকাশ করেন তার নাম Jung-Indien, wie Wir es erlebten (তরুণ ভারত—আমরা বেমন দেখেছি)। এই গ্রন্থপাঠে দেখা যায় যে তরুণ সম্প্রদায় চিরকালের মত তাদের মত পার্থকা প্রকাশ অবাধে ব্যক্ত করেছেন:

ভাবাদর্শের তুর্বল স্থক্তরাকে ঈশ্বরের প্রকাশের আগুনে পাক করে। নিতে উপদেশ দিলেন।"

করেক বছর পরে, ত্জন বালিনের ছাত্র শুভেচ্ছার রাষ্ট্রদ্ত হিসাবে ভারতে গিয়েছিল এবং তাঁদের শ্রোভাদের জানিয়ে ছিলেন বিচ্ছিন্ন শহরের সংবাদ শুনিয়েছিলেন।

টেড-ইউনিয়ন ডিলিগেশন কর্তৃক প্রদন্ত রিপোর্টের মধ্যে এমন অনেক তথ্য পাওয়া গেছে। ভারত থেকে ফিরে তাঁরা যে সব রিপোর্ট দিয়েছেন ভা বছবর্ষের গবেষণার ভিত্তিতে রচিত প্রবন্ধানির সমত্ল। এই গবেষণা যে সথলাগিনভিইটা—শাকুনলুনস্কী ভাতৃত্বের দারা শুত্রপাত করা হয়। এ দের বিষয় গোড়ার দিকে একটি পরিছেদে বলা হয়েছে। তাঁদের ঐতিহ্য অহুসরণ করেছেন কাউণ্ট ইগন ফন্ আইকট্রেডট্। বিশেষ ধরণের গবেষণা ছিল ভিলহেলম ফিল্থনারের ক্ষেত্রে। নেপালের ম্যাগনেটিক সারভের (১৯৩৯-১৯৪০) প্রধান হিসাবে তিনি তাঁর ভৌগোলিক পঠন-পাঠনের পরিপ্রক হিসাবে নেপালী ও ভারতীয় উৎসব ও অহুষ্ঠানাদি তথ্যাদি সংগ্রহ করেন এবং তাঁর বয়ু প্রাধর মারাঠের সহযোগীতায় ইন্দো-জার্মান সংযোগ হিসাবে সেই গ্রন্থ হাবে প্রকাশ করেন। ফ্রাক্টরের প্রফেসার হেরমান নিগ্গেমেয়ার তাঁর অনেক বর্ষব্যাপী গবেষণার ফল তাঁর ১৯৬৪ খ্রীষ্টান্মের গোন্দ-জাতি বিষয়ক সমীক্ষার অংশ হিসাবে প্রকাশ করেন।

১৯৫৫ এটানের জার্মান-ইণ্ডিয়া একস্পিভিস্নের নেতৃত্ব করেন ব্যারণ কন মেডেল—তিনি পশ্চিম ঘাট থেকে হিমালয় পর্যস্ত ভারতের গাছপালা এবং বস্তু জীবন বিষয়ে চর্চা করেন।

জার্মান গবেষণা জাহাজ "Meteor"-এর ভারত মহাসাগরে জলষাত্রার সঙ্গে যে প্রাচীন ঐতিহ্য ১৮৭৩ খ্রীষ্টাব্দে স্থক হয় তার সঙ্গে সংযুক্ত। সেই সময় ব্রিটিশ জাহাজ Challenger জার্মান জাহাজ Gazelle ও Valdivia-র সঙ্গে একটি মানচিত্র রচনা অভিযানে এসেছিলেন। এ দের সঙ্গে আরো ঘূটি জাহাজ যোগ দেয়। Gauss ও Planet, Valdivia বিংশ শভাকী পর্যন্ত এই অভিযান চালিয়ে গেছে। জার্মান নেভাল ষ্টেশনের উত্যোগে Segelhand-buch für den indischen Ozean mit Atlas—(ভারত মহাসাগরের নৌবিষয়ক গ্রন্থ ও মানচিত্র ১৮৯১-৯২)—১৯০০ থেকে ভারতীয় মহাসাগর বিষয়ে মালিক নেভিগেশন চার্ট প্রকাশিত হতে স্থক হয়।

১৯৬৫-র জার্যান হিমালয়-অভিযানে গলাপূর্ণ অঞ্চল মানচিত্র নির্মান সমীকা হত্তে জরিপ করা হয়—জার্মান ভৌগলিক পঠন-পাঠন এই ঐতিহাশ্রয়ী কেত্র (थर्क दि कम माख्यान इरहरू छ। यमा यात्र ना। हाईरकन हिमारहर काम থেকে এই বিভাগ ভারত বিষয়ে পঠন-পাঠন স্থক করে। ইনি দাধরণভাবে মুরোপীয় কার্টোগ্রাফারদের অভিজ্ঞতা প্রচার করেন এবং বিশেষ করে ভারতবর্বে, তথ্য দৃষ্টে এই কথা বলা যায়। ডব্লু রোসিয়েন কিভাবে হৃন্দর ত্রয়োদশ শতাৰীর মানচিত্র ভারতকে প্রদর্শন করেছে তা লিখেছেন। এই নবলর জ্ঞান থেকে প্রাপ্ত তথ্য যোগ করে যে সব নতুন মানচিত্র রচিত হয়েছে তার মধ্যে ১৭৯৭-এর সি, মাননারটের হিন্দুস্তানের মানচিত্র উল্লেখ্য। এই মানচিত্র व्यकान करवन थ. जि. স্নাইডার স্মাণ্ড ভাইগেল, ম্বারেমবার্গে। স্মারেকটির পরিকল্পনা করেছিলেন জে. সি. এম. রাইনেকে। তাঁর ম্যাপে গলার উভর তীরস্থ পূর্বভারত প্রদর্শিত। এই মানচিত্র হুই পৃষ্ঠায় সম্পূর্ণ। ১০০০ পৃষ্টান্থে এই শেষোক্ত মানচিত্র প্রকাশিত হয়। ভারতের প্রথম আধুনিক মানচিত্র ব্রিটিশ, ক্রেঞ্ ও জার্মান বিশেষজ্ঞের সহযোগীতার প্রস্তুত হয়। ফাদার জোপ্লেনের বিশেষ উল্লেখ প্রয়োজন। ভারত বিষয়ে প্রকৃত উদার মন নিম্নে বিশ্বজনীন দৃষ্টিভঙ্গী রচনায় বৈজ্ঞানিকরা যে প্রয়াস করেছেন প্রকৃতপক্ষে কার্টোগাফি বা মানচিত্র রচনা তারতম্য।

## ধর্মীয়-দার্শনিক সংলাপ

সব কিছুর মধ্যেই একটা ইঙ্গিত পাওয়া যায় বিশবগতের সকল ধর্মগুলির মধ্যে একটা সংলাপ হতে ছাপনের—শান্তিপূর্ণ সহাবস্থানের পথ এই ভাবেই গড়ে উঠবে।

আরনেষ্ট বেনৎস

[ফ্রাক্ট্রেডি-অন-দি-মেইন-এ প্রস্কু চার্চ-এ ১৯৬১-র ২২শে অক্টোবর তারিধে প্রশ্বত ভাষণের অংশ··· ]

নানা রক্ষের চাপ এবং উত্তেজনার সংসারে, নিরাপত্তাহীনতা এবং
নিরর্থকতার এই যুগে, সেই সঙ্গে রাজনৈতিক চালবাজ ও মুক্লবিদের লোভ ও
শক্তিমত্ততার আনন্দের এই কালটিতে বিশ্বজগৎ যদিও কারিগরি বিভায়
অধিকারী হয়েছে তথাপি আমরা এক নৈতিক সংকটের কালে উপনীত হয়েছি।
দায়িবজ্ঞান সম্পন্ন মাহ্য তাই এ অবস্থা থেকে নিগুতির উপায় সন্ধান করেছেন।
জড়বাদী যুগের এই পরিণত অবস্থায় এত বেশী বিচ্ছিন্নতা ও নিঃসঙ্গতার বন্ধণী
বৃদ্ধি পেয়েছে, আগে কথনও সেই অবস্থা আসেনি। এই উভর বন্ধই একাধারে
রোগলক্ষণ আবার সেই সঙ্গে ত্রাসের সংকেত। তথাপি স্কুপান্ট এবং ত্রাণকর
বাণী যা আশা ও বিশাসকে আবার উদ্ধার করতে পারে তা শুধু এক স্থগভীর
নব উপলন্ধি ও সন্ধ প্রাপ্ত অভিজ্ঞতা প্রস্তুত বিশাস ঘারাই লাভ করা সন্ধ্ব ;
বারা সর্বপ্রকার ধর্মীয় বাধন থেকে দ্রে সরে আছেন আজ তারাও এই সত্য
অন্তুত্ব করতে স্কুক্বরেছেন।

ফরাসী বিদ্রোহকে (অনেকে বেমন সমকালীনদের বাঁধা ধরা বিশাসের প্রতি নিট্সের নিলাবাদকে মনে করতেন) অনেকেই আধুনিক ইতিহাসের এক অধ্যাত্ম জলছত্ত্র মনে করেছিলেন। তার থেকে একদিকে ক্ষতির বাাধ আর অপর দিকে নতুন করে বিচার করার আগ্রহ স্পষ্ট হয়েছিল। তথাপি অধ্যাত্মিক নেতৃত্বের আহ্বান এদিনের মত আর কথনও এমন সর্বব্যাপীত্ব লাভ করেনি। অরণ কালের মধ্যে সহ অধিবাসীদের প্রতি এমন অবর্ণনীয় নিষ্ঠ্রতা, এত অধ্যপত্তন আর দেখা বারনি। অবতারদের আবির্তাব ঘটে আর্তের ভাকে সাড়া দিতে, সকল শ্রেণীর সেবাধ্যী ধর্ম প্রচারকদের অভ্যুদের ঘটে বারা জনসেবার প্রসারিত বাহু মেলে এগিরে আ্বানেন। এই পরিচ্ছেদের শিরোনামে যে উদ্ধৃতি দান করা হয়েছে তা মারবুর্গের প্রফেসর আরনেট বেনৎস-প্রদত্ত ভাষনের অংশ, জার্মান-বৃক-ট্রেড কর্তৃ ক হিন্দু দার্শনিক সর্বপল্পী রাধারুষ্ণণকে যিনি পরে ভারতের রাষ্ট্রপতি হয়ে ছিলেন ভাঁকে 'পীস-প্রাইজ' দান করার উপলক্ষে এই ভাষণ দান করা হয়।

স্বীকৃতির প্রতিভাষনে, রাধাকৃষ্ণ উচ্চ আশা ব্যক্ত করেন যে বিশাস হয়ত আমাদের কালের সমস্যার জবাব দিতে পারবে:

> "আজ বেমনটি ঘটেছে আগে কথনও সে রকম ঘটেনি। খুষ্টান এবং অ-খুষ্টান ধর্ম গুলি পরস্পরের প্রতি ক্রিয়াশীল বা প্রতিক্রিয়াশীল। এখানে একথা স্বম্পষ্ট করা যাক যে এক 'বিশ্ব-বিশ্বাদ" (World faith) গজিয়ে উঠবে এই বিশ্বাদ রাখিনা। এই বিখাদের আরুতি হবে নানা ধর্ম মতের সার সংকলন বা 'একলেকটিক' এই ধারণায় আমি বিখাসী নই। এমন এক ধর্ম গ্রহণের প্রচেষ্টা হবে যা কোনো বিশেষ ধর্মত নয় এই বিশাস গ্রহণযোগ্য নয়। এ যেন কোনো বিশেষ ভাষায় কথা না বলে কথা বলার প্রচেষ্টা। আমরা বিভিন্ন ধর্মকে স্বীকার করি কিছ তাদের মধ্যে যে অন্তানিহিত ঐক্য বর্তমান তার সন্ধান পাই না। আমরা বৈচিত্ত্যকে প্রসারিত করতে চাই না, বা একটা সমতা বিস্তারে প্রয়াসী হই না। মতানৈকোর অর্থ বিভেদ নয় এবং বিভিন্নতার অর্থ বিরোধ নয়। প্রতিটি ধর্ম তার স্বকীয় বৈশিষ্ট্য বজার রাথার সঙ্গে অপর ধর্মের মূল্য উপলব্ধি করতে চেষ্টা করবে। আমরা কোনো বিশেষ অন্তগৃহীত জাতি বা নির্বাচিত জনসমাঞ্চ वा वित्मय धर्मावर माला विचामी नहे। जामात्मत धर्म खरू गण जातम्ब অতিথেয়তা সকল ধর্মমতের মাহুষের প্রতি প্রয়োগ করেছেন এবং (घाषना करवन-"जिमिन एमरथन यिनि मर्वकीरव नेयबरक एमरथन।" বিভিন্ন ধর্মত খেন বিভিন্ন অঙ্গলি—মহান ঈশবের প্রেমমন্ন হতের অঙ্গুলি আমাদের সকলের প্রতি প্রসারিত-সভার পূর্ণতা সকলের প্রতি উৎসর্গীকৃত।"

ধর্মতত্ত্বিদ্ এবং সমালোচক হোরষ্ট বারকলের মতে রাধারুঞ্গণের এই ভাষণ ১৮২৩ গ্রীষ্টান্দে চিকাগোতে অহার্ষ্টিত ওয়ার্লভি পার্লামেণ্ট অব রিলিজিয়নসে প্রানৃত্ত স্বামী বিবেকানন্দের ভাষণের সঙ্গে তুলনীয়। উভয় ক্ষেত্রেই বলা হয়েছে বে পূর্ণনবাক্বত ছিন্দুধর্ম ও ধর্মতের মধ্যে ঐক্য সাধনার কথা বলেছেন। কিছ এই সংলাপের স্ক্রামূসরণ করার পূর্বে আমি যথাক্রমে প্রাচ্য ও পাশ্চাত্যের বিদায়ক্ষণের কাছে ফিরে বেতে চাই, বিতর্কে যার স্ক্রপাত এবং স্কুম্পষ্ট স্কৃতক্র বিবৃতিতে যার শেষ।

আমরা এই গ্রন্থের অক্সত্র আলোচনা করেছি যে বৌদ্ধ ধর্মমতের সঙ্গে মোকাবিলার ঈশরতত্ব ও দার্শনিক বিষয়াবলীর পঠন-পাঠনকালে পাশ্চাত্য ছাত্র সমাজ তাঁদের নিজন্ম জগতের প্রতি একটা বিশ্লেষণী মনোভঙ্গী অনুসরণ করেন।

নব্য বৌদ্ধ যাঁরা সপেনহাওয়ারী দর্শনের প্রবক্তা তাঁদের সঙ্গে আরেক দল বিশ্লেষণী মমোভঙ্গী সম্পন্ন পরিদর্শকের অভ্যাদয় হল বিবেকানন্দকে কেন্দ্র করে। বিবেকানন্দ ইংলওে ম্যায় মূলরের সঙ্গে তার অবস্থানের মেয়াদ বাড়িয়ে দিয়েছিলেন এবং ১৮৯৬ গ্রীষ্টান্সের গ্রীম্মকালটুকু জার্মানীর বিভিন্ন অঞ্চলে কাটালেন। ১৮৯৬ গ্রীষ্টান্সের ভাবতীয় ব্রাহ্মণ বন্ধুদের কাছে লিখিত এক পত্রে স্থামিজী ম্যায় মূলরের সঙ্গে তাঁর আলাপাচার বিষয়ে উচ্ছুসিত ভাবে লিখ্লেন। তারপর তিনি সুইজারল্যাণ্ড এবং সেখান থেকে হাইডেলবার্গ, কোবলেনৎস, কলোন, এবং বালিনে ভ্রমণ করা দ্বির করলেন। শেষ অবস্থান হল কীয়েলে, এইখানে তিনি পল দেউসেনের (১৮৪৫-১৯১৯) সাক্ষাৎকার পেলেন। প্রসঙ্গতঃ উল্লেখ করা যায় যে দেউসেনের নাম তাঁর ভারতীয় বন্ধুগণ প্রীতিভরে পরিবর্তন করেন 'দেবসেনে'। প্রফেসর দেউসেন স্থামীজীকে এতই পছন্দ করতেন\* যে তিনি হামবুর্গে আবার তাঁর সঙ্গে মিলিত হলেন এবং তাঁর সঙ্গে পর্যস্থ গেলেন। দেউ সেনের গ্রন্থ Die Elemente der Metaphysik (অধ্যাত্ম বিভার উপাদান) ১৯১২ গ্রিষ্টান্সে সংস্কৃত ভাষায় পত্যে অম্ববাদ করেন ভারতীয় বিতারক এ গোবিন্দ পিলাই।

এর আগের বছর দেউসেন সপেনহাওয়ার সোসাইটি প্রতিষ্ঠা করেন এবং তাঁর গ্রন্থের সংস্কৃতি সংস্করণের উদ্দেশ্য ছিল ভারতীয় পাঠকদের কাছে সপেন-হাওয়ারের বাণী যা দেবসেন কর্তৃক ব্যাখ্যত বা প্রচার করা। অপ্র দিকে

<sup>\*</sup> বিবেকানন্দও তার দিক থেকে দেউদেন কর্ত্ব বিশেষ প্রভাবিত হয়েছিলেন। তার কাছ থেকে তিনি সব বস্তুর সক্ষে বেদ। তুর্ব তৎত্বমসি-র বিশেষ ব্যাখা গ্রহণ করেন। এই পুত্রে অজনদের প্রতি প্রেমের অভিব্যক্তি প্রকাশিত। দেউদেন ১৮৯৩ গ্রীষ্টাব্দের ২০শে ক্ষেক্রয়ারী তারিখে রয়্যাল এসিয়াটিক সোসাইটির বোলাই গোঞ্জীর কাছে এই ব্যাখ্যা প্রকাশ করেন।

জার্মানীতে বিবেকানন্দচক্র প্রতিষ্টিত হয় Freunde indischer Weisheit (ভারতীয় প্রজ্ঞার মিত্রগণ) এই প্রতিষ্ঠান বেদান্তের মর্মকথা বারা রচিত পাঞ্চিপি প্রকাশ করেন।

ষাইহোক, এই পাণ্ড্লিপি যে ক্রীশ্চান ঈশ্বরতাত্ত্বিকদের বিরুদ্ধভাবাপন্ধ করে তুলেছিল তা নম্ব। তাদের মৃথ্য আপত্তি ছিল অন্তত্ত্ব, এই সব লেথকদের বর্ত্তমান প্রভাব সর্বত্ত একটা ক্রত্তিম মনোভলী রচনা করছিল। সমালোচকদের মতে এ হল কপট হিন্দুত্ব এবং তথারা ভারতীয় এবং পাশ্চাত্য জগতের বাত্তব বিষয়ক ধারণাকে ভেজালে পরিণ্ড কবছেন।

এই প্রশ্ন প্রদক্ষে আলোচনা করতে একটি পূর্ণাক্ষ গ্রন্থের প্রয়োজন। তথাপি এই গ্রন্থটির উদ্দেশ্য হল সকল ক্ষেত্রে ভারত-জার্মানীর সংযোগের একটা সমীক্ষা রচনা করা, তার বেশী কিছু নয়। প্রাচ্য ও পাশ্চাভ্যের সভ্যবিষয়ক শিদ্ধান্ত এবং পূর্ণজন্ম বিষয়ক-বিশাস যে সব দার্শনিক আধ্যাত্ম ভারতের সঙ্গে ঘনিষ্ঠ সংযোগে এসেছেন তাঁদেব বক্তব্যের মাধ্যমে এই সব প্রশ্নের সমাধান দেওয়া হবে। হিলকো ভিয়ারভো স্থোমেক্রস প্রকার একটি প্রশ্ন উথাপন করেছিলেন—ভারতীয় মানসের প্রকৃত সারবস্ত কি যাব ছারা আর সব কিছু পরিমাপ করা যায় এবং বিচার করা যায় ? তাঁর নিজের প্রশ্নের জ্বাবদান প্রসঙ্গে তিনি বলেছেন:

"ভারতীয় মানসে অস্ততঃ উপনিষদের কাল থেকে প্রধানতঃ এই ভাবটুকুই দক্রিয়—প্রকৃত সারবস্ত বর্ত্তমান জগতের বহিদেশেই বর্তমান। এর নাম ব্রাহ্মণ্যবাদের অলৌকিক প্রতীতিবাদ। কিছ বাত্তবতাকে এই বিশের বহিত্তি বস্ত একথা বলা হলে বা তা আলৌকিক প্রতীতিবাদ এই উক্তি করলে সংজ্ঞা সঠিক হয় না। বাত্তবতাকে আরো নিবিভভাবে নিরপণ করতে হবে বিশেষ করে তার আয়তন। ভারতীয় দৃষ্টিভদী অসুসারে এর ম্ল্যায়ন করতে হবে বা এর অস্তরম্থ বস্তর এবং স্ববিধ ঐহিক এবং জাগতিক বস্তর বিরোধী বস্ত হিসাবে। বা প্রকৃত বাত্তব তা সর্বপ্রকার বৃদ্ধি এবং পরিবর্ত্তন থেকে দ্রে সরে দাঁড়াবে, সে হবে এক অপরিবর্তনীয় বস্ত। কারণ বা পরিবর্তনশীল তার মধ্যে অনিত্যতার বীজ বর্তমান এই ধারণা করা বায় কিংবা বলা বায় সে বস্ত সম্পূর্ণতার চেয়ে নিয়ন্তরের, অর্থাৎ সে এমন এক বস্ত বার মধ্যে কোনো একটি

পদার্থের অভাব আছে। এই জগতে এমন কিছুই নেই বা পরিবর্তনশীল নর আর সেই হেতু এই বস্ত বা এর ঘারা প্রভাবিত যে কোনো
বস্তকে নিজ্মণের চ্ডাস্ত বিন্দু হিসাবে গ্রহণ করা যায় না, কিংবা এর
সংজ্ঞার আয়তনে বাস্তবতার যে ভাবধারা আছে সেটি বিবেচনা
করতে হবে। স্বা বাস্তব তার সংজ্ঞায় বর্তমান জগংকে ঠেলে সরিয়ে
রেথে (বিশ্ময়ের বিষয় নয়) সব সময় না হলেও বার বার পৃথিবীর
বাস্তব চরিত্রকে অস্বীকার করা নয় তার অন্তিত্বকেই অস্বীকার করা
হয়েছে এবং সেই সঙ্গে পৃথিবীকে প্রধানতঃ এক দৃশ্যমান অন্তিত্ব
হিসাবে মেনে নেওয়া হয়েছে।"

তথাপি পাশ্চাত্য খণ্ডের মৃম্কু দশন-ডিয়াসীর কাছে নিজ্ঞাণের বিন্দৃটি বিভিন্ন। আবার স্থোমেরুসের বক্তব্যের প্রতি দৃষ্টি দেওয়া যাক:

"ভারতীয় মানদের মত যুরোপীয় মানস কিছু কম আগ্রহ নিয়ে বাস্তবের এক অভিন্ত্রীয় রূপ বা বাস্তবের অভিষেক্রের সন্ধান করেনি। যুরোপীয় মানস কথনই এ কথা বলে নতি স্বীকারে রাজী হয়নি বে এই হল মুখ্য গুণ—যেন নীতির দিক থেকে সর্বপ্রকারে সকল অংশ সহ জগৎ সংসার বিরোধী। বিপরীত দিকে, অপরিহার্য বস্তব্দে নিরূপণ করতে। যুরোপী মানস সর্বদাই বর্তমান জগৎ থেকে আহত বাস্তবভার প্রভায় সম্পর্কে এবং তার ভিন্তিতে এইরূপ করতে অভিলাসী। স্বতরাং পাশ্চাত্য জগতের দার্শনিক পদ্ধতি অমুবায়ী সর্বেশ্বরবাদে আগ্রহ অর্থাৎ, জগৎ সংসারে অতীক্রিয়কে মগ্র করার অভীক্ষা, তার প্রকৃতিকে বিশ্ব সংসারের সলে একাত্ম করেছে। এইভাবে, ভারতীয় বাস্তব প্রভায়ে মৃখ্যত অমহাজাগতিক এবং ঈশ্বরাবির্ভাবগত মানসিকতা প্রস্তুত্ত পাশ্চাত্যজগতের প্রভায় মহাজাগতিক এবং সবৈশ্বরবাদী।"

মোদ্দাকথা, সাধারণভাবে মুরোপীরগণ অধ্যাত্ম ভারতকে খোলা মন নিয়ে দেখছেন, আর বে সব জার্মানরা বিশেবভাবে তা করেছেন তারা সর্বেশরবাদী মনোভদী নিয়ে অগ্রসর হরেছেন বার শিক্ত রয়েছে বিশক্তগতের বাত্তবভার ভূমিতে। বিপরীত দিক খেকে ভারতীয়গণ ঈশরাবির্ভাবগত প্রভারে ছিয় মনে হয় এই ছলে বিশেব ভারতীয় মনোভদীয় ব্যাখ্যা প্রয়েছন। জাবার সংখামেরুসের সংজ্ঞা উপ্রত করা বাক:

"পূর্ণজন্মের তত্ত্বের ছঃখবাদী ব্যাথা ঈশবাবিভাবদের দারা विन्तृयां अ श्राचिष्ठ नम्न। ध धक्षत्रावत्र मर्मन या मार्वित्रे त्रवादम्य বিপরীত। স্বামাদের চতুম্পার্শন্থ জগৎসংসারের বাস্তবতার ভিত্তিতে চালিত নম্ন বরং বিখের বাইরে দণ্ডায়মান কোনো ৰম্বর ধারা চালিত এবং বস্তুতঃ এর থেকে সম্পূর্ণ বিভিন্ন। ঈশবাবিভাববাদী দর্শন ইতিপূর্বে উল্লিখিত এক বাদনা থেকে উদ্ভুত, দেই বাদনা হল এক বিশ্বজনীন শক্তি লাভ ষ্বারা মনের সমস্ত কামনা পূরণ করা সম্ভব। এই মতকে পর্বজনগ্রাহ্ম ও পর্বজনমাত্র করার জত্ত তাকে এই জগতের বাইরে রাথা হয়েছে, তাকে ঘুরিয়ে …একটা অতীক্রিয় কিছু এবং সেই সঙ্গে এক য়োগে এমন কিছু অত্যাসন্নের কাছে আনা হয়েছে—এ ধে সকল শক্তির বাহক তা নয় বরং এমন কিছু যা প্রকৃতই বর্তমান, যা প্রকৃত আধ্যাত্মিক এবং প্রকৃত সচিচদানন্দ তার প্রতি অভিমুখী করা হয়েছে। এই অতীক্রিয় গুণের ওপর পৃথিবীকে বিশ্বত হওয়ার প্রবণতা বৃদ্ধি পাচ্ছে এবং পৃথিবীকে অপদার্থ মনে করা হচ্ছে, কেন, পরিণামে যা অন্তিত্তের বিধেয় তাকে অস্বীকার করা হয়। অতীক্রিরগণকে ব্রহ্মণ বলা হয়, সেই ব্রহ্মণ বিষয়ে ভারতে আগ্রহ ধীরে ধীরে একাদশদশিতা ও বলিষ্ঠতার সঙ্গে বুদ্ধি পেয়েছে। ব্ৰহ্মণকে সন্ধান করে তাতে লীন হওয়ার বাসনা জাগে। পরিশেষে, ভার একমাত্র ব্রহ্মণকেই জ্ঞান বলে স্বীকার করা হয়েছে; যিনি অক্ত কোনো কিছুকে তাঁর জ্ঞানের আধার হিদাবে গ্রহণ করেছেন তাঁকে অজ্ঞানত্বের শৃত্থলে আবদ্ধ মনে করা হয়েছে।"

কয়েকজন জার্মান লেখক কর্তৃক ভারতীয় মানসের এই দিকটিকে প্রচার করা হয়েছে, সর্বোপরি তা করেছেন ক্ষডলফ্ ষ্টাইনার, কাউণ্ট হেরবান, কাইসারলিঙ, এবং লিওপোল্ড্ ৎসাইগলার।

এই তিনজন ভারতবর্ষের প্রতিপ্রদা নিয়ে অগ্রসর হয়েছিলেন এদের অবদানের বৈশিষ্ট সপেনহাওয়ারের মতবাদকে সমর্থন করেছে। সপেনহাওয়ারএর সেই মতবাদ ছিল মানব সমাজের কাছে মৌল অভতবন্ধ হল ইচ্ছাশক্তি।
সমকালের ফ্যাসনদোরন্ত য়ুরোপীয় দার্শনিকদের থেকে মৃথ ফিরিয়ে এরা
ভারতবর্ষে অধ্যাত্মগুণের সন্ধান করেছেন এবং ষা কিছু অভবাদী একপেশে
মনোভদীতে তাঁরা আপত্তি তুলেছেন। এইভাবে তাঁরা বিশের মোহিনীমায়া

ব্দর্থাৎ ভারতীয় মায়াবাদের প্রবক্তা হয়ে উঠলেন অথচ তাঁদের পাশ্চাত্য পরিবেশের বাঁধন সম্পূর্ণভাবে ছিন্ন করেন নি। আমরা যে দার্শনিকদের কথা উল্লেখ করেছি তাঁদের তিনজনের একজনও তাঁদের রচনার মধ্যে যুরোপীয় উত্তরাধিকারকে পরিহার করার প্রচেষ্টা করেন নি।

ষাই হোক ট্রাইনারের ক্ষেত্রে ভারতীয় প্রভাব অবশ্য এমনই স্থান্ট হয়েছিল বে তিনি তাঁর বিদাত্মক এবং অধ্যাত্মিক অভিজ্ঞতার কথা অতিরঞ্জিত করে প্রকাশ করার সাহস দেখিয়েছেন হয়ত তিনি স্থুলসংসারের বাত্তবতার প্রতি ঘণা বশত:ই এই রকম করেছেন। অমহাজাগতিক অভিজ্ঞতা থেকে তিনি নতুন এবং প্রভ্যাসন্ন উচ্চতর জগতের বাণী আহরণ করেছেন। এ জগৎ নতুন জাতের প্রাণী বা অতিমানব ঘারা অধ্যায়ত এরা সর্বপ্রকার লৌকিক বন্ধন থেকে আপনাকে মৃক্ত করতে সকল হয়েছেন। এরা পাশ্চাত্য পোষাকধারী যোগী, এক ধরণের আধ্যাত্মিক ফাউন্ট, যারা স্টাইনারের অন্থগামীদের মধ্যে এমন অনেক ভক্ত দেখেছেন যারা এক নবীন মানব সম্প্রণায়ের ছাঁচে গঠিত।

ষদি সপেনহাওয়ার, এড়য়ার্ড ফন হারটমান এবং দেউদেন ভারতের দর্শনের সেই ব্যাপ্যা করে থাকেন বেখানে স্বয়ং নীটলেও মহুসংহিতার বিধান षाता এর যে দিকটি উদ্ঘাটিত তা খীকার করে নিয়েছিলেন-এর নাম দি থিওদফিক্যাল দোদাইটি। ১৮৭৫ খুষ্টাব্দে এই সভা স্থাপনা করেন জার্মান রাশিয়ান হেলেনে ব্রাভাটসকী ( হেলেন ফন হান এই নামে জেকাটেরিনোম্লাডে ১৮৩১ খুগ্নাব্দে তাঁর জন্ম এবং মার্কিন নাগরিক হিসাবে ১৮৯১ খুষ্টাব্দে তাঁর মৃত্যু হয়) পাশাত্য দেশীয় বৃদ্ধ ও রুফতত্ত্ব বিখাদীদের আগ্রহ তিনি বৃদ্ধি করেছেন। এই থিওসফি আন্দোলনের কেন্দ্রখল হল মাদ্রাজের এ্যাডিয়ার নামক স্থান হেলেনে ব্লাভাইদকীর শিষ্যা অ্যানি বেদাস্ত দেখানে অনেক বছর সক্রির ছিলেন। হিন্দুধর্মের ব্যাখ্যান বিষয়ে এই আন্দোলনের নেতৃত্বন্দের নিজম্ব ভাবাদর্শ ছিল। এয়াংলো ইণ্ডিয়ান অঞ্লে এই সোসাইটি ছাপনার অল্পকাল পরে ফ্রানংস হারটমান জার্মানীতে এই থিওসফি ভাবাদর্শ প্রচার करत्रन। जुलनामुलक क्रेश्त उच्च बात्रा এই ভাবাদর্শ প্রণোদিত এবং हिन्दू कर्य-বাদকে সমন্বয় সাধন বারা প্রতিষ্ঠা করাই এর লক্ষ্য ছিল, অবশ্র উচ্চতর উন্নয়ন এবং বিবর্তন ইত্যাদি আধুনিক মনোভন্নী এর সলে যুক্ত ছিল। কভলফ होहेमाর ( ১৮৬১-১৯২৫)---১৯০২ খ্রীষ্টান্দে জার্মান শাধার সেক্রেটারি জেনারেল পদে মনোনীত হলেন। তিনি একলন জবরদত্ত মাহব এডেয়ারে বে সক ভাবাদর্শ প্রচার করা হত তিনি তা থেকে সরে এলেন এবং স্পচিরাৎ এই স্মান্দোলনের সদস্তদের বিরোধীতার বিরুদ্ধে দাঁভালেন।

১৯০৯ প্রীপ্তাব্দে সোসাইটি কর্তৃক বিতাড়িত হয়ে প্রাইনার তাঁর সঙ্গে কয়েকজন জার্মান সদক্রদের একটি গোর্ষ্ঠি নিলেন এবং ১৯১৩ প্রীপ্তাব্দে এনও পোসাফিক্যাল সোদাইটি প্রতিষ্ঠা করেন। তাঁর এই পদক্ষেপে পাশ্চাত্য ঐতিহ্য
প্রত্যাবর্তনের লক্ষণ দেখা গেল এবং শেষ পর্যস্ক প্রীপ্তের বাণী ও উপদেশাদিতে
প্রত্যাবর্তন ঘটল। অবশ্র ভারতীয় এবং ভারতীয় ধরণের বা হিন্দু ধারার
কিছু কিছু মতবাদের সঙ্গে সংযোগ রয়ে গেল। Chirstengemeinschaft
বা "ক্রিশ্চান সম্প্রদায়" যারা নতৃন আকারের ধর্ম বিশাসের সন্ধানী তাঁরাও
এই এনও পোসফিইদের পরিবার ভ্রুত হলেন। ইাইনার এবং প্রোটেষ্টানট
যাজক ফ্রিডিল মেয়ারের (১৮৭২-১৯৩৮) সঙ্গে যোগাযোগের এই
হল প্রতিক্রিয়া। চার্চের পূর্ণনবীকরণের উদ্দেশ্রে এই সম্প্রদায় এক নতৃন
সংস্কারাত্মক অফ্রগানের হুচনা করলেন। ১৬ই সেপটেম্বর ১৯২২ তারিপে
রিটেল মেয়ার সর্বপ্রথম তাঁর প্রবজ্যার (ordination) প্রথম কর্তব্য পালন
করলেন। আশা করা গিয়েছিল যে অভংশর এক নতুন যাজক সমাজ তৃতীয়
অধ্যাত্মিক ক্রিশ্চান চার্চ প্রতিষ্ঠা করবেন। নতুন সম্প্রদায়ের সদস্যদের অবশ্র
ভাবের স্ব স্ব ধর্ম পরিভ্যাগের কোনো প্রয়োজন ছিল না।

প্রতিষ্ঠিত চার্চগুলির তরফে গোড়ার দিকে মনোভাব ছিল যে খ্রীষ্টান সম্প্রদারকে খুইধর্মের খ্রীবৃদ্ধি করে ভবিষ্যম্থী এক ঈশরতাত্ত্বিক প্রতিষ্ঠানে পরিণত করা। পরে বখন কর্ম আর পূর্ণজন্ম "খ্রীষ্টান সম্প্রদায়ের কাছে অধিকতর মৃখ্যবন্ধ হিসাবে গৃহীত হল তান তা সংশোধিত হল। পরিশেষে জার্মানীর কাউন্দিল অব প্রোটেষ্টানট চার্চ ১৯৮০ খ্রীষ্টান্দে এই সম্প্রদায়ের সঙ্গে আলোচনা স্থক করলেন যার ফলে রাষ্ট্রীয় গির্জা গুলির কাছে স্থপারিশ পাঠানো হল যে একটা স্থপন্ত সীমারেখা টানা হোক, ক্রিকান আর Christengemein schaft গোর্টির মধ্যে, উভন্ন সম্প্রদায়েই সদস্যভূক্ত হয়ে থাকার ব্যাপারে নিক্রংসাহ করা হোক—ষ্টাইনারের সমন্বর্ষাণী দর্শন উপলব্ধির নতুন উৎস্বিদ্ধ আপত্তিকর অল।

ক্লাউন ফন টাইগলিংস ক্ষত্তসফ টাইনারের Christosophyকে প্রোটটানট দৃষ্টিভদী নিয়ে পরীক্ষা করেছেন এবং এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন বে ট্রাইনার একটা বিষয় ঠিকমত বুঝতে পারেন নি তা হল শেষ অবস্থায় যীশুঞ্জীটে আছা ছাপনের অর্থ সে বান্তবতাকে বিশ্বাস করা বা আমাদের ভাবনায় যে বান্তবতা বিরাজিত তা থেকে পৃথক। তবে টাইনারের গ্রন্থ সম্পর্কে তিনি প্রাশংসাযোগ্য কিছু বস্তু পেয়েছেন:

"গ্রাইনারের গ্রন্থের প্রতি প্রাণ্য শ্রদ্ধা প্রদর্শনে আমরা অত্বীকার করব না। অনেকের কাছে এটি একটি বিশ্বরকর আবিকার মনে হবে যে দেবতাকে নরও আরোপের ( Athroposophy ) বারাই যীশুগ্রীইকে এমন এক কঠোর প্রশ্নে উপনীত করা হয়েছে। আর গ্রাইনার এমনই আবেগভরে আপনাকে ঈশ্বর তত্ত্বের সঙ্গে জড়িয়েছেন বে তিনি বারবার এবং নিবিড়ভাবে গুরুত্বপূর্ণ দিকেও বিজ্ঞান্ত হয়ে পড়েছেন। গ্রীইধর্মের ভবিষ্যৎ বিষয়ে তাঁর আন্তরিক উৎকণ্ঠা আমাদের এই বিশ্বাসের দিকে এগিয়ে নিয়ে গেছে যে তাঁর সংগ্রাম এমন এক চিন্তা প্রশ্নত বা আধ্যাত্মিক হলেও তার ভিত্তি বৈজ্ঞানিক এবং দে এক বিয়োগান্ত পরি স্থিতি স্বান্ধ করেছে। আর তিনি সাধু একটা গ্রীপ্তার অক্সভৃতি মাত্র লাভ করেছিলেন কিছু গ্রীপ্ত কর্তৃক উদ্বাটিত ঈশ্বরের মধ্যে যে বান্তবতা আছে তা লাভ করতে পারেন নি।"

জর্জ ভিনেতম তাঁর Das Abendland unter dem geistigen Einfluss Asiens ( এশিয়ার অধ্যাত্ম প্রভাবে পাশ্চাত্য জগৎ ) নামক গ্রন্থে ভারত কর্তৃক প্রভাবিত আরেক বিভিন্ন গোর্টির প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন:

"অপর কিছু ধর্ম বিশ্বাসের অন্তনিহিত রহস্তময়তার বারা বিবধিত থুইধর্মের তত্ত্বের কথা বলেছেন ভাইছেন ব্রোণের Heims der Liebe (প্রেমের-নীড়) নামক প্রতিষ্ঠানের স্থাপয়িতা কার্ল আরনেষ্ট ল্যাংগের অফ্লামীগণ। যোহানেদ মূলারের (১৮৬৪-১৯৪০) মত একট পস্থায়…তিনি বিভিন্ন দার্শনিক তত্ত্বের মাধ্যমে একটা ধর্মীয় মিলনের প্রয়াদ করেছেন। Von der Verwirklichung Gottes (ঈশরের প্রতিরূপ—১৯৫৪) নামক তার প্রবন্ধে আমরা পড়ি: "আভ্যন্তরীন মহন্থ বিবয়ে সকল মানবের মধ্যে পার্থক্য থাকতে পারে, তথাপি সকলেই তাঁদের নিজেদের মধ্যে নিয়ে আছেন এক মহৎ একম্ব, ঈশরের পরমাশক্তির উজ্জ্বল প্রভাব। লাও দে, বুঙ-দে, মোহম্মদ, বুজ, জর্থুই, মোজেস, পৃথিবীর আরও

সব মহান্ধর্মগুরুদের বাই কেন নাম হোক না কেন—ঠিক ভারতীর মহান গুরু এবং ঋষিদের মত, স্বাই এক স্কুম্পাই সংজ্ঞা বিশিষ্ট বিষয়ে একাত্ম তা হল ষীশুঞ্জীইর মধ্যে প্রকাশিত দিব্য-চেতনাই সর্বোচ্চ দিব্য বাস্তব্তা।…"

এই যৃক্তি ভারতীয় সাধু শিবানন্দের যুক্তির সঙ্গে ঘনিষ্ঠ ভাবে সমান্তরাল, এই স্বামিজী ১৯৩৬-এ ক্ইজারল্যাণ্ড ও অপ্টিয়ান্ডে ডিভাইন লাইফ সোদাইটি স্বাপন করেন। ক্ইজারল্যাণ্ড মার্গারেট স্বাইডার পুন্তিকাদির মাধ্যমে ধেমন স্বামিজীর অহুগামী সংগ্রহের চেষ্টা করেছেন তেমনই লিফ্ টল্যাণ্ড পাবলিসিং হাউস অপ্টিয়াতে এই জ্ঞান প্রচারের উদ্দেশ্যে তাঁদের ডোরনব্রিণের প্রকাশালয়টি উৎস্পীকৃত করেন। তাঁদের অক্ততম প্রকাশনার Das Leben und Schaffen im Ashram des grossen indischen Meisters Swami Sivananda—(মহান ভারতীয় সাধক স্বামী শিবানন্দের আশ্রমের জীবন ও কর্ম) এই পুন্তিকার লেখক স্বামী পর্যানন্দ। শিবানন্দের একদল জার্মান শিহ্য তাঁর নিজের নাম সম্পূর্ণ পরিহার করেন। তাঁর অধ্যাত্মিক নাম হয়েছিল স্বামী স্বরপানন্দ। তৃ:থের বিষয় অবশ্য তাঁব রচনাদির মধ্যে ভারতবর্ষ যথাসম্ভব উত্তম ভঙ্গীতে প্রতিফলিত হয়ন।

যুরোপে যে লব ভারতীয় তাঁদের বাণী প্রচার করেছেন বাংলাদেশের প্রীক্ষরবিন্দ তাঁদের একজন। ইনি প্রথাত হৃদেশ প্রেমিক নেতা এবং দার্শনিক শ্রীক্ষরবিন্দ ঘোষ। তাঁর কর্মকেন্দ্র পণ্ডিচেরী "লা মেরে" কর্তৃক পরিচালিত। আমি এই কেন্দ্রের পাঠাগার ভবনের এক প্রান্থে যে স্থণীর্ঘ আলোচনা করেছিলাম তা আজো আমার শারণে আছে। আমার আলোচনা হৃদ্ধেলি এই কেন্দ্রের অন্থবাদক ও গ্রন্থগারিক মেধানন্দের সঙ্গে (তাঁর প্রকৃত নাম ছিল ক্রিংস ভিনকেলষ্ট্রোয়েটার)। তিনি তাঁর এই ভারতীয় নামটি পেয়েছেন শলা মেরে"র কাছ থেকে তাঁর প্রতি মেধানন্দের স্গভীর ভক্তি, সেই ভক্তির পরিচয় পাওয়া বাবে "লা মেরে" কর্তৃক অন্থমোদিত প্রশিক্ষণ ও শিক্ষাবিষয়ক প্রতি বিষরক পৃত্তিকার নিম্নলিথিত ভূমিকাংশে—

"লা মেরে ( শ্রীমা ) যথন প্রশিক্ষণ ও শিক্ষা বিষয়ে কথা বলেন তথন তিনি তথু মাত্র তাঁর অভিজ্ঞতার কথা বলেন না এবং শতশত বালক-বালিকার শিক্ষক ও অভিভাবক ছিসাবে তাঁর সাফল্যের 
দারা নয় সেই সঙ্গে তিনি আবার অধ্যাত্মিক উপদেষ্টা এবং সারা
বিশ্বে ছড়ানো সহস্র সাধকের তিনি গুরু, কঠিন যোগ সাধনার পথ
নির্দেশক। তিনি যে তাঁর সকল সম্ভানের দারা পূজ্য এবং প্রায়
দিব্য ছান লাভ করেছেন এই সংবাদ গুধু তাদেরই বিশ্বিত করবে
বাঁরা এই আকর্ষনমন্ত্রী ব্যক্তিত্বের প্রত্যক্ষ সংযোগে আসেন নি, তার
উজ্জ্বল প্রেম আর অভিপ্রীয় শক্তির পরিচয় পান নি।"

আমি ১৯৫৭ থ্রীষ্টাব্দে "লা মেরে" কে সর্বপ্রথম দেখি আপ্রমে তার নিজস্ব স্থামিত। এই আপ্রম যুরোপীয় স্বচ্ছতায় উজ্জ্বল এক মহিলার সারা জীবনের সাধনার ফল। যে ভাবে এই ফরাসী মহিলা হিন্দু নারীত্বেব সর্বোচ্চ সম্মানের পদে অধিষ্ঠিত হয়েছেন এবং দিব্য সম্মান লাভ করেছেন তা প্রকৃতই বিম্মের বিষয়। একজন প্রোটেষ্টান্ট ঈশ্বর তাত্বিক ও তাঁর ম্থ্যমনের পরিচয় না দিয়ে পারেন নি:

"এই মহিলাটির সম্পর্কে ভক্তিপূর্ণ শ্রদ্ধা প্রসঙ্গে বছবিধ মানসিক সংরক্ষণ সত্তেও ( তাঁকে আবাব একটি যোগে অবভার, দিব্য অভিমানস হিসাবে অর্চনা করা হয়), আমি সামগ্রিক পরিবেশ পুষ্টিত তাঁর প্রচ্ছর শক্তি এড়িয়ে যেতে পারিনি, তবে অবশেষে অরবিন্দের তিরোধানের পর যিনি এই অশ্রিমের প্রকৃত কেন্দ্র বিন্দু তাঁকে পাশ কাটিরে চল্তে পারিনি।"

এই হিন্দু প্রভাবকে প্রশংসা করে ওয়ালটার এলডিংসের গ্রন্থাদি আছে তার হারা হিন্দু চিস্তার গভীর প্রবেশ করার স্থবিধা হয়। এলডিংস ভারতের মহাঋষি মহেশের আহ্বান অন্থনরণ করেছেন।

হিন্দুধর্মের জার্মানভাষী অহুগামীদের সম্পর্কে কিছু বলা প্রায় অসম্ভব অগেহানন্দ স্থামীর নাম বদি উল্লেখ না করা হয়। হিন্দুধর্মে ধর্মান্তরিত হওয়ার পর সাধুর এই নাম। তাঁর প্রকৃত নাম লিওপোলড ফিলার, ১৯২০-এর ২০শে এপ্রিলে ভিয়েনা শহরে তাঁর জন্ম হয়। অতি অলবয়স থেকেই ভারতের প্রতি আগ্রহ থাকায় ফিলার স্থভাষচক্র বস্থর ভারতীয় কৃটনৈতিক দপ্তরে কাজ করেছেন এবং রামকৃষ্ণ মিশনের একজন প্রথমশ্রেণীর সাধুর পদে উনীত হন। ভার কিছু পরে ভিনি গোড়া জাবিড় পদ্বার দশনামী সম্প্রদারের কাছেও দীক্ষা গ্রহণ করেন। দার্শনিক রচনাদির একজন স্থচ্তুর লেথক হিসাবে ভিনি থাতে,

বছবিধ সচল এবং অচল ভারতীয় উপ-মহাদেশের ভাষার তিনি স্থপণ্ডিত
—ভিনি পাথিব আনন্দের ও স্থচারুবস্ত আদি বিষয়েও তেমন উদাসীন
নন। হিন্দু সন্মাসীদের বা সার ভার গণ্ডীর মধ্যে হরত এই বিশেষ সাধু
একটু বেশী দ্রে চলে গিয়েছেন কারণ তাঁকে ভারত ভাগা করতে হয়েছে।
বিশিও দক্ষিণ-পূর্ব এশিয়ার ওপরে ক্যানাভায় তিনি আজো ভারতীয়দের গুরু ও
প্রোহিত হিসাবে কাজ করে যাচ্ছেন, বর্তমানে ক্যানাভাই তাঁর বাসভূমি।
আশ্চর্যের বিষয় যে অগেহানন্দ (ফিসারের সন্মাস আশ্রমের নাম) কথাটির অর্থ
"গৃহহীনত্মের আনন্দ"। কার্ল ক্রিশ্চিয়ান সেন তাঁর জীবন ও ব্যক্তিত্ব বিষয়ে
মন্তব্য করেছেন:

ইংরাজী শিক্ষার জন্ত তিনি একদল ভারতীয় শিক্ষক স্থির করলেন, তাঁর মাধ্যমেই তিনি একটি ভারতীয় সমিতির সদস্য হওয়ার क्षांग পেলেन অপেকারত অল বয়সেই। এই সব সদস্যদের কাছ থেকে তিনি হিন্দুছানী শিখে নিলেন এবং বাড়িতে বলে নিজে নিজে সংস্কৃত শিখলেন। তারপর এল সেই সময়কার স্থনিশ্চিত অভিজ্ঞতার কাল Konzerthanssal রক্মকে ভারতীয় নর্ডক উদয়শঙ্করের আবির্ভাব হল। ফিসার তথন গ্রামার স্থলের ছাত্র-এই অভিনয় তিনি অসহ্য উৎকণ্ঠায় দর্শন করলেন। তাঁর প্রত্যাশা অসার্থক হয়নি। তিনি মুগ্ধ আর্ত্রহে ভারতীয় দেবদেবী দেখলেন-এরাই এতকাল তাঁর স্বপ্ন ও কল্পনায় কড়িয়ে ছিলেন তাঁরা আজ নুড্যের মাধ্যমে এদে আত্মপ্রকাশ করজেন। নান্দনিক উপভোগের চেয়েও এ অনেক বেশী—এ অনক্রশক্তির ধর্মীর অভিক্রতা। অতঃপর এই তরুণ ভিয়েনাবাসী যিনি আজীবন ভারতীয় মিশনারী হওরার चश्र (मध्याहन छात्र चामान वानहे वित्रभीत्वत त्ववीत काह चाचा সমর্পন করলেন। তাঁর বোড়শ জন্মছিনে, ফিসার ভারতীর সমিতি ভবনে ভারতের কাতীয় নেতৃরন্দের প্রতিকৃতি দেখলেন এবং শপথ নিলেন যে তিনিও ভারতের স্বাধীনতা সংগ্রামের শরীক হবেন-

তারপর এল যুদ, লিওপোলড ফিলার ছিলেন প্রটেক্টরের নাগরিক তাই তাঁকে যুদ্ধের কাজে ভাকা হল না কিছ ভিনি স্থভাবচন্দ্র বহুর ভারতীর রাষ্ট্রনপ্তরে কাজ নিলেন। ভারপর একটা দছুত কাঞ ঘট্ল; এই যে বহিরাগত ব্যক্তি, পেশাদার লৈনিকদের দলে এই যে পণ্ডিত, এশিরাবাসীদের মধে সেণ্ট্রাল রুরোপের অধিবাসী অওচ তিনিই সেদিন রাষ্ট্রদপ্তরের বৈদক্ষ্যের কেন্দ্রবিন্দৃতে পরিণত হলেন। কারণ একমাত্র তাঁরই সংস্কৃতে অধিকার ছিল। তিনি বেদ, উপনিষদ ও ভগবদগীতা পাঠ করতে পারতেন। ফিদারের ভারতীয় সহযোদ্ধ-গণের পুরোহিতের পদও তিনি গ্রহণ করলেন।

যুদ্ধ শেষ হওয়ার তিনমাস পূর্বে ইণ্ডিয়ান লিজিয়ন বা ভারতীয় ब्राष्ट्रिमश्चत्र ६ ब्रास्किन এन এन এत नरक युक्त रून। जांद्रा हुटेनिस्करनद কাছে ফরাসীদের কাছে ধরা পড়লেন। তারপর ব্রিটিশ অস্তরীণ শিবিরে বন্দী হতে হল। হিন্দু পুরোহিত ভিয়েনার লিওপোন্ড ফিসার আরও সকলের সঙ্গে মার্চ করে চললেন। অনেককাল আগে (थरकरे श्वित करत्रकिलन एव ভाइजीय एक्ट-एक्टीएक्ट जिनि एक्टर्यन এতদিনে তীর্থবাত্তার হুযোগ পাওয়া গেল। তিনি আপনাকে ভারতীয় বলে পরিচয় দিলেন, তাঁর উজ্জ্ল গৌরকান্তি বিষয়ে কৈফিয়ত দিলেন যে তিনি একজন কাশ্মিরী ব্রাহ্মণ। বুটিশরা তাই ফিরে আসার জন্ত অপেকা করে রইলেন। তারপর এল গভীর হতাশা--তাঁকে অন্বীকার করা হল এবং বোদাই শহরের পরিবর্তে ভিয়েনায় পাঠানো হল। এই প্রতীক্ষার কালটুকু ফিসার অক্তবিধ প্রাচ্যতত্ত্বিষয়ে পড়াশোনা চালিয়ে গেলেন। তারপর তাঁর বন্দী-জীবনের সম্পর্কের অন্তগ্রহে তিনি সম্ম স্বাধীনতা প্রাপ্ত ভারতে স্বাধীনতা লাভের পরের বছরই যাত্রা করার স্থযোগ পেলেন।"

বাই হোক, আমরা এখানে দর্শন ও ঈশ্বরতাত্ত্বিক সংখোগ বিষয়ে আলোচনা করছি। বিনি সর্বপ্রথম এই সংযোগ স্থাপন করলেন তিনি রুডলফ টাইনার। ১৯২২-এর জুন মালে প্রস্তু তাঁর ভাবণে প্রাচ্য পাশ্চাড্য পরিস্থিতির বিশ্লেষণ করা হয়েছে। তিনি সেকেও ইন্টারক্তাশকাল কনগ্রেস অব দি এনথোপ-সফীক্যাল ম্যুভমেন্ট ইন ভিরেনার ভাবণদান প্রসঙ্গে এই বিশ্লেষণ করেছিলেন। এই প্রসঙ্গে তিনি ক্রুপবিদ্ধ হওয়ার রহস্য ব্যাখ্যা করেন:

. "নামি এইবার সার সংক্ষেপ করে একটি চিত্রের কথা উত্থাপন করতে অভিনাবী বার মধ্যে ছটি মনোভদী প্রকাশিত, প্রাচ্য ও পাশ্চান্ডের বোঝাপ্ডার ব্যাপারে এটি যে কি তা দেখানোই আমার উদ্দেশ্য। আরো এক চিত্র বার। এর সমীকরণ করছি, বেকালে প্রা-্য দেশীর শারীরিক অহস্ত্তিস্চক জগৎ এবং মায়ার প্রভাবে, প্রভাবিত মানব জীবন সর্বপ্রধান দেইকালে ষেই মহাপুক্ষ যিনি বুদ্ধ নামে পরিচিত তিনি তাঁর পরিক্রমণের কালে মাটির পৃথিবীতে মাহুষের নিদাকণ তুর্দশার রূপ প্রত্যক্ষ করলেন। সেই রূপগুলির মধ্যে কি ভাবে একটি মৃতদেহও এনেছিল আর কিভাবে বুদ্ধ মৃত্যুর ম্থোম্থি হলেন এবং কিভাবে মানবের মৃত্যুর সঙ্গে সেই সংযোগের ফলে তিনি এই সিদ্ধান্তে উপনীত হলেন যে বাঁচার জক্সই ক্লেশ ভোগ করা।

এটিংম প্রতিষ্ঠিত হওয়ার ছয়শো বৎসর পূর্বে এই ছিল প্রাচ্য দেশীয় সংস্কৃতির ভন্ম। এর ছয়শো বংদর পরে এটিধর্ম প্রবৃতিভ হল এবং তার পর থেকে এক অনন্ত প্রতীকের অন্তিত্ব দেখা গেল; এর নাম ক্রেশ; উদ্যত ক্রেশ, তার সঙ্গে ত্রাণ কর্তা সংযুক্ত, মৃত मानत्वत्र त्वर कृत्न विद्या अभाश्य मासूय এই त्वरहत्र वित्क छाकान्न, পাশ্চাত্য জগতে এই দেহের চিত্রের প্রতি তাকায়, ঠিক বেমন অসংখ্য মান্ত্র যারা বুদ্ধের শিশুত্ব গ্রহণ করেছেন সেই দেহের দিকে তাকান যে দেহ থেকে বুদ্ধ তাঁর তত্ত্ব প্রচার করেছিলেন। প্রাচ্য দেশ ঠিক বেমনটি ঘোষণা ক্ররেছেন, বাঁচার অর্থ ক্লেশ ভোগ করা আমরা মুক্তির জন্ত মোক্ষের জন্ত আকুল-পাশ্চাত্য জগতের মাহুষ মৃতদেহের চিত্র পরিকল্পনা করেছেন। তথাপি দেহের দিকে ভাকিমে ভারা ভধু কোনো বাক্য উচ্চারণ করে না; বাঁচার অর্থ ক্লেশ ভোগ। না, মৃত্যুর দৃখ্য তাদের কাছে একটা প্রতীক. পুন**র্জ**র, আভান্তরীণ মানসিক শক্তির অভান্তর থেকে প্রাণশক্তির উজ্জীবন; এই প্রতীকে বলা হয়েছে যে মাহুষের ক্লেশ বা ষন্ত্রণার হাত থেকে এই শারীরিক খোলদ থেকে মৃক্ত হলেই ত্রাণ পাওয়া যায়। তবে সেই শরীরের দিক · থেকে সন্ন্যাসীর মত মুথ ফিরিয়ে নিলেই ছবে না। তাকে পরিপূর্ণভাবে দৃষ্টির গোচরে রাথতে হবে, ভাকে মারা বলে গ্রহণ করে নয় তাকে শ্রমের বারা ক্রিয়ার বারা, ইচ্ছাণজির প্রয়োগ বারা জন্ন করতে হবে। . . . একটি দর্শণ প্রাচীন এবং কর্জন্তি। किंक अब मत्या अमनहें मश्के विक्षिक दर अदक कवाकी व मतन द्देव

না, তার দিকে এমন দৃষ্টিতে তাকাতে হয় যেন তাকে অর্চনা করতে হবে। যা প্রাচীন মাহ্বব তার অর্চনা করে। কিন্তু এ জিনিব কেউ প্রত্যাশা করে না যে প্রাচীনরা নবীনদের মনোভদীর স্বীকার করে ঘোষণা করবেন। পাশ্চাত্য জগতে আজ আমরা যার সম্ম্থীন তার মধ্যে স্ট্রনার বৈশিষ্ট্য বর্তমান। এই মনোভংগীতে আমরা দেখিয়েছি যা মনের ভাবাদর্শ বলে মনে হয় সেই গুণের পরিণতি কি ঘটে। যা নবীন, যার ক্রমবিকাশ ঘটুবে, একটা তাক্লণ্যের শক্তি তা থেকে উভুত হবে, নিজম্ব ভঙ্গীতে অধ্যাত্মিকতা লাভের প্রয়োজনে। প্রাচ্যদেশ তার অধ্যাত্মভন্দী প্রাকৃতিক বিধানেই লাভ করেছে। আমরা যদি প্রাচ্যদেশকে তার অধ্যাত্মিক গুণের জন্ম প্রান্ধান বির্বাচ্চতে অন্তত্ত একটি বস্তু আমাদের উপলব্ধি করতে হবে, আমাদের পাশ্চাত্য স্ট্রনা থেকেই আমাদের নিজম্ব আধ্যাত্মিকতা গড়ে নিতে হবে।"

দীর্থকাল ধবে এই ছিল একমাত্র স্থাভীর সংলাপ, আত্মণত সংলাপ হয়ত পরিচালিত হয়ে থাকবে। অতি সম্প্রতি বিতর্কমূলক ভদী একটা স্থভস্ত সমালোচনাত্মক, চিস্তামূলক বিচার ধাকে বলা ধার 'সহিষ্ণু' মনোভংগী তার 'উদ্ভব ঘটেছে।

একটা কোনো সংলাপে প্রবৃত্ত হওয়ার জন্ত প্রস্তুত মনোভংগী স্বাভাবিক কারণেই প্রাচ্যদেশীয় ধর্মীর সম্প্রদায়ের পাশ্চাত্য জগতে মিশনারী প্রচেষ্টা চালানোর স্ববিধা হয়েছে।

ভারতীর বা ইক-ভারতীয় ধর্মতগুলির মত। ইসলাম ও জার্মানীতে ধর্মান্তরকরণে প্রায়ালী হয়েছিল ভার দৃতগণ অবশু পাকিন্তানি মৃদ্লিম, জারতীর মৃসলিম ন'ন। পাকিন্তানী রাজনীতিবিদ মোহম্মদ আসাদ রচিত Road to Mecca-র কথা বিশেষভাবে মনে জাগে, সাহিভ্যিক ঐতিহাসিক ও ধর্মীয় দৃষ্টিকোণের দিক থেকে এই গ্রন্থটি আগ্রহ ক্ষে করে। এই গ্রন্থের মৃসলিম লেখক ১২০০ গ্রীষ্টাম্মে জীবনমাত্রা ক্ষে করেন। তিনি অগ্রীয়ান ইছ্দীস্থানের সন্থান, তার নাম ছিল লিওপোলড ভাইস। মৃখ্য জার্মান-ভাষী সংবাদপ্রস্তালর মধ্য-প্রাচের পত্রকার হিসাবে কিছুকাল কাল করার পর ভাইল
্কংক গ্রীষ্টাম্মে ইনলামধর্মে দীক্ষিত হন। কবি ইক্বালের দ্লবলের হলে তার
ক্ষেবিরাম সংখোগ দুট্ল-এই কবিই এক সময়- পাকিন্তান পরিকল্পনার প্রবন্ধা

ছিলেন। আসাদ কবির কাছাকাছি একটি ছানে বসবাস হার কার । এবং পরে পাকিন্তানী নাগরিকত্ব গ্রহণ করলেন। ত্ব হছর কার ধরে ইউনাইটেড নেশনদের জাতিপুঞ্জের সভায় তিনি পাকিন্তানের প্রতিনিধি ছিলেন।

একটি বিশেষ প্রতিষ্ঠান কর্তৃক প্রচণ্ড ইসলামী প্রচারণা করা হয়ে থাকে, এই সম্প্রদায়ের নাম আহমদিয়া, এরা হামবুর্গ ও জ্যুরিথে ১৯৫৪ খ্রীষ্টাব্দে কোরাণ-ভার্মান অহবাদ প্রকাশ করেন। যাইহোক, গোঁড়া মুসলমান সম্প্রদায়রা আবার আহমদিয়াদের প্রত্যাধ্যান করেছেন।

জ্যুরিথের বালগারিষ্টে যথন মাহম্দ মসজিদ প্রতিষ্ঠা হল তথন ওয়ালথার ব্যমগার্টনার কর্তৃ ক আহমদিয়া সম্প্রদায় প্রসঙ্গে লিখিত একটি প্রবন্ধ New Zurcher Zeitung-এ প্রকাশিত হ'ল। নীতি, ও পারিবারিক জীবনের উন্নয়ণের ব্যবস্থার প্রশংসা করে সেই জেহাদ বিরোধী মনোভঙ্গীর উল্লেখ করে ব্যমগার্টনার বলছেন—

> "এইভাবে, আহমদিয়া প্রকৃতপক্ষে একটি সহাত্বস্থৃতিশীল ইসলামীয় সংস্থারপদ্ধী আন্দোলন বর্তমান কালের বহুবিধ অফ্রপ আন্দোলনের অগ্রতম। তথাপি আরও কয়েকটি বস্তু সম্পূর্ণ "অ-এশ্লামীয়" ধারণা স্টে করে। যেমন এর বিচিত্র প্রীষ্টতত্ব। ১৮৯১ প্রীষ্টাব্দ থেকে দৃঢভাবে প্রীষ্টতত্ব বনাম গোঁড়া ইসলামীতত্বের প্রসক্ষে বলা হচ্ছে যে ঈশরের দক্ষিণ হস্ত হিসাবে ধীভঞ্জী ইর অভ্যুথান ঘটেনি, তিনি মৃত। তাও আবার ক্রম্পবিদ্ধ হয়ে নয় আরও অনেক প্রে কাশ্মীর নগরে তাঁর মৃত্যু হয়।……

এসব ব্যাপার অন্ত দিক থেকেও তেমন মনোহর নয়। প্রীনগরে বীভঞীটের কবর আবিদ্ধার বলে বা উল্লেখ করা হয়েছে। মির্জার কাছে বা বীভঞীটের তথাকথিত কাশ্মীর বাজার অকট্য প্রমাণ হিসাবে গৃহীত হরেছে তার ফলে অবস্থার উন্নতি হয়নি। প্রশ্ন ওঠে মিরজা তাঁর সংস্থার কার্যক্রমে এমন সব উত্তট করনার প্রপ্রের দেন কেন, তিনি নিজেই কি এই সম্ভাবনাকে সত্য বলে বিশাস করেন। তাঁর অবশ্র প্রয়োজন ছিল, তিনি প্যালেটাইনের ইছণী এবং তাঁর নিজের খলেশ কাশ্মীরের মধ্যে একটা সেতু রচনার প্রয়োজনেই এই তথ্য ব্যবহার করেছেন। এই ব্যাপারে তিনি সম্ভবতঃ প্রেরশ্বা

পেরেছেন (তিনি স্বয়ং তার উল্লেখণ্ড করেছেন) কুখ্যাত জুয়াচোর নিকোলাস নটোভিবের Lavie inconnue de Tesus Paris 1894 নামক যীশুর জন্মজীবনীর গুপর নির্ভর করেছেন। এই লেখক অয়োদশ বংসর বয়য় যীশুকে ভারতে পাঠিয়েছেন এবং সেখানে বছর ছই বৌদ্ধ গ্রন্থাবলী পঠন-পাঠনের কথা বলেছেন। আহমদিয়া রচনাবলীর যে কোনো পাঠকের উচিত একটি প্রস্লের যাচাই করা ক্ভাবে ১৮৯৪ খ্রীষ্টান্মের পূর্বে মিরজা ঐতিহাসিক যীশুর সঙ্গে সম্পর্ক করনা করেছেন।

এই প্রশ্নটি আমাদের আরেক গুরুতর প্রসঙ্গে নিয়ে বায়:
মির্জা নিজের জক্ত যে ভূমিকা দাবী করেছেন সেই বিষয়ে। ১৮৮৯
খ্রীষ্টান্দ পর্যস্ত তিনি তাঁর অহুগামীদের আদেশ দিয়েছেন তাঁকে থালিফ
হিসাবে অর্চনা করতে; অর্থাৎ ভবিক্তংবাণীর নির্দেশাহুসারে তিনি
মহম্মদের উত্তরাধিকারী বেহেত্ তিনি কোরাণে অজ্ঞাত; কোরাণে
মহম্মদের সক্ষেই অভ্যুদয়ের সমাপ্তি। এমন কি "লাহোর পার্টি" বা
১৯১৪ খ্রীষ্টান্দে আহ্মদিয়া পার্টির বিভাজন ঘটিয়েছে অহুরূপ ভাবে
মিশনারি কর্মাদি করে থাকে। তাঁরা একটা নিজম্ব কোরাণ প্রচার
করেছেন। তাঁরা মির্জার এই উপাধি দিতে অম্বীকার করেছেন এবং
তাঁকে একজন সংস্কারক হিসাবে স্বীকৃতিদান করেছেন মাত্র……

অতএব আহমদিয়াদের হুটি ধারা: একটি ইসলামি সংস্কার আন্দোলন বা সকলে সরাসরি সেই ভাবেই গ্রহণ করেন—বিশেষ করে ধর্মযুদ্ধকে প্রভ্যোথান করার জন্ত। তবে এই বিশেষ শিক্ষার আরেকদিক আছে···ষা আমাদের উভয়ের কাছেই সোলাইজি গ্রহণ যোগ্য নম্ন এবং গোঁড়া ইসলামিদের কাছেও গ্রহণীয় নম্ন। এই ভক্তীই সমগ্র ইসলামী জগতে বিস্তার লাভ করার আহমদীয় আশার মৃলে কুঠারাখাত করবে।"

ভার্মান মুসলমানগণ যুরোপের এক অক্তম মনোহর ধর্মক্ষেত্রে সমবেত হতে ভালোবাসেন—১৭৭৮ গ্রীষ্টাব্দে স্থতেটৎসিনগেনের ক্যাষ্টেল পার্কে প্রথম মসজিদ নির্মিত হয়। স্থাইটিক মসজিদ সাম্প্রতিক কালে নির্মিত মসজিদগুলির অক্তম
—হামবুর্গের অসেনস্থলটারে মসলেমলীগ কর্তৃক নির্মিত হয়েছে এই মসজিদ।
এ কথা উল্লেখ করা কর্তব্য বে কোরাপের প্রথমতম সারবী পাঠ—(মানবিক

ও ধর্মবিশাসের ও ঈশরানেষ্টনের অদ্ধাপৃত দলিল ) — যা ক্রিশ্চানদেশে সর্বপ্রথম প্ৰকাশিত হয় তা ১৯৭৩ খ্ৰীষ্টান্ধে হামবুৰ্গে প্ৰকাশিত। এর সম্পাদক ছিলেন হিনকেলমান, তিনি, দেও ক্যাথরিণ চার্চের প্যাস্টর, তিনি পীয়েতবাদের ঘারা প্ৰভাবিত ছিলেন। বাসেলে ১৫৪৩ খ্ৰীষ্টান্সে সৰ্বপ্ৰথম লাতিন অমুবাদ প্ৰকাশিত হয়, এই অমুবাদ করেছিলেন ঈশ্বরতাত্তিক প্রোটেষ্টানট থিওডোর বেইলাণ্ডার। হিন্দুধর্ম, বৌদ্ধধর্ম ও ইসলাম ব্যতীত অন্ত ধর্মগুলির প্রভাব তুচ্ছ। জৈনধর্মের প্রধান ভাষ্মকারগণ ভারততত্ত্বিদ ষ্থা আল্রেস্ট ওয়েবার, হের্মান क्यांटकारी, षात्रनष्टे क्लिपान, अत्रामशांत मर्थात्वछ, शाहरत्नम क्रांहे, षात्रनष्टे ওয়াইনাডিসখ, অর্জব্যলার, রিচার্ড পিদ্থেল, যোহানেদ হারটেল. হেলম্থ ফন গ্লাদেনাপ, লুডভিগ এলসডুফ, যোশেফ ফ্রিডরিশ কোহল, ফ্রাক্ক রিচার্ড হাস, গুন্তাভ রথ, দার্লোট ক্রাউদে, ওটোষ্টাইন, থিওডোর জ্যাকারিয়ে ও ক্লাউদ ক্রউন। জৈনধর্ম তার অহিংদ নীতিব জন্ত বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ; অর্থাৎ জীবাকে সম্মান দিতে হবে, তাকে হত্যা নয় জৈনধর্মের এই হল মূলনীতি। ক্লাউস ক্রউন জার্মান জৈন গবেষনার এক বিস্তারিত প্রশন্তি রচনা করেছিলেন। সেই রচনাটি Voice of Ahimsa নামক পরলোকগত কামতা প্রসাদ জৈনের পত্রিকায় প্রকাশিত হয়। জ্যাকোবী জৈনধর্মের আধ্যাত্মিক ধারা অহুসরণ করেন ম্যাক্সমূলারের "প্রাচদেশের পবিত্র গ্রন্থা দির উত্তম অফুবাদের মাধ্যমে। সার্লোট ক্রাউসের নাম ইতিপূর্বেই উল্লিখিত হয়েছে। এই মহিলাটি ভধু

লার্লোট ক্রাউনের নাম ইতিপ্রেই উল্লিখিত হয়েছে। এই মহিলাটি শুধু বে একজন জৈন গবেষক তা নয় তিনি জৈন ধর্মমতেও বিশাসী এবং তা শহসরণ করে থাকেন।

জৈনধর্মের সঙ্গে বিশেষভাবে খনিষ্ঠ ছিলেন লোহার ওয়েনডেল তিনি লগুনে জৈন দার্শনিক চম্পট রায় জৈনের সংস্পর্শে আসেন ১৯৩২ গ্রীষ্টান্দে। সেই থেকেই তিনি অধ্যাত্ম ভারতের মোহে মৃশ্ব হন। আমার স্মরণে আছে 'ষ্টেটসম্যান' পত্রিকার নিহাল সিং বখন আমার দিল্লীয় বাসভবনে লোয়ার ওয়েনডেল-এর সঙ্গে সাকাৎকার করেন। সেই সময় ওয়েমডেল প্রায় চার বছর ধরে জার্মান ও ফ্রেঞ্চ ভাষা শেথাচ্ছিলেন; তিনি গ্যয়েটের 'ফাউই' ও উমাশতী-র "ভত্বার্থসত্রে"র একই ধরণের বৈদ্যাগত মূলস্ত্রের সন্ধান পেয়েছেন। পরে তিনি এই ভাবনার কথা 'Voice of Ahinsa' নামক পত্রিকার বিশেষ আর্মান লংখ্যার লিখেছেন এবং তার আধা-জীবনীমূলক গ্রন্থ Thought, Life and Humanity নামক গ্রন্থ জালোচনা করেছেন। বে কয় বছর তিনি ভারতে

ছিলেন তিনি জার্মান ফরাসী সম্পর্ক ও কমনওয়েলথের সঙ্গেল জার্মান সম্পর্ক বিষয়ে সমীক্ষা করেন। ওয়েনডেলের মন্তিকপ্রস্থত সস্তান ব্যাড গড়েসবার্গের চম্পট রায় কৈন লাইবেরী ১০৫১ এটাকের ১০ই ফেব্রুয়ারী তারিথে উদ্বোধিত হয়। এই উল্ভোগ এবং তাঁর রচনাবলীর ঘারা প্রমাণিত হয় তিনি কি বলিষ্ঠ ও মৌলিক মানসের অধিকারী ছিলেন—তিনি দেই শ্রেণীর মাহ্ন্য বাঁরা প্রতিভা স্বার্থহীন ভঙ্গীতে জন-সংযোগ বিকাশের সেবায় নিয়োজিত করেছেন।

ভারতবর্ধ বখনই কোনো কিছু গুরুত্বপূর্ণ বিষয় পাশ্চান্ত জগৎকে শোনাতে পেরেছে ( আর ভার মধ্যে জার্মানীর বিদয় সমাজ অন্তর্ভু ক্ত )— তথম তা সে বিদয় রাজনৈতিক পণ্ডিত সমাজ দিয়ে সম্পন্ন করেছে। অরবিন্দ, রবীক্রনাথ ঠাকুর, মাহাত্মা গান্ধী সকলেরই জার্মানদের উপর এক মহান প্রভাব ছিল। রবীক্রনাথ ঠাকুরের প্রভাব মূলতঃ ছিল সাহিত্যিক, এমন কি পীয়েকজিনসকার গ্রন্থ Tagore als Erzeihar ( ঠাকুর পণ্ডিত হিসাবে এই গ্রন্থটির মূলে ফরাদী ভাষায় প্রকাশ ঘটে। রবীক্রনাথকে বিদয় জনতার নেতৃত্বানীয় হিসাবে উপস্থাপিত করে। জার্মানীর অরবিন্দ ও ঠাকুরচক্র সত্তেও ভারতের এই দার্শনিক সাহিত্যিক প্রতিনিধিদের প্রভাব কিছুটা বহিছেল। গান্ধী, মহাত্মা অপরদিকে ভাবাবেগ স্পষ্ট করেছেন এবং সচেতন করেছেন। এর পিছনে ছিল র মা র লার গ্রন্থ, আর অংশতঃ জার্মান লেথকর্ন্দ রচিত অজল্র গান্ধী সাহিত্য। এই সব লেথকর্ন্দের অগ্রন্থন হলেন ভেরনার জিমারমান, তাঁর লিখিত ক্রোকৃতি গান্ধী জীবনী ভক্ত হৃদয়ের ভক্তি রসাপ্ল্ত। এ. ট্রোল তাঁর সহধ্যীদের মধ্যে গান্ধীবাদের ধর্মীয় দিকটি ফুটিয়ে তুলেছেন।

গান্ধীজীর ব্যক্তিত্বের প্রভাব বিশ্বব্যাপী। রাজনীতিজ্ঞদের মধ্যে তিনি ছিলেন একজন থাঁট দার্শনিক, এঁরা ভাদের কর্তব্য শুধু রাজনৈতিক ক্ষেত্রে সীমিত মনে করেন নি, তাঁরা জাতির মধ্যে এবং বিভিন্ন ধর্যমতের পারস্পরিক সম্পর্কের উন্নতি সাধনের চেষ্টা করেছেন সংকর্ম ও স্থনীতির দিক থেকে আবেদন জানিরে। এই লক্ষ্য নিয়ে যে সব গোষ্ঠা এখনও কাল করছেন তাঁদের মধ্যে Religioser Menschheitsbund (মানব জাতির ধর্মীয় পরিষদ) গান্ধীবাদের আদর্শে স্থাপিত। এই নামটিকে কিঞ্চিৎ সর্বব্যাপী মনে হতে পারে কিন্ধ প্রতিষ্ঠাতারা অন্থত্ব করেছিলেন যে প্রতিটি মান্থ্য জাতীয় ও আন্তর্জাতিক জীবনে নৈতিক মানকে উন্নত করার ব্যাপারে সংযোগকের স্থাকা গ্রহণ করতে পারেন।

ক্ষভলফ ওটো. মারব্র্গের অধ্যাপক, তিনি ১২২:-এ এই পরিষদ বা ক্ষেভারেশন প্রতিষ্ঠা করেন। তিনি ছিলেন গভীর ভাবে ভক্তিবাদে প্রভাবিত মাহ্ব। ছিন্দ্ধর্মের এই অংশটি দৈব করুণার প্রতি গভীর ভাবে বিশ্বাসী। ওটো-র এই পরিষদ কোনোরকম উপধর্ম বিশ্বাস প্রবর্তনে প্রশ্নাসী হন নি তিনি "Esperanto of Religions" (ধর্মতের বিশ্ব বিকর) বলে বা উল্লেখ করেছেন তার জক্ত কাউকে কখনও আহ্বান করেন নি। প্রত্যেকেই ক্ষরাহ্মসন্ধানের ব্যাপারে যথেছে পথ গ্রহণ করতে পারেন তবে তাঁকে একথা মনে রাখতে হবে বে সব নাহ্যই ভাই। আন্তর্জাতিক শান্তির জন্ত কাল করার কন্ত ধর্মমতভিত্তিক একটা যৌথ সমিতির কথা এই জার্মান অধ্যাপক কল্পনা করেছিলেন। এই পরিষদের লক্ষ্য ছিল সহনশীলতা। পরিষদের বালিনের নিকটবর্ডী ভিল ছেলমস হাগেনের অধিবেশনে বাঁরা ভাষণ দিয়েছিলেন তাঁদের মধ্যে ক্যাথলিক, প্রোটেট্যানট, বৌদ্ধ এবং ছিন্দুরাও ছিলেন। এইথানেই কণ্ডলক্ষ ওটো "Weltgewilsen" বা বিশ্ববিবেক কথাটি রচনা করলেন।

'রিলিজিয়ান ফেডারেশন অব ম্যানকাইনডে'র মার্কিন সদক্তগণ কর্তৃক ১৯২৮ প্রীষ্টাব্দে 'চার্চ পিস ইউনিয়ন' স্থাপিত হয়, এবং মৃল ফেডারেশনের সদক্তবৃন্দ একযোগে এই পরিষদে যোগ দিলেন এই আশা নিয়ে তৎকালীন হতাশান্ধর্জর জার্মানীর পক্ষে যা সম্ভব তার চেয়ে মার্কিনয়া অধিকতর প্রাণশক্তি নিয়ে কাজ করতে পারবেন। ১৯৩৩ প্রীষ্টাব্দে হিটলার যথন ক্ষমতার আদীন হলেন তিনি "রিলিজিয়াস ফেডারেশন অব ম্যানকাইনড" নিষিক্ষ করলেন, ১৯৫৬ প্রীষ্টাব্দের পূর্বে এই প্রতিষ্ঠানের পুনক্ষজীবন সম্ভব হয় নি। তথন যারা সেই প্রচেষ্টার প্রাণ পুরুষ ছিলেন তাঁরা হলেন কে, কুসনার ও ক্রিডরিশ হাইলার। শেষোক্ত ব্যক্তি মারব্র্গের অধ্যাপক ক্রভলক ওটো-র মতো তাঁর প্রস্কারীর মতো ভক্তিবাদে গভীর অম্রাগী ছিলেন। "রিলিজিয়াস ফেডারেশন অব ম্যানকাইনড" বর্তমানে ওয়ার্গড ইউনিয়ন অব রিলিজিয়ানসেশর সঙ্গে সংযুক্ত, এই প্রতিষ্ঠানটি ১৯৩৬ খ্রীষ্টাব্দে ইয়ং হাসবাণ্ড নামক ইংরাজ ভক্তলোক কর্তৃক প্রতিষ্ঠিত এই প্রতিষ্ঠান ১৯৫৭ খ্রীষ্টাব্দে হাণিত 'ওয়ার্লড ফেলোসিণ অব রিলিজিয়্বনসে'র সঙ্গে হনিষ্ঠ সংযোগ রক্ষা করে বলে, এই প্রতিষ্ঠানের সদর দপ্তর দিলীতে।

এটা অবশ্য কাকডালীয় ঘটনা মাত্র বলা বার না বে "রিলিজিয়াক ফেডারেশন অব ম্যানকাইনড"-এর স্ল্স্যুগণ ভারতের স্ক্তে একটা ঘদিষ্ঠ সহমর্মীতা অন্থর করবেন। একথা প্রতিষ্ঠাতাবৃন্দ এবং পরবর্তীকালের সদস্যগণের প্রতি সমভাবে প্রযোজ্য। যাঁরা বর্তমান সদস্য তাঁদেরও বাদ দেওয়া যায় না, এর উল্লেখযোগ্য পৃষ্ঠপোষকগণের মধ্যে আছেন ভারতের বিতীয় রাষ্ট্রপতি, রাজনীতিবিদ দার্শনিক সর্বপল্লী রাধারুফন। তথাপি এর প্রথম ঘূগে সেই শ্রদ্ধা আকর্ষনী ব্যক্তি গান্ধিজীর আদর্শেই ইউনিয়নের জার্মান সদস্যগণ আপনাদের গডতে চেষ্টা করেছিলেন। ডাং কারোলা বারথ কর্তৃক একটি প্রবন্ধে এই মনোভংগী প্রকাশিত, ১৯৪৯ গ্রীষ্টাব্দে "ভেরিভাতি"তে এই প্রবন্ধ মৃদ্রিত হয়। ফেডারেশন সদস্য প্রফেসর জোহানেস হোসেনের প্রতি সম্মার্থে এই স্মারক ভাষণ রচিত হয়।

"মহাত্মা গান্ধী রাউও টেবল কনফারেন্সের ব্যাপারে ষ্থন লগুনে উপস্থিত দেইকালের ঘটনা; দেখানে অবস্থান কালে, তাঁর সলে জার্মান কোয়েকারদের সঙ্গে সাক্ষাৎকার ঘটে, তাঁরা জানতে চান জার্মানী গুরে স্বদেশে প্রত্যাবর্তন করা তাঁর পক্ষে সম্ভব কিনা। ক্ষডলফ ওটোর দকে তাঁর বন্ধুরা কলোনে এই গুরুত্বপূর্ণ প্রশ্ন নিয়ে পরামর্শ করলেন, তিনি প্রস্তাব করলেন মহাম্মাজীকে তাঁর ভ্রমণ পথ নির্বাচনের ব্যাপারে উৎসাহিত করা হবে তবে একযোগে 'বিলিজিয়ান ফেডারেশন অব ম্যানকাইনডে"র একটি গোষ্ঠী স্থাপনা করা হবে এমন একজন গুরুত্বপূর্ণ অতিথিকে ষ্থাযোগ্যভাবে অভ্যর্থনা জ্ঞাপনের জন্ত তা বিশেষ তাৎপর্বপূর্ণ হবে এবং এই যোগাযোগের ফলে একটা স্বায়ী লাভের অংশ ভোগ করা সম্ভব হবে। হৃঃথের বিষয়, গান্ধিজীর এই যাত্রার ব্যাপারটি সফল হল ন!। ভারতবর্ষে রাজনৈতিক অবস্থার জন্ত তাঁকে তাড়াতাড়ি খদেশে ফিরতে হল। কিন্তু কলোন গোষ্ঠা রয়ে গেল। ভার সঙ্গে সংযুক্ত হল একটি "গান্ধী সোসাইটি" মহাত্মান্ত্রীর মানসিকভার মূলতত্ত চর্চ। করা হল এই প্রতিষ্ঠানের উদ্দেশ্য। গোহানেদ হেদদেন উভয় চক্রের নেতৃত্বানীয় সদসাগণের মধ্যে অক্তম।"

গান্ধীলী হয়ত কোনো দিন কানতে পারেন নি বে তিনি ফেডারেশনের একটা অভিশয় উল্লেখযোগ্য গোলী হাপনার প্রেরণা স্বরূপ, এই অবহা থেকে বোঝা বার তাঁর প্রভাব কি পরিমা বিশ্বজনীন ছিল। তব্, আরো একবার কারোলা বারথ থেকে উধৃতি দেওয়া বাক:

"থামানের রিলিজিয়াস ফেডারেশন অব ম্যানকাইনডে"র সভাম্প্রান ছাড়াও আমাদের চক্র পক্ষকালে একবার গান্ধী সোসাইটির অধিবেশনে মিলিত হত। আমরা সেইখানে গান্ধীর রচনা এবং বক্ততাদি পাঠ করতাম ও সভ্যগ্রহ, অহিংসা নিজিয় প্রতিরোধ, ও সর্ভহীন সভাভাষণ বিষয়ক তাঁর নীতিগুলি আলোচনা করতাম। আমরা গাল্পিজীর লগুনত বন্ধুগোষ্ঠার সঙ্গে যোগাযোগ স্থাপন করেছিলাম। তাঁদের পত্রিকা "দি ফ্রেণ্ডদ অব ইন্ডিয়া" পাঠ করতাম, এবং মাঝে মাঝে যে সব ভারতীয় কলোন ঘূরে যেতেন তাঁরাও আস্তেন তাঁরা আমাদের চক্রে ইংলণ্ডের পথেও বা ফেরার পথে ভাষণ দিতেন। ক্রডলফ ওটোর হৃপারিশে আমাদের এথানে এসেছিলেন ফেডারেশনের ভারতীয় শাথার একজন নেতৃস্থানীয় वाकि जवः माजारकत रमणे हेमान श्रीष्टान मच्छानारवत मिः ज, भन। একটি স্থলর সমাবেশে তাঁকে "গান্ধী একজন ধর্মীয় ব্যক্তিত্ব" এই প্রদঙ্গে কিছু বলতে অমুরোধ করা হল। তিনি মহাত্মা গান্ধীর অনশনের ধর্মীয় পটভূমি বর্ণনা করলেন এবং অস্পৃশুদের প্রতি ব্যবহার বিষয়ে তাঁর সংগ্রামের উল্লেখ করলেন। এ এক আনন্দ সমাবেশ, যারা এই সমাবেশে উপস্থিত ছিল তাঁরাও লাভবান হলেন।"

ক্ষতন্ত্তীর ভাবাদর্শ যে সব বল্প পবিত্র সেই সব বল্পকেই ত্লে ধরেছেন এবং তা শুধু যুগে যুগে ছাত্র সমাজকে নতুন ছাঁচে গড়ে তোলার ব্যাপারে সহায়ক হয়েছে, তারা আজাে জীবিত, আকারে ক্ষুত্র হলেও এই সব গােষ্ঠী প্রাণবাণ এবং তারা সকল প্রকার ধর্মবিশাসের মধ্যে সংযোগ সেতু রচনায় আ্মনিবেদিত। তাদের মুলনীতি হল সহনশীলতা।

তব্ও গান্ধিজী এবং তাঁর উপদেশ বিষয়ে কিছু বিরুদ্ধ কণ্ঠস্বরও ধ্বনিত হয়েছে। ওটো ভোলফ্, প্রীষ্টানভূমিতে দাঁড়িয়ে বিনি গান্ধীর রচনাবলী বিশ্লেষণ করেছেন স্বচেয়ে বেশী করে তাঁর আপত্তি ক্রেশ বিষয়ক ভাষাদর্শ বিষয়ে গান্ধীর মনোভঙ্গী। গান্ধীর রাজনৈতিক ভাবনার মধ্যে ভোলফ দেখেছেন এক—

"স্মহান পবিত্র ছহিংদার নামে এক রাজনৈতিক ও নৈতিক ব্যাকমেইল পদ্ধতি।" এর উপর, ভোলফ অনশন পদ্ধতির মধ্যে পেয়েছেন "ঈশ্বর এটানদের প্রতি বে দায়িত্বভার অর্পণ করেছেন তার সঙ্গে গরমিল"। বিভিন্ন ধর্মত বিষয়ে গান্ধীর মনোভঙ্গীকে তিনি অন্তর্মপভাবে নির্মা সমালোচনা করেছেন:

"গান্ধী বিবেচনা করেন নীতির দিক থেকে ধর্মকে ঐতিহাসিক ভাবে অতি ঐতিহাসিক (Supra-historical), নিছক বাস্তব, বলে নয়। তিনি হুগভীর যুক্তিবাদে তার বিচার করেন। তাঁর কাছে ধর্ম "মহান ধর্মগুরুদের উপদেশ"। এখন আপনারা এই উপদেশ প্রত্যাখ্যান করতে পারেন বা হন্ধম করতে পারেন, তাকে সম্পূর্ণ করতে পারেন, অধিকতর বিকশিত করতে পারেন, তাদের মিশিয়ে নিতে পারেন। পরিশ্রুত করতে পারেন— যথাসম্ভব ঘনিষ্ঠভাবে "এই ধর্মের সানিধ্য পাওয়ার মানসে এ ধর্ম ঐচ্ছিক হয়ে আছে দকলপ্রকার দীমিত ধর্মোপদেশের মধ্যে। অন্ততঃ সকল সহনশীল ও উন্নতমনা জ্ঞান বিকারণকারী ব্যক্তির এই লক্ষ্য এবং আদর্শ হওয়া উচিত। অতএব গান্ধী মনে করেন যে তিনিও খ্রীষ্টধর্ম থেকে খোদা ছাড়াতে পারেন—"ক্রশের নীতি" কে একটা যুক্তিবাদী, সাধারণ ভাবাদর্শ হিসেবে অনুসরণ করা যায়, আর তার প্রতি অধিকতর সার্থক, ব্যক্তিগত ঐতিহাসিক সংজ্ঞা দান করা যায় সেই বাস্পীয় বান্তবতা যা এটিধর্মের মাধ্যমে ইতিহাদে রূপান্তরিত তার বীর্যবান ভূমিতে কিছু করার না থাকলেও। এইথানে কোনো নিদিষ্ট উপলব্ধি নেই, কোনো ঈশ্বর মাহুবকে তার নাম ধরে আহ্বান করছেন না, বা তাঁকে কোনো চুক্তিতে বাঁধছেন না, মাতুষকে সীমাবদ্ধ করছেন না; গান্ধী তাঁর মুক্ত-চক্র স্বয়ংসিদ্ধ বিষয়নিষ্ঠতায় দৃঢ়াস্থবদ্ধ। আর সেই কারণেই খৃষ্টের ক্রশ বিষয়ে কোনে বোঝাপড়া গড়ে ওঠেনি বরং একটা স্বতন্ত্র প্রতিহন্দীতা গড়ে উঠেছে। এর ফলে, ক্যায় সম্বতভাবে আধুনিক জাতীয়তাবাদ থৃষ্টের অভিমুখী হিসাবে মহাত্মাকে নেতা বলে গ্রহণ করে না তাঁকে গ্রহণ করে ভারতীয় ত্রাণকর্তা হিসাবে। অবশ্য সত্য বে এর নেইকিক তরকে এই-জাতীয়তাবাদ এর সকল দেবস্বকরণকে সম্পূর্ণরূপে তাৎপর্যহীন বিবেচনা করে।"

কম্যনিষ্টদের তরফ থেকে আরও বেশী সমালোচনা এসেছে। এ দের

প্রবিক্তা হলেন ওয়ালটার কবেন। ইনি আলবিধটের ইট জার্মানীর একজন প্রাচ্যতত্বিদ পশুত। যাই হোক ভোলফ্ বিনি বছবিদ ক্রিশ্চান ভাবধারার একটি প্রতিনিধিত্ব করেন তাঁর সঙ্গে মার্কনিট করেনের বক্তব্যের অনেক পার্থক্য আছে, ভোলফ্ গুরুতর বিষয়ে গান্ধীর চিন্তাধারা বাতিল করেছেন বটে কিন্তু এর মধ্যে ক্রিশ্চান অহিংসা ভাবধারাকে কালে লাগানোর ব্যাপারে একটা চ্যালেঞ্জ আছে মনে করেছেন। ভোলফ্ গান্ধীজীকে একজন গুরু হিসাবে একজন নেতৃত্বানীয় ব্যক্তিত্ব বলে গ্রহণ করেছেন এবং তিনি তাঁকে বিশ্লেষণী দৃষ্টিতে বিচার করেছেন। কবেন আবার অপ্রদিকে ঠাণ্ডা রাজনীতিবিদের মত এতটা মহৎ সমালোচক ন'ন, আর সেই কারণে তিনি গান্ধীর মতবাদের অন্তনিহিত রাজনৈতিক দিকটির নিন্দা করেন:

"এইভাবে ১৯২২ এটাকে সর্বপ্রথম প্রকাশ্যে স্থান্দের স্থার্থের প্রতি বিশাস্থাতকতা করেন। তিনি ভারতীয় বিপ্রব আন্দোলনকে তার চ্ডান্ত অবস্থায় ১৯২২ এটাকে পথে বসিয়েছেন, অথচ ভালিন ১৯১৮ এই বৈপ্রবিক সংগ্রামের অফুরপ প্রাথমিক তরক্ষের মুথে দাঁড়িয়ে বলেছিলেন: "প্রকৃতই, অক্টোবর বিপ্রব, পৃথিবীর প্রথমতম বিপ্রব শা তাঁবেদার প্রাচ্যদেশীয় মেহনতি জনগণকে তাদের শতান্দীর তক্ষা থেকে জাগরিত করেছে, এবং বিশ্বজাগতিক সাম্রাজ্যবাদের সংগ্রামে অংশ নিয়েছে। পারসীয়া, চীন, এবং ভারতবর্ষে সোবিয়েত আদর্শে থে সব আমিক ও কৃষকদের সমিতি গঠিত হয়েছে এ তার মথেট প্রমাণ হিসাবে গ্রহণ করা বায়…"

এই কথাগুলির বারা তালিন মহান সোদ্যালিট অকটোবর বিপ্লবের প্রতিক্রিয়া যা পূর্ব এবং পশ্চিম, ভারতে এবং আমাদের জার্মান মাতৃভ্যতি ঘটেছে তার প্রতিক্রিয়া দেখিয়েছেন। কেউ যদি এই বিষয়টি আরো অধিকতর সম্প্রদারিত করে তাহলে দেখা যায় যে বিপ্লবের কালে প্রতিক্রিয়া তার দালালদের অবস্থার উপযুক্ত ভ্যিকায় উপস্থাণিত করে জনগণকে বিভ্রান্ত করার জন্তা। এইভাবে গান্ধী ভারত্তের বুর্জোয়া সমাজের ও ভারতীয় ভ্র্মানীদের দালাল হিসাবে সে ভ্রিকা পালন করেছেন ভারতের প্রমিক ও ক্রমকদের আন্দোলনে তা আমাদের দেশে ১৯১০ ঞ্রীইান্দে এবং ১৯১০-এর বদস্ককালে এবার্ট ও স্থিক্থোন। নোদকে ও লেগিয়েন যা করেছিলেন

তার সক্ষে তুলনীয় তবে, গান্ধীবাদ 'সোস্যাল ডেমোক্রাটে'র নীতি নয়। কারণ গান্ধী প্রাচীন ভারতীয় দার্শনিকদের শান্তি, সন্ন্যাস, অনশন, ও স্থতাকাটা ইত্যাদির সক্ষে আপনাকে জড়িয়েছেন—তার গো-মাতার পবিত্রতা ও জাতিভেদ প্রথা। তব্, বুর্জোয়া ও ভৃত্বামীদের ত্বার্থ সংরক্ষণে তাঁকে বিপ্লবী আন্দোলনের কঠরোধ করতে হয়েছে— এবং এই ভূমিক্কা আমাদের দেশের দক্ষিণ পদ্বী স্যোসাল ভেমোক্রাট-দের অন্তর্মণ একই ভূমিকা। তে

এইভাবে গান্ধীবাদী সরকার ১৯৪৭ থেকে প্রমশিল্প বা কৃষি ব্যবস্থার ক্ষেত্রে কিছুই করেননি। এই সরকার আধা-ঔপনিবেশিক একটি পুতৃল সরকার। এরা ভূসামী ও বুর্জোয়াদের স্বার্থ সংরক্ষণ করছেন। যুদ্ধের কাল থেকে এরা আবার ব্রিটিশ সাম্রাজ্যবাদীদের সঙ্গে এক স্থবর্ণ হত্রে বাঁধা এর যুদ্ধকালীন সরবরাহের দাম দেওয়া হয় নি, এর লভ্যাংশ অ-রপান্ডরিতব্য ষ্টালিং হিসাবে লগুনকে দেওয়া হয়েছে, এেট-ব্রিটেন দ্রবাদি সরবরাহের জন্ত এমনকি ষল্পণতিও নয়, দায়ী করে রাথা হয়নি।

এই দল, তথাকথিত, কনগ্রেস পার্টি আজো ভারতবর্ষে এ তাবৎ সর্বোচ্চ শক্তিমান দল। ভারতের স্বাধীনতা অর্জন করেছে এই তথাকথিত দাবীর ক্বতিত্ব নিয়ে এই পার্টি বেঁচে আছে। এই তথ্য এঁরা চেপে গেছেন যে নৌ-বিলোহ এবং ভারতীয় জনগণ শ্রামিক ও কৃষকদের সংগ্রাম মনোভংগীই ইংলগুকে তার প্রাচীন ঔপনিবেশিক শাসন ব্যবস্থা ত্যাগ করে এক প্রচ্ছন ঔপনিবেশিক শাসন প্রবর্তনে বাধ্য করেছে। তবে ভারতের এক বৃহত্তম অংশের মোহভঙ্গ ঘটেছে এবং নেহকর অধীনে গান্ধীবাদীদের শাসন ব্যবস্থার বিক্বন্ধে অসম্ভোষ বেড়ে চলেছে এবং নেহক তার নিজের দলের একথা বজায় রাখা কঠিন বলে অক্তব্ব করছেন। মধ্যম আকারের বৃহৎ শিল্প ব্যবস্থা-শুলি ব্রিটিশ ও মার্কিন আমদানির চাপে জর্জর এবং তারা ভারতের বর্তমান ঋণভারের দিকে এবং সাম্রাজ্যবাদীদের সর্বনাশা যুদ্ধবাক্ষ মনোভংগী সভরে লক্ষ্য করছে।"

এই বিবেষপূর্ণ ভরংকর সমালোচনার মধ্যে কমানিট স্থলভ অসাধৃতা আছে প্রাসম্বতঃ মূল গ্রেট সোভিরেত এনসাইকোপিভিয়া অনেক আগে এসব অহমান করেছেন এবং তাঁরা গান্ধীর মধ্যে এক নরম বুর্জোয়া চরিত্র লক্ষ্য করেছেন এবং করালার আঠারো মানের কম্যনিষ্ট মৃথ্যমন্ত্রী ই, এম, এস নাম্বুলিপাদ কর্তৃক তা প্রতিধানিত হয়েছে। তিনি গান্ধীজীকে একজন আদর্শবাদী মনে করেন, কোনো এক কালে হয়ত তাঁর কথার মূল্য ছিল কিন্তু তিনি তাঁর আদর্শ ও নিজের জগতের সংঘর্ষ জড়িয়ে পড়েছেন। নাম্বিপাদ গান্ধীবাদ প্রত্যাখ্যান করেছেন তবে সতর্ক এবং সাময়িকভাবে। তব্, অনেক কাল আগে কে, জি, মাসকওলা বলেছিলেন গান্ধী ও মার্কস তুই বিভিন্ন জগতের প্রতিনিধি। মাসক-ওলার গ্রন্থের ভূমিকায় অহিংস বিষয়ে গান্ধীর প্রথম উত্তরাধিকারী বিনোবা ভাবে বলেছেন—গান্ধী ও মার্কস বিভিন্ন ওজনের ও আকৃতির কুদলান্তরবাদী যার রাজনৈতিক ফলাফল মার্কসিষ্ট বিজয়ের ফলে বিপর্যয়কারী হয়ে উঠ্তে পারে। গান্ধী তাঁর কাছে মহাত্মা, মার্কস মহামুনি—মহান চিন্তানায়ক।

যাঁরা গান্ধিজীর ব্যক্তিত্ব ব্যাপারে জড়িয়ে পড়েছিলেন তাঁদের মধ্যে গুন্তাভ মেনস্থিত মহাআজীর সাফল্যের হিসাব নিকাশ করার চেষ্টা করেছেন এবং এই সিন্ধান্ত করেছেন যে কিছু পরিমাণ একদেশদর্শীতা এবং ভারতীয় ঐতিহ্যের সক্ষে অধ্যাত্মিক ধর্মীয় সংমিশ্রণ জনগণের হৃদয় জয় করার জয় তাঁর অয়তম হাতিয়ার। রবীক্রনাথ ঠাকুর এই বিষয়ে সচেতন ছিলেন, যুরোপ ভ্রমণ কালে তিনি এই বৈপরীত্য বিষয়ে উল্লেখ করেন যে প্রাচ্য ও পাশ্চাত্যের সংস্কৃতির সহযোগীতা লাভের উদ্দেশ্যে তিনি পাশ্চাত্যদেশে এসেছেন, অথচ গান্ধিজী অদেশে বলেই অসহযোগ প্রচার করছেন। গুন্তাভ মেনস্থিত তুই ভারতীয় মনীবীর মধ্যে এই বৈপরীত্য বিচার করে যা দেখেছেন তা বর্তমান দেখককে ভারতীয় জীবন ধারা হৃদয়ক্ষম করার উপয়ুক্ত প্রমাণ সরবরাহ করেছে:

"আর এই ভাবে ছই মহান ভারতীয় পরম্পর বিরোধী।
আমরা তাঁদের ত্জনকেই দেখি আদিম বৈপরীভ্যের মৃখ্য প্রবক্তা
সারা বিশ্ব জুড়ে এ এক পৌনপৌনিক বৈচিত্তা, মাস্থবের জগতের হা
কিছু পবিত্র এবং মহৎ ভার অস্তানিহিত টাজেভি একে ঘিরে আছে।
গান্ধী স্বয়ং স্বাধীন এবং পবিত্র আদুশের জগতে বিচরণ করেছেন।
ভার স্বদেশীয় জনগণের জীবনের সামাজিক অভিশাপ দ্র করার
প্রয়োজনে তিনি তাঁর অন্তরের সমন্ত শুভশক্তিকে বর্তমানের সম্প্রা
সমাধানে নিযুক্ত করেছেন বাকী আর সব কিছুকেই গুরুজের দিক
থেকে অপেকারুত তুচ্ছ বিবেচনা করে সরিয়ে রেথেছেন। তথাপি

জনগণের আভ্যন্তরীণ স্বাধীনতা বিষয়ে কোনো সহাক্ষ্পৃতি নেই তাই তাঁরা তাদের নেতার বাণীর প্রতি সন্ধ বিশাসে মাক্ত করছে। এই বিষয়ট রবীন্দ্রনাথকে উৎপীড়িত করেছে। যাই হোক ষদিও কবি তাঁর নিজস্ব জগতের মধ্যে আত্মার পবিত্রতা সংরক্ষণে সচেষ্ট তথাপি জনগণকে স্বাধীনতার অভিষানে নেতৃত্ব দিতে অপারক হয়েছেন। জনগণের মধ্যে আধ্যাত্মিক ও পবিত্র ষোগামোগ বিষয়ে এ এক চিরস্তন দল্ব। আর তবু, আগে আর কথনও জনগণ আত্মিক শক্তিতে প্রভাবিত কোনো ব্যক্তিত্বের নেতৃত্বে এমন বিময়কর ভাবে চালিত হয়নি কিংবা এমন নিরাপদ ভাবে তাদের আসর জনতাহালভ প্রবণতাকে দাবিয়ে রাখতে পারেনি ভারতের গান্ধীর মত একাজ আর কেউ পারেননি। আর কোথায় রাজনীতিবীদ এভাবে জনগণের অপরিণত অবস্থার অকপটে স্বীকার করেছেন। নিজের উপর সমন্ত দায়িত্ব গ্রহণ করে ব্যাক্তিগত ভাবে তার জক্য প্রায়ণ্ডিত করেছেন গ্"

হিটলার জার্মানীর ঘারা আর একটি সংলাপ প্রজ্ঞলিত হয়। তৃজন মণীধীর মধ্যে এই সংযোগ ঘটে। গান্ধিজীর 'হরিজন' পত্রিকায় (১৯৩৮-এর ২৬শে নভেম্বর তারিথে) একটি প্রবন্ধ প্রকাশিত হয় ঘার মধ্যে জার্মানীর ইত্দীর অহিংস নীতি গ্রহণের উপদেশ দেওয়া হয়।

মারটিন ববের বেকজালেম থেকে এর উত্তর দিয়েছিলেন, ববের জার্মান ইছদি বিদগ্ধ সমাজের প্রাক্তন প্রধান এবং পরে ইপ্রায়েলী বৃদ্ধিজীবিদের বিশেষ উল্লেখবোগ্য প্রবক্তা। ববের ১৯৩৯-এর ২৪শে ফেব্রুয়ারী তারিখে ষা লিখে-ছিলেন তা এক ষম্রণাকাতর উত্যক্ত মনের পরিচায়ক:

"ইছদীরা অত্যাচারিত, লুপ্তিত, অসং ব্যবহারে জর্জর। তাদের উংপীড়ন করা হচ্ছে। আর আপনি মহাত্মা গান্ধী। তাদের স্বদেশেই এই অবস্থার সঙ্গে দক্ষিণ আফ্রিকার ভারতীয়দের অবস্থার তুলনা করেছেন—তুলনা করেছেন আপনি যথন ''সত্যের শক্তি" বা সত্যাগ্রহ করেছিলেন তার সঙ্গে। আপনার মতে, ভারতীয়রা ঠিক এই অবস্থায় ছিল আর সেখানকার লাঞ্ছনার মধ্যেও একটা ধর্মীয় স্পর্শ ছিল। সেখানেও সংগঠন শাদা এবং কালোর মধ্যে এশিয়াবাদীগণ সমনীতি থারিক করে দিয়েছিলেন। আমি আপনার

প্রবন্ধের সমগ্র অংশের প্রতি ছত্ত বার বার পড়েছি, তার অর্থ বুঝিনি। আমি আবার আপনার দক্ষিণ আফ্রিকা পর্বের ভাষণ ও রচনাবলী আচাৰ পড়লাম-অামি অবশ্য এসৰ বেশ ভালোভাবেই জানভাম এবং আমি গভীর মনোযোগ ও কল্পনা সহকারে আপনার প্রাক্তি অভিযোগ সম্পর্কে চিত্র রচনার প্রয়াস করেছি; আপনার তৎকালান বন্ধ এবং ছাত্রগণের রিপোর্টের সঙ্গে তা শিথিয়েছি। কিন্তু এমার আপনি আমাদের বিষয় যা বলতে চেয়েছেন তা বোঝার পঞ্চে ক্ষার সহায়ক হয়নি। আমার কাছে সর্বপ্রথম পরিচিত ১৮৯৬ াটি ক প্রদত্ত আপনার একটি ভাষণে व्यापिन मृष्टोख हिमार्व कर किराय घटना छरल्य करब्रहिलन। আপনার শ্রোতারা ধিকার চচাবণ করেছিল। একদল যুরোপীয় একটি গ্রাম্য বিপন'তে আগন দিয়েছিল এবং কিছু ক্ষত সাধন করেছিল, আরেকজন শহুধের মল একটি দোকানে কিছু আগুনে বাজী ছু ডেছিল। আমি খাদ এর বিপরীত হিসাবে হাজার হাজার ধ্বংসপ্রাপ্ত এবং ভদ্মীভূত কলা ব্যবসার কথা উল্লেখ করি তাহলে আপনি হয়ত বলবেন 🕾 📆 টা পরিমাণে, উভয় কার্যই একই ধরণের। কিন্তু মহাত্মা খ<sup>া</sup>ন কি সিনাগোগ (ইন্তুলী ধর্ম মন্দির) ভন্মীভূত করা বা পবিত্র পুট্র লোভানোর কথা জানেন না ? আপনি কি জানেন প্রাচীন এই তপ্রদায়ের কি পরিমাণ পবিত্র সম্পত্তি আগুনের কবলে গেছে: ''ম কখনও শুনিনি ব্যর বা ব্রিটিশরা দক্ষিণ আফ্রিকায় কোনে। <sup>পিন্</sup> মন্দিব স্পর্শ করেছে। আর তার পর আমি ঐ ভাষণের থাব এক স্বস্পষ্ট অভিষোগের বিরুদ্ধে বলতে চাই; তিনজন ভারতীয় ফুল 'শক্ষক রাত ন'টার পর পথে বেরিয়ে-हिल्लन, कांत्रिके बाहरनय पर्यानना कता छाएमत छएएए हिल। তাদের গ্রেপ্তার করা হয় ও পবে ছেড়ে দেওয়া হয়। আপনি যে সব দৃষ্টান্ত দিয়েছেন তা এই পর্যন্ত। কিছু মহাত্মা, আপনি কি জানেন না বন্দীশিবির (কন্সেন্ট্রশন ক্যাম্প) কাকে বলে, সেথানে কি হয়. কনদেনট্রেশন ক্যাম্পের উৎপীড়নের আকৃতি কি এবং ধীর ও জ্বত হত্যা করার পদ্ধতি কি ?

বর্ডমান শাসক সম্প্রদারের অধীনে যে পাঁচ বছর আমি

কাটিয়েছি, আমি ইছদীদের তরফ থেকে অনেক স্ত্যাগ্রহের দৃষ্টাস্ত দেখেছি। তারা তাদের অধিকার ত্যাগ করতে চায়নি বা পদদলিত হতে চায়নি, তারা কিন্তু কোনো রকম সহিংসা প্রতিরোধ করে না। তাদের এই মনোভঙ্গীর ফলাফল এড়ানোর জন্ত কোনো রকম ছল-চাতুরীও করেনি। যাই হোক স্বভাবতঃই অপর পক্ষে মনে এত-ঘারা কোনো পরিবর্তন ঘটেনি।

যাই হোক এই সব কিয়া কলাপে বিপক্ষের ওপর কোন প্রতিক্রিয়া ঘটেনি। স্থানিচিতভাবে এমন এক প্রাণশক্তির পরিচয় বারা দিয়েছেন তাঁদের প্রতি শ্রদ্ধা ও সম্মানের অভিব্যক্তি। কিন্তু যাকে কার্যকরী মনে করা যায় এমন সাধারণ আচরণবিধির প্রতিশ্রুতি হিসাবে আমি জার্মান ইহুদীদের তরফে এটি স্বীকার করে নিতে পারি না! অবিচারশীল আত্মার প্রতি একটা কার্যকরী অহিংসা মনোভঙ্গী গ্রহণ করা যায় ধীরে ধীরে তাদের মধ্যে একটা বোঝাপড়া বিষয়ে শিক্ষা দানের ভিত্তিতে কিন্তু এই ভাবে কেউ একটা দানবীয় বিশ্বজনীন ধীম রোলারের সামনে দাঁড়াতে পারে না। এমন অনেক পরিস্থিতি আছে যেথানে দৃঢ় চিত্তের সভ্যগ্রহ কথনই সত্যের শক্তির সভ্যাগ্রহ হতে পারে না। 'শহীদত্ব' কথাটির অর্থ প্রমাণ; কিন্তু দেই প্রমাণ প্রভাক্ষ করার জন্ম যদি কেউ না থাকে তাহলে কি হয় গু"

লেথক জিওর্জ জেনৎসথ এই সংলাপটি বিষয়ে নিম্নলিথিত মস্তব্য করেন:

"গান্ধী এবং ববের এই তুই মহামনীষীর মধ্যে যে বিরোধ যা ১৯৩৯-এ একটি থিতকিত প্রশ্ন ছিল। এখন তার সোজা উত্তর দেওয়া যায়। মারটিন ববের একথা ঠিকই বলেছেন যে অহিংসা একতরকাভাবে সব মানবিক সমাজে প্রযোজ্য নয়। এই বিধি প্রয়োগ করতে এক নতুন ধরণের মাহ্য প্রয়োজন। গান্ধী যখন বলেছিলেন যে মনের থড়গ। 'একটি অমূল্য এবং অতুলনীয় অল্প এবং যায়া এ অল্প ব্যবহার করতে জানেন তাঁরা কথনও প্রতিহত হন না। পরাজয় বরণ করেন না—' তখন তিনিও ঠিক কথাই বলেছেন।"

৯ই সেপ্টেম্বর ১৯৩৯-এ যুদ্ধের অল্লকালের মধ্যেই মহাত্মাজী যথন হিটলারকে

আবেদন জানিয়েছিলেন যুদ্ধবিরতির জন্ত সম্ভবত: মার্টিন ববেরের উক্তিতে তিনি প্রভাবিত হয়েছিলেন। গান্ধীজীর এই পত্র অবশ্য 'ডকটেটরের হাদরের পরিবর্তন ঘটায়নি। তবে এর মধ্যে এই পত্তের সাধু প্রকৃতির লেথকের বিখাদের পরিচর পাওয়া যায়। তিনি বলেছিলেন যে তাঁর বন্ধুরা মানবিক্তার নামে হিটলারকে এই পত্র লেখার জন্ম প্রণোদিত করেছিলেন। এখনও পর্যস্ত আমি তার মনোভংগী পুরণ করিনি। তাঁর অহুভৃতির ঘারা মনে হয়েছিল ষে এই পত্রটি হয়ত ঔদ্ধত্যের পরিচায়ক বিবেচিত হবে। কিছু এখন তিনি দেখবেন যে এই মনোভাবের প্রতি আছো প্রদর্শনের প্রয়োজন ছিল না কারণ একটি মহৎ উদ্দেশ্যের জক্তই তাঁকে হিটলারকে পত্র দারা আবেদন পাঠাতে হয়েছিল। তিনি হিটলারকে বলেছিলেন যে হিটলারই একমাত্র ব্যক্তি **যিনি** ষে যুদ্ধ মানব সমাজকে আবর্জনাম্বপে পরিণত করতে পারে সেই যুদ্ধ রোধ করতে পারেন। তিনি প্রশ্ন করেছিলেন কোনো উদ্দেশ্যের পূরণে কি প্রকৃত-পক্ষে এই মূল্য দেওয়া যায়। উদ্দেশ্য ষতই মূল্যবান মনে হোক ভিনি হয়ত শাস্তির আবেদনে সাড়া দেবেন। বিশেষতঃ সেই মাত্রবের আবেদন থিনি যুদ্ধকে একটা উপায় হিদাবে পরিহার করেছেন বিশেষ যত্ন সহকারে বিবেচনা করে এবং তাঁর প্রচেষ্টা কার্যকরীভাবে সাফল্যমণ্ডিত হু েছিল।

১৯৪১-এর ক্রিদমাদে গান্ধী আবার হিটলারকে পত্র দিলেন। কিন্তু এই দিতীয় পত্রতি ব্রিটিশ কর্তৃপক্ষ আটক করলেন। এই পত্রে গান্ধী হিটলারের কাছে অন্থনয় করেছিলেন, ( ধিনি অবশ্য চিঠিখানি কোনদিন দেখতে পাননি ) হিংদার গরিমা প্রচারে বিরত থাকতে এবং শান্তির মহৎ আদর্শকে অন্থনরণ করতে।

ধর্ম এবং রাজনীতির সীমানার যে কঠোর সংলাপ চলেছে ভার থেকে আমাদের অধিকতর প্রীতিপদ ক্ষেত্রে তাকান যাক—দেখানে শুধুমাত্র বিশাসের আশ্রয়। এইখানে আমরা সেই প্রত্যাবর্তনের পথে আবার ফিরে আদি। ভামিলদেশবাদী দার্শনিক রাজনীতিবিদ ডাঃ সর্বপল্পী রাধারুষ্পণের প্রসঙ্গে। ১৯৬১-তে জার্মান বুক ট্রেডের 'পীদ প্রাইজ' গ্রহণ করা প্রাচ্য ও পাশ্চাত্যের অধ্যাত্মিক বহিরেখাকে গ্রহণ করার ব্যাপারটিকে তুলে ধরেছে।

Gesprach mit Radhakrishnan ( রাধাক্তফণের দক্ষে সংলাপ )-নামক শিরোনামে Stimmen der Zeit ( যুগের স্বর ) নামক পত্তে যোগেফ নেউনার এই বিষয়ের এক সংবেদনশীল রেখাচিত্র এ কৈছেন:

''এইভাবে, রাধাক্তফণ এবং গ্রীষ্টধর্মের ষদি ফলপ্রস্থ সংযোগ ঘটে ভাহলে যে যেমন দেই ভাবে তাদের উভয়কে আমরা গ্রহণ করতে পারি এবং সংযোগের বিনুগুলির সন্ধান করতে পারি। একটি প্রশ্ন তুলে স্থক করা যাক, প্রথম দর্শনে বিষয়টি হয়ত পাগলামি মনে হবে; কি কারণে রাধাক্বফণের রচনা আমাদের কাল ও যুগের পক্ষে এতখানি উপযোগী মনে হয়, এত বেশী সংখ্যক আধুনিক মান্তবের দৃষ্টি ও অমুমোদন লাভ করতে পেরেছে কেন ? আমরা বহিজাগতিক এবং আকম্মিক বিষয়গুলি এড়িয়ে বাই, তাঁর স্থদ্র প্রসারী বিশাল শিক্ষা, প্রকাশ করার অত্যাশ্চর্য শক্তি, তাঁর ব্যক্তিত্বের বীর্যবস্তা এবং সর্বোপরি তাঁকে যে প্রাচ্যদেশীয় সৌরভ ঘিরে আছে তার জন্ত তিনি বিশিষ্ট। এইসব হয়ত তার আবেদন বুদ্ধির সহায়ক হয়েছে; তবুপ্রক্রত হেতুপাওয়া যাবে তাঁর ভাবাদর্শের মধ্যে। এই সবই কয়েক মূলকণায় একীভূত করা যাবে; তাঁর বিশ্বজনীনত, যা পৃথিবী ও মানব সমাজের একত্বকে স্বীকার করে, তাঁর বীর্যবতা, বা সকল মাতুষের সকল সম্প্রদায়কে উপলব্ধি করার জন্ম সদা অগ্রসর. এবং সকল পার্থিব বম্বর স্বীকৃতি ··

আমরা থাঁরা ক্রিশ্চান তাঁরা কি এই থেকে একটি জ্ঞান পাই না? হয়ত বিশ্বশাস্তির ব্যাপারে একটি বিশেষ প্রয়োজনীয় অবদান হল অপরের কাছ থেকে জ্ঞান নেওয়ার আগ্রহ। এমন নয় যে 'গস্পেল' (ধর্মগ্রন্থ) এর সঙ্গে যুক্ত করতে হবে, যার ফলে আমরা আর একবার তার মৌলিক শক্তির পাঠ নিতে পারি।"

আরও অনেকে এই সংযোগে যোগদান করেছেন, তাঁদের মধ্যে আছেন ওছম, ভোলফ্, বাদেডাউ এবং হিঙ্কিগায়— মাত্র কয়েকটি নাম উল্লিখিত হল। ক্যাথলিক চিস্থাবিদ কার্ল রাহ্নার আর একভন যিনি আমাদের কালের এই সংলাপের গুরুত্ব বিষয়ে জোর দিয়েছেন। ম্যুনিথ য়ুনিভাগিটির ধর্মীয় ইতিহাস ও ঈশরতত্ব বিষয়ের অধ্যাপক হিসাবে রোমানো গুরারদিনির উত্তরসাধক রাহ্নার প্রকৃত সংলাপ যে ঠিক কি বস্তু তা নির্দেশ করেছেন এবং সত্র্ক করে দিয়েছেন—'কাপুরুষ হলভ সংক্রাদী সংলাপ, এই জাতীয় সংলাপে অংশগ্রহণকারীরা তাঁদের নিজন্থ বিশাসকে যথোচিত গুরুত্ব সহকারে এগিয়ে নিয়ে যান না, ফলে তাঁরা সত্যক্থা বল্তে পারেন না, কারণ তাঁদের প্রস্পারকে অর

কথাই বলার থাকে।" ১৯৬৫ গ্রীষ্টাব্যের ২৬শে জুন তারিখে যথন তাঁকে রিউখ্লীন পুরস্কার দেওয়া হয় তথন পি ফরৎহাইদে প্রদত্ত এক ভাষণে এই কথা বলে তিনি তাঁর ভাষণ সমাপ্ত করেন:

"দিশর যদি আমাদের শত্রুকে ভালোবাসার নির্দেশ দিয়ে থাকেন ভাহলে তিনি নিশ্চয়ই আমাদের কঠোরতম সংলাপকে প্রীতির বাক্যে ভরে দেওয়ার অহুজ্ঞা দিয়েছেন। তব্ ষেথানে ভালোবাসা আছে সেথানে তা মিলনের সহায়ক হয়েছে। এই কারণে কোনো প্রকৃত সংলাপ পরীক্ষিত এবং সাধারণভাবে অধিকৃত সভ্যের আলোকে প্রকাশিত সীমাহীন প্রয়াস, আমাদের অস্তরের অন্তঃয়লে তা আগে থেকেই অবস্থিত, অবশ্য যদি আমরা এই অবস্থা কামনা করি ভাহলে এ সেই প্রেম যা প্রভায়বোগ্য।"

এই কথাগুলির আলোকে এ কথা বোধগম্য নয় বে মহন্তম ক্রিশ্চান চার্চের মধ্যে, রোমান ক্যাথলিকরা অ-গ্রীষ্টানদের সঙ্গে এবং অ-একেশ্বরাদী জন্দে সংযোগ সাধনে প্রস্তুত কেন ? এই আলাপাচারের দপ্তরের নেতৃত্ব করছেন ভিয়েনার আর্চবিশপ কাভিনাল ফ্রানং কোনিগ, ইনি ১৯৬৪-র তরা ভিসেম্বর তারিথে বোম্বাই শহরে ইউকারিষ্টিক কংগ্রেসে ভাষণ দান করেন। সেখানে তিনি সকল ধর্ম সম্প্রদায়ের সদস্তদের ভাতৃত্বমূলক সংযোগের পথ প্রদর্শন করেন, এই কথা প্রকাশ করে যে ক্রিশ্চান চার্চগুলি একটা সংলাপে ব্রতী হতে নতুন করে আগ্রহী হয়েছেন। বোম্বাই শহরে তথন স্বয়ং পোপও উপস্থিত ছিলেন; এখানে একটি বিষয় লক্ষ্যণীয় যে প্রধানতঃ হিন্দুপ্রধান দেশে এই ব্রিষ্টার সংলাপের প্রবক্তা হলেন একজন জার্মানভাষী গ্রীষ্টার মাজক। কাভিনাল কোনিগের ভাষণ যা Echo der Zeit নামক রেকলিং হসেনেয় প্রিকার ১৯৬৫-র ৬ই জুন তারিথে প্রকাশিত হয় তার নিম্নোধৃত সারাংশ থেকে বোঝা বাবে এই সংলাপ কত ব্যাপক হতে পারে:

"আমরা যে পৃথিবীতে বাদ করি তা ক্রমশঃ অধিকতর ভাবে অর্থনৈতিক ও কারিগরি ব্যাপারে একটা সমতার শুরে পৌছাচ্ছে অথচ গুরুত্বপূর্ণ অধ্যাত্মিক বৈপরীত্য বিষয়ে কোনো বোঝাপড়া হচ্ছে না। ঘন কালো মেঘে ছাওয়া এই পৃথিবীতে শান্তিপূর্ণ ঐক্য সাধনে সর্বাধিক প্রয়োজন একটা পারস্পরিক অধ্যাত্ম বোঝাপড়া আমাদের সকলের শুভেচ্ছাকে দৃঢ়তরকরণ। পারস্পরিক অবিশাস

দূর করতে হবে , পরস্পরেব প্রতি হৃদয়ের দ্বার উন্মুক্ত করে দিতে হবে। আমাদের পরম্পরের মধ্যে সংলাপ প্রয়োজন। এই সংলাপ এমন হবে ষদারা বোঝাপড়। এবং শান্তি বৃদ্ধি পায়—আমি আপনাদের সকলকে আত্শয় আন্তরিকতার সঙ্গে এবং বিনর সহকারে আমন্ত্রণ জানাই। আমাদের এই সংলাপ স্থক করার প্রচেষ্টার আরও অকটি হেতু গাড়ে: বর্তুমান জগৎকে যে সমীকরণ প্রয়াস ও সম্পূর্ণ রূপান্তরকবং প্রয়াস দিরে আছে তার জন্ত। আধ্যাত্মিক ও নৈ:তিক মৃশ্যানাগকে সংব্ৰহ্মণ করতে হবে এবং আমাদের বর্ত মান কালের দগ্রোগী করে তাকে এক স্থরে বাঁধাই হল বত মান কালের স্বা 🖙 প্রয়োজনীয় এবং স্বজনীন দায়। এ সমস্তা বিশ্বব্যাপী এবং খা'র ব মূল্য বিষয়ে যাঁরা বিশাসী তাঁদের সকলকে একযোগে আন্দো<sup>ু</sup>ন করতে হবে, কান্ধ করতে **হ**বে। এই ভাবনার মধ্যেও আছে স'ল'পের একটি প্রস্তাব, সেই সংলাপ ষা পারস্পরিক বোঝাপডাকে 🛶 করে। আমরা যাঁরা ক্রিশ্চান, তাঁদের কাছে এ কথার এথ : যে মহান্ অ-এটান ধর্মতগুলির প্রতি আন্ধানিয়ে এবং তাদের মূল বিষয় অন্তরে সপ্রশংস মনোভঙ্গী নিয়ে সংলাপ স্থক করতে হবে একথা সভ্য যে যুরোপীয়গণ এবং মাঝে মাঝে কিছু বিদেশা 'মালাবিবাও ভুল করেছেন। তাঁরা ধদি আপনাদের অহুভৃতিকে ক্ষ্ম কে েথাকেন এবং আপনাদের সাংস্কৃতিক ও ধর্মীয় ঐতিহ্যের সৌন্দর্গ ও মহত্ব বিষয়ে যথেষ্ট সচেতন না হয়ে পাকেন ভাহলে আমার প.ক । প্রকৃত বিষাদ ও তু:পের কারণ।

অ-থৃষ্টান ধর্মনতগুলি যা এখানে সম্মানিতভাবে প্রতিনিধিত্ব করছেন তাঁদের সঙ্গে আম । শুরু মানবিক পরিণামের দিক থেকে সমস্রোণীর তা নয় অমরত্বের কাননা শুধু ঈশ্বরের সঙ্গে সংযোগের মধ্যে পাওয়া যায় । এ কামনা পাওয়া যায় সেই ধ্যানের মধ্যে বর্তমান যে ধ্যান ধারণা স্বাষ্টর প্রথম দিন থেকে মানব মনের সহচর । যে ঈশ্বর আমাদের নিঃশাস ও শক্তিদান করেছেন, জীবন দান করেছেন তাঁর বিষয়ে মহান বাণী উচ্চারিত হয়েছে হিন্দু ধর্ম, ইসলাম ধর্ম, বৌদ্ধ ধর্ম. জরপুষ্টিয় ধর্ম প্রভৃতির ধর্মগ্রন্থে । পৃষ্টানদের স্থাভীর বিশাস যা আমাদের প্রিজ্ঞ ধর্মগ্রন্থে আছে আমি তার প্ররাকৃত্তি করতে চাই না । উপনিষদাবলীর (বৃহদারণ্যক উপনিষদ) মধ্যে আলোক ও অমরত্ব বিষয়ে একটি প্রার্থনা আছে, তার মধ্যে আমরা অন্তিম লক্ষ্যে পৌছানোর জন্ত মান্তবের বাসনার এক অভিব্যক্তি পাওয়া যায়—

> "অসতো মা সদ্গময় তমসো মা জ্যোতিগময় মৃত্যোহমামৃতং গময়"

বৌদ্ধর্য আমাদের পরিবর্তনশীল জগতে একটা আত্যস্তিক অসম্পূর্ণতা বোধ করেন এবং এই শিক্ষা দান করে যে মানব সন্তান কিভাবে দৃশ্য এবং স্পর্শন যোগ্য সংসারে স্থদ্রে এক শান্তির আশ্রয়ে নিয়ে যেতে পারে শুধু মাত্র ত্যাগ ও তিতিক্ষার দ্বারা, এইভাবে সকল ধর্ম মানব জীবনের হেঁয়ালির একটা সমাধানের চেষ্টা করেছে: মামুষ কোথা থেকে আসে? মামুষ কোথায় ষায়? কি ভাবে মামুষ এ জগতে তার অন্তিজের প্রতি ক্তার বিচার করে প্রকৃত শান্তির পথে পৌছাতে পারে? যদি আপনার এবং আমাদের ধর্মে এই প্রশ্নগুলির জ্বাব বিভিন্ন ধরণের হয়, তাহলে সেই স্বজনীন উদ্ভব হত্ত্র মানব জীবনের কামনা-বাদনা একটা সংলাপের পক্ষে উত্তম যোগছত্ত্র এবং তার দ্বারা অধিকতর গভীর এবং পারস্পরিক বোঝাপ্ডার ক্ষেত্রে পৌছাতে পারি।

খৃষ্ট কোনো বিশেষ জাতি বা কোনো সংস্কৃতির অন্তর্ভুক্ত ন'ন।
মহাত্মা গান্ধী বিশেষভাবে বলেছিলেন যে খৃষ্ট ভারতেও ঋদ্ধার পাত্র।
তিনি খৃষ্টের প্রতি ভারতের শ্রন্ধার অভিব্যক্তি প্রকাশ করেন।

আমাদের এমন এক সহযোগীতায় পৌছানো যাক যেথান থেকে আমরা আপনাদের স্বদেশ বিষয়ে আপনাদের প্রেমকে স্থান করবে, অপর দিকে সেই মনোভংগীর সমাজ দেবা এবং সর্বজনীন অধ্যাত্মিক মূল্যবোধের প্রতি অধিকতর জোর দেওয়ার ব্যাপারে ফলপ্রস্থ হবে। এইভাবে আমরা অধ্যাত্মিক বাস্তবতার অন্তর্নিহিত সত্য বস্তার সাক্ষ্যদান করতে পারব এবং আমাদের সম্প্রদায়ের অভ্যন্তরে ও বাইরে বারা ঈশরে বিশ্বাদী ন'ন সেই মাহ্বকে ঈশর আবিস্কারে সাহায্য করতে পারব।

অর্থনীতি এবং সভ্যতার ক্ষেত্রে আজকের জগৎ মহন্তর দৃঢ়তার

পথে পৌছেচে। সীমানাগুলি ক্রমশঃই মৃছে যাচ্ছে, ভাতিসমূহ এবং 
দারা বিশের সংস্কৃতি আজ একযোগে চল্ছে। কিন্তু রাজনৈতিক ও
ভাবগত সংঘাত, অস্ত্রশস্ত্রের কলাকৌশল, শাস্তি ও মানব সমাজের
শান্তিপূর্ব দম্পর্ক স্থাপনের পক্ষে এক ক্রমবর্ধমান সংকট হয়ে উঠ্ছে।
ধর্মহীন মাহ্ম আজ পর্যস্ক, এই সংকটের সম্মুখীন হওরার পক্ষে দম্পূর্ণ
অসমর্থ। আমি বিশাস করি যে বিশের সর্বধর্মের পারম্পরিক
সহযোগে শান্তির পক্ষে এবং জাতির প্রকৃত ঐক্য সাধনের প্রস্তৃতিতে
প্রচ্ন্তু সহায়ক হয়ে উঠ্বে।

স্বার্থহীন ভাবে এবং বিনয়ের সঙ্গে আমাদের উদ্বেগ আকুল সমকালীনদের ধর্মের আলোক এবং শক্তির সাহায্যে শাস্তির পথ সন্ধানে সচেষ্ট হতে হবে।"

বোদাই শহরে ক্যাথলিক খুই ধর্ম হিন্দুধর্মের প্রমূধ প্রতিনিধি রাধাক্তফণের সঙ্গে একত্র মিলিত হয়েছেন। শেযোক্ত ব্যক্তি ধেমন পাশ্চান্ড্যের সঙ্গে হিন্দু সংযোগ দ্বাপনে কাজ স্থক করেছেন বিবেকানন্দের আদর্শে অক্সপ্রাণিত হয়ে তেমনই ফ্রাক্ড্ ট্-মন-মেইনে কাডিনাল কোনিগ্ এই মহান হিন্দুর আহ্বানে সাড়া দিয়েছেন প্রেম এবং সহনশীলতার মনোভংগী নিয়ে।

এই সংখোগের শহরে সক্রিয় ছিলেন ফাদার ক্লাউস ক্লাইরমেয়ার, ইনি অনেকগুলি বিশেষ গুরুতপূর্ণ গ্রন্থের রচয়িতা, যারা হিন্দুধর্ম ব্রুতে চান এই গ্রন্থেলি তার পক্ষে বিশেষ সহায়ক, (Hinduismus, কলোন-১৯৬৫, ও Christ und in Vrindaban, কলোন ও ওলটেন, ১ ৬৮) এই লেখক সম্পূর্ণ হিন্দু পরিবেশে বক্তৃতা দিয়েছেন (বৈষ্ণব বিশ্ববিদ্যালয়—মথুরায় রুষ্ণ-দুশুপটে অবস্থিত)। শিক্ষা এবং অভিজ্ঞতার ফলে তিনি ভারতীয় ও হিন্দু অধ্যাত্মতত্ম বিষয়ে কথা বলার পক্ষে বিশেষ অধিকারী। মৃক্তির পথ, মৃক্তিভত্ম এবং দর্শন বিষয়ে ক্লাইরমেয়ারের বিশ্বেষের মধ্যে যে প্রেম ও হুগভীর অন্তর্গু পরিচয় পাওয়া ষায় সেই অধিকার খ্ব অল্প লোকেরই বিভিন্ন ধর্ম বিশ্বাস ও সংস্কৃতির মধ্যে সংযোগ স্থাপনের জন্ম ক্লাইরমেয়ার বিশেষ উল্লোগ ও আগ্রন্থ প্রদর্শন করেছেন।

হোরদট বরকলে Dialog mit dem Osten (প্রাচ্যের দক্ষে দংলাপ)
নামক গ্রন্থের লেখক। তিনি নতুন জগতের আসন্ন রূপরেখার উদ্ভবে এক
বিশ্বজনীন সংলাপের কল্পনা করেছেন। বাই হোক এই নব নিধারিত

দেহ বন্ধিমার এখন অমর-মূল্যবোধ এবং সত্যের, প্রাচীন রূপ প্রকাশিত, এই মূল্যবোধও সত্য আন্ধো অক্ত অঞ্চলে তার প্রভাব বিস্তার করে।

> "রাধারঞ্চণের মনোভংগী আমাদের কাছে বিশেষভাবে ভারতীয় মনে হতে পারে, কিন্তু তা-এক নতুন অবস্থার প্রাত দৃষ্টি আকর্ষণ করে। গদ্পেলের বাণীকে ক্রমশংই স্বীকার করে নিতে হবে। একটা বদ্ধ এবং আত্মকোন্দ্রক পেগানবাদ উদ্বোধত হয়েছে। আধুনিক যুগের অভিমুখী ক্রমবিকাশ আমাদের কাছে যুগব্যাপী প্রগতিশীল পদ্ধতি বলে মনে হয়েছে, সেই সব অঞ্লেব ক্ষেত্রে যে সব অঞ্চল এতাবংকাল তাদের নিধস্ব ধর্মনত থেকে নিদেশ এবং ভাবধারা সংগ্রহ করে এসেছে। পারিপার্থিকতার এই পরিবর্তন একযোগে বাকী জগৎ সংসাবের সঙ্গে এক ঘনিষ্ঠতার স্থােগ এনে দিয়েছে যা আগে কোনো কালে জানা ছিলনা, এর সমস্ভাবলী একটা জবাব চায কারণ বর্তমান কালেব সমগ্র মানব সমাজের কাছে এ এক গুক্তর প্রশ্ন। এই ভাবে পেগান মানব ও তার ধর্মীয় **জরুরীছ** হাবিষেছে। তাব ধনীয় অত্মসমাহিত অবস্থার **দঙ্গে পরিবর্ডিড** পরিবেশ জনিত পরিস্থিতিব মধ্যে একটা বিস্তীর্ণ ফাক স্বষ্ট হয়েছে। একদিকের ফাঁক বর্তমানের ক্ষতিকে আতংকিত কবছে, যে বর্তমান জীৰ্ণ ধৰ্মীয় বন্ধনগুলিকে নিৰ্বাদিত কৰে এমন এক স্বাশয়তাৰ মধ্যে निर्ध এमেছে या ঐতিহাসিক দিক থেকে অর্থহীন। সেইদিকের ফাঁক একটা দামগ্রিক দাংদারেকতার অপেক্ষায় আছে যে সাংসরিকতা তাকে এত বেশীভাবে গ্রাস করেছে যে নব আবিশ্বত জাগতিক অন্তিত্ব তার কাছে বিশ্বাদের প্রতিভূ হয়ে দাঁডিয়েছে।

> এই ফাঁকটিকে বন্ধ করাব প্রচেষ্টায় পিতৃপুক্ষের ধর্মকে রূপাস্তরিত হতে হয়েছে।

> এর ফলাফল যে কি তা বিশেষভাবে রাধারফণেব অভিজ্ঞতায় প্রদর্শিত হয়েছে। তিনি যে কাব্দে এতী হয়েছেন তা হল নিজের ধর্মমতের বলবন্তা বিচার করেছেন বর্তমান জগতের প্রশ্নের পরি-প্রেক্ষিতে। যা অবশ্রন্তাবী তা ঘটে: যিনি আধুনিক মাছ্মবেশ্ব ব্যাপারে যুক্ত হয়ে পড়েন এবং তার ফলে পৃথিবীর সম্প্রা এবং

জীবনের সমস্থার মুখোমুখি এসে পডেন, সেই আধুনিক মাত্মকে তার ধর্মীয় গণ্ডীর বাইরে আসতে বাধ্য হতে হবে।

এই সংকটময় আধুনিক যুগের সামনে পেগানবাদের সংস্কার বাইবেলীয় প্রত্যাদেশের আলোকে পরিপুরিত এবং পূর্ণতা প্রাপ্তির মধ্যে অবস্থিত। ଖ এইভাবে রাধারুফণের নব্য-হিন্দু ব্যাধ্যানের প্রচেষ্টায় প্রতিটি ধারায় যা প্রকাশিত, কারো সম্পর্ক কি সেই বাস্তবতার সঙ্গে সংস্থাপিত হতে পারে যার উৎপত্তির মূলে তার নিজস্ব ধর্মীয় জগতের কোনো অংশ নেই। এ হল পশ্চাৎপসারী গতি যা খৃষ্টিয় ব্যাখ্যায় আরোপ করা হয় তা পুর্বেকার মিশনারী সার্ভিস ও চার্চেব ক্রিয়াকলাপেব সঙ্গে বিজডিত। এ রকম যে **হতে** হবে তা হল এক ঐতিহাসিক ঘটনা—য' এই সব দেশের চার্চ ও নিশনাবীকে অভিক্রম করে গেছে। ভিন্ন ধর্মগুলিতে হোলি গোষ্টের প্রভাব বিষয়ক প্রশ্ন ওঠানো যেতে পাবে, যেমন ঘটেছিল এক্যুমেনি-ক্যাল কাউন্সিল অব চার্চেদ নয়াদিল্লীর থার্ড প্লিনারী দেক্সনে---এইসব কণ্ঠ এশিয়াস্থ খৃষ্টধর্মের এই নতুন অভিজ্ঞ ভাব প্রতি দৃষ্টি আকর্ষণ কবেছেন। আণকর্তা হিসাবে থীশুর উপদেশবাক্য এবং বর্তমান কালের জগতেব মধ্যে আছে এক বিচ্ছিন্নকারী উত্তর খৃষ্টান বি**দেষের** বাধাব প্রাচীর। এর আ**শ্র**য়ে 'জাগবণের আন্দোলন' ছড়ানো আছে তাব মানব সমাজকে বর্তমান যুগেব ছকে এক নয়া ধর্মীয় ভাবধারার প্রতিশ্রুতি দিয়েছে। রাধাকৃষ্ণণের বাণী সম্পূর্ণ নিভূলভাবে এই অবস্থার সংবাদ এনে দিয়েছে। যেখানে এই ধারা প্রবেশ করে সেখানেই একটা 'মনোভংগীর গোষ্ঠা' রচনা করে, এই চিস্তাধারা বিশ্বাস করে যীতথুষ্টের প্রাধান্তের বাণীর দ্বারা এরা সমর্থিত। এই 'স্থদুর বাধা'-কে ভেদে ফেলা সম্ভব ভধুমাত্র সেই খুষ্টধর্ম দ্বারা যে খুষ্টধর্ম যা স্পষ্ট করে দেই মানব সমাজের প্রতি তার উৎকণ্ঠা প্রকাশ করেছে, যে মানব সমাজকে 'গদ্পেল' সামগ্রিকভাবে গ্রহণ করেছে এবং যদারা এই সংসারে ঈশরের অপ্রতিদ্বনী দৈব সহায়তা পাওয়া সম্ভব একথা বলা হয়েছে। চার্চ-মিশন পৌনংপৌনিকভাবে এক আবশ্রকীয় স্মারক যা স্থরণ করিয়ে দেয়।

যীভথ্টের সম্প্রদার ভধুমাত্র তার নিজের প্রয়োজনে অন্তিত্ব বজার

বাখেনি। Missio Dei-এর মধ্যে অংশ থাকায় এর এক ঐতিহাসিক বিশ্বজ্ঞনীন কর্তব্য আছে। এই দায়িত্বপালন করতে এর প্রয়েজন ঈশ্বন্ধের ইচ্ছা পূরণ করার ঐতিহাসিক পদ্বার চাই নিরস্তর পূর্ণনবীক্বত বাধ্যতা। ঈশ্বরের উদ্দেশ্যের দৃষ্টিকোণে বিচার করলে, যে উদ্দেশ্য নিয়ে তিনি তাঁর সন্তানকে মর্তধামে পাঠিয়ে মানব সমাজকে দীক্ষিত করার উত্যোগ—সেখানে রাধাক্ষণণের কঠস্বর মনে হয়—যেন উদ্দেশ্য সাধনের জন্ম অপর দিকে তাঁরই বিবেক—চার্চেব কাছে আবেদন জানানো হয়েছে—তোমরা আবার তোমাদের দারিত্ব পালন করো।

## ইন্দো-জার্মান সহযোগীতার প্রতীক

রাউরকেলা ইম্পাত কারধানার কাজ হুরু হল, অমুরূপ অর্ধ-সমাথ্য ইম্পাত-কারথানার কাজ হুরু হল, আশা করা যাক, ধনিজ-সম্পদের জন্ম প্রথাত এই অঞ্চল কালক্রমে ভারতবর্ষের "রুর ডিস্টিকিট" এই গৌরব এজন করুক।

রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ

( ৩রা কেব্রুয়ারী, ১৯৫৯: রাউরকেলা )

এই শতাদীর প্রথম দশক থেকেই ভারতে ইম্পাত কারখানা ছিল মুধ্যতঃ
টাটা প্রভৃতি প্রখ্যাত শিল্পণিতদের প্রচেষ্টার এগুলি প্রতিষ্ঠিত হয়। কিন্তু
এই কারখানার উৎপাদন শক্তি সাম্প্রতিককাল পর্যন্ত এক উন্নতিশীল তরুণজাতির পক্ষে ক্রমশঃই অনেক কম হচ্ছিল। আর যেহেতু এই দেশ প্রাকৃতিক
সম্পদে সমৃদ্ধ সেই কারণে সরকার ব্যক্তিগত প্রতিষ্ঠান ছাড়াও রাষ্ট্র-চালিত নতুন
ইম্পাত গঠনে প্রয়াসী, আর সেই কারণেই যুক্তিসক্ত সিদ্ধান্ত হল ওড়িয়া,
বিহার এবং পশ্চিমবন্ধের আকর-লোহ প্রধান অঞ্চলে ইম্পাত-কারখানা প্রতিষ্ঠা।

১৯৫৩ খৃষ্টাব্যের প্রথম দিকে সরকারী কর্তৃপক্ষণণ জার্মান কোম্পানীশুলির সঙ্গে সংযোগ স্থাপন করলেন। সার্ভে করা এবং স্থান নির্বাচন ইত্যাদি প্রাথমিক কাজগুলি একযোগে এর কিছু পরেই সম্পন্ন হল, যে স্থান নির্বাচিত সেখানে সহজ্ঞ যোগাযোগ ব্যবস্থার দিকে লক্ষ্য রাখা হল। বোদ্বাই-কলিকাতা রেলপথের রাউর-কেলা অঞ্চলটি অবশেষে স্থির করলেন। এই অঞ্চলটি কোয়েল ও শন্ধ নদীর উৎপত্তি স্থান থেকে তেমন দ্বে নয়। এই তুই নদী মিলে ব্রাহ্মণী নদী গঠিত হয়েছে। যদিও উচ্চপ্রেণীর আকার মাফিক আকর-লোহের এই অঞ্চলে স্ক্রান পাওয়া গিয়েছিল তথাপি এই অঞ্চল তথ্যনও অহ্নত ছিল।

রাউরকেলা একটা পয়মস্ত নির্বাচন হয়ে দাঁড়াল। একথা সত্য যে জন্মলের আবহাওয়া সেইখানে কর্মরত জার্মানদের শক্তি অনেকথানি হ্রাস কিন্তু সাওতাল ও ধয়রা প্রভৃতি আরণ্য অধিবাসী দেখল তাদের আবাস স্থান প্রস্তর ষ্ণ থেকে সংসা কারিগরিগত শিল্পের উন্নত যুগে রূপাস্তরিত হল। রাউর-কেল্পার প্রথমাংশটিতে জার্মান শব্দ "কর' প্রতিধ্বনিত, এবং জার্মান ইঞ্জিনিয়ারগণ, শ্রমিকগত এবং নগব-পরিকল্পনা বিশারদগণ "কর" উপত্যকাথেকে এসে এই শিল্পাঞ্চলের পরিবেশ গঠন করেছেন যা এতাবং ফলমূল আহরণকাবী দেশী লোকদের আন্তানা ছিল তা নতুন নগরীতে পরিণত হল।

অনেক বছর পূর্বে, সাহসিক শিল্প পথিকৃত জামশেদজী টাটা জার্মান ইঞ্জিনিয়ার এবং শ্রুমিকদেব তাঁর ইম্পাতী সাম্রাজ্য গঠনের কালে নিযুক্ত করেছিলেন। সেথানকাব কাজ হুরু হয় ১৯০৮ খ্রীষ্টাব্দে। টাটা জাতিতে ছিলেন পারশী। শিল্প গঠনে নেতৃত্ব করার ব্যাপারে তাঁর ছিল মার্কিনী দ্বদৃষ্টি আর খুটিনাটির ব্যাপারে ছিল জার্মান নজর।

১৯৫৩ খুষ্টান্দের ১৫ই আগস্ট ভারত সরকার এবং ক্রপ ও ডেমাগ কোম্পানীর বাণিষ্য প্রতিষ্ঠানেব মধ্যে একটা চুক্তি সম্পাদিত হল এই আধুনিক ইম্পাত কারখানা নির্মাণেব উদ্দেশ্যে। এই নব গঠিত জার্মান সংযোগটির নাম হল "Indiengemeinschaft Krupp-Demag" বা ক্রপ-ডেমাগের ভাবতীয় গোষ্ঠা। এই গোষ্ঠা অতঃপর আবো কয়েকটি জার্মান কোম্পানীর সঙ্গে যোগাযোগ স্থাপন করল যারা নানাভাবে রাউরকেলা কারধানা নির্মাণের ব্যাপারে সহায়তা করেছেন। ভারতীয়গণ একটি বে-সবকাবি প্রতিষ্ঠান স্থাপন করলেন ১৯৫৪ গ্রীষ্টাব্দের ১৯শে ফেব্রুরারী ব'াঁচী শহরে হিন্দুস্থান ষ্টাল (প্রাইডেট) লিমিটেড এই নামে। এরা উপরোক্ত সংযোগের অংশীণার হিসাবে কাজ করবেন স্থির হল। ক্রমশ: হিন্দুস্থান ষ্টাল "পাবলিক সেকটরের" সর্বভারতীয় ইম্পাত কারখানায় পরিণত হল। জার্মাণ ও ইণ্ডিয়ান অংশীদের মধ্যে আদর্শ সহবোগীতার পাবচয় পেয়ে, ভারত সরকার "হিন্দুয়ান ছীলে"র কর্মকেত্র প্রসারিত করলেন, কারণ ইতিমধ্যে ভিলাই-এ একটি ধীল-মল স্থাপনের জন্ম সোভিয়েতের দঙ্গে একটি চুক্তি দম্পাদিত হয় ( ২রা ফেব্রুয়ারী, ১৯৫৫ ) এবং দুর্গাপুরে আরও একটি কারখানার জন্ম গ্রেট ব্রিটেনের ইণ্ডিয়ান খীল ওয়ার্কন ক্রমন্ত্রাক্সন কোম্পানী লিমিটেডের সঙ্গে (৩১শে অক্টোবর, ১৯৫৬) আরু একটি চুক্তি সম্পাদিত হয়। ১৯৫৭ খ্রীষ্টাব্দে দি হিন্দুস্থান খ্রীল নিমিটেড তার নামের আংশ থেকে "প্রাইভেট" কথাটি লুপ্ত করে দিল।

রাউরকেরা যেখানে কাজকর্ম বেশ মস্থ গতিতে চলল সেখানে প্রথম চুল্লী ১৯৫৯-এর তরা ফেব্রুয়ারী থেকে প্রথম জালান হল। প্রেসিডেন্ট প্রসাদ এই কারখানার উদ্বোধনী ভাষণ দান করেন। তাঁর সেই ভাষণ ( যার থেকে এই পরিচ্ছেদের শিরোনামের উদ্ধৃতিটুকু গৃহীত হরেছে) জার্মান প্রচেষ্টার প্রতি প্রশাস্তি জ্ঞাপন করল এবং সেই সঙ্গে নীতিগত মূল্যবোধের প্রসঙ্গেও জ্ঞার দিলেন, সম্ভবত: কারিগরি শিল্পমনা শ্রোতাদের মানবিকও আধ্যাত্মিক দিকটির প্রতি দৃষ্টি আকর্ষণ করাই তাঁর লক্ষ্য ছিল:

"এখন যখন রাউরকেল্লার চাকা ঘূরতে স্থক করল এবং হিরাকুদ ভ্যামের জ্বল চারিদিকে প্রবাহিত হতে স্থক করেছে একথা নিলিড করে বলা যায এই অঞ্লের মাহুষের পক্ষে স্থাদন অচিরাৎ সমাগত হবে।

আমার জার্মান বন্ধুদের প্রতি আমি একটি বিশেষ কথা বলতে চাই। জার্মান ফেডারেল গভর্নমেন্ট যে তৎপরতায় সহায়তা করতে রাজী হয়েছেন এবং যারা সবাই এই অফুলার আবহাওরায় কঠোর-ভাবে পরিশ্রম করেছেন তাঁলের সকলের সহযোগীতার মনোভংগী ও কারিগরিগত দক্ষতার ফলেই রাউরকেল্লা ইস্পাত কার্য্যানার উদ্ভব সম্ভব হল।

প্রাচীন ভারতের ঐতিহাস্থপারে "জ্ঞানদান" বা জ্ঞানদান করা একটা উত্তম কর্ম, যে তা গ্রহণ করে তার পক্ষে নিঃসন্দেহে তা আশীর্বাদ, আর যে দাতা তার পক্ষে অধিকতর মহং আশীর্বাদ। আমি আশা করি আপনারা আমাদের সঙ্গে এই মনোভংগীতে অংশ গ্রহণ করবেন, আর আপনারা যেমন আমাদের জ্ঞণগণের কাছে কারিগরিগত বিভা শেখাছেন আপনারা এই নতুন কারিগরিগত সাফল্যে নিশ্চয়ই সস্তোষ লাভ করছেন। আপনাদের সকলকে ভদ্র মহোদয় ও মহোদয়গণ যারা স্থদ্র জার্মানী থেকে এইখানে এসেছেন আমি তাঁদের সাদর অভিনন্দন ও ধ্যাবাদ জ্ঞাপন করি।"

আনন্দের সঙ্গে উল্লেখ করা যায় যে রাউরকেল্লা আব্দ ভারতের কারিগরিগত বিপনি-বাভায়নে পরিণত। পৃথিবীর সর্বাপেক্ষা শিল্প বিষয়ে উন্নত দেশসমূহের ইম্পাত কারখানার সঙ্গে প্রতিযোগিতা করতে পারে।

ভারতীয়গণ যে রাউরকেল্লা বিষয়ে গর্ববোধ করেন তা সহজ্ববোধ্য, কিন্তু বারা ভারতীয় রাজধানী পরিদর্শনে যান তারা নয়াদিল্লীর গেটের বর্হিসীমায় মেহরোলীতে গেলে ভালো করবেন। সেইখানে চন্দ্রবর্মন কর্তৃক আমাদের পঞ্চম শতাব্দীতে যে শুন্ত স্থাপনা করা হয়েছে তা দেখা প্রয়োজন। মরিচাহীন লোহার নির্মিত এই শুন্ত এই সভ্য প্রমাণ করে যে শিল্পোন্নত দেশগুলি তাদের ইস্পাত কারখানা এমন এক শ্রেণীর জনগণের কাছে এনেছেন যীরা স্থানীর্ঘকাল পূর্বেই লোহ এবং তার গুণাগুণ বিষয়ে যথেষ্ট ওয়াকিবহাল ছিলেন।

আৰু ভারতবর্ষ পৃথিবীর শীর্ষস্থানীয় শক্তিগুলির সঙ্গে ঘনিষ্ঠ সংযোগ রক্ষা করে চলে। যুক্তরাষ্ট্র, ফ্রান্স. ব্রিটেন, জ্ঞাপান, ক্যানাডা, এবং ফেডারেল বিপাবলিক অব জ্ঞামানী "এইড ইণ্ডিয়া কনসরটিয়ম" স্থাপনের ব্যাপারে অংশ গ্রহণ করেছেন। যে প্রতিষ্ঠান ১৯৬১-র ১লা জুন ওরাশিংটনে ভারতের পঞ্চবার্ষিকী পরিকল্পনা পূরণে সাহায্য করার উদ্দেশ্যে স্থাপিত হয়। সাধারণতঃ একে "এইড ইণ্ডিয়া ক্লাব" বলে উল্লেখ করা হয়, এই কনসরটিয়মে পরে আরও করেকটি যুগোপীর দেশ যোগদান করেন, আর আরও অনেকে চাঁদা দিতে প্রতিশ্রুতি দিয়েছেন যথা: স্ইজারল্যাও ও অপ্তিয়া। এই ক্লাব প্রতিষ্ঠার মাজ্র চারদিন পরে আরও একটি প্রতিষ্ঠান স্থাপিত হয় পাকিস্তানের শিল্প প্রচেষ্ঠাকে লাহায্য করার উদ্দেশে। উদ্দেশ্য ছিল অবিভক্ত ভারতের হই উত্তরাধিকারী ছটি রাষ্ট্রের মধ্যে যে বিষাক্ত আবহাওরা স্থি হয়েছিল তা দূর করা—বহুমুখী অংশীণারী ব্যবস্থার মাধ্যমে প্রতিঘন্তীর মনোজংগী দূর করা! তথাপি ১৯৬৫-র গ্রীম্মকালে ভারত ও পাকিস্তানের মধ্যে যে ছভাগ্যজনক যুদ্ধ স্কুক্ত হয় তাতে বিশেষ করে এই সত্যই প্রকাশিত হয় যে একমাত্র অর্থ নৈতিক সাহায্য ভারাবেগ দমনের সহায়ক নয়।

জার্মান শিল্প প্রচেষ্টা ভারতীয় অংশীদারদের সঙ্গে আরও কয়েকটি চুক্তি করেছেন—তার মধ্যে একটি টাটা ইঞ্জিনিয়ারিং আগও লাকোমোটিভ কোম্পানী (টেলকো) এবং জার্মানীর ডেমলার-বেনজ কোম্পানী। এরা মার্সেডিজ-বেনজ মোটর লরী ভারতের উৎপাদনের জন্ত ১৯৫৪-র ২রা মার্চ তারিথে চুক্তিকরেন। উভয় দেশের সরকার এই লেনদেনের ব্যাপারকে সানন্দে সমর্থন জানিয়েছেন এবং আজ জামসেদপুরের টাটা-মার্সেডেজ ওয়ার্কসের তৈরী ডিজেল ট্রাকগুলি ভারতের রাজপথে এক স্থপরিচিত দৃষ্ঠ। ১৯৫৭ খুষ্টাব্দের মত গোড়ার দিকেও জে, এম, হানক "ইতিয়ান-মার্সেডেজ-টাউনে" জার্মান ক্রিয়া-কলাপের ব্যাপারে যে সমাদর তার কথা বলেছেন:

"এই মোটর কারখানায়, পঞাশজন জার্মান আজো ইঞ্জিনিয়ার ও ফোরম্যান হিসাবে কাঞ্চ করছেন; লোকোমোটিভ ওয়ার্কসে এঁদের শংখ্যা পাঁচ। সংবর্ধিত TELCO, কারখানার ঘুটি কারখানা ইন্দো-জার্মান সহযোগীতার যথেষ্ট প্রমাণ প্রদর্শন করে। এই ব্যবস্থা টাটা-র সঙ্গে এমনই সাফল্য লাভ করেছে তাই বিস্তারিভভাবে বর্ণনা করা হয়েছে, করেণ ভারতীয় অংশের জার্মান বিশেষজ্ঞের কাজের প্রতি সম্পূর্ণ আস্থা আছে। এ বা যুক্তিসংগতভাবে এবং সংহত ধারায় পরিকল্পনা ও নির্মান উভয়বিধ কাজের স্থ্যোগ পেয়েছেন। জামসেদপুরের অফিসের মত, এই কারখানাগুলিও জার্মানীর যে কোনো অঞ্চলে প্রতিষ্ঠিত হলে তাকে আধুনিক এবং উত্তম বলা হত।"

৬ই আগস্ট ১৯৫৪ খৃষ্টান্দে আরও একটি কনট্রাকট সই করা হল তার ফলে বারেদেল কুনজে-র জার্মান প্রতিষ্ঠানের ওপর বানিহালেব বেল ও রাঙ্গথের টানেল মির্মাণের ভার প্রথা হল।

এই ধরণের সংযুক্ত উত্যোগ আব্দ প্রায় চার শতেরও বশী সংখ্যায় পৌচ্বে।
এনের ২ধ্যে ২৮০টি যুদ্ধের পরবর্তীকালে নির্মিত হয়েছে, এর মধ্যে ৯০টিতে
মূলধনেব লগ্নী করার ব্যাপার আছে আর বাকীগুলিতে লাইসেন্স দেওয়া
হয়েছে।

১৯৫৩ থেকে বস জিএমবিএচ বাঙ্গালোরে একটি শাখা স্থাপনা করেছেন।
এই শহরটি ইতিমধ্যে দক্ষিণ-ভারতে জার্মান শিল্প উলোগের একটি কেন্দ্র পরিণত
হয়েছে। আজ থেকে দশ বছর আগে—সংখনভলিঙ্ কোম্পানী এইখানে
'ম্পীডোমীটার' প্রস্তুত করছেন; এবং প্রফেসার ট্যাংক বাঙ্গালোরে ভাবতীয়
বিমানবাহিনীর জ্ব্যু অভিজ্বত (ম্পারফাষ্ট) যন্ত্রাদি নির্মান করছেন। দি
হিন্দুস্থান মেশিন টুলস লিমিটেড, যা জার্মান সাহায্যে স্থাপিত হয়েছে, আজ
য়্রোপে মাল রপ্তানি করছে। জার্মান "এইজি" মনোর্ম বাঙ্গালোরে গভর্ণমেন্ট
ইলেকটি ক ফ্যাক্টরিতে একটি আসন পেয়েছে। উত্তরাঞ্চলে জব্বলপুর ও
কানপুরে এমএএন মেশিন ওয়ার্কসের ইঞ্জিনিয়ারগণ ১৯৫৮ থেকে সক্রিয় আছেন।
এদিকে "ওয়েষ্ট ফালিসথে সেটাল ইনডাম্বি কেজি ছয়েক আগও কোং" ১৯৬১
থেকে দিল্লীতে আলোর যন্ত্রপাতি নির্মাণ করছেন। সথভিনফ্রটের কুগেল-ফিস্থের জিওর্জ স্থাফের আগত কোম্পানী ১৯৬০ থেকে বোঙ্গাই শহরে কর্মে
লিপ্ত আছেন। সেই বছরই ভিস্বাদেন-বাইব্রিপ্তের কেমিসথে ভেরকে
আলবার্ট এই শহরে একটি ভারতীয় শাখা স্থাপনা করলেন। ট্রয়সডরফের

এবং ৰি এ এস এফ ১৯৬০ থেকে বোদাই শহরে আছেন। হোয়েখট্ অ্যাণ্ড বেয়ার-লেভারকুসেন অনেক দশক ধরে ভারতের সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক বজায় রেখেছেন; ক্রপ, গুটেহফমুনগস্থটে, মানেসমান, ক্লোকনার-হামবোলডট্-ভয়েৎস এবং ক্রাউস-মাফেই প্রভৃতি প্রতিষ্ঠানেবও ভারতের শিল্প প্রতিষ্ঠানগুলির সঙ্গে ঘনিষ্ঠ সংযোগ আছে।

এই ধারার প্রতি শ্রদ্ধা নিয়ে কয়েকটি জার্মান কোম্পানী ঐতিহ্যগত প্রাক্ষ্মকালীন সংযোগের সঙ্গে আবার যুক্ত হয়েছেন। ফ্রাঙ্কেনথালের কে এস বি (ক্লিন, স্থানৎসলিন জ্যাও বেকার) ত্রিশের দশকে ব্যবসায়িক সংযোগ পূর্ণনবীকরণ করেছেন, তারা ১৯৬৩ খৃষ্টাব্দে পূনাব নিকটছ পিমপিরিতে এ৭টি পাম্প কারথানা স্থাপন করেছেন। বর্তমান কালের ভারতের সীমেন্স কোম্পানীর বহুবিধ সংযোগ ১৮৬৭-১৮৭০ থেকে ক্লক হয়েছে। এই কালে তারা লগুন থেকে কলকাতা পর্যন্ত টেলিগ্রাফ তার বসিয়েছেন। ১৯১২ খৃষ্টাব্দে টাটাকে সীমেন্স কোম্পানী জেনারেটাব সরবরাহ করেছেন। প্রকৃতপক্ষে, এমন অনেক ইন্দো-জার্মান বাণিজ্যিক সম্পর্কের অনেক দৃষ্টান্ত দেখানো যার।

আজ বহুদংখ্যক কোম্পানী সক্রিয় আছেন হাঁদের নামের মধ্যেই ইন্দোল্যান অংশীদারীর পরিচয় পাওরা রায়—যথা, দিল্ল-হোখ্টিয়েক এ বা কাণ্ডালা পোট নির্মান করেছেন, বাজাক টেম্পো লিমিটেড এ বা টেমপো ভেলিভ্যারি ভ্যান প্রস্তুত করে থাকেন। ভারত ফ্রিংস ভেরনার (প্রাইভেট) লিমিটেড মেসিন টুল প্রস্তুত্তকারক. বেরার (ইনডিয়া) লিমিটেড, হোয়েখ্ট ভাইস জ্যাণ্ড কেমিক্যাল ও সরাভাই মেরাক লিমিটেড কেমিক্যালস সরবরাহক। জ্যান্তাদের মধ্যে আছেন টাটা-ডিডিয়ার রিফ্রাকটরিস লিমিটেড এবং গোয়েৎসে (ইণ্ডিয়া) লিমিটেড। ইন্দো-ক্রামান অংশীদারী বাধ্রানাল্লাল ভ্যাম থেকে কোয়না ভ্যাম পর্যস্ত সার্থক প্রমাণিত হয়েছে। যেমন কাণ্ডলা থেকে বিশাখা-পত্তনমের ডকের ব্যাপারে প্রমাণিত। প্রকৃত্তপক্ষে, হিমালয় থেকে কেপ কমোরিণ পর্যস্ত এমন কি শিল্প সংশ্লিষ্ট স্থান আছে যার সঙ্গে কোনো না কোনো জ্যামন ব্যবসা প্রতিষ্ঠানের সঙ্গে যোগ নেই!

তবে একথাও স্মরণ রাধা প্রয়োজন যে ভারতবর্ধ মৃধ্যতঃ কৃষিপ্রধান কাঠামোর দেশ। আর জার্মান সাহায্য, প্রেসিডেন্ট প্রদাদ কর্তৃক উল্লিখিত জানদান—ভারতের সেই অংশে পরিচালিত হয়েছে যেধানে গান্ধীর প্রভাব জালো সন্ধীব। জার্মান সরকারের আর্থিক সমর্থন এবং কৃষি ব্যাপারে আর্মান বিশেষজ্ঞাদের সহায়তায় হিমাচল প্রাদেশের মণ্ডীতে একটি আদর্শ থামার প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৬৭-তে দক্ষিণ-ভারতে আর একটি দ্বিতীয় মণ্ডী প্রতিষ্ঠিত হয়েছে। ওয়ালটার দখীল এই আদর্শ থামার বিষয়ে সংক্ষেপে ১৯৬৪তে ৰলেছেন, তথন তিনি অর্থনৈতিক সহযোগী বিষয়ক মন্ত্রীর পদে অধিষ্ঠিত ছিলেন:

"আমি একটি বিশেষ ধরণের প্রকল্পের সাফল্যের কথা উল্লেখ করব। ভারতের মন্তীর কৃষিবিষয়ক উপদেষ্টা প্রকল্প এইথানে ভারত সরকার এবং আমাদের যুক্ত প্রচেষ্টায় একটি ক্ষিবিষয়ক কেলাগত নিবিড়করণ কার্যস্চী পরিচালিত হয়। এই কার্যক্রম সমগ্র অঞ্চলের দীর্ঘ মেয়াদী অর্থনৈতিক উন্নয়নের একটি খাদর্শ স্বরপ। আচ্চ পর্যস্ত আমরা ৮'২ মিলিয়ন দয়েগ মার্ক (জার্মান মুদ্রা) এর জন্ম চিহ্নিত করে ধরে রেখেছি আর আমরা পনেরজন বিশেষজ্ঞকে পাঁচ বছর বা এরকম কাজের জন্ম ঐ সব জেলাগুলিতে কাজ করতে পাঠাব। প্রাথমিক ফলাফল বিশেষ ভাবে উত্তম। এই প্রকল্প এবং অমুদ্ধপ অম্য প্রকল্পতাল আন্তর্জাতিক আকর্ষণ লাভ করেছে; বহু দাতা দেশ কর্তু ক এই দব অঞ্জগুলি পরিদশিত হয়েছে এবং অফুরূপ প্রকল্পের পক্ষে আদর্শ বলে স্বীকৃত হয়েছে। হয়ত আমার এইখানে যে সব বিশেষজ্ঞগণ ইতিমধ্যেই মঙীতে আছেন বা যারা অচিরে সেইখানে যাবেন তাঁদের কথা বলা প্রয়োজন। এই দলের প্রধান হিসাবে আমাদের দেইখানে একজন সংহত অর্থনৈতিক পরিকল্পনার উপদেষ্টা আছেন পরিচালন ব্যবস্থার জন্ম, তথ্যসরবরাহ ও স্ট্যাটিসটিকসের জন্ম, শস্ত এবং চারার কৃষিকর্মের জন্ম। বীজ উল্লয়নের জ্ঞা উপদেষ্টা আছেন; মৃত্তিকা বিশ্লেষক হিসাবে একজন কলাকুশলী चाह्न, এक्छन मञ्च ও दाष्ट्रशभाद कलाकूमली, कल এवः मङ्गी हार-থাসের একজন উপদেষ্টা, একজন বাগিচা বিশেষক আর একজন চারা मःत्रक्रनकात्री कलाकूनली, পশুপ্रक्रमत्मत्र एग उपलिशे, भवानि পश्च জয়া ওয়ুধপত এবং কুত্রিম প্রজনন ব্যবস্থা, পশুকে খালদানের জন্ত কলাকুশলী, সেচ এবং ভূমিক্ষয় নিরম্বণের কলাকুশলী এবং কৃষি কর্ম-নির্বাহক উপদেষ্টা আছেন। আমরা কারিগর কামার এবং চক্র পরিচালক প্রভৃতির ব্যবস্থা রেখেছি। আমার মনে হয় এত রকম

ক্রিয়া কলাপের সংযোগ উরয়ন প্রকল্পের ব্যবহারিক প্রয়োগের ব্যাপারে যুক্তি সভ্ত পদ্বা।"

রাউরকেল্লায় স্থর ধরা হয়, এ এক চমৎকার প্রতীক, স্বচেয়ে বড় কথা এ এক স্মারক যে উৎসাহপূর্ণ ক্রিয়া কলাপ এবং কাউকে সাহায্য করার ইচ্ছা কারো শিক্কগত এবং অর্থনৈতিক সমস্থা সমাধানের ব্যাপারে প্রথম পদক্ষেপ।

ষাই হোক, শিল্প ব্যবস্থা নিজের ক্ষেত্রেই আপনাকে সীমাবদ্ধ রাধবেনা—
শিক্ষার ক্ষেত্রেও তার যোগ থাকা প্রয়োজন। পণ্ডিতগণ যে সাফল্যের সঙ্গে
একযোগে কাজ করতে পারেন কলাকুশলী কারিগরদের সঙ্গে তার দৃষ্টাস্ত দেখিরেছেন ম্যুনিথের জার্মান ম্যুজিয়মের অস্কার ফন মিলার। তিনি প্রথম মহাযুদ্ধের পর বাংলায় গিয়েছিলেন এবং বাংলাদেশের মালদহের সন্নিকট্র শ্রামসীর মহালন্দ্রী অয়েল মিলের ব্যাপারে বোরসিগ অ্যাণ্ড ক্রপের কাবিগরি সাহায়্য গ্রহণ করেন এবং তার সঙ্গে কর্মীপ্রশিক্ষণ ব্যবস্থা চালু করেন। আশ্চর্ম নয় যে এই পরীক্ষা অপরের পক্ষে আদর্শের কাজ করেছে। বিনয়কুমার সরকারেরও ক্রতিত্বের বৃহত্তম অংশ প্রাপ্য। এই বাঙালী পণ্ডিত জার্মান বিদম্ব শীবন বিষয়ে এতই অনুরাগী ছিলেন যে তিনি Bayerische Industrie und Handelszeitung (৪৯ খণ্ড, ডিলেম্বর ১৯৩০) যে চিস্তার পরিচয় দিয়েছেন আজ চল্লিশ বছর পরেও তার যুক্তিযুক্ততা হ্রাস পায়নি:

" জার্মান মেসিন কারখানাগুলির আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই, পণ্ডিত এবং ব্যবসার নেতৃত্বানীয়দের এই সত্যের দিকে তাকাতে বলি যে সব শিল্পান্নত জাতি ভারতীয় যুব সমাজকে কারিগরিগত প্রশিক্ষণে প্রভাবিত করবেন— এতই ঘনিষ্ঠভাবে শিল্পায়ত্ত করণ প্রচেষ্টায় বিজ্ঞতিত। তাঁরা পরবর্তী প্রকল্পের ভারতীয় জনগণের অর্থনীতি ও সংস্কৃতিকে পরিচালিত করবেন। এই কারণে আমি স্থনিশ্চিত যে জার্মানীস্থ কারিগরি বিছা ও বিজ্ঞানের মহান্ নেতৃত্বন্দ ভারতের জাতীয় শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে বাক্যে এবং কার্যে সহায়তা করবেন। দৃষ্টাস্কস্বরূপ বলা যায় কলিকাতায় যে ক্যাশক্তাল ইনষ্টিট্রে আমি প্রতিনিধি—সেটি জার্মান উচ্চতর শিক্ষা ব্যবস্থার শাখাস্বরূপ—এত্থারা পারম্পরিক উচ্চমানের কর্ম বিনিময় সম্ভব হবে এবং পরে তা বিশ্ব-সংস্কৃতির ক্ষেত্রে একটা শক্তি হয়ে উঠ্বে। সঠিকভাবে এবং কার্যকরভাবে এই প্রস্তাব করা যায় মেকানিক্যাল,

ইলেকট্রকাল ও কেমিক্যাল ইনজিনিয়ারিং-এর ব্যাপারে এই ইনষ্টিটুটের কলিকাতাম্ব প্রতিষ্ঠানে প্রতিবছর একজন ইংরাজী-ভাষী অধ্যাপককে পাঠান হোক। এই সব প্রফেসররা ভারতীয় শিক্ষানবীশদের যে শেখাবেন তা নয় বরং এ হবে তাঁদের সমীক্ষা-ভ্রমণ এবং তাঁদের গবেষণার ক্ষেত্র প্রসারিত হবে। জার্মান অর্থনীতি, কারিগরি বিভা এবং সংস্কৃতির নেতৃর্নের পক্ষে সম্ভবপর হবে। ধরা যাক দশ বছরের জন্ম জার্মান অর্থনীতির দশজন প্রতিনিধিকে কলিকাতায় একটি টেক্নিক্যাল-একন্মিক কেন্দ্রে পাঠান। জার্মান একাডেমি কর্তৃক ভারতীয় ক্ষেত্রে যে কাজ ক্ষ্ক করা হয়েছে তাকে ক্ষ্যু এবং দীর্ঘ্যায়ী করা হোক।"

## অংশীদারী – রাজনৈতিক ও অর্থ নৈতিক সংযোগের সংক্ষিপ্তসার

"ভারতীয় জনগণের দক্ষিণ এশিয়ার রূপান্তরের ব্যাপারে অথগু বঙ্গের বিভাজন (১৫ই আগস্ট, ১৯৪৭) সাংস্কৃতিক ও সামাজিক দিক থেকে গভীর তাংপর্যপূর্ণ। এশিয়ার এই বিশ্লয়কর ব্যাপারের এক সমান্তরাল সাদৃষ্ঠ যুরোপের রূপান্তর—বরং বলা যায় ইগুরো-আমেরিকান জনগণের ক্ষেত্রে যেমদ ঘটেছে অথগু জার্মানীর বিভাজন ব্যাপারে। (মে, ১৯৪৫)।

বিনয়কুমার সরকার

(Dominion India in World Perspectives )

জার্মানী যুরোপের মধ্যমণি। নব্য-জার্মানী বিশ্বজগতের অগ্রগতির ব্যাপারে সর্বোত্তম নিরাপতা ব্যবস্থা এবং প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে একটা উচ্চতর বোঝাপড়ার ব্যবস্থা করবে। অপর দিকে, ভারতবর্ষ এশিয়ার মধ্যমণি। অতীতে মানব সমাজের অগ্র-গতিতে ভারতের অবদান কিছু কম নয়—এবং সন্দেহ নেই যে স্বাধীন ভারত বিশ্বজগতে এক বিশিষ্ট ভূমিকা গ্রহণ করবে। এইভাবে জার্মান জন সমাজ ও ভারতীয়দের মধ্যে একটা সাংস্কৃতিক, অর্থনৈতিক ও রাজনৈতিক বোঝাপড়া হবে এবং ভারতবর্ষ সেই মহান লক্ষ্য অর্থাৎ বিশ্বজাগতিক শান্ধির ব্যাপারে বিশেষ মূল্যবান অবদান রাখবে।

তারকনাথ দাস (Indien in der Weltpolitik)

প্রথম উধু তি নেওরা হরেছে বিনরকুমার সরকারের বন্ধুগণ কর্তৃক সংগৃহীত লেখকের বিভিন্ন পত্র-পত্রিকার প্রকাশিত অজম প্রবন্ধাবলীর নির্বাচিত সংকলন গ্রন্থ থেকে। এই উধুতিটিতে অথও বন্ধদেশের ভাগাভাগির কথা উল্লেখ করা হয়েছে। নিজের দেশের অবস্থা বর্ণনা পুত্রে বছমুখী ঐতিহাসিক প্রতিভাও অগাধ পাণ্ডিত্যের অধিকারী বিনম্বকুমার সরকারের মনে বেদনাদায়ক ভাবে বিভাজিত জার্মানীর কথা জেগেছে। জার্মানীর প্রতি তাঁর অম্বরাগের এ এক প্রতাক। অদৃষ্টের কাছে পরাজিত জার্মানী যেমন রাজনৈতিক "পশ্চিম" ও রাজনৈতিক "পূর্ব" বিশ্ব রঙ্গমঞ্চে দাঁড়িয়ে বিরোধীর হাতে তুলে দিয়েছে ঠিক সেই ভাবেই বাংলাদেশ আঘাত পেণ্ডেছে—ভারতের কাছে সে আত্মসমর্পণ করেছে। বিনম্বকুমার সরকার জার্মানীর বিভাজন অম্বক্ষপ বেদনায় অম্বভব করেছেন যেমনটি ঘটেছে বাংলাদেশের ক্ষেত্রে। বাংলাদেশ তাঁর কাছে ভারতের প্রতীক, যেমন জার্মানী মুরোপের প্রতীক।

জার্মানীর মত, ভারত এবং প্রকৃতপক্ষে সমগ্র উপমহাদেশকে বিভাজনের বেদনা ভোগ করতে হয়েছে। আর সেই দঙ্গে এসেছে শরণাগতের প্রোত। ভারতের ক্ষেত্রে রাজনৈতিক-ধর্মীয় বিরোধের ফলে এই অঞ্চল বিভক্ত হয়েছে— এবং খুটি-নাটির দিক থেকে বদিও ভারতের অবস্থা জার্মানীর থেকে পৃথক— তার মধ্যে আছে হিন্দু-মৃস্লিম সমস্তা কিন্তু উভয়ের মধ্যে একটা সর্বোপরি সমাস্তরাল ঐক্য অল্রান্তভাবে বর্তমান। অতীতের দিকে তাকালে যথন উত্তর— রিফর্মেন জার্মানী বিরোধে জর্জর হয়ে পড়েছিল শোচনীয় ত্রিশ-বছরের য়ুদ্ধে— তথনও এই একই অবস্থা ধ্র্মীয় সংঘর্ষ থেকে রাজনৈতিক শক্রতা স্বৃষ্টি হয়েছিল।

শতাদীর পর শতাদীকাল ধরে উভয় দেশের রাজনীতি ও জনজীবন
ম্থ্যত: সাংস্কৃতিক। জার্মানীর জনগণ আব ভারতের জনগণ চিরদিন চিস্তানায়ক ও দার্শনিকদের প্রতি প্রশন্তি জ্ঞাপন করেছেন, তাঁদের সংস্কৃতিক ঐতিহ্য
সংরক্ষণ করেছেন এবং তাকে পবিত্র সম্পদ মনে করেছেন। ভারতীয়গণ
তাদের ভূমির পবিত্রতা বিষয়ে সচেতন ছিলেন এবং সেই দেশের সর্বোচ্চ পবিত্র
অঞ্চল হিমালয়কে বলতেন দেবভূমি, পুণাভূমি। অক্সদিকে জার্মানগণ তাদের
সামাজ্যকে একটি জাতীয় রাজ্য হিসাবে নয় বরং তাকে খৃষ্টধর্মের পবিত্র আশ্রয়
মনে করেছেন—তাঁরা বল্তেন Heiliges Romisches Reich—বা পবিত্র
রোমান সাম্রাজ্য।

জার্মান বা ভারতীয়দের কারো কাছেই এই পরিকল্পনায় জাতীয়তাবাদ প্রবেশ করেনি। একালে অতি জাতীয়তার মনোভংগী অনেককাল পূর্বে জার্মান ও ভারতীয়দের বিদশ্ধ রাজনৈতিক পণ্ডিতগণ চিস্তা করেছেন। ভারতীয় শংস্কৃতি চালিত শান্তি-ভাবনা এবং তৎসহ একটি শান্তির ক্ষেত্র। যে শান্তি দিবরের শান্তি-দিবরের দিব্ধ-Treuga Dei—এই নীতি জার্মানীর মনোভংগীকে মধ্য যুগ খেকে প্রভাবিত করেছে। কানটের অনস্ত শান্তির সন্ধানের স্বত্রে তাকে নবকলেবর দান হয়েছে এবং তাঁর দার্শনিক উত্তরাধিকারীগণ কর্তৃক সেই শান্তির ভাবাদর্শের মনোভংগীতেই অমুস্ত হয়েছে। বিংশ-শতান্দীর রাষ্ট্র চিন্তায় এই সেই ভূমি যা বিশ্বজনীনত্বের ভাবধারাকে লালন করেছে, বুডেনহোভ-কালেরগী-র Paneuropa একদিকে অপ্রদিকে চিত্ররঞ্জন দাশের Panasia।

জার্মান ভারত উভয় দেশেরই জাতীয়তাবাদ বিষয়ে সাম্প্রতিক অভিজ্ঞতা ঘটেছে এবং আধুনিক রাজনৈতিক বোঝাপড়ার পৃথিবীর সঙ্গে সংযোগ ঘটেছে। ফলে, তারা শিল্পোয়তভাবে নির্দিষ্ট ভবিষ্যতে এক নয়া দিগস্থের জক্ম প্রয়াস করেছেন। ভারতীয়গণ ক্ষুদ্র স্ট্রনাকে বিরাটভাবে বিস্তারিত করেছেন, অপরদিকে জার্মানগণ এক যুদ্ধ জর্জর বিধ্বস্ত দেশের শিল্পের পূর্ণগঠন করেছেন। কলাকৌশল, শিল্প-ব্যবস্থা এবং অর্থনৈতিক ক্ষেত্রে উভয় দেশই এক নতুন পদক্ষেপ স্কৃত্ব করেছেন—একটি দেশ শতাকীর পর শতাকী ধরে অতি সাম্প্রতিক কাল পর্যস্ত প্রপনিবেশিক শাসনের তাঁবে ছিল আর অক্স একটি দেশ যা মাত্র কয়েকটি সংক্ষিপ্ত বছর মাত্র সামরিক প্রাধান্ত লাভ করেছিল।

পেশার প্রাচ্যত্ত্বিদ্ গোটলিয়ের ভিলহেলম লীটনার (১৮৪০-১৮৯৯)
কর্ত্ব রচিত একটি কাহিনীতে ভারত যে জার্মানীর কাছে বিশেষ তাৎপর্যপ্র দেশ ছিল তার দৃষ্টাস্ত পাওয়া যার। এই লেখক আরব ও এলামীয় পঠন-পাঠনে বিশেষজ্ঞ ছিলেন। চিন্তাশীল উনবিংশ শতাব্দীর এই সন্তান ইংলগু হয়ে ভারত্বর্যে গিয়েছিলেন—সইখানে তিনি লাহোরের গভর্গমেন্ট কলেজের প্রিন্সিপাল পদে অধিষ্ঠিত ছিলেন। সেইখানে তিনি আঞ্চ্মান-ই-পানজাব নামক প্রতিষ্ঠানটি স্থাপনা করেন। এর ওপর তিনি পাঞ্জাব বিশ্ববিত্যালয়ের সহযোগী প্রতিষ্ঠাতা এবং Indian Public Opinion নামক সামরিক পত্তের প্রতিষ্ঠা করেন। এর চেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার এই য়ে, এই জার্মান প্রফেসর সমগ্র ভারতীয় ছাত্রসমাজের একটি প্রজন্মকে অমুপ্রাণিত করেন। তিনি ভারতের রাষ্ট্রীয় মর্যাদার দাবীর একজন প্রবক্তা। তাঁর কালের উদারনীতিক দর্শনের নীতির সঙ্গে তাল রেখে তিনি ভারতকে মুরোপীয় এশিয় এক সাম্রাজ্যের মধ্যমণি মনে করতেন এবং 'কাইসার-ই-হিন্দ' কথাটি তিনিই স্কষ্ট

করেন। এই কথাটির মধ্যে ইরানীয় ঐতিহ্ এবং জার্মান লাতিন সম্রাটের উপাধি সংমিশ্রিত। ভিজরেলীর এই উপাধিটি এত পছন্দ হয়েছিল যে তিনি রানী ভিকটোরিয়ার কাছে সেই প্রস্তাব রাখলেন। রানীও সেইখানেই তা গ্রহণ করলেন প্রকৃতপক্ষে এমনই ক্রন্ততালে ব্যাপারটি ঘটল যে প্রিক্ষ অব গুরেলস যিনি সেই সময় ভারতে অবস্থান করছিলেন তিনি একেবারে অবাক হয়ে গেলেন। এই উপাধিটি পারসিক ধারায় ব্যবহৃত। এর প্রতীকত্ব বিষয়ে অনেকে চিস্তা করতে পারেন এবং পারসিক থেকে গ্রীক, রোমান থেকে জার্মান ও এ্যাংলো-স্থাক্সন প্রভৃতির Translatio Imperi-সন্ধান করতেন। এই চক্র ভারতে এসে রুদ্ধ হয়ে গেছে।

এইবার আমাকে সাম্প্রতিক অতীত ও বর্তমান কালের রাজনৈতিক ও অর্থ নৈতিক প্রসাকে কিছু আলোচনার অহ্মতি দান করন। বার্ণহার্ড হারমস প্রথাত জার্মান অর্থনীতিবিদ্ (১৮৭৬-১৯০৯) উনবিংশ শতান্দীর দ্বিতীয়ার্দ্ধ কালের পূর্ব পর্যন্ত একটা বিশ্ব অর্থনীতির অন্তিম্ব অস্থীকার করেছেন। কিছু অনেক আগেই মহান শক্তিবর্গ মশলা ইত্যাদির অবাধ বাণিজ্যের জন্ম লড়াই করেছেন। উদ্দেশ্য ছিল যে কালোমরিচ, আদা ইত্যাদি যাতে মালাবার উপকৃল থেকে আনা যায় তার সঙ্গে এলাচি বীজ, মধ্যযুগে এই বস্তুটির মূল্য ছিল অনেক বেশী। সিংহল থেকে তাঁরা আনতেন দারুচিনি, ইন্দোনেশিয়া থেকে স্থপারি এবং সবন্ধ কারণ মধ্যযুগীয় থানার ব্যবস্থা ছিল মশলাদার। ইতিমধ্যে স্থইস চারণ ষ্টাইনমার মশলাযুক্ত থাত্যবস্তুর বিষয়ে সন্ধীত রচনা করে বলেছিলেন যে মশলা যুগ গরম থাত্য আহার করার ফলে তাঁর মত্যের পাত্র জ্ঞালো মনে হচ্ছে। আলেকজান্দার স্থপান এই মশলা বাণিজ্যের গুরুত্ব বিষয়ে একটি বর্ণনা দিয়েছেম

"ভূষণ স্থান্ট করার জন্ম খাজপত্র 'মশলা' দিয়ে বিক্বত করাই যথেষ্ট হত না এইদব খাজ না রে দৈ কাঁচা থাওয়া হত এবং তাঁরাই খেতেন। শুধু এইটুকু যদি স্থান্থম হয় তাহলেই বোঝা যাবে বিগত শতাব্দীগুলিতে মশলা বাণিজ্যের কি ভূমিকা ছিল। রৌপ্যের সঙ্গে প্রবং ত্ত্থাপ্য 'ফার' তথনকার কালে গুরুত্বপূর্ণ সংস্কৃতির পরিচয় জ্ঞাপক ছিল এবং মানবদ্যাঞ্চকে এই ভাবেই তা চালিত করেছে।"

মশলা-বাণিজ্য এবং মিশনারী প্রচেষ্টা নিরস্তর ইবোরোপীয় এশিয় সম্পর্ক নির্ধারণ করেছে, তার ওপর অবশ্র লুসিটেনিয় ছাপ ছিল। জার্মানরা ভারত থেকে ধ্রুপদী মশলাপাতি আমদানি করতেন প্রায় উনবিংশ শতান্দীর মধ্যকাল পর্যস্ত। এই তালিকার অন্তর্ভুক্ত করা যায় 'নীল'কে, কারণ ১৮৬৬ খৃষ্টাবেদ একা জার্মানী প্রায় ১,০০০ টন প্রাকৃতিক নীল আমদানি করত। ১৮৯৬ খৃষ্টাবেদ এই আমদানি বন্ধ হয়ে গায়। শতান্দীর শেষের দিকে এই দেশ ২৫৬ টন কুত্রিম নীল রপ্তানী সুকু করেছে।

অনেক ৰছর ধরে ক্যালিকো (মালাবার উপক্লের কালিকট নামক শহরের নামান্থনারে) - যুরোপ ভারতের মুখ্য বপ্তানি দ্রব্য ছিল। আরেক প্রকার তুলার আমদানির নাম ছিল 'চিনংল' (হিন্দি শব্দ ছিট থেকে)। বেশী দিন নয় ভারতের ছাপা স্তীবস্থ পাশ্চাত্য জগতে প্রোপ্রি অন্তক্ষরণ করা হয়েছে। সংবক্ষক ভাজের জন্মই অধিকাংশ যুরোপীয় দেশ সম্হকে এর থেকে দুরে রাখা গেছে।

মশলা এবং স্থতীবন্দ্রের প্রথম যুগের ভারতীর বাণিজ্ঞা বৃহৎ আকারের বাণিজ্ঞা বা আধুনিক বাণিজ্যের গণ-উৎপাদনের আগুতায় পডেনি। স্থয়েজ ক্যানাল উন্মুক্ত হওয়ার পব এশীয় বাণিজ্য এই স্থযোগ গ্রহণ কবেছে।

সাম্প্রতিক কালের সামরিক ও রাজনৈতিক কলহের ক্ষেত্রে "স্থেজ ক্যানাল" এশিয় বাণিজ্য ও পরবর্তীকালের বাগদাদ রেল প্রকল্পের জন্ম, বাণিজ্যিক বিমানবহর বা ইয়োরোপীয়-এশিয় টেলিগ্রাফ সংযোগ যা জার্মান বাণিজ্য প্রতিষ্ঠান "সিমেন্স" কর্তৃক ১৮৬৭ খৃষ্টাব্দে স্থাপনা করা হয়, তার জন্ম সমান গুরুজ্বের দাবী রাখে।

ইজিপ্ট বা মিশর এবং সাধারণভাবে কারিগরি শিল্পের কালে স্থেজ অঞ্চল সর্বদাই ভারতের সঙ্গে এক সংযোগ পথ। সেই কারণে মনে হয় এই ক্ষেত্রে একবার পশ্চাত প্রক্ষেপ প্রয়োজন:

সেই ১৭৬০ খুষ্টাব্দে, জার্মান দার্শনিক লাইবনিংস (১৬৪৬-১৭১৬) যুরোপীয় ও এশিয় শক্তিদের অবস্থা বিষয়ে একটি সমীক্ষা করেন। তিনি যুরোপীয় রাষ্ট্রগুলির মধ্যে কোনো এক প্রকার শ্রম বিভাজন পচ্ন্দ করতেন তাই তিনি ক্রান্সের রাজার (১৬৭২) সঙ্গে যোগাযোগ করলেন মিশরীয় অঞ্চল ক্রয় করার প্রস্তাব নিয়ে। "De expeditione Aegyptiaca… Juste dissertatio—" তাঁর পাণ্ড্লিপির সংক্ষেপিত অংশ তার বন্ধু মিনিষ্টার অব দি ইলেকটোরেট অব মেইনজ, বইনেবুর্গের কাছে পাঠান হল। কিন্ধু এই সংক্ষিপ্তদার হাতে পাওয়ার পূর্বেই তাঁর মৃত্যু হল। এই সংক্ষেপিত অংশের Consilium

Aegytiacum নামে পরিচিত। লাইবনিংস চেয়েছিলেন ক্রান্সকে ভ্নধ্যসাগরে এবং ভারত মহাসাগরে যুয়োরোপের মহান্ নৌ-শক্তিতে পরিণত করা
এই প্রস্তাবের বশে মিশরকে অধিকার করে। এর প্রশন্ততর ভাবগত অর্থ হল
এই অঞ্চলে ফরাসী রাজন্তের জাতীয়তাবাদী মনোভংগীর সন্থাবহার করা আর
অক্সদিকে যুরোপকে একটি বিশ্বজনীন রাষ্ট্রে পরিণত করার জক্ত সমর্থন লাভ।
সেকালের সন্তান লাইবনিংস যুরোপের প্রাধান্ত বিষয়ে স্থমিশ্চিত ছিলেন—
অবশ্য অনেক দিক থেকে তাঁর চিন্তাধারা ছিল সর্বজনীন। এই দার্শনিকের
স্থপ্র সারা যুরোপে এক ধরণের একাডেমি স্থাপনা আর এইসব বৃদ্ধিজীবি
ঘাটিগুলিকে এশিয়ায় অম্বর্ধপ প্রতিষ্ঠানগুলির সঙ্গে সংযুক্ত করা, বিশেষ করে
ভারত ও চীন দেশের সঙ্গে। তথাপি লাইবনিংসের এই প্রক্র একেবারে
বিশ্বতির গর্ভে বিলীন হয় যতদিন না নেপোলিয়ন তার পূর্ণ বিচার করেন।

জাতীয়তাবাদ ভিত্তিক বাণিজ্য ব্যবস্থার যুগে ভারতবর্ষে জার্মানীর বাণিজ্যিক অংশ তুচ্ছ হয়ে পড়ে। একথা সত্য, যে বছ জার্মান অনেক পদে অধিষ্ঠিত ছিলেন (অনেক ক্ষেত্রে বেশ উচ্চ পদ)। এই সব বিদেশী বাণিজ্য প্রতিষ্ঠানে কিন্তু সেই সব জায়গায় তাঁরা মাত্র অক্য জাতিসমূহের এক চেটিয়া কারবারী প্রচেষ্টার যন্ত্র যাত্র ছিলেন।

মাত্র ১৭৮৪ খুষ্টাব্দে জার্মান মালিকানার জাহাজ ভারতে বাত্রা করে, অধিকাংশ ক্ষেত্রে তার পতাক। ছিল কালো-দাদা প্রদিয়ান পতাকা। পূর্বেকার প্রচেষ্টা ছিল অসটেনভ থেকে বাণিজ্য প্রতিষ্ঠান স্থাপন করা যথাক্রমে এমডেন ও ত্রিয়েন্তে অফুরূপ ব্যবস্থা করার প্রচেষ্টা তেমন সাফল্য লাভ করেনি।

সেই সময় ব্রিটিশের ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী মিত্র জাতিদের জাহাজগুলি সামাশ্য স্থবিধা দিতেন যদিও ১৭৯৭ খৃষ্টাব্দ পর্যস্থ এই ব্যবস্থাকে সরকারী মর্যাদা দান করা হয়নি।

হানসিয়াটিক নগরগুলি তাদের ঐতিহাগত বালটিক ও নর্থ-সী অন্তর্গত দেশসম্হে বাণিজ্যিক পথগুলির বিস্তারের জন্ত দীর্ঘকাল কোনো চেষ্টা করেনি এ
কথা লক্ষ্যণীয়। ১৭৮৭-র পূর্বে হামবুর্গ-ভিত্তিক জাহাজ ভারত মহাসাগর থেকে
স্বলেশে ফিরে আসেনি— তাদের পতাকা ছিল ছিতীর ইম পিরিয়াল ইষ্ট ইণ্ডিয়া
কোম্পানীর ইতিমধ্যে যার অন্তিত্ব বিল্প্ত হয়। যাই হোক, অল্ল বন্দর-শুরের
জন্ত হামবুর্গ অনেক ভারতীয় বাণিজ্য জাহাজের চূড়াস্ত থাত্রান্থল হয়ে উঠেছিল।
১৭৯১ থেকে ১৭৯৯ বর্হিবাণিজ্যের ব্যাপারে এক চূড়াস্ত পর্যায়ে ওঠে এই

শক্তিশালী বাণিজ্য কেন্দ্র। বিশেষ করে তুই প্রতিষ্ঠান ভারতীয় বাণিজ্যে সক্রিয় ছিল এই আট বছরের মধ্যে। আর একত্রিশটি নৌ-জাহাজ্ব এশিয়া থেকে ফিরতি পথে হামবুর্গ বন্দরের ডকে ছিল। এদের নাম খোহান বেরেনবার্গ আগত গসলার ও প্যারিদ আগত কোং।

তথাপি এই তেজী বাজার স্বল্পকালস্থা হল। হানিনিয়াটিক নগর সমূহের বাণিজ্য নেপে। লিলানের উচ্চাশার প্রতিরোধে ইংলণ্ড ও কণ্টিনেটাল দেশ সমূহের প্রচেষ্টায় ভীষণভাবে বাহত হল; ১৮০৮ খুষ্টাক্ষের পর মুরোপ থেকে জ্ব্যাদি বহির্ভূত করার জন্ম নেপোলিয়ানের উল্যোগের ফলে যে অর্থ নৈতিক সংকট স্বষ্টি হল তার ফলে হানিসিয়াটিক বাণিজ্য একেবারে নিশ্চল হয়ে পডল। যদিও ভারতের সঙ্গে জার্মানে বাণিজ্যিক সম্পর্ক কিছু পরিমানে উন্নত হল ১৮১৪ খুষ্টাব্দের পর, তথাপি দীর্ঘকাল তা বেশ নরম রইল। প্রকৃতপক্ষে ১৮২৬ থেকে ১৮৩৫-এর মধ্যে মাত্র তৃটি জাহাজ হামবূর্গে তালিকাভুক্ত হয়।

হামবুর্গের বে সব ব্যবসায়ী অবস্থা পরিবর্তনে সচেষ্ট হয়েছিলেন তাঁদের মধ্যে একজনের নাম গ্লোয়ার। তিনি বার বার বাণিজ্যিক সম্বন্ধ স্থাপনের জক্ত প্রতাব রচনা করেছেন মান্তাজের সন্ধিকটন্থ তৎকালীন ড্যানিস-আনকুরেবরের সঙ্গে। ১৮১৯ খুষ্টান্ধে (Darstellung des englischostindischen Kompagnie-und Privathandels—ব্রিটিশ ইট্ট ইণ্ডিয়া কোম্পানী ও বেসরকারি বাণিজ্য ব্যবস্থায় বাণিজ্য উপস্থাপন) এবং ১৮২৭ খুটান্ধে (Ideen uber die Eroffnung eines Freihafens in der danischostindischen Niederlassing—ড্যানিস ইট্ট ইণ্ডিয়ান এসটাব্লিশমেন্টে একটি উন্মুক্ত বন্দর (ফ্রি-পোর্ট উন্মোধনের পরিকল্পনা) তিনি হামবুর্গের সিনেটর সি, এম, সখরোভের ও জি, সি, লোরেনজ মেয়ার এই তৃজনের কাছে পাঠালেন। কিন্তু তার এই চিস্তাধারা বধিরের কাছে পৌছাল।

অক্সদিকে প্রাশিয়ায় ভারতীয় বাণিজ্য ব্যবস্থার একটা নতুন আগ্রহ স্পষ্ট হল।
১৮২২ খৃষ্টাব্দে 'মেনটর' নামক বাণিজ্যিক জাহাজকে Preussische See
Handlungs Geselischaft নামক প্রতিষ্ঠান বিশ্ব পরিক্রমার জন্য সমুদ্র
যাত্রায় পাঠানো হল। এই প্রতিষ্ঠানটি ১৮২০ খৃষ্টাব্দ থেকে একটি স্বভন্ত ব্যাহিং ও
মার্চান্ট ছাউন হিসাবে সক্রিয় ছিল। Prinzessin Louise নামক আরেকটি
জাহাজ ১৮২৫ থেকে ১৮২৯ এর মধ্যে যাত্রা করেছিল, উভয় জাহাজই ভারতীয়
বন্দরগুলিতে নোঙর করেছিল। ফন রোদার এই কোম্পানীর প্রেসিডেন্ট তিনি

জে, দি, এইচ, ভব্লু অপশুষালভ নামক একজনকে এই সমুদ্র যাত্রার কালে দায়িছভার দিলেন। ১৮৩১-এ হামবুর্গে অবস্থান করে ভিলহেলম অপশুষালভ ইংরেজীভাবাপন্ন হয়ে আত্ম পরিচন্ন দিতে লাগলেন উইলিয়াম অপশুয়ালভ এই নামে। ফন রোদার যে পব সমুদ্রখাত্রা তাঁর প্রেরণার ঘটেছিল তার জক্ম বেশী কৃতিছ দাবী করলেন। তিনি বলতে লাগলেন জার্মান পতাকাবাহী-জাহাজ হিসাবে এই সর্বপ্রথম বিশ্ব পরিক্রমা। ১৭৮১ খুষ্টান্সে দ্বিতীয় ইমপিরিয়াল ইট্ট ইণ্ডিয়া কোম্পানী বাণিজ্যিক জাহাজ "কোবেনংসেলকে অমুরূপ সমুদ্র যাত্রায় পাঠালেন।

১৮৪৪ খৃষ্টাব্দে প্রথম জার্মান বাণিজ্যিক প্রতিনিধিত্ব স্থাপিত হল। হেনের এ, এচ, হুস্থকে বোদ্বাই শহরে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান স্থাপন করলেন। সেখানে তিনি একথাগে হানসিআটিক অ্যাণ্ড ফ্রি সিটি অব হামবুর্গের কনসাল হিসাবেও কাজ করলেন। দি তীয় হামবুর্গ কনস্থলেট সেই বছরই কলিকাভায় উদ্বোধন করা হল—সেখানকার জার্মান প্রতিনিধিদের নেতৃত্বভার ছিল টি, এচ, ভাটেনবাথের ওপর।

আশ্চর্যের বিষয়, জার্মান রাজন্মবর্গের হ্লানোভার বংশের সঙ্গে ঘনিষ্ঠ সংযোগ ছিল গ্রেট ব্রিটেনের কিন্তু তাঁরা ভারতের সঙ্গে কনস্থালার সম্পর্ক স্থাপন করলেন অনেক পরে। প্রথম হ্লানোভারীয় কনস্থালেট ১৮৫০ খৃষ্টান্দে সর্বপ্রথম উদ্বোধন করা হল, আরাকানে (বর্মার) অঞ্চলের আকিয়াবে। দিতীয়টি খোলা হল ১৮৫১ খৃষ্টান্দের গোড়ার দিকে কলিকাভার এবং তৃতীয় ও সর্বশেষটি খোলা হল ১৮৬১তে করাচী শহরে। ব্রেমনের হ্লানিস্মাটিক পোর্ট-এর কলিকাভায় ১৮৫১ খৃষ্টান্দেও একটি কনস্থালেট ছিল—১৮৫৬ খৃষ্টান্দে বোম্বাই শহরে অপর একটি খোলা হল। ১৮৫০ খৃষ্টান্দের পর বোম্বাই শহরের ব্রেমেন কনসাল হামবুর্গ, ওলডেনবার্গ ও অষ্টিয়ান সাম্রাজ্যেরও প্রতিনিধিত্ব করলেন। ১০৬৫ খৃষ্টান্দে আকসনীর প্রথম কনসাল বোম্বাই শহরে গিয়েছিলেন। তাঁর নাম ছিল ওটো ম্যুলার। তিনি সেই একটি সময়ে "Directeur du Comptior d'Escompte de Paris et Charge par interim du Vice-consulat de France" হিসাবেও কাজ করেছেন।

১৮৪২ খৃষ্টান্বেই প্রাসিয়ার রাষ্ট্র কনস্থালেট স্থাপনের কথা চিস্তা করেছেন—
কিন্তু প্রথম ছটি কনস্থালেট বোদাই ও কলিকাডায় মাত্র ১৮৫৪ খৃষ্টান্বে খোলা

হল। ১৮৭২ খুষ্টাব্দে নয়া জার্মান রাইবের প্রতিনিধি হলেম ইমপিরিয়াল জার্মান কনস্থালেটন; কিছুকাল পরে এই সংখ্যা তিনটিতে সীমিত করা হল—কলিকাতা, বোঘাই ও মান্তাজ। প্রথম মহাযুদ্ধের পর (ঘটনার অহ্নমানে) কলিকাতায় একটি জার্মান কনস্থালেট জেনারেলের অফিস ১৯২২-এর জাত্ময়ারী মাসে খোলা হল, ১৯২৮-এ অপর একটি বোঘাই শহরে এবং ১৯:৬-এ তৃতীয়টি মাজ্রাজে। বিতীয় মহাযুদ্ধের পর প্রথম জার্মান কনস্থালেট জেনারেল ১২ই মে ১৯৫১ তারিখে বোঘাই শহরে প্রতিষ্ঠা করা হল। কলিকাতা (২০-৬-৫৪ কনস্থালেট পরে ২৪-৯-৫৪ তারিখে কনস্থালেট জেনারেলে রূপান্তরিত) এবং মাজ্রাজে (১৫-১১-৫৪—কনস্থালেট হিসাবে ৩০-১১-৬৪ তারিখে কনস্থালেট জেনারেল রূপান্তরিত) ১৯৫২ পৃষ্টাব্দের ২২শে এপ্রিল নয়াদিলীতে জার্মান এমব্যাদী খোলা হয়।

১৮৪৮ খৃষ্টান্দে যথন বিদেশী বাণিজ্যিক জাতিসমূহ ব্রিটিশের সঙ্গে সম মর্বাদায় প্রতিষ্ঠিত হল তথন ভারতের সঙ্গে জার্মান বাণিজ্য সামাশ্য প্রেরণা লাভ করল। পরবর্তী বংসরে, ভারত থেকে ঘুটি জাহাজ হামবুর্গে এসে নােঙর করল। ১৮৫২ খৃষ্টান্দের মধ্যে এই সংখ্যা বেড়ে গেল ১৪টিতে এবং ১৮৫৭ খৃষ্টান্দের মধ্যে তা ২৮শে পৌছাল। ব্রিটিশ ইষ্ট ইণ্ডিয়ান অঞ্চল থেকে আমদানির পরিমান ১৮৪৮-এ ৩০০,৯২০ থেকে বেড়ে ১২৬ মিলিয়নে পৌছালো, ১৮৫২ খৃষ্টান্দে এবং ৬৩৯ মিলিয়নে পৌছাল ১৮৫৭ খৃষ্টান্দে সে বছরটি একটি চিহ্নিত বংসর কারণ এই বছরের চেরে বেশ কয়ের বছর অবস্থার অধিকতর উরতি করা যায়নি। অপ্রত্যাশিতভাবে নয়, হামবুর্গের জাহাজওলাদের একটি কারখানা ভ্যাখসমূথ আণ্ড কোরগমান ভারতাভিমুখে একটি নিয়মিত বাণিজ্যক পথ ১৮৬০-র গোড়ায় খুল্লেন –উত্তর যুরোপে হামবুর্গ সর্বশ্রেষ্ট গুদাম ও মালওটানোর কেন্দ্রে পরিণত করা হল ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় মাল চালনার জ্বেন্ত। ১৮৫০ খৃষ্টান্দে আনসিআটিক সিটি সিংহলের প্রেণ্ট তা গালে একটি কনস্থালেট খুল্লেন। সেই কনস্থালেট দক্ষিণ ভারতের কিছু অংশেরও কর্যভার গ্রহণ করল।

কিন্তু এশিয়া বাণিজ্যের স্থযোগ যে হামবুর্গ গ্রহণ করল তা নয়। ১৮৪৩ খুষ্টান্দের ২রা নভেম্বর সিটি অব বি মেন Anna und Elise নামক একটি জাহাজকে প্রথম ইষ্ট-এশিয় বাণিজ্য যাত্রায় পাঠালেন আক্সোনিয়ান ও ওয়েষ্ট ফ্যালিয়ান ধাতব প্রব্যাদি এবং বস্ত্রাদির জন্ম নতুন বাজাবের সন্ধানে।

\*Liepziger Zeitung" নামক সংবাদপত্তের ১৫ই ক্ষেত্রবারী ১৮৪৫ তারিখে একটি সংবাদ প্রকাশিত হল—"ইট ইণ্ডিয়া ও চায়নার সঙ্গে বাণিজ্য" প্রসঙ্গে। এই রিপোর্টে বলা হল "আরা এবং এলিস" জাহাজের যাত্রার ফলে জার্মান মালপত্রের বাজার সম্পর্কে নির্ভরযোগ্য তথ্যাদি পাওয়া গেছে। এখন শোনা যাচ্ছে কলিকাতা ও বোদ্বাই শহরের বাজারের অবস্থাও নিরীক্ষা করা হবে। এই প্রস্তাব জ্ঞচিরেই কার্য্যকরী করা হল।

প্রায় ঠিক সেই সময়েই ত্রিয়েন্ত ষ্টক মার্কেট কমিশন ইষ্ট-এশিয়ায় একজন বাণিজ্যিক বিশেষজ্ঞ পাঠালেন। এই দৃত, পি, এরিখনেন ১৮৪৫ খৃষ্টান্মের ৩১শে জাহ্মারী ম্যাকাও থেকে স্বদেশে একটি রিপোর্ট পাঠালেন। তিনি স্থপারিশ করলেন ত্রিয়েন্ত থেকে আলেকজান্ত্রিয়া (৩খন জ্ঞিমান) একটা সিপিং লাইন বা জাহাজী পথ এখালা হাক - সেইভাবে একটি স্থল এবং সামৃত্রিক সংযোগ অঞ্জিয়ান বাণিজ্যিক ব্যবসায় ওলির জন্ম ভারতও ইষ্ট-এশিয়ায় একটি বাণিজ্যিক পথ খুলে দেবে। কিন্তু ইতিমধ্যে স্থয়েজ ক্যানাল নির্মাণের কাজ সম্পূর্ণ হল এবং এশিয়ায় বাণিজ্যিক ব্যাপারে একটা উচ্ ভাব দেখা গেল। বিশেষ করে ১৮৮- খৃষ্টান্মে ভারত বিষয়ে জার্মান বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলি একটা বিধিত আগ্রহ দেখাতে লাগলেন।

১৮৮২ খৃষ্টাব্দে একটি আইন দারা সকল রকম শুর ব্যবস্থা লোপ করে এয়াংলো-ইণ্ডিয়ান সাম্রাজ্যে এবাধ বাণিজ্য চালু করা হল। ১৮৯৬ খৃষ্টাব্দে কলিকাভায় সর্বপ্রথম একটি জার্মান ব্যাহ্ণের শাখা খোলা হল। এই ব্যাহ্ণটির নাম জার্মান এশিয়াটিক ব্যাহ্ণ। বার্লিনে ও সাংহাইতে ১৮৮৯ খৃষ্টাব্দে মুখ্যতঃ জার্মান-চাইনিজ ব্যবসায়িক মূলধনের স্থবিধার জন্ম এই ব্যাহ্ণ খোলা হয়। এই সময় হায়্রেরাবাদের নিজামের মন্ত্রী সাহার্দ্দিন জার্মান বিসমার্ক রাইখের আদর্শে একটি ভারতীয় ফেডারেশন গঠনের জন্ম উজোগী হলেন। তিনি নিজেই ইতালীয়ান পণ্ডিত এনজেলো ছ গুবারণাতিসিকে এই বিষয়ে ব্যাখ্যা করে বৃঝিয়ে ছিলেন ("Viaggio nell" India Centraee, Firenze 1886)।

জার্মান জাহাজ মালিকগণও ভারতবর্গ আবিক্ষার করলেন। দৃষ্টান্ত স্থরপ হানসা লাইন ১৮৮৯ খৃষ্টান্দে নিঃমিত ইষ্ট-এশিয়া সার্ভিদ খুল্লেন।

বেশ কিছু সংখ্যক জার্মানও ভারতের স্বার্থে নিংস্বার্থভাবে কাজ করলেন। থেমন প্রথম ইনসপেকটার জেনারেল অব ফরেষ্ট্রস প্রফেসর (পরে ভার) ডিয়েট্রিথ আন্ডিস এবং তার উত্তরাধিকারী স্থলিখ্ ও রিবেন্ট্রপ। জেনারেল ভার উইলিয়াম লকহার্ট ব্যক্তিগতভাবে আমন্ত্রণ জানালেন কাপ্তেন ক্রেডনার-কে, তিনি প্রুদিয়ান ফুট রেজিমেণ্টের কর্মী ছিলেন। তাঁকে বলা হল ওরকাজাই ও আফ্রিদিদের বিরুদ্ধে অভিযানে অংশ গ্রহণ করতে, এর মধ্যে একটা বোঝাপড়া এবং সঙ্গতির পরিচয় পাওয়া গোল, কিন্তু অপর দিকে মাটির তলায় অর্থনৈতিক ঈর্যা এবং রাজনৈতিক হিংসা আম্বর্জান্তিক স্থসম্পর্কের ব্যাপারে ঘুন ধরিয়ে দিচ্ছিল।

সেই সব কালে যথনও পর্যন্ত হাজার হাজার যাত্রী ভারতের উপক্লে ভীড় জমান নি তথন কিছু সংখ্যক যাত্রী বেশ সাড়া জাগিয়ে তুললেন। দৃষ্টান্ত হিসাবে বলা যায় লেখক ওটো এহলার্স ৮৯০ খুষ্টান্দে বেশ বিলম্বিত অবস্থানের উদ্দেশ্যে উত্তর ভারতে এলেন এবং ব্রিটশকর্ত্পক্ষ তাঁকে মহাসমারোহে ও সৌজতাের সঙ্গে গ্রহণ করেছিল। ভাইসরয় লর্ড ল্যানসডাউন তাঁকে সিমলায় আমন্ত্রণ করলেন। ১৮৯০ খুষ্টান্দে ইন্দো-চীন ভ্রমণ বিষয়ক একটি রিপোট এহলার্স লর্ড ল্যানসডাউনকে পাঠালেন, সেই রিপোর্ট বড়লাটের প্রশাসন কর্তুক পূর্ণমৃত্তিও হল।

১৯০১-এর অক্টোবর মাদে লর্ড হানডেন জার্মান বাণিজ্যিক প্রতিদ্বন্দীতার ব্যাপারে ক্রম বর্ধমান ব্রিটিশ উদ্বেগের কথা উল্লেখ করলেন। বাগদাদ রেলওয়ে প্রকল্পের ব্যাপার ব্রিটিশ এবং হার্মানদের ভিতরকার রাজনৈতিক সংঘাতকে প্রকাশ্রে এনে দিল কিন্তু উভয় দেশের মনের পশ্চাদপটে ছিল ভারতবর্ষ। ১৭৯৮ খুষ্টাব্দ থেকে নেপোলিয়ান যখন ভারতের বিরুদ্ধে একটা বিরাট অভিযান করার জন্ম প্রস্তুত হচ্ছিলেন তথন ব্রিটিশ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী অতি সত্তর বাগদাদে একজন রেসিডেন্ট পাঠালেন। মেসোপটোমিয়ায় কোনোরকম রাজনৈতিক বা বাণিজ্যিক ব্যাপারের কোনোরকম ইঙ্গিত পেলেই এটিশদের অস্তরে তীত্র প্রতিক্রিয়া স্বষ্ট হত (মেলাপটোমিয়া কিন্ধ তথনও ওটোমন সাম্রাজ্ঞার একটা অংশ )। বাগদাদ রেলওয়ে লাইন নির্মাণের ব্যাপারে যে স্থযোগ দেওয়া হয় সেটি অমুরপ একটি কারণ। ১৮৯৯ খুষ্টাব্দে কনন্তানটিনোপলে কাইজারের দিতীয়বার ভ্রমণ কালে এই বিষয়ে কথাবার্তা হয়। ভারতীয় ঐতিহাসিকগণ এখনও কিভাবে ব্রিটিশ ইতিহাস গ্রন্থ দারা প্রভাবিত তা বিশেষভাবে লক্ষ্য করতে হয়। এই রকম একটি দৃষ্টাম্ভ হল তরুণ ঐতিহাসিক রবীক্সর কুমার তাঁর ডক্টরেট ধীদিদের জন্ম যে গ্রন্থটি পেশ করেন তার মধ্যে উনবিংশ শতাব্দীর ভারতীর মনোভংগী এবং ত্রিটিশ স্বার্থের কথা আলোচিত হরেছে। ১৮৯৯

খুষ্টাব্দে আর্মানী প্রস্তাব করেছিল বাগদাদ লাইনটিকে একটা আন্তর্জাতিক প্রকল্প হিসাবে গ্রহণ করতে। এই কারণে, ফ্রেঞ্ছ শিল্পতিরা জার্মান-তৃত্ উত্যোক্তাদের সঙ্গে যোগাযোগ করেন, এখন ত্রিটেন ইতঃস্ততঃ করছে, তারপর স্বুফ হল বিত্তর্ক এবং পরিশেষে ত্রিটেন একটি মান্তর্জাতিক প্রকল্পের যুক্তি প্রায় মেনে নিতে বদেছিল। রাশিয়ানরা স্পষ্টত:ই বিরোধী ছিল। অথচ কাউণ্ট ভুলাদিমির কাপনিষ্ট নামক জনৈক রাশিয়ানই দর্বপ্রথম একটি রলওয়ে লাইনের পরিকল্পনা নিয়ে তুর্কীদের সঙ্গে যোগাঘোগ করেন—এই পথটি সিরিয়ান পোর্ট থেকে কুয়েত পর্যস্ত বিস্তীর্ণ হওয়ার পরিকল্পনা করা হয়। সেই কালে এর ফলে ব্রিটেন ও কুয়েত এর দঙ্গে একটা গোপন চুক্তি দম্পাদিত হল। বাগদাদ লাইন যা ১৯৪০ পর্যন্ত নির্মিত হয়নি—যুরোপীয় ভাবাবেগকে প্রায় তুই দশক কাল উত্তপ্ত েথেছিল—একেবারে প্রথম মহাযুদ্ধের সময় পর্যস্ত। এর ফলে কয়েকটি মৈত্রী গড়ে উঠ্ল এবং যুরোপীয় বিপর্যয়ের এটি একটি অক্সতম কারণ। যাই হোক, প্রিটেন যে সময় শেষ লাইন পাতলেন তথন ইরাকে তার রাজনৈতিক উপস্থিতির কাল শেষ হয়ে আসছিল, যেমনটি ঘটেছে ভারতে, যে দেশের কথা আগাগোড়াই ব্রিটিশদের মনের गहरन हिल।

রাশিয়াতে প্রতিক্রিয়া ঘটল স্কুম্পষ্ট ভঙ্গীতে। জার্মানভাষী পত্রিকা St. Petersburger Herold ১৮৯৯ খৃষ্টাব্দের ৮ই ফেব্রুখারী রাশিয়ান সংবাদপত্তের প্রতিক্রিয়ায় দৃষ্টাস্ক দিলেন ..

"লেথকের মতে জার্মান কাইসারের প্রাচ্যদেশের সফরের পর
আমরা আর একটুও বিলম্ব করতে পারিনা পারসিয়ার মধ্য
দিয়ে রেলপথ রচনার ব্যাপারে, কারণ জার্মানদের আগে-ভাগে
আমাদের পারসিয়ান গালফে পৌছতেই হবে। আমাদের রেলওয়ে ক্যাপপিয়ান সী থেকে তেহেরান যাবে। ইস্ফাহান,
ইয়েসড, কিরমান, বামপুর এবং দেখান থেকে পারসিয়ান বেলুচিন্ডানে; দেখান থেকে একটি শাথা লাইন পারসিয়ান গালফে থেতে পারে। পারসিয়া বা মেসেপটোমিয়াতে রাশিয়া ব্যতীত আর কারও প্রভাব থাকা ঠিক নয়…বর্তমানে, রাশিয়া ত্রিটেনের সঙ্গে য়্করত নয় কিংবা রাশিয়া ত্রিটিশ আধিপত্য খ্রা করার জন্ত ভারত
আক্রমনও চায় না। কিন্তু এই অবস্থায় পরিবর্তন ঘটতে পারে যদি রাশিয়ার স্বাভাবিক বিস্তার ত্রিটিশ বাধা দেয়—বৃহৎ এবং শ**ক্তি-**শালী রাষ্ট্র হিসাবে যাতে তার পূর্ণ অধিকার বর্তমান।"

প্রতিঘন্দীতা ও ঈর্বার এই বিধাক্ত আবহাওয়ায় মানবিকতার একটি সামান্ত মন্তব্য প্রকাশ করি ! ১৯০০ খৃষ্টাব্দের ওরা মে তারিথে ভারতীয় গুভিক্দের জন্ত যথন ভিলহেলম (২) অর্ধ-মিলিয়ান মার্কের মত অর্থ দান করলেন তথন ভারতে প্রশংসার তরক প্রবাহিত হল। ভারতীয় সংবাদপত্ত্তও এই ভঙ্গীর অন্ধ্যোদনে পঞ্চমুথ হলেন।

অষ্ট্রো-হাব্দেরীর যুদ্ধজাহাজ Aspern ও জার্মান যুদ্ধজাহাজ Thetis ১৯০২ খৃষ্টাব্দের জাত্বয়ারী মানের শেষদিকে কলিকাতায় এল তথন সেটিকে সামরিক নয় সামাজিক ঘটনা বলেই গ্রহণ করা হল।

সামান্ত কালের জন্ম রাজনৈতিক মেঘ ১৯০৩-এর দিলী দরবারের জাঁক-জমক এবং পরিস্থিতির জন্ম চাপা পড়ে গেল, সেইখানে সপ্তম এডওয়ার্ড কাইদার-ই-হিন্দ হিদাবে অভিষিক্ত হলেন। এই উৎসবে কাইদারের প্রতিনিধি ছিলেন হেদের গ্রাণ্ড ডিউক লুডভিগ। ১৯০৩ খুষ্টাব্দে এই জুনের বাজেটে এবং ১৮৫৫ খুষ্টাব্দের বিখ্যাত পার্লামেন্টারি মেমোরাগুমে যেখানে সপ্তম এডওয়ার্ডের করোনেশনের ঘোষণা বিশ্বত হয়েছে সেখানেও তিনিই একজন মাত্র সদস্থা। তথাপি ভাইদরম লর্ড কারজন যে ব্যানকুমেট বা মহাভোজ দান করেন সেখানেও গ্রাণ্ড ডিউককে কুইন ভিকটোরিয়ার দৌহিত্র এবং একজন রাজপদে অধিষ্ঠিত রাজকুমার হিদাবে সম্মানিত হলেন।

ইতিমধ্যে বাণিজ্য ব্যবস্থা একটা নতুন ধরণের বাজার হৃষ্টি করল। করেক মিলিয়ন মার্কের নোট বাণিজ্যের ব্যাপার থেকে ১৮৯০ খৃষ্টান্দের ব্রিটিশ ইণ্ডিয়া থেকে জার্মানীতে মাল আমদানির ব্যাপারে মোট বাণিজ্যের পরিমাণ শতান্দীর শেবে ধীরে বিড়ে উঠল (১৯০২: ২১৪৫ মিলিয়ন মার্ক; ১৯০৩: ২৫৩ ২ মিলিয়ন মার্ক)। অপর দিকে ভারতে জার্মান মাল রপ্তানি তথনও অনেক পিছনে পড়ে রইল (১৯০২: ৫৭৪ মিলিয়ন মার্ক; ১৯০৩: ৭৬ মিলিয়ন মার্ক)।

সংক্ষিপ্ত হলেও সপ্রশংস প্রতিধ্বনি উঠ্ ল যখন জার্মান সাংবাদিকবৃদ্দ সফরে এলেন। ভরু, টি, স্টেড ছিলেন Review of Reviews পত্রিকার সম্পাদক। এই সফরকে অভিনন্দিত করস্থেন। তিনি বল্লেন এই আদর্শে ব্রিটিশ সাংবাদিকদের

ভারতে পাঠানো হলে ভালো হয়। এই প্রস্তাব শুনে রক্ষণশীল ব্রিটিশ সংবাদ-পত্র The Englishman প্রস্তাব করলেন (১লা অক্টোবর ১৯০৬) ষ্টেডকে ভারতীয় ত্যাশনাল কংগ্রেসের প্রেসিডেণ্ট মনোনয়ন করা হোক। ভারতীয় প্রতিক্রিয়া অতিশয় অন্তব্যুল।

এই গ্রন্থের অন্তর যেমন বলা হয়েছে, জার্মান ক্রাউন প্রিক্স ১৯১০ এর শেষ দিকে ভারতে এলেন। তাঁর তিনমাসব্যাপী সফরের কালে তিনি সমগ্র দেশের চারদিকে বেড়ালেন—দক্ষিণ থেকে উত্তর-পশ্চিম সীমান্ত।\* অক্সান্ত স্থানের সঙ্গে হায়ন্তাবাদ, বোঘাই, দিল্লী, জয়পুর প্রভৃতি অঞ্চলে কাইজার তনয় ব্রিটিশ ও ভারতীয় গৃহক্তাদের কাছে মহাসম্মানে অভার্থিত হলেন। লক্ষ্ণে থেকে কলিকাতা যাত্রার কালে ১৯১১-র তরা ফেব্রুয়ারী তারিথে তাঁর পিতাকে লিখিত একটি পত্রে তিনি লিখলেন:

"মামি ভারতবর্ষে যত কিছু দেখ লাম তার মধ্যে আফগানিস্তান সাঁমানার এই সীমান্ত প্রদেশ আমার কাছে বিশেষ আগ্রহের সঞ্চার করেছে। রায়লপিণ্ডি আর পেশাওয়ার ছটি স্বর্হৎ ব্রিটিশ সৈন্ত ঘাঁটি— এরা সীমান্ত অঞ্চলের প্রহরী দৈন্ত সরবরাহ করে। পেশওয়ার এশিয়ায় বিশেষ গুরুত্বপূর্ণ অঞ্চল, থাইবারের মুথে মেফগণ্ড বিশেষ। এই প্রদেশের লাটসাহেব স্থার জর্জ রস-ক্যামবেল। এই দেশে আমি এ পর্যন্ত যাঁদের দেখেছি তাঁদের মধ্যে বিশেষ আকর্ষণীয় ও চমকপ্রদ ব্যক্তিত্ব। প্রায় কুড়ি বছরকাল তিনি ব্রিটিশ সাম্রাজ্যের এই সীমান্তে নির্জন পরিবেশে কাটাছেনে; তাঁকে অজ্য অভিযান ও সংঘর্ষে সামিল হতে হয়েছে আফগান ও আফ্রিনিদের বিক্ষে। তাঁর নিজের দেশবাসী এবং বন্ত-পার্বত্য-জাতি উভর সম্প্রশারের কাছেই তিনি শ্রম্কেয় এবং ভীতির পাত্র। আমি অতি জ্বত তার সঙ্গে অন্তর্মন্থ হলাম। তিনি আমাকে ভারতের অতীত ও বর্তমান সম্পর্কে অনেক কথা শোনালেন এবং অন্ত অনেকের চেম্বে বেশী করে তিনি আমাকে বিভিন্ন ধর্ম এবং উপজাতীয় বৈশিষ্টা বিষয়ে অবহিত করলেন।

দিল্লী থেকে কাউণ্ট দোহমা, আমার বন্ধু ফিনকেনষ্টাইন, ভা: ভাইডেনমান এবং আমি স্থার জন হিউয়েটের সঙ্গে মির্জাপুরে

\* ক্ষ্ট্রিয়ান সিংহাসনের উত্তরাধিকারী আর্চডিউক ফার্ডিগ্রাণ্ড ১৮৯৩
থুষ্টাব্দে ভারত ভ্রমণে এসেছিলেন।

শিবিরে গেলাম। এই পূর্ণান্দ শিবির-জীবনে আমরা এক সপ্তাহ কাটালাম, চারটি বাঘ তুটি চিতা, একটি শৃকর, একটি নীল গাই এবং অজস্ম পক্ষী শিকার করেছি।

দেশীয় লোকদের জীবনধারা থুব কাছ থেকে দেখার আমার সোভাগ্য হয়েছে। ভারতবর্ষে যত বেশী সফর করা যায় ততই দেশীয় লোকজনদের দেখে বিশ্বিত হতে হয়। এই সমস্থার চাবি-কাঠি হয়ত কোনোদিন কোনো যুরোপীয় ব্যক্তির হাতে পড়বেনা।

আমি শিক্ষিত শ্রেণীর শিক্ষিত দেশীয় ব্যক্তিদের সাগ্রহে দেখেছি।
আনক এই জাতীয় তরুণ-তরুণী ইংলণ্ডে শিক্ষাপ্রাপ্ত—তারা যুরোপীয়
স্থা-স্বাচ্ছদ্যের জীবনধারার সঙ্গে পরিচিত এবং ইংলণ্ডের আদরে
তারা নষ্ট হয়ে গেছে। তারা যথন স্বদেশে ফিরে আলে তথন আর
কিছুতেই স্বস্থিপায় না…

ব্রিটিশরা তাদের সহযোগী ভারতীয় অফিসারদের সঙ্গে পোলো থেলে তবে অক্স কোনো রকম থোগাযোগ নেই বল্লেই চলে। ভারতে ব্রিটিশ শাসনের এই হল নরম জায়গা। কি ভাবে এই সমস্তা সমাধান করা যায় তা কেউই আজ পর্যন্ত স্থির করতে পারেনি। তবে আমি একটি দৃষ্টান্ত দিতে পারি। একদিন একটি ভারতীয় রেজিমেন্টের দেশীয় অফিসারবৃন্দকে আমার সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া হল—চমৎকার দেখতে, বেশ স্থাক্ষ কর্মীদল। কিন্তু আমাকে তাদের সঙ্গে করমর্দন করতে দেওয়া হলনা, শুধু তাঁদের ভরবারির ধাপ স্পর্শ করলাম, তাঁরা সেইগুলি এগিয়ে দিয়েছিলেন।

এলাহাবাদে একটি বর্মী রাজপুত্রী আমার কাছে একমাত্র আকর্ষণীয় মনে হয়েছে। তিনি তাঁর জাতীয় পোষাক পরেছিলেন, সে পোষাক জাপানীদের পোবাকের খুব কাছাকাছি। আমাদের মধ্যে বেশ প্রীতির সম্পর্ক গড়ে উঠ্ল। তাঁর পিতা বর্মার রাজার ভাতা। এই রাজাকে ব্রিটিশরা সিংহাসনচ্যুত করেন। এই মেয়েগুলিকে স্থদেশে ফিরে যেতে দেওয়া হয় না। তারা এলাহাবাদে অমাছ্যিক জীবন যাপন করছে।

যমুনা ও গলা নদীর সলমে হিন্দুদের স্থানক্ষেত্র দেখতে গেলাম একদিন প্রাতে। এই যাজাটি গোপনে বেতে হয়েছিল কারণ এই যাজা নাকি বিপজ্জনক এবং আমাকে অন্তমতি দিতে রাজী করানো থাচ্ছিল না। এই থাতার জন্ম আমি ভারতীয় জীবনের এক অবিশ্বরণীর শ্বতি আহরণ করেছি, সেই সঙ্গে পেয়েছি কয়েকটি চমৎকার ফটোগ্রাফ।"

ক্রাউন প্রিন্সের ভারত ভ্রমণ একটি ঐতিহাসিক ঘটনা এবং এতম্বারা সাধারণভাবে একটা অমুকুল মনোভংগী সৃষ্টি হয়।

ইতিমধ্যে জার্মানদের গোচরে আরেক ভারতবর্ষ এল, যার মধ্যে ব্রিটিশ-রাজের কোন ছাপ নেই। Leipziger Nachrichten পত্তিকার ১৯১৩ খৃষ্টাব্যের ১লা এপ্রিল তারিখে জাতীয়ভাবাদের জনৈক বেনামী প্রবক্তা নিম্ন-মস্তব্য করলেন:

জার্মানী, মিশর, পারস্থা, ভারত ও চীন প্রভৃতি দেশে তার উল্যোগ প্রসারিত করে স্থানিনিত ফল লাভ করতে পারেন। সেই উল্যোগ যত বৃহৎ হবে ততই তা সকল দলের পক্ষে কল্যাণকর হবে। দৃষ্টাস্ত হিলাবে বলা যায় ভারতে জার্মানরা যত কারধানা খাপন করেছেন তার ফলে তাঁরা অজ্ঞ মিত্রলাভ করবেন। সাধারণভাবে এশিয়া এবং বিশেষভাবে ভারত প্রাকৃতিক সম্পাদে বিশেষ সমৃদ্ধ। এই সমস্তই উৎসাহী ও উল্যোগী জার্মানদের দ্বারা স্থবর্ণে রূপাস্তরিত হওয়ার অপেক্ষায় আছে।

প্নরায় বাণিজ্যিক বিষয়টিতে ব্রিটিশরা কড়া নব্দরে রাখলেন। ১৯১৪ খুটাক্ষের গ্রীয়্মকালে বেম্পক্রমন পিল্লাই জ্যুরিখে Pro India নামে একটি মাদিক পাত্রকা প্রকাশ করেন। ঐ একই মামের একটি সমিভির এটি মুখপত্ত। প্রথম সংখ্যায় প্রফেসর পল দেউসেনের একটি প্রবন্ধ প্রকাশিত হল। প্রবন্ধটির নাম "Our Brother in the East" ইন্দো-জার্মান গোষ্ঠীর মধ্যে ভাষা ও দর্শনের ঘনিষ্ঠ সম্পর্কের প্রতি তিনি বিশেষ জোর দিলেন।

ইতিমধ্যে আর্চডিউক অব ফার্ডিফাণ্ডের হত্যা ব্যাপারে মুরোপে যুদ্ধ স্থক হয়ে গেল। সারা পৃথিবীতে এর কঠোর প্রতিক্রিয়া হল। এদিকে বার্লিন প্রবাদী জনৈক ভারতীয় এ, রমন পিলাই একটি গ্রন্থ লিখলেন—"Germany India's Hope" এবং Westermanns Monatshefte (ওয়েষ্টারমানের মালিক পত্র) নামক পত্রিকায় একটি প্রবৃদ্ধ লিখলেন তার মধ্যে ভারতীয় স্বাধীনতা সংগ্রামে জার্মনীর সমর্থন প্রার্থনা করা হল। তার শিরোনাম ছিল— India and the European Crisis। ২২শে অক্টোশ্বর ১৯১৪ তারিবে

কলিকাতার The Englishman পত্তিকায় রিপোর্ট প্রকাশিত হল আহমেদ-নগরের কাছে জার্মান অসামরিক ব্যক্তি ও যুদ্ধবন্দীদের রাখা হয়েছে এবং জার্মান যুদ্ধজাহাজ "এমডেনে"র ক্রিয়াকলাপ বিষয়ে অভিযোগ করা হল। এই পত্তিকায় বলা হল এই যুদ্ধজাহাজ ভারত মহাসাগরে ব্রিটিশ বাণিজ্যকে ব্যাহত করছে। পরবর্তী বংসরে কলিকাতার সামশ্বিকপত্ত Capital (১১ই মার্চ ১৯.৫) বিবেচনা করলেন যে জার্মান-শিল্প প্রতিষ্ঠানগুলি যদি নির্মাভাবে ধ্বংশ করা যায় তাহলে ভারতের উদ্বন্ত কাঁচা মালের কি হবে?

প্রায় সেই কালেই ত্রিটিশরা হেঁয়ালিম্লক আফগান কাওকারখানায় বিশেষ সম্বস্ত হয়ে পড়েছিল। লোভাই ফ্রেজার ছিলেন Times of India পত্রিকার প্রাক্তন সম্পাদক। তিনি Daily Mail পত্রিকায় যে জার্মান এজেণ্ট ডাঃ পুনিন পারসিয়া হয়ে আফগানিস্থানে গমনের চেষ্টা বিফল হওয়ার পর তিনি কার্লে জার্মানদের কোনো স্থবিধা হবে মনে করেন না।

১৯১৫ খুষ্টান্দের আগস্ট মানে অনেকগুলি সংবাদপত্র (Pester Lloyd, Neue Zurcher Nachrichten এবং অক্সান্ত ) ইণ্ডিয়ান ক্যাশন্তাল পার্টির কার্যকরী সমিতি, পাশ্চাত্য দেশ সমূহে ভারতীদের ওপর ব্রিটশ আধিপত্যের বিপক্ষে একটি ইন্তেহার প্রক.শ করলেন। ১৯১৫ খুষ্টান্দের ১৬ই আগস্ট এই সমিতি—এর নাম ছিল Indian Independence Committee—জার্মান যুদ্ধ প্রচেষ্টার সমর্থনে একটি জাতীয় সেচ্ছাবাহিনী গঠনের প্রতাব করলেন। যাই হোক, জার্মান কর্তৃপক্ষদের এই বিষয়ে সতর্ক প্রতিক্রিয়া দেখা গেল। তারা বল্লেন এশিয়ায় জার্মানীর মিত্রদেশ তুর্কীদের সঙ্গে পরামর্শ প্রয়োজন। কতক-গুলি পত্রিকা (যথা: Konigsberger Hartungsche Zeitung—:৯শে মাগস্ট ) এই Indian Independence Committee বিষয়ে বিশেষভাবে অতিরক্তিত করে বললেন যে এই ঘোষণার অর্থ গ্রেট ব্রিটেনের বিক্লন্ধে ভারতের যুদ্ধ ঘোষণা। ২১শে আগস্ট তারিধের লগুনের Times পত্রিকা এইসব সংবাদ পত্রের রিপোর্টের প্রতি তীব্র আক্রমণ করলেন এবং তাঁরা জার্মান প্রয়োচিত ভারতীয় নৈরাজ্যবাদের কথা উল্লেখ করলেন।

প্রথম দিকে এই সংগঠনটি ভারতের জাতীয় আন্দোলনের একটি গুপ্ত সমিতির মত ছিল। তারপর যথন এর অন্তিত্ব আর গোপন রইল না— তথন এর নাম প্রিক্তিন করে করা হল—Indian Nationalist Committee European Centre। ১৯১৯ খৃষ্ঠানে জার্মানী ভারতীয় বিজ্ঞাহে প্রেরণা দিয়েছে এই অভিযোগ প্রদশত প্রত্যাখ্যান করেছেন হেনরী মেয়ার্স হাইগুম্যান তাঁর The Awakening of Asia নামক গ্রন্থে। হাইগুম্যান ইংলণ্ডে কার্ল মার্করের প্রধান শিশু এবং তাঁর নিজম্ব কিছু কম্যুনিষ্ট ভাবনা ছিল। যাইহোক, তাঁর মৃত্যুর কিছুকাল পূর্বে (যা মহাযুদ্ধের অবসানের পূর্বেই ঘটেছিল) হাইগুম্যান তাঁর মতবাদ পরিবর্তিত করেন এবং তাঁর কম্যুনিষ্ট অহুগামীদের তীব্র জাতীয়তাবাদী জভীপ্যাসম্পন্ন একটি নতুন পার্টিতে সামিল করার চেষ্টা করেন, এই পার্টির নামকরণ করা হয় "National Socialist Party" যে নাম পরে টেমস থেকে ইসার নদীতে আমদানী করা হয়।

ইতিমধ্যে, প্রথম ব্রিটিশ ও ভারতীয় যুদ্ধবন্দী কলেবেন ক্যাম্পে এসে প্রবেশ করলেন, প্রথম মহাযুদ্ধের কাহিনীতে এই ব্যাপারটির গুক্ত কিছু কম নয়।

১৯১৫ খৃষ্টাব্দে জাত্ম্যারীর দিকে প্রফেসর মৌলানা বরকত্লা-ক যুক্তরাষ্ট্র থেকে সানক্রানসিদকোর রাজনৈতিক ভাবে সক্রিয় ভারতীয়গণ জার্মানীতে পাঠালেন, এইখানে দয়ালের অধীনে গদর (বিপ্লবী) দল গঠিত হয়েছিল। বরকত্লা বলেছিলেন তিনি আফগানের আমীরের একজন বন্ধু, এবং কাবুলের একমাত্র পত্রিকা "সিরাজ-উল-আখবদ্ধ" পত্রিকার সম্পাদক। ১৯১৫ খৃষ্টাব্দের ২৬শে জাত্মারী তারিখের জার্মান ফরেন অফিসের একটি গোপন দলিলে এই কথা বলা হয়েছে:

"প্রফেশর বরকত্লা এবং মি: চট্টোপাধ্যায় এই রিপোর্ট দিয়েছেন যে ভারতীয় জাতীয়তাবাদীগণ, (যারা অচিরে কার্লে আছেন স্থির করেছেন) তাঁদের কর্তব্য পালনে মতিস্থির করেছেন, পারসীয়ান জাতীয়তাবাদীদের সহায়তার এই দল কার্লে পৌচাবেন এবং সেইখান থেকে তাঁরা পাঞ্চাবে প্রবেশ করবেন। প্রফেশর বরকত্লা, আফগানি-ন্তানের আমিরের ও তাঁর পরিবারবর্গের সঙ্গে উত্তম সম্পর্ক বন্ধায় বেখেছিলেন অনেক কাল ধরে তিনিই এই দলের নতুত্ব করবেন।"

প্রায় এই সময় থেকেই কুমার মহেন্দ্র প্রতাপের নাম ফাইলে প্রবেশ করে।
তিনি উচ্চবংশীয় ভারতীয় হাথরাসের পূত্র—ব্রিটিশরা তাঁকে সিংহাসনচ্যুত
করেন এবং তিনি মহারাজ ম্বসনের দত্তক পূত্র, এবং কয়েকজন পাঞ্জাবী শিখ
রাজস্তবর্গের তিনি ঘনিষ্ঠ আত্মীয়। ১৯৫৭ খৃষ্টান্দে আমি নয়াদিলীতে মহেন্দ্র
প্রতাপের সন্দে সাক্ষাৎ করি। তথন তিনি বুন্দাবন থেকে পার্লামেণ্টের সদত্ত

নির্বাচিত হয়েছিলেন, তাঁকে বেশ শাস্ত অথ্য দৃঢ়চিত্ত মাছ্য বলে মনে হয়েছিল। প্রথম মহাযুদ্ধের কালে জার্মানীতে নির্বাসিত রাজনীতি-বিদগণের মধ্যে তিনি একটি বিশেষ স্থান অধিকাব করেছিলেন। ১৯১৫ খুষ্টাব্দের ১০ই ফেব্রুয়ারী তারিখে তিনি স্থইজারল্যাণ্ড থেকে বার্লিনে এসে উপস্থিত হন তথন তাঁর নাম মহম্মদ পীর, তিনি ভারতকে সাহায্য করার জন্ম জার্মানীব হয়ে কাজ করার বাসনা প্রকাশ করেন এবং দ্বিতীয় ভিলহেলম একটি গোপন সাক্ষাৎকারে তাঁর সঙ্গে মিলিত হন। সেই বছর ১০ই এপ্রিল তারিখে প্রভাপ এক ছঃসাহসিক অভিযানে আফগানিস্তানে গেলেন, তার সঙ্গে রইলেন মৌলানা বরকত্ব্রা। লিগেশুন সেক্রেটারি ওটো ভেরণার ফন হেনটিগ এবং একটি ক্ষুদ্ধ কর্মচারীদল। ১৯১৫ খুষ্টাব্দের হরা অক্টোবর তাঁরা কাবুলে পীছলেন। মহেল্র প্রতাপ আমীর হবিব্রাহকে কাইজারের একটি ব্যক্তিগভপত্র দিলেন, আর ফন হেনটিগ জার্মান চ্যান্সেলার লিখিত আরেকটি পত্র তাঁকে দিলেন।

১৯১৫ খৃষ্টাব্দের ১লা ডিসেম্বর মহেন্দ্র প্রতাপ কাবুল থেকে প্রথম অস্থায়ী ভারত সরকার প্রতিষ্ঠার সংবাদ ঘোষণা করলেন। আপনাকে তিনি প্রেসিডেন্ট, বরকতুল্লা হলেন প্রধানমন্ত্রী, এবং ওবেহুলা যিনি সবেমাত্র ভারত থেকে এসেছিলেন তাঁকে করা হল আভ্যন্তরীণ মন্ত্রী। এই প্রথম ভারতীয় সরকারের অন্তিম্ব প্রায় বিশ্বত—যদিও আফগানী কর্তৃপক্ষের সঙ্গে "সরকারী শুরে" এর সংযোগ ছিল। মহেন্দ্র প্রতাপ বলেছিলেন "যথন আমাদের দেশের মৃক্তিযুদ্ধর কথা ইতিহাসে বিশ্বত হবে তথন আমাদের এই অস্থায়ী সরকারের পরিচ্ছণটি নিশ্চরই বিবেচিত হবে।" এখানে উল্লেখ করা যায় যে ২৪শে নভেম্বর তারিখের Times-এ একটি ব্যক্তিগত বিজ্ঞাপনে মহেন্দ্র প্রতাপের খোঁজ খবর সন্ধান করা হয়। রাশিয়া থেকে ফেরার পর প্রতাপ জার্মানদের একটি আন্তর্জাতিক সেনাদল

গঠনে আগ্রহী করার প্রয়াস করেন। এই সেনাদল তাঁদের মিত্র রাষ্ট্র এবং রাশিয়ানদের নিয়ে গঠিত হবে। এই সেনাদল ভারত ও তুর্কেন্তানকে আক্রমণ করবে। কিন্তু জার্মানরা রাশিয়ানদের মতই এই প্রস্তাবের বিরোধী ছিলেন।

এই বিদ্রোহী রাজা এক বিশ্বজনীন ধর্ম ও বিশ্ব সংগঠনের প্রস্তাব প্রচার করেন। তাঁর পত্তিকা "World Federation" পত্তিকার শিরোনামে এই কথাগুলি মৃদ্রিত করতেন—

"১৯২৯-এর সেপ্টেম্বর জার্মানীর বার্গিন শহরে প্রতিষ্ঠিত, করেকটি সংখ্যা যুক্তরাষ্ট্র থেকে প্রকাশিত। নভেম্বর ১৯৩০ থেকে মার্চ ১৯৪২ জাপান ও চীনে প্রকাশিত হয়, তবে বেশীর ভাগ

জাপানে। এখন এই পত্রিকা প্রকাশিত হচ্ছে মাসিক পত্র হিসাবে
১৯৪৬-এর নভেম্বর মাস থেকে।"

কিন্তু আমরা ঘটনা অহুমান করেছিলাম। মহেন্দ্র প্রতাপ ছিলেন এক রোমান্টিক ব্যক্তিত্ব। তিনি স্বয়ং কাইজার প্রদন্ত Red Eagle order নামক সম্মানচিহ্ন পরে বেড়াতে ভালোবাসতেন। ১৯১৮-র এক স্থন্দর এপ্রিল দিনে তিনি প্রেসিডেন্ট অব দি প্রভিদন্তাল গন্তর্গমেন্টের পোষাক পরিধান করে মাথার পাগড়ী এটে এবং অঙ্গে রেড ঈগল অর্ডার ধারণ করে বার্লিনের জনগণের কাছে ভাষণ দান করেন। Dea Tag নামক দৈনিক পত্র ৭ই এপ্রিল তারিখে ভারতীয় এই নির্বাসিত রাজনীতিবিদের "সরকারি আলোকচিত্র" প্রকাশ করেন। তিনি বলেন যে কাইজার এবং কম্যুনিষ্ট উভয় পক্ষেরই তিনি মিত্র আবার সেই সঙ্গে তিনি "মানব সমাজের দাস"।

এই আন্দোলনের অগুতম প্রধান উদ্দেশ্য ছিল আভ্যন্তরীণ সংহতি বিশিষ্ট 
এক অবিভক্ত ভারত। এর ফলে, তিনি বার্লিন ইণ্ডিয়ান কমিটির একটি
অমুরোধ জার্মান ফরেন অফিনে পাঠালেন। এই অমুরোধ হল "রেভোল্যুসনারী
মৃস্পিম ইণ্ডিয়ান পেটিয়টস্ লীগ" "হেনহেক্" বা সংক্ষেপে "ছ" প্রভৃতির যে
কোনো রক্ম প্রস্তাব উপেক্ষা করতে। ব্যক্তিত্বের শক্তি প্রভাবে প্রতাপ এই
ব্যাপারে সাফ্ল্যুলাভ করেন।

ইতিমধ্যে জার্মানী প্রথম মহাযুদ্ধে পরাজিত হল, আর ইতিমধ্যে করেকটি ভারতীয় প্রদেশ ভীষণ অশাস্ত হয়ে উঠ্ছিল। প্রাণাচ্ছল পাঞ্জাবের লাহোর আদালতে করেকটি বর্ধনশীল গোণ্ডীকে রাজন্তোহের অপরাধে কাঠগড়ায় হাজির করা হল, এ বা সংখ্যায় প্রায় একাশীজন। মূলতান শহরে ব্রিটিশ শাসনের বিরোধীদের "কালা জার্মান" বা "বাদামী জার্মান" এই নামে পরিহাস করে সম্বোধন করা হত। যাইহোক, বিচারপতিগণ, এই সব বিপ্লবীদের "দস্তা" শ্রেণীভূক্ত করলেন। হাফিজ কোর নামক উত্তর পশ্চিম সীমানার এক অঞ্চলে মোহনন্দর ব্রিটিশ ঘাটি আক্রমণ করলেন হাজার-হাজার উপজাতি যোদ্ধাদের নিয়ে এদিকে বুনেরওয়াল মালাক্রী পাসের-কাছাকাছি ক্ষমৃতামের নিকট হামলা চালাতে লাগল।

ভারতীয় জ্বাতীয়তাবাদীরা শিংদের স্থানয় জয় করার জ্ঞা সচেষ্ট হলেন। শেষ রাজা দিলীপ সিং-কে নির্বাসনে পাঠানোর পর তিনি গেইখানে আলেক- জান্দ্রিয়ার এক জার্মান ব্যবসাদারের কক্সা "ৰাম্বা"কে বিবাহ করলেন—বছ শিথ ছিলেন জার্মানদের পক্ষে। তাঁরা শুধু একা নয়। ১৯১৬ খুষ্টাব্দের ১১ই নজেবর তারিখের The Times of India পত্তিকা মৌলানা আবুল কালাম আজাদের বিফদ্ধে যে সমস্ত ব্যবস্থা অবলম্বন কবা হবে তার বিবরণ প্রকাশ করলেন। তিনি তথন 'আল হিলাল' পত্তিকার সম্পাদক ছিলেন এবং পরে বর্তমান ভারতের শিক্ষা মন্ত্রীর পদে অধিষ্ঠিত হন। তার বিক্দ্ধে অভিযোগ ছিল—
"সম্রাটের শত্রুদের সঙ্গে বিশ্বাস্থাতকতা পূর্ণ সম্পাদে লিপ্ত"।

১৯১৭ খৃষ্টাব্দেব The Manchester Guardian পত্তিকায় একটি সংবাদদাত প্রেরিত সংবাদ প্রকাশিত হল "The Kaiser as an Indian Deity" (কাইজার একজন ভাবতীয় দেবতার ভূমিকায়) এই সংবাদের বক্তব্য হ'ল এই যে ছোটনাগপুরের ওঁরাওগণ সেই অঞ্চলের মালানদানাল দানবদের সমুদ্রের জলে বিভাতন করার জন্ম "জার্মান বাবা" নামক দেবতার পূঞা করছেন।

১৯১৮ খুষ্টাব্দের বসম্ভকালে রাজা মহেন্দ্র প্রতাপ আফগানিস্তান থেকে বার্লিনে ফিরে এলেন। তিনি নতুন অভিজ্ঞতা সঞ্চয় করে ফিরলেন, তার বিবরণ আমি পরে বিস্তারিত ভাবে দেব।

বছ সংখ্যক প্রখ্যাত ভারতীয় রাজনীতিবিদ এবং সাংবাদিক মহাযুদ্ধের কালে জার্মানীতে বদবাদ করতেন, দেইখানে বদে স্বদেশের মুক্তি যুদ্ধের জন্ম কাজ করার উদ্দেশ্যে। প্রখ্যাত পণ্ডিত, ডাঃ তারকনাথ দাস অপর দিকে এঁদের মত যুক্তরাষ্ট্রে ঘর বেঁধেছিলেন। ভার্মানীতে হৃদক্ষ রাজনীতিবিদ হিসাবেও তিনি পরিচিতি লাভ করেন পরে তিনি ইন্দো-জার্মান সাংস্কৃতিক ও রাজনৈতিক সম্পর্ক বিষয়ে একটি সমীকা করেন। ভূপেন্দ্রনাথ দত্ত, বিনি স্বামী বিবেকানন্দের ছোট ভাই এবং হেগেলীয় দৃষ্টিভন্নীতে থিনি আধুনিক রাজনীতির বিচার করেন দেইকালে তিনিও জার্মানীতে অক্সতম বিশিষ্ট ব্যক্তিত্ব হিসাবে স্বীকৃত ছিলেন। প্রথম শ্রেণীর একজন ভাবতীয় চম্পকবমন পিল্লাই, ভিনি বর্তমান কেবালাব সাংবাদিক <u>চিলেন</u> ত্রিবাস্কুরেব অধিবাসী ছিলেন। জনৈক অষ্ট্রিগ্নান মহিলাকে বিবাহ কবে তিনি বার্লিন থেকে ভারতের রাজনৈতিক পরিস্থিতি বিষয়ে লিখতেন। নির্বাসিত জনৈক শিখরাজনীতিবিদ ছিলেন মাজিথাব উমরাও সিং শেরগিল। তিনি সম্ভাস্ত বংশীয়া জনৈক অষ্ট্রিয়ান মহিলাকে বিবাহ করেন। এই পরিবাবের নাম গটেশমান। ভিনি বুদাপেষ্টে বাস করতেন—সেইখানে তাঁর বাড়িটি ছিল

ভিয়েনা ও অষ্ট্রয়ার এক সংমিশ্রণ। এই বিবাহের ফলে জন্মগ্রহণ করেন ভারতে প্রথমতম আধুনিক চিত্রশিল্পী অমৃত শেরগিল। জার্মানীতে ভারতীয় গোষ্ঠার অপর একজন সদস্ত হলেন বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়। তিনি ছিলেন সরোজিনী নাইভূর সহোদর ভাতা, সরোজিনী নাইভূ আবার ছিলেন গান্ধীজীর একজন প্রমুখ শিল্পা, এবং তাঁর রাজনৈতিক কবিতাবলীর জন্ম "Indian Nightingale" নামে প্রসিদ্ধি লাভ করেন।

যুদ্ধ যথন শেষ হল; বেশ কিছু সংখ্যক ভারতীয় জার্মানীতে রয়ে গেলেন, উাদের মধ্যে রাজনীতিবিদ্ প্রভাকর, বীরেন্দ্রনাথ দাশগুপ্ত, এস আচার্য, এ রমণ পিল্লাই, শিবদেব সিং আলুওয়ালিয়া, ও হরদয়াল উল্লেখযোগ্য। এই শেষোক্ত ব্যক্তি স্কচত্র ও কুশাগ্র বৃদ্ধি নেতা ছিলেন চরমপন্থী গোষ্ঠীর, কিন্তু যুদ্ধান্তে বৃটেনের ভারতীয় নীতির সঙ্গে বোঝাপড়া করনেন।

বিপ্লবী এবং প্রচারবিদ্গণ যারা ভারতের ভবিশ্বং নির্ধারণ করার জক্ত জার্মানীতে ঘাঁটি করেছিলেন, তাঁদের অনেকেই যুরোপে ছড়িয়ে পড়েন এবং তাঁদের কার্যকলাপ সংক্রান্ত সংবাদাদি রহস্তজালে জড়িত। এই শ্রেণীর একজন ছিলেন ঠাকুর যেশরাজ্ঞী, তাঁর কাজ ছিল জার্মান রাষ্ট্র নেতাদের চিঠি পত্রাদি ভারতীয় রাজস্তুরর্গের কাছে নিয়ে পৌছে দেওয়া। সেগুলিকে তিনি আকারে ক্ষুত্র করে নেকটাই-এর বন্ধনীর মধ্যে গোপন করে রাখতেন। রাজা কুশলপাল সিং ও সরকারি জার্মান চিঠিপর যা ইংরাজীতে, হিন্দিতে ও উর্লুতে রচিত হত সেগুলি তাঁর দেহের মধ্যে গোপন করে পাচার করতেন। এই সব পত্রাদির মধ্যে বিজয় হলে জার্মান জাতির সাহায়ের প্রতিশ্রুতি থাকত। এই জাতীয় পত্রবাহকের কাজে যথেষ্ট বিপদের ঝুঁকি ছিল। হেলমুথ ফন প্লাসেনাম নামক প্রথাত ভারতবিদ এই সব ভারতীয় নির্বাদিতদের অনেকভাবে জার্মান সরকারি দপ্তরে যোগাযোগের স্থবিধা করে দিয়েছিলেন। আনন্দবর্ধন শান্ত্রী এই ছন্মনামে (যে পণ্ডিত আনন্দ বর্ধন করেন) তিনি Der Neue Orient নামক পত্রিকায় নির্য়মিত লিখতেন, এই পত্রিকা ১৯১৭ খুষ্টাব্দে প্রতিষ্ঠিত হয়।

সেই কালে জার্মানীর ভারতীয়বুল অক্ত দেশস্থ তাদের সমগোত্তীয় স্থাদেশীয়দের সঙ্গোগাযোগ করতেন, যেমন রাদ্বিহারী বহু বা রবীক্রনাথ ঠাকুর। ভারতীয় ও জার্মান রাজনীতির মধ্যে সময়র সাধনের উদ্দেশ্য। প্রসঙ্গতঃ ঠাকুর উপাধিধারী আরও একজন বছকাল জার্মানীতে ছিলেন, তাঁর নাম রাজা শ্রাম কুমার

ঠাকুর। লাইপজিগ থেকে ১৯১২ খৃষ্টাম্বে তিনি একটি সংস্কৃত গ্রন্থ প্রকাশ করেন। সেই গ্রন্থের নাম "জার্মানী-কাব্য"। লেখক এই গ্রন্থটি ক্রাউন প্রিক্ষ ডিলহেলমকে উৎসর্গ করেন। ক্রাউন প্রিক্ষ ভারত ভ্রমণ করে স্বদেশে ফিরেছিলেন।

১৯১৮ খুষ্টাব্দের ২১শে ফেব্রুয়ারীতে Bund der Freunde Indiens (ভারতের মিত্রগণের সমিতি) বার্লিন শহরে প্রতিষ্ঠিত হল, এই সমিতির উদ্দেশ্ত ছিল ভারত সম্পর্কিত জ্ঞান বিতরণ করা। অনেক গ্যাতনামা জার্ম নও ভারতীয় এই Bund বা সমিতিতে যোগদান করেন (তাঁদেব মধ্যে এ. আর. পিলাই, চম্পকরমন পিলাই, নায়েক, ভূপেন দন্ত, এ্যাভমির্যাল রেকে, হেরমান ফন ভাদেন এবং এল ভিয়েরক উল্লেখযোগ্য)। এই সমিতি বিষয়ে তাঁরা উচ্চ আশা মনে পোষণ করতেন। এই ন্তন প্রতিষ্ঠানের সর্ব প্রথম কাজ হল রাজা মহেন্দ্র প্রতাপেব সম্মানার্থে ১৩ই এপ্রিল ১৯১৮ ভাবিথে এক সম্বর্ধনা সভা অস্থৃষ্টিত হল।

জার্মানীতে যত ভারতীয় ছিলেন তাঁদের মধ্যে বাজা মহেন্দ্র প্রতাপ ছিলেন দ্বাপেকা বৰ্ণাঢ্য ব্যক্তিত্ব—তাকে অনেক দময় "মাৰ্কোপোলো অব দি ইষ্ট" বা প্রাচ্যের মার্কোপোলো বলা হত। আফগানিস্তান থেকে ফেরাব পথে তিনি তুর্কিন্তান ও বাশিয়া ঘূরে এসেছিলেন। তাদথন্দ থেকে তিনি তুর্কিন্তানের গভর্ণর কোলজেদাউ-এর দলে মস্তো ও পিটাদবার্গ গিয়েছিলেন। যাই হোক. তাঁর বার্লিনে ফিরে যাওয়ার তাডা ছিল কারণ জার্মানীর ভারতীয় রাজনীতি-বিদ্রগণ ব্রেষ্ট লিটভসকের কশো-জার্মান চুক্তির তৃতীয় অমুচ্ছেদ বিষয়ে অভিশর অম্বন্তি বোধ করছিলেন, তাঁলের মতে এই ধারাটি যে দব জাতীর রাষ্ট্রীয় মর্যালা নেই তাদের বিষয় অতি সামায়াই আগ্রহ প্রকাশ করেছেন। কিন্তু ১৯১৮ খুষ্টাব্দের ১২ই মার্চ যখন পিটাসবার্গে বিপ্লবের প্রথম বার্ষিকী অক্সষ্টিত হয় তথন রাজা মহেল্র প্রতাপ সেইখানে উপস্থিত ছিলেন। তাঁকে কিছু বলতে অহুরোধ করা হয় এবং তার বক্তৃতা রুশ ভাষায় অহুবাদ করেছিলেন যে মন্ত্রী সভাপতিত্ব করছিলেন তিনি শ্বয়ং। ভারতীয় রাজনীতিবিদ উদাত্তকণ্ঠে সেই ব্যপ্নের কথা উল্লেখ করেন যেদিন জার্মান ও রুশগণ ভারতের মৃক্তির সংগ্রামে একযোগে কান্স করবেন। প্রতাপের এই আবেগপূর্ণ কথাগুলি অক্তাক্ত ভারতীয় রাজনীতিবিদদের প্রভাবিত করে। রাশিয়া ও জার্মানীর সঙ্গে তাঁদের সম্পর্ক ক্রমশই ভাবাবেগপূর্ণ হয়ে উঠ্ছিল। ১৯২০তে ভারতীয়গণ মনে করেছিলেন

তাঁদের পরিকল্পিত "ভাবাবেগের ত্রিকোণ" ব্যবস্থার ভারত-রাশিরা-জার্মানীর মৈত্রী এক স্থদ্য ব্যবস্থা।

কিন্তু পুনরায় রাজা মহেন্দ্র প্রতাপে ফিরে আসা যাক। জার্মান ফরেন অফিস ফাইলে তাঁর কাহিনী লিপিবদ্ধ আছে। ১৯১৮ খৃষ্টান্দের ২৭শে মার্চ তারিখে লিখিত হয়েছে—"হাতরাস ও মুসরানের ভারতীয় রাজকুমার মহেন্দ্র প্রতাপ, যাঁকে কাব্ল যাত্রার প্রাকালে মহামান্ত সমাট সদয় হয়ে লেগেল্ডন সেক্টোরি ফন হেনটিগ সহ অভার্থনা করে গ্রহণ করেছিলেন, তিনি আফগান্তিান থেকে বার্লিনে ফিরে এদেছেন।"

## এরপর রিপোর্টে লিখিত হয়েছে:

"হের ফন হেনটিগ যখন চীনে যাত্রার জন্ম কাবুল ত্যাগ করেন, কুমার তথন কাবুলে আমির হবিবুলা খানের রাজ-সভায় প্রায় এক বছর ছিলেন। এর পর তিনি প্রাচীন ঐশ্লামীয় পবিত্র স্থান মেশুর-ই-দেরিফ এ বাদ করেন, দেখানে কাপ্তেন নিদের-মেয়ার অবস্থানকালে প্রত্নতাত্ত্বিক গবেষণা করেন। প্রথম দিকে কুমার স্থির করেছিলেন ভন হেনটিগের সঙ্গে চীন দেশে থাবেন, কিন্তু তিনি চীনের সীমানায় পৌছে শোনেন চীন মিত্রবাহিনীর সঙ্গে যোগদান করেছে, তখন তিনি স্থির করেন রাশিয়ায় ফিরে যাবেন। রুশ তুর্কীস্তানে আফগানি কটি বিতরণের ছল করে তিনি কোনো রকমে তাসধনে পৌছান, সেই সময় বলশেভীষ্টগণ ক্ষমতা অধিকার করেছিলেন। ইক্লোম শহরে অধিষ্ঠিত ক্যাশকাল ইণ্ডিয়ান কমিটির বার্লিনম্ম ট্রাষ্টি ছিলেন বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—ট্রটস্কির সঙ্গে যোগাযোগ স্থাপন করতে সমর্থ হন এবং তাঁকে ভারতীয় আন্দোলনে গভীর আগ্রহ প্রদর্শনে উৎদহিত করেন। ইটদকি নাকি ভারতীয় এই জাতীয়তাবানীকে তাঁর সামর্থ্যমত সব রকম সাহায্যের প্রতিশ্রুতি দান করেন। মহেন্দ্র প্রতাপ তাঁর সমগ্র রাশিয়া অবস্থানের কালে সরকারি অতিথি হিদাবে গৃহীত হন। পিটাসবার্গের স্থইডিস কনসাল স্কুটডেনের ভিতর দিয়ে কুমারকে ট্রানজিটভিদা দিতে অস্থবিধা স্ষষ্টি क्वरल क्रिकेनिक क्यावरक कार्यान लाहेन धरव वार्निस्न किरव निरम সেধানকার ইণ্ডিয়ান কমিটির সঙ্গে পরামর্শ করতে পরামর্শ দেল। কুমার অবশেষে তুনাবুর্গ হয়ে ২৩ ভারিখে বার্লিনে এসে পৌছলেন।

মহেন্দ্র প্রতাপ তাঁর সঙ্গে আফগানিন্তানের আমির হবিবৃদ্ধা থানের একটি করে চিঠি নিয়ে এসেছেন মহামাক্ত সম্রাট কাইজার এবং মহামাক্ত স্থাতানকে এই ঘুটি পত্র লিখিত।

Vossische Zeitung—পত্তিকায় ১৯১৮ খৃষ্টান্দেব ২৮শে মার্চ ভারিথে মহেল্র প্রতাপের একটি স্থার্থ দাক্ষাৎকার প্রকাশিত হয়। এই সাক্ষাৎকারী একজন শুদ্ধেয় অধ্যাপক। তিনি ভারতীয় দৃত আনিব কর্তৃক কাইজারকে তাঁর চিঠিয় একটি লিখিত জবাব দলে এনেছেন এই কথাটি বিশেষ ফলাও করে প্রকাশ করেন দেই অধ্যাপক। তিনি জোর দিয়ে আবও বল্লেন যে মহেল্প প্রতাপ আরও একবার চ্যান্দেলাব বেথমান হলডেগের চিঠি ভাবতীয় রাজশ্ববর্গের কাছে নিয়ে গেছেন।

জার্মানীতে ভার্স ই সনদে দন্তথতকারীর মধ্যে ভারত অক্সতম, অবশ্র গান্ধীর ভারত এই সনদকে বাধ্য গাম্পুক বলে শীকার করেনি।

ইন্দো-জার্মান সম্পর্ক শুধু মাত্র রাজনৈতিক জগতের ক্ষেত্রে যে পরিচালিও হয়েছে তা নয় বরং অনেক সময় আশ পাশেও ঘটেছে। দৃষ্টাস্ত স্বরূপ বলা যায় জার্মান ইট আফ্রিকায় ভারতীয়দের অনেক সময় জার্মান পাসপোর্ট দেওয়া হ'ত কারণ তাদের জার্মান কলোনীর তথাকথিত মর্যাদা অমুসারে। ১৯১৪ খুষ্টাব্দে নির্বাসিত ভারতীদের ক্ষেত্রেও অমুরূপ অবস্থা স্প্টি হয়। বীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, হরমুজুদ কেরসাসপ, আবত্বস সত্তার সিদ্দিকি এবং চম্পক্রমন পিল্লাই—এরা সকলেই "জার্মান ইট আফ্রিকান" এই নামে বিশেষ কাজের ভার প্রাপ্ত হন, এদের নামকরণ হয় যথাক্রমে মহম্মদ বিন সাদি, আহমেদ বিন নাসির, ইব্রাহিম বিন মামুদ ও আবত্বলা বিন মনজুব।

ইষ্ট আফ্রিকান কলোনী সমূহে জার্মান কর্তৃপক্ষ সর্বদাই ভাষতের সঙ্গে জন্ধ বিস্তর মিত্রভাপূর্ণ সম্পর্ক বজায় রেখেছিলেন হয়ত ভারতীয় মহাসাগরে বিটিশ সাম্রাজ্যের বিশেষ মর্যাদা বিবেচনায়। এই একটি কারণেই জার্মান ইষ্ট আফ্রিকার মূদ্রা ব্যবস্থার নাম ভারতীয় রূপী বা রূপেয়ার নামান্মসারে। ব্রিটিশ অবশু এই সব ব্যাপার বিষয়ে অজ্ঞকারে ছিলেন তা নয়। "জার্মান ইষ্ট আফ্রিকা এয়ান ইণ্ডিয়ান কলোনী"—এই নামে Kölnische Zeitung ১৯১৮ খুটাব্লের সেপ্টেম্বর ১০ই স্থার থিওভারে মরিসন (Times পত্রিকার ২৪. ৮. ১৮) একটি প্রস্তাবে বলেছেন যে ব্রিটিশ সাম্রাজ্যের প্রয়োজনে কাল্প করার জন্ম ভারতীয়ানের ইষ্ট আফ্রিকার জার্মান কলোনী দেওয়া হোক, সেইখানে তারা নিজ্য

কলোনী গড়ে তুলুক। যাই হোক, এই প্রস্তাব অবশ্র অচিরেই চাপা দেওরা হ'ল।

জার্মানীস্থ নির্বাসিত ভারতীয় রাজনীতিবিদ্গণ কিছু পরিমাণ শ্রদ্ধা অর্জম করেন, জার্মানীতে ভারত ও জার্মান সম্পর্কের ব্যাপারে ভাইমার-রিপাবলিকের কালেও।

জার্মানীর ভারতীয় সম্প্রদায়ে কয়েকটি নৃতন নাম সংযোজিত হল এম. এন. রায়, তাঁরাটাদ রায়, বিনয়কুমার সরকার, আরাথিল ক্যানভেথ নারায়নান নাম্বেয়র, এ হুসেন প্রভৃতি।

এঁরা Industrial and Trade Review for India নামক একটি
মাসিক পত্র বার্লিনে প্রকাশ করলেন। সরকার বিশেষ ভাবে একজন বর্ণাঢ্য
ব্যক্তিত্ব হিসাবে উল্লেখ্য, তিনি বিবাহ করেছিলেন অপ্রিয়ান মহিলা ইভা
ষ্টাইলারকে। প্রোফেসার হেরমান সখুমাখেরের অধীনে তিনি বার্লিমে অর্থ
নীতির পাঠ গ্রহণ করেন এবং বাংলা, জার্মান, ও ইংরাজী ভাষায় অজস্র গ্রন্থ
রচনা করেছেন। এইসব গ্রন্থে জার্মান সংস্কৃতির সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সংযোগের
পরিচয় প্রকাশিত। ১৯২৬-এর এপ্রিল মাসে সরকার কলিকাতায় "আর্থিক
উন্নতি" নামক পত্রিকা প্রকাশ করেন। এই পত্রিকায় একটি নিয়মিত বিভাগ
ছিল "হুনিয়ার ধন-দৌলত"। জার্মান শব্দ "Weltwirtschaft" কথাটির
আক্ষরিক অহ্বাদ বাংলা ভাষায় এই কথাটি গৃহীত হয়েছে।

ম্নিথের কারিগরি বিভালয়ে কিছুকাল অধ্যাপনা করার পর সরকার ১৯৩১-এ "বঙ্গীয় জার্মান বিভা-সংসদ" বা জার্মান সংস্কৃতি সমিতি স্থাপন করেন। ১০৪৮ খৃষ্টাব্দে আমি স্বয়ং সরকারকে পত্র লিথে তাঁর পরবর্তী জার্মানী পরিদর্শনে আমন্ত্রণ জানাই আমার বাবা-মা-র অতিথি হওয়ার জক্ষা। এই যাত্রা অবশ্য সম্ভব হল না। কারণ পরবর্তী বংসরে তিমি অপ্রত্যাশিতভাবে ওয়াশিংটনে পরলোকগম্ম করেন করেন। হয়ত আমি অক্য এক প্রসঙ্গে বিনয় কুমার সরকার সম্পর্কে যা লিখেছিলাম তার কিছু উশ্বত করতে পারি:

"বিনয়কুমার সরকার ১৮৮৭ খুষ্টাব্দে মালদহে জন্ম গ্রহণ করেন। এবং ১৯৪৯-এর ২৪শে নভেম্বর ভারিথে ওয়াশিংটনে পরলোক গমন করেন। সেই সমন্ন তিনি বিভিন্ন বিশ্ববিভালত্তের অতিথি অধ্যাপক হিসাবে যুক্তরাষ্ট্র ছিলেন। আমাকে লিখিত শেষ পত্রগুলিতে আরেকবার জার্মানীতে আসার জন্ম তার মনের প্রবল বাসনা প্রকাশ পার। আমাদের দেশে তাঁকে অভ্যর্থনার স্থযোগ

পাইনি। কিন্তু এই মহান পণ্ডিতের পবিত্র স্বৃতি জার্মান সাংবাদিকদের মন থেকে অস্পষ্ট হতে দেওয়া যায় না। তিনি নিজেও একজন সাংবাদিক ছিলেন এবং এদেশের প্রকৃত সন্তান । আমাদের দেশের মাছুবের এই মনীধীর বিষয় আরো জানা প্রয়োজন। ভারতীয় সংস্কৃতির শহর থেকে এই নীরব "ঋষি"—
থিমি বিশ্বরাজনীতির রাজধানীতে লোকান্তরিত হলেন তাঁর পাওনা কিছু কম নয়।"

मिहे कारन, ज्यन जरून कम्मानिष्टे आत्मानत्त्र शक्त (यरक स्रोतक जरून ভারতীয় বিপ্লবী এম. এন. রায় জার্মানীতে এলেন। রায়, তাঁর প্রকৃত নাম নবেক্সনাথ ভট্টাচার্য, প্রথম মহাযুদ্ধের কালেই জার্মান মহলে যোগাযোগ স্থাপন করেন। ১৯১৫ খুষ্ট:ব্দে তিনি 'মাভেরিক' জাহাজ থেকে ভারতীয় জাতীয়তা-বাদীদের জন্ম অন্ত্র শংগ্রহের চেষ্টা করেন—সেই জাহাজটি তথন যুক্তরাষ্ট্রের পতাক। যু সমুদ্রধাত্রা করেছিল। 'মাডেরিক' জাহাজের কাপ্তেন ছিলেন জনৈক জার্মান, তিনি বন্দরের বাইরে তান ডজোনক পার্কে জাহাজ নোঙর করলেন। যাই হোক, রায় সে যাত্রা তাঁর উদ্দেশ্য পূর্ণ করতে পারেন নি কারণ জাভার উপকৃলে দাঁড়িয়ে একটি ব্রিটিশ যুদ্ধ জাহাজ 'মাভেরিকে'র উপর কঠোর দৃষ্টি রেখেছিল। জার্মান ক্রজার 'এমডেনের' হংসাহসিক ক্রিয়াকলাপ ভারতীয় বিপ্লীদের আশা প্রজ্ঞলিত হয়, এখন 'মাভেরিকের' প্রতিটি পদক্ষেপ রুদ্ধ শ্বাদে অনুসরণ করা হল। ১৯১৬ थुट्टीत्क अम. अन. तात्र कालिकार्गिया याजा कत्रत्वन। (क्रोनक कालात মার্টিনের ছন্মবেশে )— স্থান থেকে মেকসিকো গেলেন— সেইখানে ক্মানিষ্ট একেট মাইকেল বোরোদিনের দঙ্গে তাঁর যোগাযোগ ঘটে। দেখানে ১৯১৯ সালে, রায় মেক্সিকোতে কম্যুনিষ্ট পার্টি গঠন করেন। সেই বছরই লেনিনের ব্যক্তিগত পরামর্শে তিনি দোভিয়েত ইউনিয়ন যাত্রা করলেন। তিনি রায়কে ভ্রমণ পথে জার্মান ক্ম্যানিষ্টদের দক্তে দেখা করতে বলে দিলেন। कार्यानीटक दांत्र वारमद नरङ्ग वसुष कदरमन काराद मर्था अधिकाः म हदम वामनही ছিলেন—ধ্থা আগস্ট থালহেইমার ও হাইনবিশ আন্তলার। বায় জার্মান ভাষা শিখে নিলেন; তাঁর পরবর্তী মস্কৌ, তাসথন্দ, ও চীন যাত্রাকালে তিনি জার্মান বাজনীতির সঙ্গে সংযোগ রক্ষা করেছিলেন। চীন থেকে মক্ষো ফেরার পর তিনি ক্তাশক্তাল লোসালিষ্টদের ক্মানিক্ষম থেকে বিপদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। তাঁর এই দব সভর্কবাণীর ফলে তিনি স্তালিনের স্থনজর থেকে বঞ্চিত হন এবং व्याभावि अञ्चल ग्रांव व ১৯২৮ थृहास्यत वमस्यकारम वारवद शुक्र व व्याधिव

ন্দর তাঁকে কোনোরপ ডাক্তারি সাহাব্য থেকে বঞ্চিত করা হয়। কড়া নজরে রাথলেও রায় কোনও ক্রমে বার্লিনে,চলে বেডে সমর্থ হন। আর্মানীতে তাঁর রাজনৈতিক জীবনের বিশেষ পরিবর্ডন ঘটে। পরবর্তীকালে জার্মান ভাষায় বিচিত তাঁর গ্রহাবলীর মধ্যে তাঁর পরিবর্ধিত রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর পরিচর পাওয়া যায়। র্যাডিক্যাল কম্যানিষ্ট এখন অধিকতর মানবিক পন্থা অবলমন করে। এই ব্যাপারে তিনি তাঁর দিতীয়া ত্রী এলেন গটম টিপকের ছারা বিশেষ প্রভাবিত হন। কিছুকাল পূর্বে তিনি এলেনকে বিবাহ করেন। ভারতে প্রভাবর্তন করে রায় মার্কস প্রভাবিত রাজনীতির সন্ধে ঐতিহ্যাপ্রীর পান্ধীবাদের সংমিশ্রন ঘটিরে এবং তার সন্ধে জার্মান আন্দর্শবাদের বোগ সাধন করে এক নব্য-মতবাদের প্রচার করেন ১৯৫৪ খুষ্টাকে তাঁর মৃত্যুর কাল পর্যন্ত ।

বাবের মত অক্স ভারতীয়গণ, ধারা চরম মার্কসবাদী হিসাবে জীবন বাজা সফ কবেছিলেন ভাঁরা কালক্রমে কম্যানিজ্যের প্রতি আস্থা হারিয়ে জার্মান রাজনৈতিক মহলের সঙ্গে সম্পর্ক করেন। ১৮৯০ প্র্টান্দের বার্লিন ইণ্টারক্তাশক্তাল ওয়ার্কস কনফারেন্দের কাল থেকে ভারতীয়গণ এবং জার্মান মার্কসিষ্টনের সঙ্গে ধোগাধোগ স্থাপিত হয়। ১৯০৭ প্র্টান্দে দ্টুটগার্টে যে ওয়ার্কস কন্ফারেন্দ অক্স্টিত হয় তাতে বিস্তারিতভাবে ভারতীয় রাজনীতি আলোচিত হয়। এই কন্ফারেন্দে পারসী মহিলা মাদাম কামা প্রকাশ্তে ভারতীয় জাতীয় পতাকা উত্তোলন করে ইতিহাস স্বষ্টি করেন।

প্রথম মহাযুদ্ধের পর করেকজন বার্লিনবাসী ভারতীয় চরমপন্থী মতবাদে আরুষ্ট হন। বীরেক্রনাথ চট্টোপাধ্যার জাঁদের মধ্যে অক্সতম। বার্লিনে তিনি একজন সহযোগী মার্কসিন্ট এগনেস স্নেভলিকে বিবাহ করেন। ১৯২০তে যথক ভারতীয় কম্যানিষ্ট পার্টির এক নির্বাসিত গোষ্টা তাসথকে দল প্রতিষ্ঠা করেন, বার্লিনস্থ ভারতীয়গণ তার সেই ঘটনার জংশ গ্রহণের জক্ত মন্মো যাত্রা করেন। ১৯৬৫-তে প্রকাশিত মজ্বংফরপুর থেকে প্রকাশিত The Left Wing in India নামক গ্রন্থে এক. পি. সিনহা লিখেছেন সেই যাত্রার কালে নির্বাসিত ভারতীয়দের মধ্যে কি পরিমাণ দ্ব্যা ও প্রতিঘন্দিতা ছিল তার প্রমাণ পাওয়া যায়। এদিকে কম্যানিজ্বমের প্রতি তাদের একবোগে অক্সরাগ ও বিরাগ প্রকাশ পার। যুরোগ-ভিত্তিক ভারতীয়গণ কার্ল রাডেক এবং থালহাইমারের সঙ্গে জার্মান কম্যানিষ্টচক্রের প্রভাবে আসেন। সেই কালেই এম. এন. রাম্ব

Independence নামে প্রকাশিত হয়। ১৯২৮ খুষ্টান্দের পর ছারতে কমিনটারণের প্রথমদিকের অক্সতম এক্ষেউ ডা: গল্পাধর এম. অধিকারী জার্মানীতে কম্যুনিষ্ট পার্টিতে যোগদান করেন। তিনি বার্গিনে লেখাপড়া করেন। অধিকারী ভারতীয় কম্যুনিষ্ট পার্টিকে তীক্ষ্ণ কমিনটার্থ মুখী পাঠে ব্রতী করলেন। এর কিছুকাল পরেও জার্মান ও ভারতীয় কম্যুনিষ্টগণ তাদের সরকারী লহযোগীতা বজায় রেখেছিলেন। ১৯৩২-এর মে মাসে চীন, গ্রেটব্রিটেন ও জার্মানীর কম্যুনিষ্ট পার্টি তাদের সহযোগী ভারতীয় মার্কসিন্টদের কাছে আবেদন জানালেন ভারতীয় জাতীয় কংগ্রেস আরো স্পষ্টভাবে সরে আসার অন্ত অপর ব্রিটিশ-বিরোধীগণ আন্দোলন থেকে সরে এসে নিংসল্ল হয়ে ভেসে না বেড়াতেও উপদেশ দেওয়া হল। বিভীয় মহাযুদ্ধের কালে ভারতের চরম বামপান্থীদলকে তাদের জার্মান রাজনীতিমুখী মনোভংগী পরিবর্ত্তন করতে বাধ্য করা হয় স্থালিন-হিটলার চক্তির পর।

১৯২০-র ক্ষার্মানীর ভারত মিত্রস্থলভ মনোভংগীর ফলে ভারতীয় কংগ্রেসের কয়েকজন রাজনীতিবিদ জার্মানীতে আগমন করেন। ১৯২৭-এর ১৪ই নভেম্বর জার্মান ফরেন অফিসে একজন মন্ত্রী শ্রেণীর কর্মচারী—ভ হাস ভারতীয় ক্যাশক্তাল কংগ্রেসের নেতা পণ্ডিত মতিলাল নেহকর সঙ্গে নিম্নলিখিত সাক্ষাৎ-কারের কথা লিপিবদ্ধ করেন:

"আৰু ভারতীয় স্বাধীনতা দলের পণ্ডিত মোতিলাল নেহকর দলে সাক্ষাৎ-কার হয়, সলে ছিলেন তাঁর পুত্র এবং বার্লিন প্রবাসী পিল্লাই।"

মোতিলাল নেহক এবং তাঁর পুত্র এই সাক্ষাৎকারের আগ্রহ প্রকাশ করেন, জার্মানী কিভাবে ভারতীয় কংগ্রেসকে সাহায্য করতে পারে তা জানার জন্ম। জার্মানী থেকে ওরা ছজন মস্কো চলে যান; তাঁরা দ্বির করলেন জার্মানীতে প্রথমতম ভারতীয় ইনফরমেশন ব্যুরো প্রতিষ্ঠা করা হবে। ১৫ই ফেব্রুয়ারী ১৯২৯ তারিখে এই 'ব্যুরো' প্রতিষ্ঠা করা হয়, এর কর্মভার দেওয়া হল এ, দি, এম নামবেয়ার ও বীরেজনাথ চট্টোপাধ্যায় এই ছজন ভারতীয়ের ওপর। এই পরিকল্পনাটি ছিল জগুহরলালের। তাঁর বাসনা ছিল এই ইনফরমেশন ব্যুরোকে ভারতের কোনো প্রকার সরকারি দ্তাবাসে পরিণত করা—ভারত তথন স্বাধীনতার সংগ্রামে লিপ্ত। পৌনে এক শতান্ধী পরে, এই প্রথম ডাইরেকটর এ. কি. এম নামবেয়ার বন-এ ফিরে এলেন তাঁর স্বদেশের প্রথমতম সরকারী কাষ্ট্রকত হয়ে। জার্মানী ভারতীয় পঠন-পাঠ্যনের আদি কেন্দ্র। কিতীয় মহাযুক্তের

কালে নেতানী স্থভাষচক্র বহুর সরকারের একমাত্র মন্ত্রী হিসাবে রুরোপে কাজ করেছেন।

আরেকটি ভারতীয় কেন্দ্র ১৯২০-তে ম্যুনিখে খোলা হয়, ১৯২৯-এ জার্মান একাডেমির শাখা হিদাবে দি ইণ্ডিয়ান ইনষ্টিট্যুট খোলা হয়—১৯৪৯-এ এই প্রতিষ্ঠানটি তারকনাথ দাস ফাউনডেশানের সহযোগীতায় পূর্ণ-প্রতিষ্ঠিত হয়। এই সাংস্কৃতিক কেন্দ্রের প্রধান ছিলেন অবিশ্বরণীয় ডাঃ ফ্রানংস থায়ের ফেলডার এই কেন্দ্রটি অচিরাং ভারতীয় ও জার্মানদের এক অপূর্ব মিলন ক্ষেত্র হয়ে উঠল।

সেই কালে, ভারতবর্ধ ব্রিটিশ সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানগুলির পক্ষপাতপূর্ণ বিপোর্টের দ্বারা কম প্রভাবিত ছিল না। তথাপি এসব অনেকেও ছিলেন যাঁরা ভারতের প্রতি জার্মান মনোভংগীর একটা প্রকৃত চিত্র আঁকতে পেরেছিলেন। একটি দৃষ্টান্থই যথেষ্ট হবে:

Bombay Chronicle যথন জুলাই ১৯৩০-এ জার্মান পত্র-পত্রিকার ভারত বিরোধী কিছু প্রবন্ধ প্রকাশ করেন আয়ি থেনডুলকর দেই পত্রিকার তিন কলম ব্যাপী জবাব লিখে সমগ্র বিষয়টির ধথায়থ বিবরণ দান করেন।

তথাপি একথা সত্য জার্মানীতে একটি সংখ্যালঘু দল ছিল যারা ভারতের রাজনৈতিক সভ্যকে লঘু করে দেখতেন ৷ এই সংখ্যালঘু দলে ছিলেন ক্যাশস্থাল সোক্তালিটগণ, যে দলের প্রতিষ্ঠাতা তাঁর Mein Kampf নামক গ্রন্থে তাৎপর্য-পূর্ণভাবে মস্তব্য করেন :

"আমার আবো অনুরূপ শিক্ষাত্মলভ এবং অবিশ্বাস্ত আশার কথা মনে আছে যখন ১৯২০-২১ খুষ্টাব্দে জাতীয় মহলে ধারণা হয়েছিল যে ইংলগু ভারতবর্ষে একটা আসর পরাজ্যের সমূবীন, তাঁরা যখন ব্রিটিশ সাম্রাজ্যের পতনের কথা আশা করছিলেন এবং সেই আসর পরাজ্যের ফলে ইংরাজ রাজ্যজ্ঞির পরাজ্যের কথা ভাবছিলেন, তাঁরা তখনই মেনে নিচ্ছিলেন যে ভারত ইংলণ্ডের কাচে একটা বিশেষ তাৎপর্যপূর্ণ অঞ্চল।

ইংলও তথনই ভারতকে হারাবে খদি দে তার শাসনময়ে জ্বাতিগত-বিভেদের জ্বালে জড়িয়ে পড়ে (যে ব্যাপারটি বর্তমানে সম্পূর্বভাবে ভারতে এড়িয়ে রাখা হয়েছে) কিংবা কোনো শক্তিশালী শক্ষর খড়গের হাতে ভার পরাজয় ঘটে। ভারতীয় নেতৃত্বদ

কথনই এই অবস্থা স্থষ্টি করতে পারবেন না। ইংলওকে পরাজিত করা কত কঠিন আমবা ধারা জার্মান তারা প্রচুর পরিমানে দে তথ্য আবিদার করেছি।"

যাই হোক এ্যানি বেসাণ্ট, একজন ইংরাজ মহিলা, তিনি ভারত ও ব্রিটেনে সংগ্রাম করেছেন, শুধু ভারতের খাধীনভার জন্ত নয় বরং সেই সলে যুরোপের প্রকৃত পরিস্থিতি বিষয়ে একটা সঠিক ধারণা রচনার জন্য। ১৯২৭ খুষ্টাব্দের ২রা আক্টোবর লগুনের কুইনস হলে প্রদত্ত এক ভাষণে তিনি মুমোপীর যুক্তরাষ্ট্র বিষয়ে তাঁব যে পরিকল্পনা প্রকাশ করেন তা ভারতেও বিশেষ সমাদর লাভ করে।

বিশের দশকের সমগ্রকাল ভারতের সঙ্গে জার্মান ব্যালাল অব ট্রেড আসাসোড়া জমার দিকে—[১৯২৬: (ক) জার্মানী খেকে ভারতীর আমদানি:
২৬০ মিলিয়ন মার্ক। (খ) ভারত থেকে জার্মান আমদানি: ৩২৭ মিলিয়ন
মার্ক। ১৯২৭: (ক) ২৪০ মিলিয়ন মার্ক (খ) ৪৯৩ মিলিয়ন মার্ক ,
১৯২৮: (ক) ২৪৭ মিলিয়ন মার্ক , (খ) ৩৯১ মিলিয়ন মার্ক ! ১৯২৯:
(ক) ২৪৫ মিলিয়ন মার্ক ; (খ) ৩৯১ মিলিয়ন মার্ক ]। পরবর্তী দশকে অবস্থার
বিশেষ উন্নতি হয়নি। এই ভাবে দৃষ্টাস্ত স্বরূপ বলা যায় ১৯৬৬-এ ভারত
থেকে জার্মান আমদানি মাত্র ১৪২'১০ মিলিয়ন মার্ক — অক্সদিকে জার্মান থেকে
ভারতে রপ্তানির পরিমান মাত্র ১২১'৬০ মিলিয়ন মার্ক ৷ ১৯৩৭ খুষ্টাকে
জার্মানীতে ভারতীর আমদানি ছিল ১৬৮'৬০ মিলিয়ন মার্ক ৷ ১৯৩৭ খুষ্টাকে
জার্মানীতে ভারতীর আমদানি ছিল ১৬৮'৬০ মিলিয়ন মার্ক , জারতে জার্মান
রপ্তানি ছিল মাত্র ১৪৭'৬০ মিলিয়ন মার্ক । য়ৃদ্ধ পূর্ব শেষ বর্ষের হিসাব—
১৯৬৮-এ জার্মান রপ্তানির ক্ষেত্রে বিশেষ হ্রাস লক্ষ্য করা যায় ৷ তার মূল্য
ছিল ১০৬'৬০ মিলিয়ন মার্ক , এদিকে জার্মানীতে ভারতীর জামদানি পূর্ব
বৎসরের সমান স্তরে ছিল—১৪২ মিলিয়ন মার্ক ।

জার্মানীর স্বার্থে ভারতের সঙ্গে ব্যবসা বৃদ্ধির প্রয়োজন একথা অর্থনীতি-বিদগণ বার বার বলেছেন। বিশের দশকে জার্মানীর সামনে যে অহ্ববিধা ছিল এই ব্যাপারে ভার কথা বলেছেন—এফ. জে. স্বটভাংলার তাঁর ভ্রমণ বিবরণে:

> "ভার্সাই চুক্তি আমাদের জার্মানদের কাছে সম্পূর্ণ পাঁচ বছরের মত ভারতকে অবক্ষম রেখেছিল। পরবর্ত্তীকালে ১৯২৪-এর এ্যাংলো-জার্মান বাণিজ্য-চুক্তি ভিসাগত প্রবেশ বিষরে কিছু বিধি নিষেধ

আরোপ করার ভারতের সঙ্গে জার্মানীর বাণিজ্যিক সম্পর্কে জটিলতা সৃষ্টি হল। ১৯১৩ খুটাঙ্গে জার্মানী শতকরা সাত ভাগ ভারতীর আমদানী থেকে লাভ করে থাকে ভাহলে ভারতীয় আমদানী মূল্যে তার শতকরা ছরভাগের বেশী অংশ নেই, যদিও আমদানী যথেট বেড়ে গেছে। টাকার মূল্যমান হিসাবে যুদ্ধ পূর্ব হিসাব ছিল ১২৭ মিলিরন টাকা, ১৯২৮-এ ১৫৪ মিলিরন টাকা। এর অর্থ কি কোনো দিক থেকে লাভ করা? না তাও নয়! কেউ যদি যুদ্ধ পূর্ব অঙ্কের প্রক্রত মূল্য হিসাব করে, জার্মান ব্যুরো অব ট্র্যাটিসটিকস যেমন করেছেন তাহলে ভারতে জার্মান আমদানী ১৯১৩-তে ২৭১ মিলিরন মার্ক, ১৯২৮-এ মাত্র ২২০ মিলিরন। এই হিসাব জার্মানীর মোট রপ্তানির শতকরা ১.৭৫ ভাগ মাত্র। এবং সবচেরে অধ্য অবস্থায় ভারতীয় স্বাধীন ভা সংগ্রামের ফলে এ দিকটিও আজ বিপন্ন।"

১৯৩০-এ পণ্ডিত মোতিলাল নেহেক জার্মান কনস্থালার কর্তু পক্ষের সঙ্গে যোগাযোগ করেন প্রক্রেশার সাহার মাধ্যমে (১৯৩০-২৮শে জুন তারিপ্রের বোশাই কনস্থালেটের রিপোর্ট )—এই অহ্বরোধ নিয়ে যে ভারতীয় প্রশ্নটি লীগ অব নেশ্যানস্-এ উত্থাপন করা হোক। হিন্দু বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার পণ্ডিত মালবীয় দ্বিতীয় প্রথ্যাত ভারতীয় যিনি ১৪ই নভেম্বর ১৯৩০ তারিপ্রের জার্মানদের কাছে অহ্বরূপ অহ্বরোধ জানান। (১৪ই নভেম্বর ১৯৩০ তারিপ্রের বোম্বাই কনস্থালেটের রিপোর্ট)।

বিগত যুদ্ধপূর্বকালীন দশকে জার্মানী কম্যানিষ্ট এবং চরমপন্থী নাৎদীদের সংগ্রাম ক্ষেত্রে পরিণত হয়। জার্মান বামপন্থী সাময়িকপত্র বার্লিনের Die Linkskurve নামক পত্রিকার ১৯৩০-এর জুন সংখ্যার একটি দত্তথতহীন সম্পাদকীর প্রকাশিত হয়, তার শিরোনাম ছিল—Indien und die Krise des Weltimperialismus—(ভারত এবং বিশ্ব সামাজ্যবানের সংকট)। এই প্রবন্ধে ভারতীর বিপ্লবের বিশ্লেষণের প্রয়াস ছিল। গান্ধীর সংগ্রাম এবং ভারতের জাতীর আন্দোলনে চীনা কম্যুনিজমের প্রভাব ইত্যাদি বিষয়ে যা লিখিত হয় তার ভদী ছিল অপ্রাদ্ধের এবং তথ্যের দিক থেকে ভাস্কঃ:

"ভারতের সাম্প্রতিক ঘটনা থেকে এই বিষয়ে কোনো সংশর থাকে না যে ৩৫০ মিলিয়ন ভারতীয় জনগণের স্বাধীনতা আন্দোলন একটা নতুন পর্বে পৌছবে। এই পর্বের বৈশিষ্ট্য চিহ্ন এই যে আমরা এইখানে শতাকীর পর শতাকী ব্যাপী অভ্যাচারে জর্জর জনগণের অসস্তোষের কোনো সংবাদ রাখিনা। কিন্তু একটি সংহত বৈপ্লবিক আন্দোলন ভারতীয় জনগণের মধ্যে গভীর পরিবর্তন এনে দিয়েছে, যার ফলে ব্রিটিশ শাসনের ভিত্তি কম্পমান। এর কয়েকটি গুরুত্পূর্ণ দিক আলোচনা করা যাক, যথা:

প্রথম: "নিজিয় প্রতিরোধ" এই নামে যে আন্দোলন হারু হয়
এবং পরিচালিত হয় সাম্রাজ্যবাদের বিক্দ্ধে হামলার উদ্দেশ্রে তার জ্রুত
রূপান্তব। তার অর্থ: এই গণ আন্দোলনের বৃর্জোয়া এবং পাতি বৃর্জোয়া
নেতাদের সম্পূর্ণ দেউলিয়া প্রাপ্তি। কংগ্রেস, গান্ধী এবং গান্ধীবাদ
এ দের প্রতিনিধি স্থানীয়। এই আন্দোলনের বৈপ্লবিক স্বতোৎসারিম্ব
'অহিংসতত্ব'র চাপে এবং প্রতিরোধের শক্তিশালী যয়ের অতিকায়
পেষণে নিম্পেষিত। 'লবন একচেটিয়া অধিকারের বিক্দ্ধে অভিযানের'
মাত্র একটি সপ্তাহ অতিক্রান্ত, গান্ধীর 'সত্যাগ্রহ' বিষয়ক ঘোষণা এবং
ভারতীয় পরিশ্বিতি আজ বিপ্লবের প্রতীক রূপে প্রতীয়মান। ত্রিটিশ
সাম্রাজ্যবাদ এবং বিপ্লবীজনগণের এক রক্তাক্ত সংগ্রাম।

ষিতীয়: এই আন্দোলনের 'নিজিয় প্রতিরোধ' থেকে জ্রুত ক্রমবিকাশ এবং বৃদ্ধি যা খোলাখুলিভাবে প্রকাশ বৈপ্রবিক ক্রিয়াকলাপে পরিণত তার ব্যাখ্যা হিসাবে বলা যায় যে এই আন্দোলনের অভ্যন্তরে সর্বহারাও শ্রমিকদের প্রাধায়া বৃদ্ধি পাচ্ছে। নিঃসন্দেহে আন্দোলনের বৈশিষ্ট্য এই যে, শ্রমিক কেন্দ্রগুলিতে তা দৃঢ়ও শক্তিশালী হয়ে ওঠে—কলিকাতা, বোষাই, সোলাপুর ইত্যাদি; অর্থাৎ বলা যায় যে সর্বহারাক্র্ম অতি জ্রুত গান্ধীর নিজিয় ভাবাদর্শ পরিহার করে বৈপ্লাবিক ক্রিয়াকলাপে লিপ্ত হয়েছে…

ভারতের সামাঞ্চাবাদী ঘাঁটিতে প্রকৃত ভাঙনের সম্ভাবনা এবং ভারতী বিপ্লব বিশ্ব বিপ্লবের ক্ষেত্রে একটি নতুন ধারা উন্মুক্ত করল, বিপ্লব আজ গুরুত্বপূর্ণ হয়ে উঠছে কারণ উপনিবেশিক বিপ্লববাদের তরঙ্গ আজ সর্বত্র গর্জন করে উঠছে। সর্বোপরি, চীনা বৈপ্লবিক আন্দোলনের নবজাগরণ ভারতীয় বিপ্লববাদের ক্ষেত্রে প্রচণ্ড সমর্থন জুগিয়েছে। চীন দেশের কৃষি বিপ্লব যা সম্প্রতি ভারতে স্কৃত্ব হয়েছে ইতিমধ্যেই বেশ পুরোদমে চল্ছে, বিদ্রোহী কিষাণরা তাদের শক্তির যন্ত্র

সোভিয়েত গ্রামাঞ্চলে ইভিমধ্যেই চাল্ করেছে—এই সব কিষাণ সোভিয়েত আৰু সম্পূর্ণ অঞ্চলে আধিপত্য বিস্তার করেছে, বৈপ্লবিক "রেড-আর্মি" হাজার রাইফেলের সমান প্রলেটারিয়াট সর্বহারার দল যদিও প্রতিক্রিয়াশীল কুয়োমিনতাং জেনারেলদের দ্বারা কিছু কিছু প্রতিহত হয়েছে, তথাপি তারা বর্ধিতত্ব ক্রিয়া কলাপ প্রদর্শন করছে এবং দক্ষিণ চীনার গ্রামাঞ্চলে নয়া বিপ্লবের জন্ম প্রস্তুত হচ্ছে। এই সবই ভারতীয় বিপ্লবকে পথ প্রদর্শন করছে।

ম্যাকডোতালভ ও ওয়েজউডবেন শ্রমিক সরকারের "সেক্রেটারি ফর ইনডিয়া" কলিকাতা ও বোষাই শহরের শ্রমিকদের গুলি করতে আদেশ দিয়ে নিমকহালালি করেন নি। নোসকে ও জোরগাইবেল জার্মান সর্বহারাদের ক্ষেত্রে যা করেছিলেন তারাও তাই করছেন। এইভাবে তাঁরা আর একবার দেখালেন সোস্থাল ডেমোক্রাটরা কি ভূমিকা গ্রহণ করেছেন—মহান্ শ্রেণী সংগ্রামের অভ্যন্তরে সেকেণ্ড ইনটারত্থাশনাল, অভ্যাচারী ও অভ্যাচারীতের মধ্যে তীত্র সংগ্রাম নতুন মুগের স্কচনা করছে। যেখানেই একটা সিদ্ধান্ত হোক; যেখানেই "বিশ্ব-সাম্রাজ্যবাদী ঘাঁটির শৃঞ্জল" ভাঙতে ক্লক করে সেইখানে বুর্জোয়ারা সোস্থাল ডেমোক্রাট নেতাদের ঠেলে দেন। বিপ্রবেব অধিকতর অগ্রগতি রোধ করার উদ্দেশ্যে তাঁরা পৈণাচিক পন্থা গ্রহণ করেন যদি প্রয়োজন হয় তাহলে ভয়ংকর রক্তমানের ব্যবন্থাও করা হয়।"

কম্যনিষ্টরা ভারতীয় সংশ্রামকে সমর্থন করার ভাব দেখায়, যদিও প্রকৃতশক্ষে তাদের "গান্ধী সমর্থক" রুদ্দ অনেক ক্ষেত্রে "কমিনটার্ণ এক্টে"। এই উংদের সমর্থকদের কাছে ইন্ধিত—জার্মান ফ্রাশ্ফ্রাল সোস্থালিষ্ট এর থেকে দ্রে সরে দাঁড়িয়ে আছেন।

হিটলারের পার্টি ব্রিটিশ সংবাদপত্তে তাঁদের ভাবমূর্তি ঠিক মত বজার রেখেছিলেন। এইভাবে হিটলারের সংবাদপত্তে "Volkischer Beobachter ১৯৩১-এর ৮ই ডিদেশর তারিখে Morning Post পত্রিকার একটি মন্তব্যের নজীর দেন, তার মধ্যে ভারতে ব্রিটিশ আধিপত্য বজার রাখার ব্যাপারে নাংসী-সমর্থনের কথা উল্লিখিত হয়েছিল। জার্মানীস্থ ভারতীয়দের কাছে এই মন্তব্য ভীত্র প্রতিজ্ঞানস্কৃষ্ট করল। (১০ই ডিদেশর ১৯৩১ তারিখে

ছিটলারকে লিখিত চম্পকরমণ পিল্লাই এর পত্র )। ভারতীয় সংবাদপত্ত্বের একাংশও প্রতিবাদ জানালেন। হিদাবের খাতার অপর দিকে বছ সংখ্যক জার্মান ( বথা, মার্গারেট স্পাইগেল এবং হেলেন হস্ডিং) গান্ধীজীর আন্দোলনে যোগ দিচ্ছিলেন। যতদিন না এই জাতি গণতন্ত্বের অধিকার পরিত্যাগ করে হিটলারকে ১৯৩৩-এর ৩৽শে জাহুয়ারী ক্ষমতায় আসীন হতে দিলেন, ততদিন ক্রমান্বরে জার্মানীতে বেকারী বেড়ে উঠছিল।

জার্মান কনস্থালার প্রতিনিধিত্ব তাঁদের তরকে "দর্শকের ভূমিকা''র রইলেন। বোদ্বাই-এর ভাইদ কনদাল ডাঃ হেরবার্ট রিখ্টার ১৯৩৩-এর ১১ই মে ইন্দোরে শ্রমণ বৃত্তান্ত লিখতে গিয়ে তরুণ মহারাজা হোলকার বিষয়ে নিম্নলিখিত মন্তব্য করেন:

"মহারাজা জার্মানী সম্পর্কে এক অসাধারণ তীত্র আগ্রহে আগ্রহ প্রকাশ করলেন, জার্মানীকে তিনি ব্যক্তিগত অভিক্রতাথেকে জানেন। আরও অনেক বিষয়ের সঙ্গে তিনি বল্লেন, বার্লিনের স্থপতি একার্ট মুখেনিউসকে ভার দিয়ে ইন্দোরে একটি নতুন প্রানাদ নির্মান করবেন। মুখেনিউস তার পূর্ববর্তী কাজে মকেলের পরিপূর্ব সন্তুষ্টি সাধন করেছেন। তিনি যে গৃহ নির্মান করেছেন তা ভারতে অনক্র বলা যার। আধুনিক শিল্পের বীভিতে এই প্রাসাদ সম্পূর্ণভাবে একীকৃত এবং পদ্ধতির দিক খেকে নিষ্কৃত, এর আভাস্তরীণ পরিকল্পনা চমৎকার। অধিকাংশ ক্ষেত্রে এর উপকরণাদি জার্মান বাবসা প্রতিষ্ঠানের।"…

বিশেষ রাজনৈতিক স্থায়িত্ব না থাকলেও, পার্টির কর্ডান্থা বার্লিনন্থ কিছু ভারতীয়কে আটকাতে দেরী করলেন না। বার্লিন ইনফর্মেশন ব্যুরোর প্রধান নামবেয়ারকে কিছুকালের জন্ত গ্রেপ্তার করা হল।

সেই কালে, যথন সকল জার্মান শকুত্বলা সর্বজনীন রোমাণ্টিকবাদের স্বপ্নে আচ্ছন্ন তথন তার স্থলে এল নয়া ক্রাশন্তাল সোসালিট্ট ধুমো। সেই সময় জার্মানীতে অসামান্ত গুণসম্পন্ন একজন ভারতীয়ের আবির্ভাব ঘটল। দৃঢ়তাপূর্ণ তেজন্বী, স্থির মস্তিদ্ধ ও নিখুঁত এই ব্যক্তি ভিক্টেটরদের সঙ্গে মোকাবিলার উপযুক্ত। এঁর নাম স্থভাবচন্দ্র বস্থ।

১৯৩৩-এর ২৫শে মে তারিখে কলিকাতাত্ম কনন্মলেট জেনাবেল স্থভাষচক্র সম্পর্কে নিয়লিখিত বার্তা পাঠান—"পরিবর্তনপদ্মী এই নেতা কংগ্রেলের অন্ততম শ্রুদ্ধের নেতা। তিনি এখন ভিয়েনায় আছেন। উঞ্চপ্রস্রবণে চিকিৎসার অস্থ্র জার্মানী থেতে ইচ্ছুক। এর হু' মাস পরে (২৮শে জুলাই) স্থভাষচক্র বহু বার্লিনের অসভারটিগেস আমট্ট (ফরেন অফিস) কর্তৃক অভ্যথিত হলেন। কংগ্রেস নেতা জানার চেষ্টা করেছিলেন হিটলার শাসকচক্রের ভারত বিষয়ে প্রকৃত মনোভংগী। স্থভাষচক্র বহু নামবেয়ায়ের গ্রেপ্তারের প্রতিবাদ করলেন। স্থভাষচক্র সাধারণভাবে বেশ কৌশল সহকারে কান্ধ করলেন যার ফলে দল দেতারাও মৃগ্ধ হলেন। "Mr. Bose in Berlin" নামক একটি বার্তা ২৯শে আগস্ট ১৯৩৩-এর মান্তান্ধস্থ "The Hindu" পত্রিকায় প্রকাশিত হয়। এয় মধ্যে বার্লিনে একটি নতুন ইণ্ডিয়ান সোসাইটি স্থাপনের কথা উল্লেখ করা হয়, এবং জার্মান সরকারি মহলে ভারত সম্পর্কে নতুন উৎসাহে আনন্দ প্রকাশ করা হয়।

পরবর্তীকালে ভারতে ব্রিটিশ শাসনের অবিমিশ্র প্রশংসা দেখা গিয়েছে, ব্রিটেনের কোনো কোনো মহলকে তোষণ করার উদ্দেশ্রে এই কর্ম করা হয়। দৃষ্টাস্ত হিদাবে বলা যায় হেরমান গোয়েরিং এর দলে একটি সাক্ষাংকারের বিবরণ ১৯৩৪-এর ২০শে ফেব্রুয়ারী তারিখে Daily Mail-এ প্রকাশিত হল। গোয়েরিং ভারতীয় জাতীয় আন্দোলন সম্পর্কে বিরূপ মস্তব্য করেন, বিশেষ করে গান্ধীর বিক্ছে, এই ব্যাপারটিতে ভারতীয় সংবাদপত্রে তীব্র প্রতিবাদ ওঠে। জার্মান ফরেন অফিসেও প্রতিবাদ ওঠে, বলা হয় এই জাতীয় হঠকারি উক্তি ভারতবাদীদের বিরূপ করার উদ্দেশ্রে করা হয়েছে। ডাং ফ্রানংস থায়ের ফেলডার জার্মান একাডেমির ইণ্ডিয়ান কমিটির প্রধান একটি সতর্কবাণী বোগা করেন। ১৯৩৪-এর ২৭শে মার্চ লিখিত এক পত্রে যখন সব কিছু হারায় নি—এমন গুরুজার মস্তব্য অফুরপ গুরুজার প্রতিক্রিয়া স্কৃষ্টি করবে। পরদিন ২৮শে মার্চ ১৯৩৪ তারিখে স্বভারচন্দ্র বস্থ পুনরায় ফরেন অফিসে এসে উপস্থিত হলেন। দিয়েকহফের দক্ষে তার কথাবাতার রেকর্ড থেকে বোঝা যায় বে সেইকালে বৈদেশিক বিশেষজ্ঞাদের কি কঠিন পরিস্থিতির সম্মুখীন হতে হযেছে—

"হের স্থভাষচন্দ্র বন্ধ আৰু আমার কাছে এসেছিলেন এবং নিম্নলিখিত বিবৃতিদান করেন:

তিনি এবং তাঁর ভারতীর বন্ধুগণ এতাবং জার্মানী ও ভারতের মধ্যে বধাসম্ভব উত্তম সম্পর্ক বর্তমান রাখার এবং বন্ধুত্বের মধ্যে ফাটলকে জ্বোড়ার চেষ্টা করেছেন। তথাপি, গত বছর বা ঐরকম সময় থেকে এই প্রচেষ্টা ব্যাহত হয়েছে এই কারণে যে জার্মানীতে একটা অমিত্রজনোচিত আবহাওয়া বইতে স্বক্ষ হয়েছে।"

স্থালিন এবং হিটলারের মত ডিক্টেটরবৃন্দ ভারত এবং মহাত্মা গান্ধীর প্রতি
শক্রুভাবাপন্ন ছিলেন। যাই হোক, এমন এক দিন এল ধখন 'হিন্দুস্থান টাইমদে'র
প্রিকার ডাঃ এ এল. দিনহাকে সাক্ষাংকারে অন্তুমতি দিলেন হিটলার।
১৯৩৬-এর ২রা মার্চ তারিখে সেই বিবরণ মৃদ্ধিত হল এবং ভারতের আশংকা
নিবারণে অনেকটা সহায়ক হল। এর জন্ম সকল কৃতিত্ব একমাত্র স্থভাষ্ঠক্র
বস্তুর প্রাপ্য, জার্মান মনোভংগীর উন্নতিসাধন তিনি করেছিলেন।

প্রথম দিকের "প্রাচ্যের মার্কো পোলো", রাজা মহেন্দ্র প্রতাপের মত স্থভাষচন্দ্র বহুরও জনপ্রিয় বিপ্লবীর জ্যাতিচ্ছটা ছিল। দ্বিতীয় মহাযুদ্ধের কালে তিনি যথন স্থির করলেন যে ভারতকে শক্তির দ্বাবাযুক্ত করতে হবে তথন তিনি দাহায্যের জন্ম জার্মানী এলেন। ভারতে ব্রিটিশের বিক্লছে আপোষহীণ সংগ্রাম প্রচার করার পব তিনি এখন যুদ্ধ বিদেশে চালনা করার জন্ম এলেন।

১৭ই জাছুয়ারী ১৯৪১—বিদ্রোহের জন্ম উত্তেজনা শৃষ্টি করছেন এই অপরাধে তার বিচারের ঠিক দশদিন পূর্বে তিনি কলিকাতা থেকে পলায়ন করলেন। বিভিন্ন নাম ধারণ করে তিনি কাবুলে এলেন। যেথানে স্বাধীন ভারতের ব্যাপারে প্রতাপের স্বপ্ন শেষ .সইখানে নেতাজীর স্বপ্নের স্ক্রন। ইতালীয়ান পাসপোর্ট নিয়ে স্বভাষচক্র বস্ব সোভিয়েট ইউনিয়ন হয়ে বার্গিনে এলেন।

পুনরার উচ্চতব মহলে অতি ক্রত তাঁকে অভার্থিত কর। হল। ত্রন্ধন বৈদেশিক দপ্তরের মন্ত্রী ফন রিবেনট্রপ আর কাউণ্ট চিয়ানো স্থভাব বােদের পরিকল্পনা শুন্লেন। যাই হােক অক্ষণক্তির তরফ থেকে ভারতের স্থপক্ষে কােনা স্থল্পট ঘােষণা প্রকাশিত হল না। চার্চিল তার যুদ্ধ-শ্বতিতে সঠিকভাবে এই আশ্চর্য বিচ্যুতিবিষয়ে বিশ্লেষণ করেন। সোভিয়েত-জার্মান গােপন চুক্তি অস্থারে ভারত সোভিয়েত শক্তির এখ্তিয়ারে পড়েন। এইভাবে, হিট্লার বিদিও "অপারেশন ইণ্ডিয়া" এই নীতির ছারা মােহিত হয়েছিলেন তথাপি তিনি তাঁর প্রচারণায় এই বিষয় নিয়ে কিছু বল্তে পারেন নি। প্রথম মহায়ুদ্ধের কালে ক্রহলেবেন ও উনসডােরফ ছিল ভারতীয় অন্তরীণলের বন্দী শিবির, ছিতীয় মহায়ুদ্ধের কালে লামসডােরফ ও আলাবুর্গ সেই একই ভূমিকা গ্রহণ করে। বস্থ-র

অহরোধে জার্মানগণ উর্দিপরিহিত ভারতীর বন্দীদের ইউনিটগুলিকে Wehr-macht-এ যোগদানে অন্থমতি দিলেন। ভারতীর দৈনিকরা এডলফ হিটলারের প্রতি ও স্থভাষচক্রের প্রতি আহুগত্য প্রকাশ করেন সংযুক্তভাবে। বস্থ-র নাম হল নেতাজী, বা শ্রুদ্ধের নেতা।

আধুনিক ভারতীয় ইতিহাসে এই সর্বপ্রথম ভারতীয় সেনাদল ভারতীয় পতাকার নীচে মার্চ করতে লাগ্ল, এই পতাকায় এক উন্নত শার্প কংগ্রেসের জরদা-সবৃত্ব ও শাদা পতাকার উপর আঁকা। পূর্বে যেমন বলা হয়েছে প্রথম আধুনিক ভারতের পতাকা বিদেশে ওড়ানো হয় ই টুগার্টে\* ১৯০৭-এর ২২শে আগষ্ট বোম্বাই শহবের বাবসায়ী শোঠ সোরাবজী-ফ্রামজী পাতিলের কলা মাদাম ভিকাজী পাতিলের দারা। মাদাম কামা জার্মানী ও ফ্রান্স উভর দেশে পরিচিত ছিলেন একজন দৃঢ়চেতা ও দ্বিধাহীন চিত্তের মহিলা হিসাবে। ১৯০৫ খুষ্টাব্দে প্যারিসে তিনি পতাকা প্রস্তুত করতে দিলেন। একথা উল্লেখ্য যে জার্মানীস্থ ভারতীয়গণ দ্বিতীয় মহাযুদ্ধের কালে 'জয়-হিন্দ' বা—ভারতের জয় এই অভিবাদন গ্রহণ করেন।

১৯৪২-এর ২৮শে ফেব্রুয়ারী জার্মান বেতার মারফং নেতাজী গ্রেট ব্রিটেনের সঙ্গে ভারতের যুদ্ধ-ঘোষণা করেন। এ এক অভ্তপূর্ব পরিস্থিতি; বস্থকে একজন রাষ্ট্র প্রধান হিসাবে প্রকৃত ঘোষণা দানের অস্থমতিদান করা হয়—এক প্রবলপ্রতাপশালী-সামরিক রাষ্ট্র যার "ফুরার-তন্ত্র" অতিশয় উন্নত তাঁরা অক্স একদেশের সৈনিকের উর্দি পরিধান করবে এবং তাঁলের নিজস্ব রাষ্ট্র প্রধানের প্রতি এবং ভংসহ অক্স একদেশের নির্বাদিত নেতার প্রতি আস্থগত্য প্রদানে অস্থমতি দান করবেন।

তথাপি জার্মানীতে বস্তুর ক্রিয়াকলাপ ছিল অল্পকাল স্থায়ী। এম. আর. ব্যাস জার্মানীস্থ আজাদ-হিন্দ সরকারের অক্সতম নেতা যিনি এখন বোম্বাইস্থ ইন্দো-জার্মান কালচারাল গোসাইটির সেক্রেটারী এবং Indo-German Review পত্রিকার সম্পাদক (এই মাসিক পত্রটি ১৯৫৮ খুষ্টাব্দে প্রতিষ্ঠিত )\*\*

- প্রসঙ্গতঃ ষ্টুটগার্ট ও বোদ্বাই প্রথম ইন্দো-জার্মান সংহাদরা-নগরী চুক্তি
   সম্পন্ন করেন ১৯৬৮-ব মার্চ মানে।
- \*\* ১৯৬৮-র জাহুরারী মাস থেকে এই ইংরাজ-ভাষার প্রকাশিত মাসিক-পত্র বোষাই থেকে প্রকাশিত হচ্ছে। এর একটি জার্মান ক্রোড়পত্র স্বয়ংসম্পূর্ণ-ভাবে প্রকাশিত হয় তার নাম Deutsch-Indische Blatter— (সম্পাদক-ক্লারিসা লাইফার)।

হিটলারের সন্দে বন্থ-র এক গুরুত্বপূর্ণ মিটিং-এর কথা উল্লেখ করেছেন।
ফুরারের সদর দপ্তর ইষ্ট প্রাসিয়ায় এই সাক্ষাৎকার ঘটে ১৯৪২-এর ২৯শে মে
তারিখে। আলোচনা প্রসঙ্গে হিটলার তার Mein Kampf গ্রন্থের পরবর্তী
সংস্করণে ভারত সম্পর্কিত মন্তব্য পুনর্লিখনের প্রতিশ্রুতিদান করেন। তিনি
সর্বপ্রকার সন্থাব্য উপায়ে ভারতীয় মৃক্তিযুদ্ধে সহায়তা দানের প্রতিশ্রুণ করেন।
এম, আর ব্যাস বলেছেন:

"নেতাভীর যথন মনে হল কথাবার্তা শেষ হল, হিটলার উঠে দাঁড়ালেন, এবং তাঁর কুন্ত আলোচনা কক্ষের দেওয়ালগাতে শোভিত একটি মানচিত্তের ণিকে নিয়ে এগিয়ে গেলেন। এটা ভূমঙলের মানচিত্ত। রাশিয়ায় সর্বাধিক অগ্রসর জার্মান ঘাঁটি এবং ভারতের মধ্যন্থ ফাঁকটুকুর দিকে অঙ্গুলি নির্দেশ করলেন, তারপর ইন্দো-বর্মাস্থ ভারতীয় দীমানার দিকে আঙুল রাখলেন। এখন বান্তববাদী হিটলার কথ্য বলছেন। ওদিকে জাপাম ভারতের প্রায় সীমানায় পৌছেচেন, কিছ এই স্থার্ঘ-দূরত্ব কি তিনি অতিক্রম করতে পারবেন? তিনি ষেন প্রশ্ন করছেন। নেতাদী অতি তাড়াতাড়ি বুঝ্তেন, হিট্লার অদ-ভঙ্গীর ঘারা কি বলতে চান তা স্বস্পষ্ট। জার্মান ডিক্টেরের এ এক স্বস্পষ্ট স্বীকারোজি যে নেতান্দী যদি তার স্বপ্ন সফল করতে চান ভাহলে তাঁকে বর্মায় যেতে হবে, জার্মানীতে পড়ে থাকলে চলবে না। তাঁর এই প্রশ্ন নেতাদীর মনে কি ভাব স্বাষ্ট করবে তা অমুমান করে, হিটলার তৎক্ষণাৎ যোগ করলেন "ইওর একসেলেন্সী, আমার সরকার সর্বদাই বে কোনো অবস্থায় আপনার দেশের স্বাধীনতার স্বপক্ষে থাকবে।" তিনি স্পষ্টই বলতে চেয়েছিলেন যে ভারতকে সম্পূর্ণ স্বাধীনতাদানের ব্যাপারে তিনি জাপানের সঙ্গে বোরাপড়া করবেন। স্বতরাং একথা বলা যার যুরোপে নেতান্দীর কান্ধ প্রকৃতপক্ষে শেষ হয়ে গেল। যা বাকী রইল তা হল জার্মানীর জাপান ও নেতাজীর মধ্যে একটা ত্রিপক্ষীয় চুক্তি নেতাজীর কর্মকেন্দ্র দূরপ্রাচ্যে मदिए निए यांश्वाद वाांभारत ।"

১৯৪২-এর ক্রিসমাস বস্থ ভিরেনার তাঁর অঞ্চিরান স্থী এমিলি সেনকেল ও কল্পা অনিতার সঙ্গে থাপন করলেন। তারপর তিনি ত্ব: সাহসিক জাপান যাত্রার জল্প প্রস্তুত হলেন। ৮ই ফেব্রুরারী ১৯৪৩ তারিখে তিনি জার্মান সাব্যেরিশে চাপলেন কীরেল থেকে। সেই জাহাজে তিনি তোকিও শহরে পৌছলেন, বেখানে আজন বিপ্লবী ভারতের মৃক্তি বৃদ্ধের দৈনিক রাসবিহারী বস্ত্র সঙ্গে সাক্ষাং ঘটুল। এইখান থেকে স্বভাষচক্র বস্ত্র কাহিনী এশির ইতিহাসের একটি অধ্যার এবং সেই সঙ্গে ইন্দো-জাপানী সংযোগের ইতিহাস। তথাপি বেকেউ নেতাজীর-জীবন ও কর্ম পর্যালোচনা করবেন তিনিই এই মাহ্রটির মধ্যে জত্যাশ্চর্য আত্মবিশাস, নির্ভীকত্ব এবং উদ্দেশ্ত বিষয়ে স্বস্পাষ্ট চিন্তার সমাবেশ ধেরে বিশ্বর বোধ করবেন। ক্রি-ইনডিরা বা আজাদ-হিন্দ নামক তাঁর সরকার এবং ইতিয়ান স্তাশন্তাল আর্মি-আজাদ-হিন্দ-কৌজ-মুরোপেও কাজ ও যুদ্ধ করতে লাগল। তথাপি স্বদেশের স্বাধীনতার জন্ত বিদেশে তাদের এই সংগ্রাম অচিরাং তালিনগ্রাদ এবং এল জালমিনের ব্যাপারে চাপা পড়ে গেল।

খিতীর মহাযুদ্ধের কালের যে সব সিক্রেট সার্ভিস বিষয়ক কাহিনী আছে তার মধ্যে 'মদেলিন' ঘটিত কাহিনী একটি। এই কোড-নামের অস্তরালে একজন ভারতীয় সঙ্গীতশাস্ত্র-বিদ্ এবং ধর্মগুরু ইনায়েং থানের কল্পা কাজ করেছেন। এই মেয়েটি একজন প্রখ্যাত শিশু মনস্তত্ত্বের বিশেষজ্ঞ এবং লেখিকা ছিলেন। ১৯১৪ খুষ্টাব্দে মস্থো-শহরে তাঁর জন্ম। তিনি লগুন শহরে রেডিও মারফং বহুর খাঁটির অবস্থাদি জানাতেন এবং সেই সঙ্গে সাধারণভাবে জার্মান সেনাদলের সংবাদও দিতেন। তাঁর নাম ছিল ন্র ইনাছেং খান। ১৯৪৪ খুষ্টাব্দে দাচাউমঞ্চলে তাঁকে গুলি করে হত্যা করা হয়।

যুদ্ধ যথন শেষ হল তথন বহু ভারতীর ছার্মানীর হুর্দশা সহায়ভূতির সংশ্বলক্ষ্য করেছেন। ভারতীয় সংবাদপত্তে যে সব কণ্ঠ আবেদন জানিয়েছিলেন তাঁদের মধ্যে গান্ধীর পত্রিকা 'হরিজনে' (২০শে এপ্রিল :৯৪৭) জে সি কুমারাপ্লা পরাজিত জাতির প্রতি স্থবিচারের আবেদন করেন। জার্মান-শিল্প বস্তুগুলি ছেকে ফেলার ব্যাপারে অধিকারী শক্তিদের বিরও থাকতে বলেন, তাঁর মতে এ ছবে বিজ্ঞেতার পক্ষে এক নৈতিক ক্রটি। ১৯৪৮ খৃষ্টাব্দে কলিকাতায় একটি জার্মান-ভাষায় দলিল প্রকাশিত হয় তার নাম—Hermann Schuma-oher-eine Lebenserinnerung und eine Dankaussprache (হেরমান সথ্মাথের একটি জীবনী ও স্বীকৃতি)। এই গ্রন্থের রচরিতা বিনয় কুমার সরকার একবোগে এই গ্রন্থ একটি ছুর্দশাগ্রন্ত জাতি কর্তৃক আরেক হুর্দশাগ্রন্ত জাতির প্রতি নৈতিক সমর্থনের বাণী বলে অভিহিত করেন।

১৯৫১ थृष्टोत्सर १मा बाइरायी बार्यान मिजरमत शक्त वक्टा वित्मव जानत्मव

ব্যাপার। সেইদিন, সকল বিরোধী ও আধা-বিরোধী দেশসমূহ জার্মানীর সঙ্গে আফুর্চানিকভাবে যুদ্ধ বিরতি ঘোষণা করল। ঐতিহ্যাত-বঙ্কুত্ব (এই অতি ব্যবহৃত শব্দ যা নির্দ্ধিয় ব্যবহার করা বায় এই ক্ষেত্রে) পবে এক পরীক্ষার মূথে পডল যথন ভারতীয় প্রতিনিধিগণ (বিশেষ করে মিসেস বিজয়লক্ষ্মী পণ্ডিত) ইউনাইটেড নেশনসের কাছে জার্মান প্রশ্নের সমাধানের প্রস্তাব পেশ করলেন।

ভারত এবং ফেডারেল রিপাবলিক অব জার্মানীব সঙ্গে কূটনৈতিক সম্বন্ধ স্থাপনের কিছুকাল পূর্বে এক দল জার্মান স্বেচ্ছাসেবক প্রিন্স লোভেন্ট্রাইনের নেতৃ:ত্ব নর্থ-সী আইল্যাণ্ডের হেলগোল্যাণ্ড দ্বীপটি অধিকার করেন। এই সব তক্ষণ দল তাঁদের সংগ্রামে গান্ধিজীকে আদর্শ হিদাবে গ্রহণ করলেন। প্রিদ্দ লোভেন্ট্রাইন Die Zeit-এ ১৯৫১ খৃষ্টান্দের ১১ই জান্ধ্যারী তারিখে লিখলেন:

"এই ছীপে আমাদের দিনগুলিতে আমরা মাঝে মাঝে গান্ধীর দেশের অভ্যন্তরে মিছিলের কথা বিচার করেছি। যখন তিনি উপকৃলে পৌছেছেন—
তিনি সমুদ্র থেকে জল নিয়ে তা সমুদ্রোপকৃলে বাম্পায়িত করেছেন।"

ইন্দো-ভার্মান সংযোগ কি পরিমাণে রাজনৈতিক ক্ষেত্রেও প্রবেশ করেছে তার প্রমাণ এই যে ভারতীয় বিশেষজ্ঞগণ ফেডারেল রিপাবলিকের মৌলিক আইন পর্যালোচনা করেছেন উাদের নিজেদের সংগঠন রচনার কালে। আমর। নতুন নীতিব প্রভাব প্রথম স্থবকেই লক্ষ্য করেছি যার মধ্যে লিখিত আছে মানবিক মর্যাদাকে ক্ষা করা যাবে না। ব্যবহারিক ক্ষেত্রে ম্যানিখের প্রফেসর ক্রিংস বেরবার, আন্তর্জাতিক জলগত আইনের ব্যাপারে যিনি প্রথমতম জার্মান বিশেষজ্ঞ বছকাল ভারত সরকারের আন্তর্জাতিক আইন বিষয়ক উপদেষ্টা ছিলেন।

কি সঙ্গতির সঙ্গে তটি দেশের অর্থনৈতিক সম্পর্ক উন্নতিলাভ করে তা বছবিধ বৃহৎ ব্যবসার ক্রিয়াকলাপ যা পূর্ববতী পরিচ্ছেদে বর্ণিত হয়েছে তার মধ্যে দেখা বাবে। একটি বিশেষ দিক হল ২০শে জাহ্যারী ১৯৫৬ তারিখে বোদ্বাই শহরে ইন্দো-জার্মান চেম্বার অব ক্যার্সের উদ্বোধন।

\* Nachbarn an den Flussen: (নদীর ওপরকার প্রতিবেশী)
ম্নিথের ফ্রিংস বেরবার রচিত—৪ঠা আগস্ট ১৯৫৬ তারিথে প্রকাশিত
Deutsche Zeitung und Wirtschaftszeitung (জার্মান
সংবাদপ্ত ও অর্থনৈতিক সংবাদপত্ত) এই প্রে তুলনীয়।

১৯৫১ থেকে জার্মানীর ফেডারেল রিপাবলিকের বাণিজ্ঞ্যিক জ্বের ( ব্যালান্স অব টেড ) বিশেষ সক্রিয় ছিল। ভারত থেকে রপ্তানি—

2962	২১৪ মিলিয়ন মার্ক	· & & C	৮৩৪ মিলিয়ন মাৰ্ক
>>62	২২৭ মিলিয়ন মার্ক	८७६८	৭৮০ মিলিয়ন মার্ক
>340	২৭৭ মিলিয়ন মার্ক	<b>५</b> ३७६२	৭৩১ মিলিয়ন মার্ক
>>48	<b>৬</b> ৭৫ মিলিয়ন মার্ক		
, 266	১৯০ মিলিয়ন মার্ক		
>>6	৮১৯ মিলিয়ন মাক		
> <b>&gt;</b> e 9	১,১२७ मिनियन मार्क		
7964	১,১৭৩ মিলিয়ন মাক		
2365	२७० थिनियन मार्क		

## ভারত থেকে জার্মান আমদানী প্রায়ই রপ্তানির চেয়ে নিচে পড়ে আছে---

7567	১২০ মিলিয়ন মার্ক	<i>•⊌≈</i> ८	১৮৪ মিলিয়ন মার্ক
<b>५००</b> २	১২৫ মিলিয়ন মাৰ্ক	1361	২২৩ মিলিয়ন মাক
>>६७	১৬৬ মিলিয়ন মাৰ্ক	<b>५०७</b> २	২ <b>৬১ খিলিয়ন মার্ক</b>
8944	১৫৩ মিলিয়ন মাৰ্ক		
7566	२७৮ भिनियन गार्क		
7566	১৮৯ মিলিয়ন মার্ক		
>>69	২৫২ মিলিয়ন মার্ক		
7964	১৯২ মিলিয়ন মার্ক		
5965	১৮০ মিলিয়ন মার্ক		

এই জার্মান পরিসংখ্যান থেকে ভারতের অন্তদিকে একটা চড়া অসাম্য প্রদর্শন করেছে—এর মধ্যে উৎপাদক এবং ব্যবহারকারী দেশ উভয়কেই হিসাবে ধরা হয়েছে। এ-কথা অবশ্য বলা প্রয়োজন যে ফেডারেল রিপাবলিক অব ভার্মানী অনেক সময় কিছু ভূতীয় দেশ থেকেও ভারতীয় দ্রব্যাদি আমদানি করে থাকেন। এই সব জার্মান আমদানি করা দ্রব্যাদি ভারতীয় পরিসংখ্যানের ভালিকাভুক্ত নম্ন এবং ভার মধ্যে অধিকতর বাণিজ্যিক অসাম্য দেখা যাবে। এই অবস্থা অনেক সমন্ন ভারতে স্মালোচিত হরেছে, অবস্থ একটি সূরকারি রিপোর্টে ভিন্ন বকমের দৃষ্টিভংগীর পরিচয় পাওয়া বার:

> ">>e ২ পর্বন্ধ জার্মান আমদানি কম বেশী সমান গুরেই ছিল কিন্তু তারপর ভারতে জার্মান রপ্তানীতে সহসা ওপর দিকে ওঠার ভাব দেখা যার। এর কারণ ভারতীর সম্বন্ধার জার্মানীতে ক্রেম করছেন, রেল বান্দীর ইঞ্জিন, ও অক্সান্ত নানাবিধ বন্ধপাতি প্রভৃতি:

> আমাদের বাণিজ্যিক সাম্যে জার্মান উছ্ত জার্মানীর কাছে
> সন্তোবের কারণ কিন্তু আমাদের তরকে এর জন্তু কোনো দার নেই।
> প্রথমত: এই উদ্ত ভারতের বিশেষ আমদানি প্রয়োজনের ফল;
> বিতীয়ত: আমরা এই উদ্তকে দের অর্থের বক্রীর আলোকে বিবেচনা
> করি সমগ্র "সফট-কারেলী" গোষ্ঠা সহ।"

তথাপি অধিকতর সামাযুক্ত বাৰিজ্য জার্মান অংশীগণ কর্তৃক কাম্য-বদিও ভারতীয় রপ্তানি দ্রব্য এবং প্রতিবোগিতামূলক বাণিজ্যের প্রতি আখাদ-হীনতার দারা এই পথ অনেকটা কছ। যাই হোক, উভয় দিকই ভারতের সঙ্গে জার্মানীর বাণিজ্যে নতুন প্রাণ সঞ্চার হলে উভয় পক্ষই উপকৃত হবে। ইণ্ডিয়ান हैन एड्रिय के रमन होरवर प्रवाभीय कक्ष २०८५ अरहा वर ३००१ छ जारमन एक উদ্বোধিত इस निःमल्लाट अिट्ट ब्रायह बार्मानी मानवन अट्यह सुद्वालात मल বাণিজ্যকে নিবিডতর করে তুলবে। ১৯৫৭-খুষ্টাব্দে ষ্ট্রটগার্টের দি ইণ্ডো-कार्यान (मामाइंटि এই উদ্দেশ্যে व्यवसा अवमध्यनत मावी करत । পরবর্তী উদ্ভাবন হল ইণ্ডো-জার্মান ট্রেড কাউনসিল ভারতীয় রপ্তানি বৃদ্ধি ও অর্থপুষ্ট করার উদ্দেশ্যে গঠিত হয়। সাফল্যের পথে আর একটি শুর হল কণ্টিনেটে প্রথমভয ষ্টে ব্যাহ অব ইণ্ডিয়ার শাধা ছাপিত হল ক্লাছফুট-অন্ন নেইন-এর ৬ই জুলাই ১৯৬৫ তারিখে। ফেডারেল রিপাবলিক জার্মানীতে প্রতিষ্ঠান—Planungsgruppe Ritter—প্রতিষ্ঠা করা হল জার্মানীতে ভারতীয় রপ্তানিকে উন্নত क्तात উत्करण এवः ভाরতীয় दशानिकातरमत উপদেশ मारनत कन्न। धना পরিকল্পনামুথায়ী কান্ধ করছেন ভার প্রবর্তক Vollrath Scheme-এর নামামুদারে এর নামকরণ করা হয়েছে।

ভারতীয় অর্থনীতিকে জোরদার করার ব্যাপারে ফেডারেল রিপাবলিক , অব জার্মানীর ভূমিকা যুক্তরাষ্ট্রের ঠিক পরেই। জার্মান গ্যারাটি এবং ঋণ-সাহায্য (ক্রেডিট এইড্সু) ওয়েই জার্মানীতে নির্মিত জাহাজাদি সাধারণ মূল 'ষম্ব ইত্যাদির আমদানি ও রাউরকেলা প্রভৃতি প্রকল্পের মৃত্যু ৩,২০ মিলিয়ন মার্কে পৌছেচে। ১৯৫৬ থেকে ১৯৫৭-র জুলাই পর্যস্ত ক্যাপিটাল এইডন্-এর পরিমাণ ২,৯৯৬'২ মিলিয়ন মার্কে পৌছায় আর কারিগরীগত সাহাব্যের পরিমাণ ছিল ৯২'৮ মিলিয়ন মার্ক।

এইদৰ অর্থ ঘারা মণ্ডীপ্রকল্প (১৯৬২-র নডেম্বরে স্ক্রন্ধ); ওবলার পলিটেকনিক্যাল ইনষ্টিট্ট (১৯৬১-এপ্রিল), নয়াদিলী টেলিভিদন ষ্টুডিরো
(রাষ্ট্রন্ত ফন মিরবাধ কর্তৃক ২৬শে এপ্রিল প্রদন্ত )—এবং ভারতীর কারিগরি
প্রমিকদের প্রশিক্ষণের বার নির্বাহ করা হয়। ইন্দো-জার্মান সহযোগীতার এক
অনন্ত কেন্দ্র মান্তাজের ইনডিরান ইনষ্টিষ্টুটে অব টেকনোলজী। ১৯৫৯
খৃষ্টাস্বের ৬১শে জুলাই এই প্রতিষ্ঠানটি খোলা হয়। ১৯৫৭-র মাঝামাঝি
প্রাইডেট ইনডেসটমেন্টের (লয়ী) পরিমাণ ২০৪'৬ মিলিরন মার্কে

উভর দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হওরার পর থেকে ভারতবর্ষে করেকটি সরকারি সফর অহুষ্ঠিত হয় যথা ভাইস-চ্যান্সেলার ব্লুখার (জাহুয়ারী ১০ই থেকে ২০ তারিখ পর্যন্ত ), এবং বৈদেশিক মন্ত্রী ফন ত্রেনটানো (মার্চ ২৮/২৯ তারিখ এবং ১১ই ফেব্রুরারী থেকে ১৯৬--এর ২৪ ফেব্রুরারী পর্যস্ত )। এর সত্তে যোগ করতে হবে উভয় দেশের পার্লামেন্টারি ডেলিগেশন এবং অক্ত मन्त्रीत्तव मकत--- विशेष : २०४४-युहोस्य व्यर्थ निष्ठिक मन्त्री अववार्षित मकत्र। সবচেষে গুরুত্বপূর্ণ ঘটনা অবশ্র ২৬শে নভেম্বর থেকে ৫ই ডিসেম্বর ১৯৬২-তে প্রেসিডেন্ট হাইনরিশ লুবকে-র সফর। ফেডারেল রিপাবলিকে ভারতীয় সরকারি অতিথিদের মধ্যে প্রধানমন্ত্রী নেহক (১৩ই ছুলাই থেকে ১৭ই জুলাই ১৯৫৭) এবং উপ-রাষ্ট্রপতি রাধাকৃষ্ণ (১৮ থেকে ২৫শে জুলাই ১৯৫৯ এবং २० थ्यरक २८८म व्यक्तिवर ১৯৬১ ) উল্লেখযোগ্য। ১৯৫৫ शृक्षेत्व তাদেলডকে নেহরুর অবস্থান এবং ১৯৫৭ খৃষ্টাব্বে প্রধান মন্ত্রী শান্ত্রীর অবস্থিতি উচ্চপদম্ব ব্যক্তিগণের বেসরকারি আগমনের পরিমাণ প্রদর্শনের 🗪 উল্লেখ প্রয়োজন। প্রেসিডেণ্ট সর্বপল্লী বিশেষ করে কয়েকবার জার্মানীতে বেসরকারি-ভাবে আগমন করেন, দেখানে তিনি দর্বদাই মহাদ্যারোহে অভার্থিত হয়েছেন। ১৯৫৫ খুষ্টাব্দে তাঁকে মহা সমানিত রাজসম্মান Pour-le-Merite দান করা হয়। ১৯৫৯ খুটাবে তাঁকে "গায়টে প্লাক" প্রদান করা হয় এবং অক্টোবর ১৯৬১তে তিনি জার্মান বুক টেড প্রদন্ত পীস-প্রাই**জে** সম্মানিত হন। বিশেষ

বিদয়তার বন্ধনে জার্মানীর প্রেসিডেন্ট থিওডোর হেস ও রাধারক্ষণ বাঁধা ছিলেন। ভারতীর জননেতাদের বে সব জার্মান সম্মান দান করা হয় তার মধ্যে মনোরমা ভারতীয় কুটনীতিবিদ শ্রীমতী বিজয়লক্ষী পণ্ডিতের নাম উল্লেখ করা যাক, তিনি গোটিনগেন বিশ্ববিভালয়ের ১৯৫৮-র ডরোথিয়া-স্থ লোৎসার মেডালে সম্মানিত হন।

ফেডারেল রিপাবলিক অব জার্মানীর প্রতি ভারতের নীতি প্রায়ই বিভিন্নভাবে ওঠা-নামা করেছে। ১৯৬১-তে দল-নিরপেক্ষ জ্ঞাতি-সমূহের বেলগ্রেডস্থ
কনফারেক্ষে ছই রাষ্ট্রনীতি বিষয়ে নেহকর মধ্যস্থতা বিশেষ আতংকের কারণ
হরে ওঠে। বে সব ভারতীয়গণ জার্মানকে বিশেষভাবে জানতেন তাঁরা কৃষ্ণ
হন, এবং ক্ষুক্ক হন ভারতীয় ছাত্রগণ ও ভারতীয় কর্মীগণ বারা জার্মানীতে
ছিলেন। এই মনোভংগীর দৃঢ় প্রভ্যাখ্যান ঘোষণা করে সংবাদপত্রে অনেকগুলি
পত্র প্রকাশিত হয়। এই জাতীয় একটি পত্র Die Welt পত্রিকায় প্রকাশিত
পি.কে. রায়নার চিঠি। তিনি অকসফোর্ডের একজন ভারতীয় ছাত্র সেই
সময় বার্লিন-স্থলাথটেনদীতে ছিলেন। ১৯শে সেপ্টেম্বর ১৯৬২ তারিথে
প্রকাশিত এই পত্রে তিনি বলেন:

"ইতিহাসে যাঁদের জ্ঞান আছে তাঁদের কেউ-ই "ফ্রী সিটি অব বার্লিন" বা ছটি বিভিন্ন জার্মান রাষ্ট্র রাজী হবেন না। জার্মানরা এক জাতি এবং তাই থাকবে। আমি একজন জার্মান নই, কিন্তু জার্মানী ও তার সমস্তা আমাকে বিচলিত করে, যেমম করত আমার নিজের দেশের ঘটনা।"

জবস্ত একথা এখানে বলা বায় যে ভাবতবর্ষ কোনো দিনই অক্সভাবে জার্মান সমস্তা বর্ধনের ব্যাপারে জড়িয়ে পড়েনি।

ভিলহেলম ভোলগ্যাং সথউৎস ব্যক্তিগতভাবে নেহককে জানতেন— "Unterlbare Freihert" (অবিভাজ্য স্বাধীনতা) নামক গ্রন্থে তাঁর মনোভংগী বিষয়ে লিখেছেন:

> "ন্ধার্মানী বিষয়ে নেহকর মনোজংগী ছিল জটিল। ১৯০৯ খৃষ্টান্দে তিনি তৎকালীন জার্মান সাম্রাজ্যে তাঁর পিতার সঙ্গে এসেছিলেন, তরুণ মনে তিনি একটি রাষ্ট্রের শক্তি ও সামর্থ্যের পরিচয় পেয়েছিলেন যে রাষ্ট্র ইংলণ্ডের প্রায় প্রতিম্বন্দী হয়ে উঠেছিল। কেউ তথন যুদ্ধের চিস্তা করেনি। কেউই তথন ব্রিটিশ সাম্রাজ্যের

পতনের কথা ভাবতেও পারেনি। অবশ্য মোতিলাল নেহরুর মন্ত যাঁরা স্বাধীনতার জন্ম সংগ্রামে লিপ্ত ছিলেন তাঁরা ছাড়া।

১৯০৫-এ আরো গভার এবং কারণঘটিত যোগাযোগ ঘটল 
জার্মানীর সঙ্গে। তার স্ত্রা জার্মানীতে এলেন চিকিৎসার এক্য। তথন
ব্রিটিশ কর্ত্বক তিনি নিজে কারাদণ্ড ভাগ করছেন। শ্রীমতী কমলা
নেহরুর স্বাস্থ্যের অবস্থার অবনতি ঘটল—সাড়ে পাঁচ মাস পূর্বেই
তাঁকে আলমোড়া বন্দীশালা থেকে মৃ্ত্রি দেওয়া হল এবং তিনি বাদেনভিইলারে এলেন। এর হার্ভের ক্ষুদ্র অতিথিভবনে তিনি বাস
করতেন। নেহরু সেদিনের জার্মানীতে কি দেখেছেন ?

১৯৩৫-এ ম্যুরেনবার্গ আইন প্রণয়ন কবা হয়। ১৯৩৬-এ ক্ষমভার লোভ চরমে ওঠে। বাদেনভিইলারে নেহেরুরা প্রায় বিচ্ছিন্ন অবস্থায় ছিলেন। কোনো সামাঞ্চিক যোগাযোগ নেই—আর **জার্মানদে** । मरक (कारना ताकरेनिक बारनाहना । निषय (मर्भत हिन्छ) ছিল তাঁদের মনে। ইংলণ্ডে ও স্বদেশে অবস্থিত তাঁদের বন্ধুদের মধ্যে পত্রের আদান প্রদান হত। দিবারেল ও লেবার পার্টির নেতৃস্থানীয় নর-নারীর কাছে পত্র লেখা হত এবং ডাদের কাছ থেকে বন্ধুত্ব ও রাজনৈতিক স্থায়ীত্ব বিষয়ে আখাস পেতেন। প্রেক্তপক্ষে জার্মানীর একীকরণ নেহরুর কাছে এক ঐতিহাসিক প্রয়োজন। রাজনৈতিক দিক থেকে তা যে কতদুর সম্ভব তা সর্বকালেই নেহকর কাছে ছিল ব্যবহারিক রাশ্বনীতি। স্থকতে বলা যাক, পুন:একীকরণের প্রতিশ্রুতিদানের ব্যাপারে তার কোনো জ্বরুরী তাগিদ ছিল না। তার কাছে ভুধুমাত্র নিছক কথাবার্তা কখনও নীতির প্রতিভূ নয়। তাই নেহরু জার্মান একীকরণ নীতিকে বিশেষ তীক্ষভাবে বিবেচনা করেছেন। নয়াদিল্লী অন্য অঞ্চলের মত বিরোধী শক্তির উপস্থিতি লক্ষ্য করা যায়…

১৯৫৫ থৃষ্টান্দে জার্মান ও ভারতীয় ঐতিহাসিকগণ একত্রিত হয়ে সবরকম আদ্ধ সংস্কারকে বর্জন করতে বন্ধ পরিকর। বৃহৎ পরিমাণে, জার্মানী বিষয়ক কিছু ভাবধারা ত্রিটিশ উপনিবেশবাদের জার্মান-বিরোধী শেব পর্বের ভঙ্গীতে রঞ্জিত। এইখানে ভবিশ্বৎ পারস্পরিক ঐতিহাসিক সমীক্ষার বিস্তৃত সম্ভাবনার স্থ্রপাত। আধুনিক ইতিহাসের অর্থ নিয়ে আমাদের আর কিছু না বলাই ভালো।

বধন একজন ভারতীয় তপেশ্বর জুৎসী গাছীজীর সত্যের আবেদনে যিনি পরিপূর্ব তিনি ১৯৬২-র অক্টোবর মাসে উলব্রিখটের বার্লিন প্রাচীর বিষয়ে প্রতিবাদ করেন। তিনি প্রমাণ দেন যে প্রকৃত জার্মানীকে তিনি ভালোভাবেই জানেন। অবিভাজ্য জার্মানীর কিউরেটিররাম এর চেমারম্যান ডরু, ডরু, সখউৎস কর্তৃক প্রদত্ত সম্বর্ধনা সভায় ৭ই জুলাই ১৯৫ ৭তে প্রদত্ত ভাষণে শ্রীমতী লক্ষ্মী ভি মেননের কথাগুলি গভীরতায় পরিপূর্ব। বার্লিন-প্রাচীর সম্পর্কে তিনি যা বলেন তা তাঁর ভারতীয় ও জার্মান শ্রোভ্বর্বের কাছে সক্তভ্জ সমর্থন পায়।

এই ক্ষেত্রে আমি বোধকরি ইণ্ডিয়ান ক্রিমিক্সাল ল' এমেনডমেণ্ট এ।াক্ট ফ্রাফট-২৩-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করতে পারি। এই খসড়া সেই বছর ১৭ই মে তারিখে আইনবন্ধ করা হয় এবং পরদিনই প্রকাশ করা হয়। এই আইনাছসারে বাজ্যের কোনো অংশ পরিহার করা বিষয়ে প্রচার কার্য ইত্যাদি লিগু থাকা দগুনীয়। তথাপি এমন শাসন ব্যবস্থা আছে যা কোনও জাতির একীকরণ ব্যবস্থা নিরোধ করে। যে ব্যবস্থা খামখেয়ালীভাবে ও কোনোরূপ আন্তর্জাতিক ত্মীক্রতিসম্পন্ন চুক্তি ব্যতিরেকে আপন দেশের কিছু অংশ ত্যাগ কবে, এবং তার ত্মদেশস্থ জনগণের আধিকার ক্ষুণ্ণ করে যে বিশ্বশান্তি সংরক্ষণ স্ববক্ম দাযিত্বপূর্ণ রাজনীতির লক্ষ্য হওয়া উচিত তাকে বিশ্বিত করে।

সং রাজনীতির অপরিহার্য অঙ্গ হল এমন এক সাংস্কৃতিক নীতি নির্ধারণ যার ঘারা ব্যক্তি বিশেষের পক্ষে সঠিকভাবে মানসিকতা উন্নয়ন করা সন্তব হয়। সংবাদপত্তের প্রতি একটা যথাযোগ্য দৃষ্টি থাকে, যা সঠিক সংবাদ প্রকাশ এবং রাষ্ট্রের একদেশদর্শী নীতিতে ভেসে বাবেনা। ভৌগোলিক দিক থেকে সম্প্রনারিত ব্যক্তিপৃন্ধার স্বদেশের অতি শক্তিশালী ব্যক্তিবিশেষের প্রতি আরোপিত না করা। সমভাবে স্বদেশের অর্থ নৈতিক ও বাণিজ্যিক নীতির প্রতি দূর প্রসারী-দৃষ্টি থাকবে যা শুধুমাত্র লাভ করার লোভের ক্ষেত্রে প্রযুক্ত হবেনা—বরং অন্তা দেশের সঙ্গে একটা প্রকৃত সেতু রচনার সক্ষম।

সর্বোপরি, সব জাতিরই সততার প্রয়োজন আছে, সততার অর্থ অকপট দৃষ্টিভংগী গ্রহণ করা। এক তরফা দাবী ভ্র্মাত্র আবহাওয়াকে কল্মিত করে। আজ, জাতিপুঞ্জের ভবিশ্বং পরস্পর সংযুক্ত। রাজনীতির সঙ্গে অর্থনীতি বিজ্ঞতি, সাংস্কৃতিক জীবনের সঙ্গে সাংবাদিক দৃষ্টিকোণ। আমাদের এখনও ভারত এবং জার্মনীর মধ্যে উন্নতধ্রশের বোঝাপতা হওয়া প্রয়োজন। একটি দেশের আভ্যন্তরীণ সংহতিকে শ্রহাসহ মায়া করতে হবে। রাইগুলিকে

বানানো দৃষ্টান্ত বা আদর্শ অন্থসরণ করে অদেশের ভূমিতে সংখ্যাসমূ গোষ্ঠা বিশেষ বা দালালদের প্ররোচনায় বিজ্ঞান্ত হলে চলবেনা। কূটনৈতিক দিক থেকে এতছারা "তিন-দেশীয় বিধি" অগ্রাহ্ম করা হয়, এই নীতি অন্থসারে কারো দেশের অন্তান্তরে কোনো মিত্ররান্ত্র শক্তির বিরুদ্ধে কোনো ভূতীয় দেশ মর্বাদাহানিকর অভিধান চালাতে পারবে না; মানবিক সম্পর্ক এবং ভূ-তরফা যোগাযোগে এত দ্বারা ভুধু সুক্ষচিকে সংহার করা হয়।

কৌশলের দিক থেকে কোনো ক্রটী থাকা উচিত নয়, এবং দেই কারণে অপর পক্ষকে বিশেষভাবে ভালোভাবে জ্ঞানতে হবে প্রক্নতপক্ষে, পরক্ষারকে উত্তমরূপে চিনতে হবে। এই সবের স্থানা হল সম্প্রারিত সাংস্কৃতিক প্রতিষ্ঠান। ভারতে জার্মান-ভাষা ও জার্মানীতে ভারতীয়-ভাষা শিক্ষার ব্যাপারে অধিকতর উদার সহায়তা দান, বিশ্ব-বিদ্যালয়, প্রকাশন সংস্থা, সাময়িক পত্র ও সংবাদপত্রগুলির অধিকতর এবং বৃহত্তর অংশীদারীত্ব, আর সেই সঙ্গে অংশীদার দেশের অতীত ও বর্তমানের ইতিহাস বিষয়ে স্থগভীর পঠন-পাঠন প্রয়োজন। এই প্রত্রে যে প্রকাশকের কান্তে আমি এই গ্রন্থটি প্রকাশের ব্যাপারে ক্রতক্ষ ভার কথা উল্লেখ করতে চাই, তার নাম হোরষ্ট এরডমান। তিনি তার ভারত (এবং দক্ষিণ-পূর্ব এশিয়া) ভ্রমণকালে পূয়াতন প্রকাশন সংস্থাও নব প্রতিষ্ঠিত প্রকাশন সংস্থাওলির সঙ্গে তার যোগাযোগ পাকা করে গেছেন, একদা হয়ত ভারত এবং জার্মানীর মধ্যে সাংস্কৃতিক ভাব বিনিময়ের ব্যাপারে এই সংযোগ গন্ধীর তাৎপ্রপূর্ণ হয়ে উঠ্বে। "Geistige Begegnung" (সাংস্কৃতিক সংযোগ) এই নামে তিনি যে প্রয়ায় স্থক্ষ করেছেন সাংস্কৃতিক অংশীদারীত্বের ব্যাপারে সেটিই এক আবেদন বলা চলে।

ইন্দো-জার্মান সম্পর্ক তুই মহান জাতির মধ্যে এক চমৎকার বিশায়কর-ব্যাপার হয়ে উঠেছে। জার্মানরা যে ভাবে ভারতের অভিমূখী হয়েছে তা একদিক থেকে রোমাণ্টিক আবার অন্তদিকে বাণিজ্যিক। মৃক্তি যুদ্ধের কালে এই সম্পর্ক ছিল আবেগময় সহাম্বভূতির সম্পর্ক। এবং সমবায় ও উয়য়নের স্থাে এবং সংশয়ময়ভা এবং রাজনৈতিক ক্ষেত্রে এর মৃল্যু প্রীতিপদ ও শাস্ত। এই সম্পর্ক কি এক সহজ সখ্যতায় পরিণত হতে পারে না, যে সখ্যতা সত্য ও স্পাষ্ট কথন থেকে বিরত হবেনা? ইন্দো-জার্মান সংযোগ ইতিমধ্যেই যথেষ্ট ঘনিষ্ঠ যাঘারা উভয় পক্ষ এই জাতীয় সহযোগীতায় জন্ম সচেষ্ট হতে পারে বা হরত কালে অক্তদের কাছে আদর্শ হরে দাঁড়াবে।

এই সম্পর্কের রাজনৈতিক গুরুত্বের পরিচয় দেওরা হয় বধন সর্বপ্রথম জার্মান রাষ্ট্রের প্রধান, স্বয়ং চ্যান্সেলর ডাঃ কিসিংজ্বার ১৯৫৭ পৃষ্টান্দে ভারতে রাষ্ট্রীয় মর্যাদার ভ্রমণে আসেন, তিনি এক ঐতিহাশ্রেরী মিত্রভার রাজনৈতিক স্পর্শ এনে দিয়েছেন—যা পরিপ্রক এবং পরস্পরের সহায়ক। এই যাত্রার সময়কার আলোচনায় এই ধারণা সমর্থিত হয় যে স্থায়ী আলাপ-আলোচনা উভর দেশের পক্ষেই কল্যাণকর। আমাদের সর্ববিধ শক্তি প্রয়োগ করে আমরা চেষ্টা করব রাইন আর গঙ্গার এই পারস্পরিক মিত্রভার রাধীবন্ধন যেন ভবিশ্বতের মাহ্মবের কাছে একটা নিরম্ভর প্রেরণা স্বরূপ হয়ে থাকে। মানব সমান্ধ যেন স্থাধীনভাবে পারস্পরিক শ্রদ্ধা ও মিত্রভায় পরস্পরের পরিপ্রক হয়ে এক শাস্তি ও সম্প্রীতি ভরা এক বিশ্বে বাদ করতে পারে।

## সমাপ্ত